লেকচার

Short সিলেবাসে

HSC সৃজনশীল

# MADE EASY

with Test Papers

# বাংলা

## প্রথম পত্র

অধিকতর ও Smart প্রস্তুতির জন্য

ডাউনলোড করতে QR Code টি স্ক্যান করো

অধিক অনুশীলনের জন্য এইচএসসিসহ মডেল টেস্ট ও শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা

পর্যায়ক্রমে আপলোড হবে...

# বিস্তারিত সূচি

● পৃষ্ঠা নং দেখে কাঙ্ক্ষিত বিষয়টির অবস্থান জেনে নিই


এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---- ৪–২০

১. ঢাকা বোর্ড ২০২২ .... ৪
২. রাজশাহী বোর্ড ২০২২ .... ৫
৩. যশোর বোর্ড ২০২২ .... ৬
৪. কুমিল্লা বোর্ড ২০২২ .... ৭
৫. চট্টগ্রাম বোর্ড ২০২২ .... ৮
৬. সিলেট বোর্ড ২০২২ .... ৯
৭. বরিশাল বোর্ড ২০২২ .... ১০
৮. দিনাজপুর বোর্ড ২০২২ .... ১১
৯. ময়মনসিংহ বোর্ড ২০২২ .... ১২
১০. ঢাকা বোর্ড ২০১৯ .... ১৩
১১. রাজশাহী বোর্ড ২০১৯ .... ১৪
১২. যশোর বোর্ড ২০১৯ .... ১৫
১৩. কুমিল্লা বোর্ড ২০১৯ .... ১৬
১৪. চট্টগ্রাম বোর্ড ২০১৯ .... ১৭
১৫. সিলেট বোর্ড ২০১৯ .... ১৮
১৬. বরিশাল বোর্ড ২০১৯ .... ১৯
১৭. দিনাজপুর বোর্ড ২০১৯ .... ২০

এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---- ২১–৩৭

১৮. ঢাকা বোর্ড ২০২২ .... ২১
১৯. রাজশাহী বোর্ড ২০২২ .... ২২
২০. যশোর বোর্ড ২০২২ .... ২৩
২১. কুমিল্লা বোর্ড ২০২২ .... ২৪
২২. চট্টগ্রাম বোর্ড ২০২২ .... ২৫
২৩. সিলেট বোর্ড ২০২২ .... ২৬
২৪. বরিশাল বোর্ড ২০২২ .... ২৭
২৫. দিনাজপুর বোর্ড ২০২২ .... ২৮
২৬. ময়মনসিংহ বোর্ড ২০২২ .... ২৯
২৭. ঢাকা বোর্ড ২০১৯ .... ৩০
২৮. রাজশাহী বোর্ড ২০১৯ .... ৩১
২৯. যশোর বোর্ড ২০১৯ .... ৩২
৩০. কুমিল্লা বোর্ড ২০১৯ .... ৩৩
৩১. চট্টগ্রাম বোর্ড ২০১৯ .... ৩৪
৩২. সিলেট বোর্ড ২০১৯ .... ৩৫
৩৩. বরিশাল বোর্ড ২০১৯ .... ৩৬
৩৪. দিনাজপুর বোর্ড ২০১৯ .... ৩৭


লেকচার

## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল ---------- ৩৮–৪৭


৩৫. কুমিল্লা ক্যাডেট কলেজ ........ ৩৮
৩৬. মাইলস্টোন কলেজ, ঢাকা ........ ৩৯
৩৭. বিএএফ শাহীন কলেজ, যশোর ........ ৪০
৩৮. ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস ........ ৪১
৩৯. কুমিল্লা সরকারি মহিলা কলেজ ........ ৪২
৪০. সিলেট সরকারি কলেজ ........ ৪৩
৪১. সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ ........ ৪৪
৪২. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর ........ ৪৫
৪৩. সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর ........ ৪৬
৪৪. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী ........ ৪৭


## শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৪৮–৫৭


৪৫. কুমিল্লা ক্যাডেট কলেজ ........ ৪৮
৪৬. মাইলস্টোন কলেজ, ঢাকা ........ ৪৯
৪৭. ঢাকা ইমপিরিয়াল কলেজ ........ ৫০
৪৮. বিএএফ শাহীন কলেজ, যশোর ........ ৫১
৪৯. কুমিল্লা সরকারি মহিলা কলেজ ........ ৫২
৫০. কুমিল্লা শিক্ষাবোর্ড সরকারি মডেল কলেজ ........ ৫৩
৫১. সিলেট সরকারি কলেজ ........ ৫৪
৫২. ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর ........ ৫৫
৫৩. পুলিশ লাইন্স স্কুল এন্ড কলেজ, রংপুর ........ ৫৬
৫৪. শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ ........ ৫৭


## এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল ---------- ৫৮–৬০


৫৫. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১ ........ ৫৮
৫৬. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২ ........ ৫৯
৫৭. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩ ........ ৬০


## এক্সক্লুসিভ মডেল টেস্ট ও উত্তরমালা : বহুনির্বাচনি ---------- ৬১–৬৩


৫৮. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৪ ........ ৬১
৫৯. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৫ ........ ৬২
৬০. এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৬ ........ ৬৩


লেকচার

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ১ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — বাংলা (আবশ্যিক) প্রথম পত্র — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ পড়াশুনা শেষ করে সবিতা এখন গ্রামের একটি সরকারি প্রাইমারি স্কুলে শিক্ষকতা করেন। বছর কয়েক আগে শহরের এক ধনী ব্যবসায়ীর ছেলের সাথে তাঁর বিবাহ স্থির হয়। পাত্রপক্ষ বিয়েতে মোটা অঙ্কের যৌতুক দাবি করলে তাঁর আত্মসম্মানে আঘাত লাগে। সবিতা নিজেই যৌতুককে প্রত্যাখ্যান করে বিয়ে না করার সিদ্ধান্তে অটল থাকেন। পিতামাতা ও সহকর্মীদের অনেক অনুরোধ সত্ত্বেও তিনি তাঁর চিন্তা-চেতনায় কোনো পরিবর্তন আনেননি। তিনি ছাত্র-ছাত্রীদের প্রাণ। মায়ের মতো ভালোবাসা দিয়ে আগলে রাখেন সবাইকে। তিনি বলেন, "দেশকে মাতৃজ্ঞানে সেবা করা, দেশকে ভালোবাসা প্রত্যেকের কর্তব্য।" পরহিতে জীবন উৎসর্গ করাই তাঁর ধর্ম।

ক. অনুপমের বন্ধু হরিশ কোথায় কাজ করে? ১
খ. "এইটে একবার পরখ করিয়া দেখো।"– ব্যাখ্যা কর। ২
গ. "উদ্দীপকের 'সবিতা' ও 'অপরিচিতা' গল্পের 'কল্যাণী' উভয়েই যৌতুকের শিকার।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৩
ঘ. "সবিতার দেশপ্রেম কল্যাণীর মাতৃআজ্ঞার সাথে একই সূত্রে গাঁথা।"– উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

২ ▶ অমিত বাবু ভূমি অফিসের একজন নায়েব। তিনি সৎ, দক্ষ এবং স্বনামে এলাকায় পরিচিত। শুধু তাঁর কারণে তাঁর অফিসে কোনো ঘুষের লেনদেন হয় না। তিনি নিজ উদ্যোগে একদিন একটি সাইনবোর্ড ঝুলিয়ে দিলেন ভূমি অফিসে। তাতে লেখা "এই অফিসে কোনো ঘুষের লেনদেন হয় না।" বিষয়টি এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি করে, কিন্তু তাঁর সহকর্মীরা বিষয়টি সহজভাবে নেননি। কেবল অমিত বাবুর কারণে তাঁদের বাড়তি আয় কমে গেছে। তারা ষড়যন্ত্র করে তাঁকে অফিস হতে বিতাড়ণের চেষ্টা করেন। তাঁর বিরুদ্ধে ঘুষ লেনদেনের অভিযোগ উত্থাপন করলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বসহকারে তদন্ত করে, কিন্তু অভিযোগের সত্যতা খুঁজে পায়নি। অমিত বাবু সত্যের পথে ছিলেন অবিচল, তিনি অন্যায়ের কাছে মাথা নত করেননি কোনো দিন।

ক. 'সম্মার্জনা' শব্দের অর্থ কী? ১
খ. "যে নিজের ধর্মের সত্যকে চিনেছে, সে কখনো অন্য ধর্মকে ঘৃণা করতে পারে না।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন বিশেষ দিকটি প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের অমিত বাবু 'আমার পথ' প্রবন্ধের প্রাবন্ধিকের মানসপুত্র।"– উক্তিটির যথার্থ পরীক্ষা কর। ৪

৩ ▶ নেলসন ম্যান্ডেলা ছিলেন দক্ষিণ আফ্রিকার বর্ণবাদ বিরোধী বিপ্লবী নেতা। তিনি সে দেশের প্রথম গণতান্ত্রিকভাবে নির্বাচিত রাষ্ট্রপতি এবং প্রথম কৃষ্ণাঙ্গ রাষ্ট্রপ্রধান। তিনি ১৯৪৩ সালে আফ্রিকান ন্যাশনাল কংগ্রেসে যোগ দেন। পরে তিনি সশস্ত্র সংগঠনের নেতা হিসেবে বর্ণবাদ বিরোধী আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৯৬২ সালে দক্ষিণ আফ্রিকার সরকার তাঁকে গ্রেফতার করেন এবং অন্তর্ঘাতসহ নানা অপরাধের দায়ে যাবজ্জীবন কারাদণ্ড দেন। নেলসন ম্যান্ডেলা ২৭ বছর কারাবাস করেন। তিনি সাধারণ মানুষের অধিকার আদায়ে সারা জীবন লড়াই করেছেন।

ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পিতার নাম কী? ১
খ. "জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।" কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের নেলসন ম্যান্ডেলার সাথে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কী সাদৃশ্য পাওয়া যায়? যুক্তিসহ আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধের সার্বিক চিত্র ফুটে উঠেছে।"– মন্তব্যটির সত্যতা পরীক্ষা কর। ৪

৪ ▶ ১০ মার্চ, ১৯৭১। রাস্তায় রাস্তায় পাকিস্তানি মিলিটারি। গুয়াতলী গ্রামের হিন্দু জনগোষ্ঠী ভয়ে ভারতে পাড়ি জমায়। শুধু ভিটে আঁকড়ে পড়ে থাকে কেষ্ট বাবু। পাশের গ্রামে ছিল পাকিস্তানি হানাদার বাহিনীর ক্যাম্প। স্থানীয় রাজাকার কাশেম মোড়ল কেষ্টবাবুকে সন্দেহের চোখে দেখে। সে মনে করে কেষ্টবাবু মুক্তিবাহিনীর লোক। এক বৃষ্টিমুখর দিনে গুয়াতলী গ্রামে মিলিটারি প্রবেশ করে এবং কাশেম মোড়লের ইশারায় হানাদার বাহিনী তাকে ধরে নিয়ে পার্শ্ববর্তী রাস্তার পাশে জীবন্ত পুঁতে রেখে চলে যায়।

ক. 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়? ১
খ. "রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কেষ্টবাবু 'রেইনকোট' গল্পের কোন চরিত্রকে স্মরণ করিয়ে দেয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের একটি খণ্ডচিত্র মাত্র।"– উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ একটা সময় সব অকেজো হয়ে যায়/শরীর, মন ও বুদ্ধি।
থেমে যায় বৃদ্ধি।/কেউ আর রাখে না মনে তায়।
যৌবন থেকে মৃত্যু–/অনেক সফল কাজ,
কাজগুলো রেখে দাও, শুধু তুমি চলে যাও।

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১
খ. "ঠাঁই নাই, ঠাঁই নাই ছোট সে তরী"– বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'কাজগুলো' 'সোনার তরী' কবিতায় বর্ণিত কিসের সাথে তুলনীয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য উদ্দীপকে ধরা পড়েছে।"– উক্তিটি সত্যতা বিচার কর। ৪

৬ ▶ বিষণ্ন বিরহী বাতাস মনের জানালায় দেয় উঁকি। উন্মনা মন আজ মাধবীর। পড়ন্ত বিকেলে দখিনের বারান্দায় বেদনার রাগিনী ওঠে তার। শোকের পাথার বেয়ে আসে বসন্ত। চৈত্রের খরায় শুকিয়ে গেছে বুক। সেখানে শুধু ধু ধু বালুচর। নেই তাতে জল, আছে কষ্টের হাহাল। শীতের শুষ্কতা মুছে বসন্তের শূন্যতা চেপে ধরেছে তারে। কারণ মাঘের শীতে প্রিয়জন তার গিয়েছে চলে না ফেরার দেশে।

ক. কবি সুফিয়া কামালের প্রথম স্বামীর নাম কী? ১
খ. 'বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি– এ মোর মিনতি।'– চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের 'মাধবী' 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির ব্যক্তি চরিত্রের ছায়াচিত্র।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▶ একটি পতাকার জন্য কত রক্ত চাই!
একটি মানচিত্রের জন্য কত অশ্রু চাই!
রক্তের বুদ্‌বুদ ওঠে বিষণ্ন বাতাসে
চির সবুজের দেশে আপ্লুত আমুদে!
জলপাই রঙের ট্যাংক বেড়ায় দাপিয়ে,
শহরে কী বন্দরে সময়-অসময়।
গর্জে উঠেছে সন্তান ভয়হীন সপ্রাণ,
বাহুতে কলিজা বেঁধে করেছে সংগ্রাম।

ক. 'কমলবন' শব্দটির অর্থ কী? ১
খ. "এ-রঙের বিপরীতে আছে অন্য রং" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটিত 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের কবি ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কবি একই মন্ত্রে দীক্ষিত।"– মন্তব্যটির সত্যতা বিচার কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ জব্বার আলি একদিন স্বপ্নে খুঁজে পায় এক কামেল পীরের মাজার। বন-জঙ্গল ঘেরা 'বাঘের মাঠ' খ্যাত সাপ্তাডাঙ্গা গ্রাম। এই গ্রামেই শায়িত আছেন এক কামেল পীর। স্বপ্ন ছড়িয়ে পড়ে গ্রামের ভিতর। স্থানীয় জনগণ খুঁজে পায় এক প্রাচীন পরিত্যক্ত মাজার। জঙ্গল পরিষ্কার করে রাতারাতি সেখানে টিনের ছাউনি ওঠে। চাঁদা তোলা হয় গ্রামবাসীর কাছ থেকে। পরিপাটি ও সুসজ্জিত হয় মাজার। এখানে বিভিন্ন লোক রোগ-শোকের জন্য মানত করতে আসে। এমনকি বন্ধ্যা নারীরাও ছুটে আসে সন্তান লাভের আশায়। এখানে প্রতি বছর এখন মেলা বসে। বর্তমানে মাজারের খাদেম জব্বার আলি।

ক. মজিদের দ্বিতীয় স্ত্রীর নাম কী? ১
খ. "মনে হয় এটা খোদা তা'লার বিশেষ দেশ।"– কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাপ্তাডাঙ্গা গ্রামের সঙ্গে 'লালসালু' উপন্যাসের মহব্বতনগরের সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের 'কামেল পীরের মাজার' ও 'লালসালু' উপন্যাসের 'মোদাচ্ছের পীরের মাজার' এক এবং অভিন্ন।"– তোমার মতামতসহ বিশ্লেষণ কর। ৪

৯ ▶ রিকশাচালক সাহেব আলির মেয়ে সালেহা। প্রাইমারির পর পড়া হয়নি তার। বয়স হয়তো ১২ কি ১৩। বড়ই চঞ্চলা। তিন বোনের মধ্যে সে-ই বড়। এক আত্মীয়ের মাধ্যমে একদিন বিয়ের প্রস্তাব আসে সালেহার। ছেলে থাকে বিদেশে, দালানবাড়ি, অনেক টাকার মালিক। তবে শর্ত একটা, "আপাতত মোবাইল ফোনে বিয়ে; ছেলে দেশে ফিরলে বউকে তুলে নেবে ঘরে। যতদিন না ফিরবে ততদিন বউয়ের খরচপত্র বাবদ টাকা পাঠিয়ে দেবে।" এমন প্রস্তাবে সাড়া না দেওয়ার উপায় ছিল না দরিদ্র সাহেব আলির। নিয়ম মেনে বিয়ে। তারপর কয়েক বছর পর দেশে ফিরল ছেলে। ছেলের বয়স এখন পঞ্চাশ।

ক. 'কাঁদো নদী কাঁদো' কোন ধরনের গ্রন্থ? ১
খ. জমিলা কে? সংক্ষেপে তার পরিচয় দাও। ২
গ. উদ্দীপকের সালেহার সঙ্গে 'লালসালু' উপন্যাসের জমিলা চরিত্রের বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসেরই ক্ষুদ্র সংস্করণ।"– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ রোমের একচ্ছত্র অধিপতি জুলিয়াস সিজার। তাঁর সিনেটররা ব্যাপারটা মেনে নিতে পারেননি। তারা সিজারকে হত্যার ষড়যন্ত্রে লিপ্ত হন। এমনকি তাঁর ঘনিষ্ঠ বন্ধু ব্রুটাসও এই হীন চক্রান্তে যোগ দেন। সিনেটে নৃশংসভাবে নিহত হন সিজার। মৃত্যুকালে বন্ধু ব্রুটাসের হাতেও উদ্যত ছুরি দেখে বিস্মিত সিজার বলে ওঠেন, 'ব্রুটাস, তুমিও!'

ক. ওয়াটসনের সই জাল করে দিয়েছে কে? ১
খ. "বাট আই অ্যাম সিউর নবাব ক্যান কজ নো হার্ম টু আস।"– উক্তিটি কেন করা হয়েছে? ২
গ. উদ্দীপকের জুলিয়াস সিজার 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে তুলনীয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "ব্রুটাসেরা কেবল রোমেই নয়, এ বাংলাতেও বিচরণ করেছে।"– উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে উক্তিটির মূল্যায়ন কর। ৪

১১ ▶ নেপাল ও গোপাল দুই ভাই। জমি নিয়ে বিরোধ তাদের দীর্ঘদিন। অনেক সালিশ-বিচার করেও কেউ তাদের বিরোধ মেটাতে পারেনি। কেউ কাউকে ছাড় দিতে নারাজ। এখন জমির ভাগ বণ্টন নিয়ে মামলা চলছে আদালতে। ছোট ভাই নেপাল বড় ভাইকে শায়েস্তা করতে আব্দুল নামে এক মুসলমানের কাছে ভিটের জমির এক অংশ বিক্রি করে। আব্দুল সেখানে বাড়ি বানিয়ে স্থায়ীভাবে বসবাস শুরু করে। কোরবানির ঈদে সে নেপালের বাড়ির সামনে গরু কোরবানি দেয়। এই ঘটনায় নেপালের মন ভেঙ্গে যায়। কিছুদিন পর কউকে কিছু না বলে জমি-জায়গা ফেলে সপরিবারে ভারতে চলে যায় সে।

ক. মিরজাফর কোন দেশ হতে ভারতে আসেন। ১
খ. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'নেপাল' চরিত্রের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকে 'মিরজাফর' চরিত্রের তুলনা কর। ৩
ঘ. 'খাল কেটে কুমির আনা।' প্রবাদটি উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটক উভয় ক্ষেত্রেই প্রযোজ্য।– উক্তিটির সার্থকতা নিরূপণ কর। ৪

## ২ রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

**ক অংশ—গদ্য**

১ ▶ মাতৃস্নেহের তুলনা নাই, কিন্তু অতি স্নেহ অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে স্নেহের উত্তাপে সন্তানের পরিপুষ্টি, তাহারই আধিক্যে সে অসহায় হইয়া পড়ে। মাতৃহৃদয়ে মমতার প্রাবল্যে, মানুষ আপনাকে হারাইয়া আপন শক্তির মর্যাদা বুঝিতে পারে না। দুর্বল অসহায় পক্ষীশাবকের মতো চিরদিন স্নেহাতিশয্যে আপনাকে সে একান্ত নির্ভরশীল মনে করে। ক্রমে জননীর পরম সম্পদ সন্তান অলস, ভীরু, দুর্বল ও পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়।

ক. 'রসনচৌকি' শব্দের অর্থ কী? ১

খ. 'মামা বিবাহ-বাড়িতে ঢুকিয়া খুশি হইলেন না।'— কেন? ২

গ. মাতৃস্নেহের আধিক্যে "পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়।" উদ্দীপকের এই মন্তব্যের সাদৃশ্যমূলক প্রভাব রয়েছে 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রে— বুঝিয়ে লেখ। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত মাতৃস্নেহের আধিক্যে অনুপম চরিত্রের বিকাশ ব্যাহত হয়েছে ঠিকই কিন্তু গল্পের পরিণতিতে বৃত্তভাঙা ভিন্ন এক ব্যক্তি হিসেবে তাকে পাওয়া যায়।"— মন্তব্যটি তোমার মতামতসহ যাচাই কর। ৪

২ ▶ সংকোচের বিহ্বলতা নিজেরে অপমান।
সংকটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ—
মুক্ত করো ভয়,
আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়—
দুর্বলেরে রক্ষা করো, দুর্জনেরে হানো,
নিজেরে দীন নিঃসহায় যেন কভু না জানো।

ক. 'আমার পথ' প্রবন্ধে 'সম্মার্জনা' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? ১

খ. "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে"— বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের বিষয়গত বৈসাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ. "উদ্দীপকে যে দ্বিধা, ভয়, সংকোচের কথা বলা হয়েছে 'আমার পথ' প্রবন্ধে তা দূরীকরণের উপায়ও আছে।"— মন্তব্যটি যাচাই কর। ৪

৩ ▶ ঢাকায় ছাত্রদের উপর পুলিশের গুলিবর্ষণের প্রতিবাদে অদ্য এখানে অর্ধমাইল দীর্ঘ শোভাযাত্রা বাহির হয়। শোভাযাত্রীগণ 'নুরুল আমিনের রক্ত চাই', 'নাজিমুদ্দিন গদী ছাড়' প্রভৃতি ধ্বনি করিতে থাকে। শোভাযাত্রীগণ লালদীঘি ময়দানে জমায়েত হইয়া সভা করে।

ক. বঙ্গবন্ধুকে ডাবের পানি খাইয়ে অনশন ভাঙান কে? ১

খ. "মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে"— ব্যাখ্যা কর। ২

গ. "উদ্দীপকের সাথে 'বায়ান্নর দিনগুলো' শীর্ষক রচনার পটভূমিগত অভিন্নতা রয়েছে"— মন্তব্যটি যাচাই কর। ৩

ঘ. "'বায়ান্নর দিনগুলো' রচনায় বক্তার বিড়ম্বিত পারিবারিক জীবনের নানা তথ্য রয়েছে যা উদ্দীপকে নেই।"— যুক্তি দিয়ে বিচার কর। ৪

৪ ▶ মাস তিনেক পর শহরে গেরিলা অপারেশন করতে এসে রাজাকারের হাতে ধরা পড়ে মিনহাজউদ্দিন। ওকে ক্যাম্পে এনে বকুল গাছের সঙ্গে ঝুলিয়ে রাখা হয়। উলঙ্গ। শাস্তি সকালে দশ বেত। বিকেলে দশ বেত। এমন দৃশ্য রহমত আলীর জীবনের শ্রেষ্ঠ আনন্দ। শুধু জানালায় বসে থাকলে এ দৃশ্য পুরোপুরি উপভোগ করা যায় না। বেতন মারার আগেই বকুলতলায় এসে দাঁড়ায়। দু'কান ভরে মিনহাজউদ্দিনের গোঙানি শোনে। বেঈমানের এমন চরম শাস্তিই তো পাওয়া উচিত। যুদ্ধ করে দেশ স্বাধীন করার জন্য ভিতু লোকটা সাহসী হয়ে গিয়েছিল। পালিয়েছিল বাড়ি থেকে।

ক. 'রেইনকোট' গল্পের উর্দুর প্রফেসরের নাম কী? ১

খ. "রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনারেল মনসুন"— বাক্যটির তাৎপর্য বুঝিয়ে লেখ। ২

গ. "উদ্দীপকে বর্ণিত নির্যাতন চিত্র 'রইনকোট' গল্পের মিলিটারির বর্বরোচিত আচরণের সাথে সাদৃশ্যযুক্ত।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৩

ঘ. 'রেইনকোট' গল্পে মুক্তিযোদ্ধাদের যে গেরিলা আক্রমণের সার্থক চিত্র পাই— তাই উদ্দীপকে নেই।"— মন্তব্যটির সাথে তুমি কি একমত? যুক্তি দিয়ে বিচার কর। ৪

**খ অংশ—কবিতা**

৫ ▶ বাংলা সাহিত্যের প্রাচীন যুগের একমাত্র ঐতিহাসিক নিদর্শন চর্যাপদ। ড. মুহম্মদ শহীদুল্লাহ্ ৬৫০ খ্রি. থেকে চর্যাপদের কাল ধরেছেন। হাজার বছরেরও অধিক সময় পূর্বে রচিত হওয়ায় পদকর্তাদের জীবন ইতিহাস বিস্তারিত জানা সম্ভব হয় না। রচয়িতাদের পরিচিতি কালের প্রবাহে ধূসর হয়ে গেলেও তাঁদের রচনাগুলোর ভাষা ও বিষয় নিয়ে গবেষণার অন্ত নেই। 'চর্যাপদ' বাংলা ভাষা ও সাহিত্যের মূল্যবান সম্পদ হিসেবে সমাদৃত।

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? ১

খ. 'ভরা নদী ক্ষুরধারা' বলতে কবি কী বুঝিয়েছেন? ২

গ. "উদ্দীপকের বিভিন্ন পদকর্তার রচনা 'সোনার তরী' কবিতার সোনার ধানের মতোই।"— মন্তব্যটি ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের পদরচয়িতাগণ এবং 'সোনার তরী' কবিতার কৃষক যেন একই নিয়তির শিকার।"— তোমার মতামতসহ আলোচনা কর। ৪

৬ ▶ চিত্রশিল্পী কাজী ইকবাল স্ত্রী-পুত্র-কন্যা নিয়ে বেড়াতে গিয়েছিলেন কক্সবাজার সমুদ্র সৈকতে। হঠাৎ আসা সুনামির আঘাতে ভেসে গেল তার পরিবারের সবাই। নিজে বেঁচে গেলেও বিয়োগান্তক এই ঘটনার শোকে ভীষণ ভেঙে পড়লেন। ছবি আঁকা নেশা ও পেশা হলেও তিনি আর কখনই হাতে তুলে নেননি আঁকার তুলি কিংবা রং।

ক. "দক্ষিণ দুয়ার গেছে খুলি?"— প্রশ্নটি কার? ১

খ. "কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী"— পঙ্‌ক্তিটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের ভাববস্তুর সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার ভাববস্তুর সাদৃশ্য আলোচনা কর। ৩

ঘ. "'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির প্রকৃতিঘনিষ্ঠ যে মনোবেদনা বর্ণিত হয়েছে উদ্দীপকে তা অনুপস্থিত।"— মন্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

৭ ▶ তরুণ নামের জয়মুকুট শুধু তাহারই যাহার শক্তি অপরিমাণ, গতিবেগ ঝঞ্ঝার ন্যায়, তেজ নির্মেঘ আষাঢ় মধ্যাহ্নের মার্তণ্ড প্রায়; বিপুল যাহার আশা, ক্লান্তিহীন যাহার উৎসাহ, বিরাট যাহার ঔদার্য, অফুরন্ত যাহার প্রাণ, অটল যাহার সাধনা, মৃত্যু যাহার মুঠিতলে।

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়? ১

খ. আঠারো বছর বয়সকে কবি 'দুঃসহ' বলেছেন কেন? ২

গ. উদ্দীপকের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যমূলক আলোচনা কর। ৩

ঘ. "'এদেশের বুকে আঠারো আসুক নেমে'— পাঠ্য কবিতায় এ সুর থাকলেও উদ্দীপকে তা প্রতিধ্বনিত হয়নি।"— যুক্তি দিয়ে বিচার কর। ৪

**গ অংশ—উপন্যাস**

৮ ▶ বাংলাদেশের টেকনাফ অঞ্চলের এক গ্রামের গরিব অসহায় পরিবারকে সমাজচ্যুত করা হয়েছে। কারণ, ঐ বাড়ির ছেলের বিয়েতে গ্রামের মাতব্বর পরিবারকে দাওয়াত করা হয়নি। এ কারণেই খেপে যায় মাতব্বর ও তার লোকজন। সভা করে একঘরে করে দেয় সেই গরিব পরিবারটিকে। পরিবারের লোকদের বাইরে যাওয়ার রাস্তাটিও বন্ধ করে দেওয়া হয়েছে।

ক. 'লালসালু' উপন্যাসে সাত ছেলের বাপের নাম কী? ১

খ. মজিদ আক্কাসকে স্কুল প্রতিষ্ঠা করতে বাধা দেয় কেন? ২

গ. উদ্দীপকের টেকনাফ অঞ্চলের ঘটনাটির সাথে 'লালসালু' উপন্যাসের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? কেন? ৩

ঘ. "উদ্দীপকের মাতব্বর ও তার লোকজন এবং 'লালসালু' উপন্যাসের মজিদ অভিন্ন চেতনার অনুসারী।"— মূল্যায়ন কর। ৪

৯ ▶ সুপ্রভা প্রভুত্ব করার চেয়ে নির্ভর করিতেই ভালোবাসে বেশি, আদর পাওয়াটাই তার জীবনে সবচেয়ে বড় প্রাপ্য। মন্দার গৃহিণীপনার ভিত্তিও ওইখানেই— সুপ্রভাকে সে নয়নের মণি করিয়া রাখিয়াছে। কে বলিবে সুপ্রভা তাহার সতীন? স্নেহ-যত্নে সুপ্রভার দিনগুলিকে সে ভরাট করিয়া রাখে।... সতীনের সংসারেও তাই এখানে কলহ-বিবাদ মান-অভিমান মন-কষাকষি নাই।

ক. ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নাম কী? ১

খ. "এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, সাচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ"— উদ্ধৃতিটি ব্যাখ্যা কর। ২

গ. "উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসে বর্ণিত ঘটনার সাদৃশ্য রয়েছে।"— বুঝিয়ে লেখ। ৩

ঘ. "উদ্দীপকের 'মন্দার' ও 'সুপ্রভার' চেয়ে পাঠ্য উপন্যাসের রহিমা ও জমিলা অধিকতর প্রাণবন্ত ও শক্তিশালী।"— বিশ্লেষণ কর। ৪

**ঘ অংশ—নাটক**

১০ ▶ শহীদ ক্যাপ্টেন বাশার চট্টগ্রাম সেনানিবাসে কর্মরত ছিলেন। স্বাধীনতা যুদ্ধ শুরু হলে ক্যাপ্টেন বাশার সেনানিবাস পরিত্যাগ করে হালিশহরে অবস্থান নেন এবং পাকিস্তান আর্মির বিরুদ্ধে প্রবল প্রতিরোধ গড়ে তোলেন। পাকিস্তানি বাহিনী এদেশীয় দালাল মারফত তাঁর অবস্থান শনাক্ত করলে তিনি ধৃত হন। তাঁকে ক্যাম্পে বন্দি করে রাখা হয় এবং অমানুষিক নির্যাতন করে তথ্য আদায়ে ব্যর্থ হয়ে গুলি করে হত্যা করে। এ রকম নির্যাতনেও দমে যায়নি মুক্তিপাগল বাংলার মানুষ। মুক্তিকামী জনতার সম্মিলিত সংগ্রামের ফলে এদেশ স্বাধীন হয়েছে।

ক. কোম্পানির ঘুষখোর ডাক্তার কে? ১

খ. "বৃটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা"— সংলাপটি বুঝিয়ে লেখ। ২

গ. উদ্দীপকের এদেশীয় দালাল 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? আলোচনা কর। ৩

ঘ. "উদ্দীপকের জনতার সম্মিলিত সংগ্রামে এদেশ স্বাধীন হলেও 'সিরাজউদৌলা' নাটকে প্রতিরোধ না করে লোকজন মুর্শিদাবাদ ছেড়ে পালিয়েছে।"— উক্তিটির সত্যাসত্য যাচাই কর। ৪

১১ ▶ একাত্তরে পাকিস্তানি সেনাবাহিনী দেশজুড়ে নারকীয় হত্যাযজ্ঞ চালায়। অগ্নিসংযোগ, লুণ্ঠন, নির্যাতনের মধ্য দিয়ে এক বিভীষিকাময় পরিস্থিতির সৃষ্টি হয়। যুদ্ধবিধ্বস্ত এই বাংলাদেশ নিয়ে নিউইয়র্কের ম্যাডিসন স্কোয়ার গার্ডেনে অনুষ্ঠিত হয় অবিস্মরণীয় সংগীত সন্ধ্যা। উদ্যোক্তা শিল্পীদের মধ্যে অন্যতম ছিলেন জর্জ হ্যারিসন ও পণ্ডিত রবিশঙ্কর। 'দ্যা কনসার্ট ফর বাংলাদেশ' নামক এই অনুষ্ঠান থেকে সংগৃহীত বিপুল অর্থ বাংলাদেশের জন্য ইউনিসেফের শিশু সাহায্য তহবিলে তাঁরা দান করেন।

ক. 'সিরাজউদৌলা' নাটকের প্রথম সংলাপ কার? ১

খ. "আমার শেষ যুদ্ধ পলাশীতেই"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের জর্জ হ্যারিসন 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিদেশি চরিত্রের সাথে তুলনীয়? কেন? ৩

ঘ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কতটুকু যোগসূত্র স্থাপন করেছে? বিশ্লেষণ কর। ৪

# ৩ যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ লিটন শীল আর চন্দনা একে অপরের ভালো বন্ধু। ছাত্রজীবন থেকে তাদের মাঝে বেশ সখ্য আর জানা-শোনা। উভয়ই উচ্চশিক্ষিত। চন্দনা এমএ পাস করে স্বল্প বেতনের একটা চাকরি করে। স্বল্প বেতনের জন্য মা-বাবাকে সাথে নিয়ে শহরতলীতে একটা পুরনো ভাড়া বাসায় বাস করে। তার যাপিত জীবন আভিজাত্যের নয়, নিম্নমধ্যবিত্তের। লিটন শীল সরকারি চাকরিতে প্রতিষ্ঠিত হওয়ার পর বাবা বিক্রম শীলের কাছে চন্দনাকে বিয়ে করার কথা জানালে বাবা বিক্রম শীল মেয়েকে এবং মেয়ের পরিবারকে দেখতে চান। মেয়ের পারিবারিক অবস্থা দেখে ফিরে এসে বাবা গম্ভীর কণ্ঠে বলেন, "মেয়ে দেখতে সুন্দর, তবে এ বিয়ে হবে না।" বাবার এরূপ মানসিকতার বিরুদ্ধে প্রতিবাদ করতে পারেনি লিটন শীল। কারণ বাল্যকাল থেকেই সে তার বাবার কথার অবাধ্য হয়নি কখনো।

ক. বিনুদাদা অনুপমের কেমন ভাই? ১
খ. "মেয়ের চেয়ে মেয়ের বাপের খবরটাই তাঁহার কাছে গুরুতর।"— ব্যাখ্যা কর। ২
গ. উপরের উদ্দীপকে 'অপরিচিতা' গল্পের কোন বক্তব্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে? বিচার কর। ৩
ঘ. "উদ্দীপকের বিক্রম শীল এবং 'অপরিচিতা' গল্পের অনুপমের মামার মতো মানুষের হীনমানসিকতার কারণেই তৎকালীন সমাজে যৌতুক প্রথা মারাত্মক রূপ ধারণ করেছিল।"— আলোচনা কর। ৪

২ ▶ জীবনের যেকোনো ক্ষেত্রে 'বিশ্বাস' অর্থাৎ 'আত্মবিশ্বাস' শব্দটি মানবমনের এমন শক্তির প্রতীক, যার কোনো যৌক্তিক সীমানা নেই। তবুও আত্মবিশ্বাসের ভালো উদাহরণ হিসেবে নোবেল পুরস্কার বিজয়ী আইরিশ নাট্যকার 'জর্জ বার্নাড শ' এর নাম উল্লেখ করা যেতে পারে। তিনি মাত্র ৫ বছর স্কুলে লেখাপড়া করেছেন। দারিদ্র্যের কারণে মাত্র ১৫ (পনেরো) বছর বয়সে মাসে ৪০ টাকা বেতনে কেরানির কাজ নেন। কিন্তু লেখক হতে চেয়েছিলেন এবং বিশ্বাস করতেন একদিন বড় লেখক হবেন। তাই তিনি নিয়মিত লেখা শুরু করেন। লেখক হিসেবে প্রতিষ্ঠা পেতে তাঁর নয় বছর সময় লেগেছিল। লেখক জীবনের প্রথম নয় বছরে তাঁর লেখা থেকে আয় হয়েছিল মাত্র ৩০০ টাকা। কিন্তু তাঁর বিশ্বাসই তাঁকে এগিয়ে নিয়ে গেছে। লেখক হিসেবেই পরবর্তীতে উপার্জন করেছেন প্রচুর টাকা।

ক. 'আমার পথ' প্রবন্ধে নিজের ওপর অটুট বিশ্বাস করতেই শেখাচ্ছিলেন কে? ১
খ. লেখক নিজ সত্যকে সালাম জানিয়েছেন কেন? ২
গ. উদ্দীপকের জর্জ বার্নাড শ এর চারিত্রিক বৈশিষ্ট্যের সাথে 'আমর পথ' রচনার প্রাবন্ধিকের চারিত্রিক বৈশিষ্ট্যের সাদৃশ্য বিচার কর। ৩
ঘ. "আত্মবিশ্বাসের উপর ভর করাই উদ্দীপক আর 'আমার পথ' প্রবন্ধের সার কথা।"— মূল্যায়ন কর। ৪

৩ ▶ আনোয়ার পাশা রচিত 'রাইফেল রোটি আওরাত' উপন্যাসে উল্লিখিত সুদীপ্ত শাহীন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। তিনি ১৯৭১ সালের ২৫ মার্চ দিবাগত রাতের ভয়াবহতায় আতঙ্কগ্রস্ত একজন মানুষ। তাঁর যাপিত জীবন আতঙ্ক আর ভয়ের মধ্য দিয়ে কাটে। কারণ সেই রাতে পাকিস্তানি সেনাবাহিনী ঢাকার নিরস্ত্র মানুষের ওপর নৃশংস গণহত্যা ও ধ্বংসযজ্ঞ চালায়। সেই হত্যাযজ্ঞ থেকে নারী, পুরুষ, শিশু, বৃদ্ধ এমনকি মসজিদের মুয়াজ্জিন পর্যন্ত রেহাই পায়নি। সুদীপ্ত শাহীন এর মাঝে বেঁচে আছেন এটা বিশ্বাস করতে তাঁর বিস্ময় লাগে। ২৬ মার্চের সূর্যোদয় দেখবার কথা তিনি ভাবতেও পারেন না।

ক. 'রেইনকোট' গল্পে পিয়নের নাম কী? ১
খ. "দেশে একটা কলেজে শহিদ মিনার আর অক্ষত নাই।"— কেন? আলোচনা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সুদীপ্ত শাহীন 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? কীভাবে? বিচার কর। ৩
ঘ. "'রেইনকোট' গল্পের মূলভাব উদ্দীপকে অনেকটাই প্রতিফলিত হয়েছে।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪ ▶ আমিত্বকে বলি দিয়ে স্বার্থ ত্যাগ কর যদি,
পরের হিতের জন্য ভাব যদি নিরবধি!
নিজ সুখ ভুলে গিয়ে ভাবিলে পরের কথা,
মুছালে পরের অশ্রু— ঘুচালে পরের ব্যথা!
আপনাকে বিলাইয়া দীনদুঃখীদের মাঝে,
বিদূরিলে পর দুঃখ সকালে-বিকালে-সাঁঝে!
তবেই পাইবে সুখ আত্মার ভিতরে তুমি,
যা রুপিবে তাই পাবে, সংসার যে কর্মভূমি!

ক. জাতিকে কী হিসেবে গড়ে তুলতে হবে? ১
খ. মানবকল্যাণ কথাটা আমরা সস্তা ও মামুলি বানিয়ে ফেলেছি কীভাবে? বুঝিয়ে লেখ। ২
গ. কবিতাংশটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন দিকটিকে ইঙ্গিত করেছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. "কবিতাংশটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের আংশিক প্রতিফলন"— তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ ভেতরে আমার বাঁশিটি বাজে না আর,
ওড়ে না পাখি আঁকাবাঁকা সাদা ঝাঁক,
নদী জলের ঢেউগুলো নির্বাক,
ভেতরে আমার ভেঙে পড়ে শুধু পাড়।

ক. কবিভক্ত কবির কাছে কী শোনার মিনতি করে? ১
খ. 'তাহারেই পড়ে মনে' কবিতাটিকে নাটকীয় গুণসম্পন্ন কবিতা বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের কবিতাংশটুকুর সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "কবিতাংশটুকুর কবির দহন যেন 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির অন্তর্দহন।"— মূল্যায়ন কর। ৪

৬ ▶ ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যেন বাঙালি জাতিকে মুক্তির কবিতা শোনালেন। বাঙালি জাতির ইতিহাস, ঐতিহ্য, শোষণ-বঞ্চনার কথা তুলে ধরে তিনি বলেন, "বাঙলার ইতিহাস এদেশের মানুষের রক্ত দিয়ে রাজপথ রঞ্জিত করার ইতিহাস।" তিনি এক পর্যায়ে বাঙালি জাতিকে প্রতিবাদী আর সংগ্রামী হওয়ার আহ্বান জানিয়ে বলেন, "মনে রাখবা, রক্ত যখন দিয়েছি, রক্ত আরও দেব। এ দেশের মানুষকে মুক্ত করে ছাড়ব ইনশা-আল্লাহ্।" প্রধানত, বঙ্গবন্ধুর ভাষণটি ছিল বাঙালি জাতির কাছে ইতিহাস-ঐতিহ্যের স্মারক আর মুক্তির কবিতা।

ক. ভালোবাসা দিলে কে মরে যায়? ১
খ. 'তাঁর পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল' বলতে কবি কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন দিকটির প্রতিফলিত হয়েছে? বিচার কর। ৩
ঘ. "বঙ্গবন্ধু প্রদত্ত ৭ই মার্চের ভাষণটি ছিল বাঙালি জাতির কাছে ইতিহাস-ঐতিহ্যের স্মারক আর মুক্তির কবিতা।"— মন্তব্যটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মালিহা আর নীলা সহপাঠী। দুজনেই লেখাপড়ায় বেশ ভালো। স্কুলজীবন পার হতে না হতেই নীলা মিশে যায় কিছু বখাটে বন্ধুর সাথে। এখানে তার শিক্ষাজীবনের পরিসমাপ্তি ঘটে। তার নাম শুনলে মেয়েরা আঁতকে ওঠে। অপরদিকে মালিহা কলেজ পেরিয়ে মেডিকেল কলেজে পড়ে। বাংলাদেশের অবহেলিত নারীদের অধিকার আদায়ে সে এখন কাজ করে। আন্দোলন-সংগ্রামে নেতৃত্ব দেয়। সংগঠিত করে সহপাঠী মেয়ে বন্ধুদের, আর প্রতিজ্ঞা করে জীবন দিয়ে হলেও নারীদের যথাযথ অধিকার প্রতিষ্ঠা করবেই।

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়? ১
খ. "এদেশের বুকে আঠারো আসুক নেমে।"— কবির এ প্রত্যাশা কেন? ২
গ. 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'— উক্তিটি উদ্দীপকের নীলার ক্ষেত্রে কীভাবে প্রযোজ্য? বুঝিয়ে দাও। ৩
ঘ. "আত্মত্যাগ ও মানবকল্যাণ আঠারো বছর বয়সের একটি অন্যতম বৈশিষ্ট্য"— উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে উক্তিটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ সুবেদ আলি গ্রামের একজন অবস্থাসম্পন্ন মানুষ। সাদা মনের মানুষ হিসেবে গ্রামে তাঁর একটা সুনাম আছে। পরোপকারী এবং সুখী বলেই সবাই তাঁকে জানে। প্রকৃতপক্ষে, ভেতরে তিনি সুখী ছিলেন না। বিয়ের বয়স দেড় যুগ গড়ালেও সন্তানের মুখ দেখেননি। বহুজনের কাছে স্বামী-স্ত্রী দুজনেই চিকিৎসা নিয়েও ব্যর্থ হন। সুবেদ আলি একদিন শুনতে পান পাশের গ্রামের ফকির বাবার কেরামতির কথা। উপঢৌকনসহ সস্ত্রীক ছুটে যান তার কাছে। তাদের বিশ্বাস, ফকির বাবার ঝাড়ফুঁক পেলেই মনের আশা পূরণ হবে।

ক. 'লালসালু' উপন্যাসে উল্লিখিত আমেনা বিবি কোন দিন রোযা রাখে? ১
খ. রহিমার পর্বতের মতো অটল বিশ্বাসে ফাটল ধরে কেন? আলোচনা কর। ২
গ. উদ্দীপকের সুবেদ আলি চরিত্রের সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রটি সাদৃশ্যপূর্ণ? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের সুবেদ আলির বিশ্বাস আর 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামবাসীর বিশ্বাস যেন এক সুতোয় গাঁথা।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ পাঠান পরিবারে নারীরা বলতে গেলে বাড়ির বাইরে কেউ বের হন না। আর চাকরি করার কথা তো কল্পনাও করা যায় না। কিন্তু আজিজ পাঠানের ছোট পুত্রবধূ চাকরি করছেন। এই নিয়ে পাঠান পরিবারের কেউ সন্তুষ্ট তো নন-ই, পারলে সকলে মিলে ছোট পুত্রবধূর নিন্দা করেন, তাকে বিরক্তির চোখে দেখেন। সকল বাধা অতিক্রম করে ছোট পুত্রবধূ প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা করে যাচ্ছেন। প্রতিদিন বাড়ির বাইরে বের হচ্ছেন, পা রাখছেন স্বাধীনতার আঙিনায়, স্বাবলম্বনের মাটিতে।

ক. আওয়ালপুরের পীর সাহেবের প্রধান মুরিদ কে? ১
খ. তাহেরের বাপ নিরুদ্দেশ হয়ে যায় কেন? ২
গ. উদ্দীপকের ছোট পুত্রবধূ 'লালসালু' উপন্যাসের কার সাথে, কীভাবে তুলনীয়? বুঝিয়ে লেখ। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'লালসালু' উপন্যাসের খণ্ডাংশ মাত্র, সামগ্রিক চিত্র নয়।"— বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ দীনবন্ধু মিত্রের 'নীল দর্পণ' নাটকের এক জীবন্ত মুসলিম চরিত্র তোরাপ। এই তোরাপ সোচ্চার হয়েছে সামাজিক নানা অসঙ্গতির বিরুদ্ধে, সমাজপতিদের অন্যায় ও অত্যাচারের বিপক্ষে একজন গরিব কৃষক হয়েও সে সত্যবাদী, সাহসী ও পরোপকারী মানুষ। নবীন মাধবের জন্য প্রাণ উৎসর্গ করতে সে প্রস্তুত। তাই নবীন মাধবের সব ধরনের সাহসী কাজে সে তার সঙ্গী হয়। ধর্ম-বর্ণের ভেদাভেদ তার দৃষ্টিতে ছিল না বলেই তোরাপ শেষ পর্যন্ত নবীন মাধবের সাথে ছিল। এমনকি নিরীহ কৃষকদের পাশে থেকে অত্যাচারী শোষক ইংরেজ নীলকরদেরও মোকাবিলা করে গেছে সে।

ক. 'আমি দওলতের পূজারী।'— উক্তিটি কার? ১
খ. "ওই একটি পথেই আবার আমরা উভয়ে উভয়ের কাছাকাছি আসতে পারি।"— কে, কাকে, কোন প্রসঙ্গে উক্তিটি করেছে? ২
গ. উদ্দীপকের তোরাপ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? কীভাবে? ৩
ঘ. "উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটক উভয় ক্ষেত্রেই অন্যায়-অনাচারের বিরুদ্ধে বিশ্বস্ত ও দুঃসাহসী যোদ্ধার প্রতিবাদী সংগ্রাম উজ্জ্বল হয়ে ফুটে উঠেছে।"— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

১১ ▶ 'এ.আর.' একটি স্বনামধন্য শিল্প প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানের সভাপতির পদ প্রাপ্তির লোভ করা মানুষের সংখ্যা কম না। ফেরদৌস মিঞা নামে এক ব্যক্তি কর্তৃপক্ষের সাথে গোপনে হাত মিলিয়ে লক্ষ লক্ষ টাকা ঘুষ দিয়ে 'এ.আর.' প্রতিষ্ঠানের সভাপতির পদ লাভ করেন। কিন্তু একান্তে যখন থাকেন, তখন নিজের মনকে নিজেই প্রশ্নবিদ্ধ করে বসেন 'আমি কি এ পদের জন্য যোগ্য?'

ক. নবাব সিরাজউদ্দৌলাকে বন্দি করে কোথায় রাখা হয়? ১
খ. "ভীরু প্রতারকের দল চিরকালই পালায়।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ফেরদৌস মিঞার মনোভাবের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মনোভাবের সাদৃশ্য পাওয়া যায় এবং তা কীভাবে? বিচার কর। ৩
ঘ. "উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের বিষয়বস্তুর আংশিক প্রতিফলন ঘটেছে।"— তোমার মতামত ব্যক্ত কর। ৪

# ৪ কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 101

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ সবেমাত্র ডাক্তারি পাস করে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরিতে যোগদান করেছে পরেশ। এর মধ্যেই তার বাবা তাকে না জানিয়ে পাশের গ্রামের সুন্দরী শিক্ষিতা এক মেয়ের সাথে বিয়ের ব্যবস্থা পাকা করে ফেলেছেন। ঘটকের মাধ্যমে পরেশ জানতে পেরেছে, ঘর সাজিয়ে দেওয়া ছাড়াও বরপক্ষকে মোটা অঙ্কের টাকা দেওয়ার কথা রয়েছে। সবকিছু জানার পর, কোনো বিনিময় ছাড়াই পরেশ বিয়ের পক্ষে মত দেয় এবং শেষ পর্যন্ত তার কথা সবাই মেনে নেয়।
ক. বিবাহ ভাঙার পর হতে কল্যাণী কোন ব্রত গ্রহণ করে? ১
খ. "এটা আপনাদের জিনিস, আপনাদের কাছেই থাক।"— এরূপ মন্তব্যের কারণ কী? ২
গ. উদ্দীপকের পরেশ 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের বিপরীত? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অপরিচিতা' গল্পের উদ্দিষ্ট চরিত্র যদি উদ্দীপকের পরেশের মতো হতো, তাহলে গল্পের পরিণতি কেমন হতো? বিশ্লেষণ কর। ৪

২ ▶ ইশতিয়াক সাহেব তাঁর সমগ্র জীবন ধরেই সমাজ সচেতনতামূলক ও পরিবেশ সংরক্ষণ বিষয়ক কাজ করে চলেছেন। তাঁর আন্তরিক চেষ্টা ও নিরলস পরিশ্রমের কারণে সমাজের বহু অসঙ্গতি দূর হয়েছে এবং বৃক্ষ রোপণের প্রতিও মানুষের মনোযোগ বৃদ্ধি পেয়েছে। এমন অনেক প্রতিষ্ঠিত মানুষ আছেন, যারা ছাত্র অবস্থায় তার সাহায্য নিয়ে বড় হয়েছেন। এর পরেও সমাজে এক শ্রেণির মানুষ আছে, যারা তাঁর কটূক্তি ও সমালোচনা করে। এসব শুনে ইশতিয়াক সাহেব বলেন, "সমালোচনাকে ভয় করলে মহৎ কাজ সাধন করা যায় না।"
ক. 'আমার পথ' প্রবন্ধ অনুযায়ী আত্মাকে চিনলেই কী আসে? ১
খ. প্রাবন্ধিক নিজেকে 'অভিশাপ রথের সারথি' বলে অভিহিত করেছেন কেন? ২
গ. উদ্দীপকের ইশতিয়াক সাহেব 'আমার পথ' প্রবন্ধের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?— ব্যাখ্যা কর। ৩
ঘ. "সমালোচনাকে যারা উপেক্ষা করতে পারে, তারাই সামনে এগিয়ে যেতে পারে।"— উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৩ ▶ এ বছরের কালবৈশাখী ঝড়ে বশিরের হালের গরু মারা যায় এবং ফসলেরও ব্যাপক ক্ষতি হয়। সবকিছু থাকার পরেও তার অবস্থা অত্যন্ত সংকটাপন্ন হয়ে পড়ে। অন্য কোনো উপায় খুঁজে না পেয়ে, সে এলাকার চেয়ারম্যান সাহেবের কাছে যায়। চেয়ারম্যান সাহেব সবকিছু শুনে একজোড়া হালের বলদ কিনে দেয় এবং আবার নতুন করে চাষাবাদ শুরু করতে বলে। চেয়ারম্যান সাহেবের কথামতো কঠোর পরিশ্রম করে মাত্র কয়েক মাসেই তার ঘরে নতুন ফসল আসে।
ক. মানব-কল্যাণের প্রাথমিক সোপান কী? ১
খ. 'ওপরের হাত সব সময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়?— আলোচনা কর। ৩
ঘ. "পরিশ্রমই মর্যাদাপূর্ণ জীবনের পূর্বশর্ত।"— উদ্দীপক ও 'মানব-কল্যাণ' প্রবন্ধের আলোকে এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ "কোথা হতে কোন পথে কেমন করে মুক্তিফৌজ আসে, আক্রমণ করে এবং প্রতি আক্রমণ করলে কোথায় হাওয়া যায়, খান সেনারা তার রহস্য ভেদ করতে পারে না। কখনও কখনও খতরনাক অবস্থার মধ্যে পড়তে হয়। হাট-বাজারের লোকজন, মিল-ফ্যাক্টরির শ্রমিক, দোকানদার, স্কুল মাস্টার, ছাত্র সকলকে কাতারবন্দি করে বন্দুকের নল উঁচিয়ে জিজ্ঞাসাবাদ করছে, 'মুক্তি কিধার হ্যায় বোলো।' এক উত্তর, ওরা জানে না।"
ক. 'রেইনকোট' গল্পের পিয়নের নাম কী? ১
খ. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।"— কথাটি বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকের ঘটনা 'রেইনকোট' গল্পের সাথে কি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের খণ্ডাংশ মাত্র।"— এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ বাইক্কা বিলের বর্ষার সৌন্দর্য কতই না চমৎকার! কাকের চোখের মতো টলটলে জল, রঙিন শাপলা-শালুক, কলমি লতার মতো নানাবিধ ফুল, পানকৌড়ি বুনো হাঁসের মতো বিপুল সংখ্যক দেশি-বিদেশি পাখি কার না ভালো লাগে। কিন্তু এমন মনোলোভা সৌন্দর্যের কাছে এসেও সেজুতি জামান আজ বিষণ্ন। কারণ কয়েক বছর আগে নৌকা করে এ বিল পার হতে গিয়েই তার দশ বছরের ছেলে আবির মারা যায়।
ক. 'তাহারেই পড়ে মনে' কবিতা প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. 'কুহেলি উত্তরীতলে মাঘের সন্ন্যাসী' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সেজুতি জামানের মনোভাব 'তাহারেই পড়ে মনে' কবিতার সাথে কতটা সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার সামগ্রিক ভাবনার সবটুকু ধরা পড়েছে বলে কি তুমি মনে কর? তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ "যে যাবে না সে থাকুক, চলো আমরা এগিয়ে যাই,
যে সত্য জেনেছি পুড়ে, রক্ত দিয়ে, যে মন্ত্র শিখেছি,
আজ সেই মন্ত্রের সপক্ষে নেব দীপ্র হাতিয়ার।
শ্লোগান কাঁপুক বিশ্ব, চলো আমরা এগিয়ে যাই।
প্রথমে পোড়াই চলো অন্তর্গত ভীরুতার পাপ,
বাড়তি মেদের মতো বিশ্বাসের দ্বিধা ও জড়তা।"
ক. সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস কোন জেলায়? ১
খ. 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটির বক্তব্য 'আঠারো বছর বয়স' কবিতার বক্তব্যের সাথে কি সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "তারুণ্য শক্তিই পারে আগামী জাতির ভবিষ্যৎ নির্মাণ করতে।"— উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ "কপালে কব্জিতে লাল সালু বেঁধে
এই মাঠে ছুটে এসেছিল কারখানা থেকে লোহার শ্রমিক,
লাঙল জোয়াল কাঁধে এসেছিল ঝাঁক বেঁধে উলঙ্গ কৃষক
হাতের মুঠোয় মৃত্যু চোখে স্বপ্ন নিয়ে এসেছিল মধ্যবিত্ত,
নিম্নবিত্ত, করুণ কেরানি, নারী, বৃদ্ধ, ভবঘুরে
আর তোমাদের মতো শিশু পাতা কুড়ানিরা দল বেঁধে।"
ক. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কোন কাব্যগ্রন্থের কবিতা? ১
খ. 'সারা দেশ ঘাতকের অশুভ আস্তানা'— বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের বক্তব্যের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার বক্তব্যের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার খণ্ডাংশ প্রতিফলিত হয়েছে।"— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ লক্ষ্মীপুর গ্রামের দাহির ও পারুলের আজ সাত বছরের সংসার। কিন্তু দুঃখের বিষয় হলো তাদের কোনো সন্তান নেই। এজন্য স্বামী-স্ত্রী উভয়েই চরম হতাশায় নিমজ্জিত। এমন অবস্থায় তারা শুনতে পায়, পাশের গ্রামের চেয়ারম্যানের বাড়িতে এক কামেল পির সাহেব এসেছে। তাদের মনে যেন আশার আলো জ্বলে। স্ত্রী পারুলকে সাথে নিয়ে পরদিনই দাহির পির সাহেবের সাথে সাক্ষাৎ করে। পির সাহেব পারুলকে অনেকক্ষণ নিরীক্ষণ করে জানায়, "পেটে বেড়ি পড়ে বইলাই তো স্ত্রীলোকদের সন্তান হয় না।"
ক. 'লালসালু' উপন্যাস কত সালে প্রকাশিত হয়? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের দাহির ও পারুলের সাথে 'লালসালু' উপন্যাসের কোন কোন চরিত্রের সাদৃশ্য আছে?— আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের পির সাহেব 'লালসালু' উপন্যাসে বর্ণিত পির সাহেবের চেয়ে বেশি ক্ষমতাশালী নয়।"— এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ 'হাজার বছর ধরে' উপন্যাসে বর্ণিত টুনি চরিত্রটি একটি কিশোরীসুলভ চপলতার প্রতীক। স্বামী ও সংসার সম্পর্কে সে ছিল একেবারেই অনভিজ্ঞ। সমবয়সীদের সাথে খেলাধুলা ও হাসি-তামাশা করতেই তার বেশি ভালো লাগত। এই চপলা-চঞ্চলা টুনিকেই বিয়ে করে ঘরে আনে ষাট বছরের বুড়ো মকবুল। তাদের বয়সের বিস্তর ব্যবধান থাকায় স্বামী ও সংসারের সুখ তার কপালে জোটেনি।
ক. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী? ১
খ. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।"— এ উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের টুনির সাথে 'লালসালু' উপন্যাসের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা আলোচনা কর। ৩
ঘ. "টুনি ও 'লালসালু' উপন্যাসের উদ্দিষ্ট চরিত্র সামাজিক কুসংস্কারের শিকার।"— উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে এ উক্তিটির সত্যতা নিরূপণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ জহিরউদ্দীন মুহাম্মদ বাবর ছিলেন ভারতবর্ষে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। বাবরের মৃত্যুর পর তাঁর বড় ছেলে হুমায়ূন যখন সিংহাসনে বসেন, তখন তার বয়স অল্প। সিংহাসনে বসার সাথে সাথেই চারদিকে নানামুখী ষড়যন্ত্র শুরু হয়। আপন আত্মীয়-স্বজন তাঁর থেকে মুখ ফিরিয়ে নেয়। এমনকি আপন ভাইয়েরাও তাঁকে সহযোগিতা করেনি। তার পরেও বাবরের বড় ছেলে হিসেবে তিনি শক্ত হাতে শাসনকার্য চালিয়ে যান এবং মুঘল সাম্রাজ্যকে ধ্বংসের হাত থেকে রক্ষা করেন।
ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপটি কার? ১
খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।"— উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. "উদ্দীপকের হুমায়ূনের সিংহাসনে আরোহণ আর নবাব সিরাজউদ্দৌলার সিংহাসনে আরোহণ অনেকটা সাদৃশ্যপূর্ণ।"— আলোচনা কর। ৩
ঘ. "নবাব সিরাজউদ্দৌলা উদ্দীপকের হুমায়ূনের মতো হলে 'সিরাজউদ্দৌলা' নাটকের পরিণতি ভিন্ন হতে পারত।"— বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মাইকেল মধুসূদন দত্ত রচিত 'মেঘনাদবদ্ধ কাব্য' অনুসারে রাম-রাবণের যুদ্ধে স্বপক্ষ-ত্যাগী, বিশ্বাসঘাতক, দেশদ্রোহী, অকৃতজ্ঞ ও স্বজনবিমুখ হিসেবে চিহ্নিত। অপরদিকে বীরবাহু, কুম্ভকর্ণ ও মেঘনাদ দেশপ্রেমিক। নিজ দেশের সার্বভৌমত্ব রক্ষায় তারা জীবন উৎসর্গকারী। যদিও বিভীষণের বিশ্বাসঘাতকতার কারণে মেঘনাদ যুদ্ধ করার সুযোগ পায়নি। আজও বাঙালি সমাজে প্রবাদ হয়ে আছে— 'ঘরের শত্রু বিভীষণ'।
ক. সিরাজউদ্দৌলার হত্যাকারীর নাম কী? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভীড়।"— এ উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিভীষণের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য আছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মেঘনাদ ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজউদ্দৌলার পরাজয় যুদ্ধক্ষেত্রে নয়, ষড়যন্ত্রের কাছে।"— উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে এ উক্তিটি বিশ্লেষণ কর। ৪

## ৫ চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

### ক অংশ–গদ্য

১ ▶ অসহায় বিধবা শুভারাণী, তার মেয়ে তমালিকার বিয়ের বয়স পার হয়ে যাওয়া সত্ত্বেও তাকে পাত্রস্থ করতে পারেনি। কারণ পাত্রপক্ষের দাবি মেটাতে সে অক্ষম। অবশেষে নিজের সামান্য জমিটুকু বিক্রি করে মেয়ের বিয়ের ব্যবস্থা করে সে। কিন্তু বরে বাবা নলীন বাবুর আকাশ ছোঁয়া চাওয়ার কাছে পরাজিত হতে হয় তাকে। মায়ের এহেন অবস্থা দেখে তমালিকা নিজেই বিয়ের পিঁড়ি থেকে উঠে আসে এবং সবাইকে সাফ জানিয়ে দেয়, এ বিয়ে সে করতে পারবে না। অতঃপর স্বাবলম্বী হয়ে একাকী পথ চলার দৃঢ় প্রত্যয় নিয়ে এগিয়ে যায় সে।

ক. মামার একমাত্র লক্ষ্য কী ছিল? ১
খ. "ঠাট্টা তো আপনিই করিয়া সারিয়াছেন"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তমালিকা চরিত্রটি 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের সঙ্গে সঙ্গতিপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের ঘটনাটি 'অপরিচিতা' গল্পে বর্ণিত তৎকালীন সামাজিক সমস্যার দিকটি তুলে ধরতে সমর্থ হয়েছে।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ ভয়ংকর এক সড়ক দুর্ঘটনায় অচেতন অবস্থায় পড়ে থাকা রায়হানকে পাশের বস্তির মেয়ে জাহানারা উদ্ধার করে নিয়ে আসে। স্মৃতি ফিরে পেলে রায়হান জানতে পারে তার জীবন বাঁচিয়েছে ঐ মেয়েটি। দীর্ঘদিন সেবা-যত্নের পর ধীরে ধীরে সুস্থ হয়ে ওঠে সে। রায়হান মেয়েটির প্রতি কৃতজ্ঞতাবোধ থেকে তাকে বিয়ে করে বাড়িতে নিয়ে আসে। তার বাবা জাহানারাকে মেনে নেয় না। কিছু টাকা-পয়সা দিয়ে তাকে বিদায় করে দিতে চাইলে রায়হানও জাহানার সাথে বস্তিতেই চলে যায় এবং সেখানেই সুখে সংসার বাঁধে।

ক. 'বিলাসী' গল্পের গল্পকথকের নাম কী? ১
খ. "ওরে বাপরে! আমি একলা থাকতে পারব না।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জাহানারা চরিত্রের সাথে 'বিলাসী' গল্পের বিলাসীর সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের রায়হান এবং 'বিলাসী' গল্পের মৃত্যুঞ্জয় উভয়েই মানবিকতার মূর্ত প্রতীক।"– উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩ ▶ দেশমাতৃকার মুক্তির শপথ নিয়ে মুক্তিবাহিনীতে যোগ দেয় হুমায়ুন সাহেবের পাঁচ ছেলে। রাজাকারের মাধ্যমে এই খবর জানতে পেরে পাক হানাদার বাহিনী হুমায়ুন সাহেবের ঘর-বাড়ি জ্বালিয়ে দেয়। অবশেষে ক্যাম্পে ধরেও নিয়ে যায় তাকে, বারবার জানতে চায় তাঁর ছেলেদের ঠিকানা। হুমায়ুন সাহেব চুপ করে থাকলে তাঁর পিঠের উপর প্রচণ্ড জোরে চাবুকের আঘাত করে। যন্ত্রণায় কাতর হয়ে পড়েন তিনি। রক্তাক্ত ও ক্ষত-বিক্ষত হয় তাঁর শরীর। তবু তিনি মুক্তিবাহিনীর কোনো খবর দেন না হানাদার বাহিনীকে।

ক. নুরুল হুদা কোন বিষয়ের লেকচারার ছিলেন? ১
খ. "ভালোই হলো। তোমার গোড়ালি পর্যন্ত ঢাকা পড়েছে। পায়েও বৃষ্টি লাগবে না।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হুমায়ুন সাহেবের সাথে 'রেইনকোট' গল্পের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি? আলোচনা কর। ৩
ঘ. "দেশকে মুক্ত করার জন্য বাঙালি জনসাধারণের আত্মত্যাগই উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের মূল প্রতিপাদ্য।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪ ▶ দীপ শিখা গার্মেন্টসের ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহত হয় গার্মেন্টস কর্মী দম্পতি জলিল ও রাবেয়া। তাদের একমাত্র মেয়ে জোবাইদা অনাথ হয়ে আশ্রয় নেয় বৃদ্ধ নানা-নানির সংসারে। গরিব নানা-নানি তাদের সাধ্যমতো চেষ্টা করে তাকে বিয়ে দেয় পাশের গ্রামের আকিবের সাথে। কিন্তু সুখের মুখ দেখা হলো না জোবাইদার। আকিব তাকে মারধর করে এবং সারাদিন কিছু না খেতে দিয়ে ঘরে আটকে রাখে। স্বামীর এই শারীরিক ও মানসিক নির্যাতন সহ্য করতে না পেরে সে আবার ফিরে আসে নানা-নানির কাছে। নানা-নানি এতে ভীষণ কষ্ট পায়, তবু পরম যত্নে আগলে রাখে অসহায় জোবাইদাকে।

ক. হাতে দুটো পয়সা এলে কার স্বভাব বদলে যায়? ১
খ. আহ্লাদির দিকে তাকিয়ে বৃদ্ধ রহমানের চোখে জল আসে কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের আকিব চরিত্রটি 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের নানা-নানির অবস্থা 'মাসি-পিসি' গল্পের মাসি ও পিসির মতোই হৃদয় বিদারক।"– মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▶ এক সময়ের ডাকসাইটে জমিদার নারায়ণ চৌধুরী প্রজ্ঞা ও প্রতিভায় ছিলেন সবার শীর্ষে। তাঁর জীবনের অর্জিত সম্পদের সবটুকু উজাড় করে দিয়ে সন্তানদের মানুষ করেছেন তিনি। ছেলে-মেয়েরা ডাক্তার ও ইঞ্জিনিয়ার হয়ে বিদেশে ভালো অবস্থানে রয়েছেন। কিন্তু বৃদ্ধ বাবার খোঁজ-খবর নেওয়ার সময় নেই তাঁদের কারও। বার্ধক্যের এই সংকটাপন্ন অবস্থায় তিনি বৃদ্ধাশ্রমেও যাননি সন্তানদের সম্মানের কথা ভেবে। এখন তাঁর সময় কাটে নিজের বাড়িতে একেবারে একা একা।

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. 'শূন্য নদীর তীরে রহিনু পড়ি।'– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নারায়ণ চৌধুরীর সাথে 'সোনার তরী' কবিতার কৃষকের কোন দিকটির মিল রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. 'সৃষ্টিকর্ম সর্বদা মূল্যবান, সৃষ্টিকর্তা নয়'– উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ কলেজ থেকে শিক্ষা সফরের উদ্দেশ্যে কক্সবাজার গেল গালিবসহ তার বন্ধুরা। সাগরের পানিতে নেমেছে সবাই, খুব হৈচৈ আর লাফালাফি করে গোসল করছে তারা। হিমছড়ি পাহাড়ে উঠে আনন্দে আত্মহারা সবাই। কিন্তু গালিব এক কোণে বসে আছে, তার মনে কোনো আনন্দ নেই, কারণ পাঁচ বছর আগে সে তার বাবার সাথে এখানে এসেছিল, অনেক আনন্দ করেছিল সবাই মিলে। এখন তার বাবা নেই, কিন্তু বাবার রেখে যাওয়া সেই স্মৃতি তাকে এতটাই আচ্ছন্ন করে রেখেছে যে সমস্ত আনন্দই তার কাছে ম্লান হয়ে আসে।

ক. 'কুহেলি' শব্দের অর্থ কী? ১
খ. বিশ্ব প্রকৃতিতে বসন্তের আগমনে কবি এত উদাসীন কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের গালিব 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন দিকটি ধারণ করেছে? আলোচনা কর। ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও গালিব ও 'তাহারেই পড়ে মনে' কবিতার কবি উভয়ের অন্তরে রয়েছে তীব্র বেদনা।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মথুরাপুর গ্রামের তরুণ সমাজ একত্র হয়ে বিভিন্ন সামাজিক কর্মকাণ্ড পরিচালনা করছে। এর মধ্যে রয়েছে বাল্যবিবাহ প্রতিরোধ, বিনামূল্যে দুস্থদের চিকিৎসা সেবা এবং স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি। এর ফলে একদিকে যেমন মানুষকে মরতে হচ্ছে না চিকিৎসা ও রক্তের অভাবে, অন্যদিকে এলাকার বেকার ও অলস জীবনযাপনকারী ছেলেমেয়েদের জীবন বদলে গেছে। সেবার মহান ব্রত নিয়ে গোটা সমাজটাকে পাল্টে ফেলার চেষ্টা করছে তারা। আর তরুণ প্রজন্মের এমন কার্যক্রমে স্বস্তি ফিরে এসেছে এলাকাবাসীর মধ্যে।

ক. 'আঠারো বছর বয়স' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।'– উক্তিটির অর্থ কী? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তরুণদের কার্যক্রমের মাঝে 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'আঠারো বছর বয়স' কবিতার আংশিক ভাব ধারণ করেছে।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▶ আব্দুল জব্বার মৃধা নিঃসন্তান বলে তার মনে অনেক কষ্ট। সামাজিক ও পারিবারিকভাবে অনেক হেয় হতে হয় তাকে। একদিন সে তার স্ত্রী মেরিনাকে তার এমন অবস্থার কথা খুলে বললে নিজেই উদ্যোগী হয়ে স্বামীর বিয়ে দেয় মেরিনা, গরিব ঘরের অল্প বয়সী মেয়ে সুচরিতার সাথে বিয়ে দিয়ে ঘরে নিয়ে আসে। কিন্তু সুচরিতা বাবার বয়সী জব্বার মৃধাকে স্বামী বলে মেনে নিতে চায় না। তাই তার মুখে থুথু দেয় ও ভেংচি কাটে। জব্বার মৃধা এতে ক্ষুব্ধ হয়ে সুচরিতাকে অনেক কষ্টদায়ক শাস্তি দেয়। সন্তানতুল্য মেয়েটিকে কষ্ট পেতে দেখে মেরিনাও ভীষণ কষ্ট পায়। মনের অজান্তেই চোখ মোছে শাড়ির আঁচলে।

ক. 'লালসালু' উপন্যাসে হাঁপানি রোগী কে? ১
খ. "ব্যাপারটা ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়ার মতো।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. সুচরিতা চরিত্রটি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সঙ্গে সংগতিপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের জব্বার মৃধা 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের আংশিক ধারণ করেছে।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ গ্রামের স্কুল শিক্ষক বাবা তমিজুদ্দীন তাঁর ছেলে রাসেলকে শহরের বড় প্রতিষ্ঠানে উচ্চ শিক্ষার জন্য পাঠায়। রাসেল ডাক্তার হয়ে বাবার মুখ উজ্জ্বল করে ফিরে আসে গ্রামে। তার ইচ্ছা গ্রামের অসহায়, দুস্থ রোগীদের আধুনিক চিকিৎসা দিয়ে সুস্থ করে তুলবে এবং তাবিজ-কবজ, ঝাড়-ফুঁক ও পানিপড়া প্রভৃতি অন্ধ বিশ্বাস থেকে গ্রামবাসীদের মুক্ত করবে। কিন্তু ব্যাপারটা গ্রামের মোড়ল করিম খান মেনে নিতে পারে না। রাসেল যাতে গ্রামের মানুষদের সচেতন করতে না পারে সেই চেষ্টা করতে থাকে সে, কিন্তু রাসেল কোনো দিকে কর্ণপাত না করে এগিয়ে যায় নিজের লক্ষ্যের দিকে।

ক. 'তোমার দাড়ি কৈ মিঞা?' উক্তিটি কার? ১
খ. "এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, স্বচ্ছলতায় শিকর গাড়া বৃক্ষ।"– উক্তিটির অর্থ কী? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের রাসেল চরিত্রটির সাথে 'লালসালু' উপন্যাসের তুলনীয় চরিত্র কোনটি? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস উভয়ই অন্ধ ও কুসংস্কারাচ্ছন্ন জনজীবনের আলেখ্য।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▶ রাস্তায় বসে ছোট্ট শিশু আমিনকে কাঁদতে দেখে তাকে বাড়িতে নিয়ে এলেন প্রফেসর মধুসূদন রায়। পরম মমতায়, সন্তান স্নেহে বড় করে তোলেন তাকে। শিক্ষা-দীক্ষা, ধন-সম্পদ কোনো কিছুরই অভাব রাখেননি তিনি। কিন্তু একদিন আমিনই ষড়যন্ত্র করে মধুসূদন বাবুর সমস্ত সম্পত্তি জোর করে দখল করে নিয়ে বাড়ি থেকে সস্ত্রীক মধুসূদন বাবুকে বের করে দিল। সম্পদের প্রতি প্রচণ্ড লোভের কাছে পরাজিত হয় মধুসূদন বাবুর দীর্ঘদিনের নিঃস্বার্থ ভালোবাসা।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপটি কার? ১
খ. "আমি আল্লাহর পাক কালাম ছুঁয়ে ওয়াদা করছি, আজীবন নবাবের আজ্ঞাবহ হয়েই থাকব।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কোন দিকটি 'সিরাজউদ্দৌলা' নাটকে প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের আমিন ও 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘসেটি বেগম একই মুদ্রার এপিট-ওপিট।"– মন্তব্যটির সত্যতা নিরূপণ কর। ৪

১১ ▶ মুক্তিযুদ্ধের সময় রাজাকার আজমত আলী শান্তি কমিটি গঠন করে এবং পাক হানাদার বাহিনীর সাথে যোগ দিয়ে এই দেশের প্রচুর ক্ষয়-ক্ষতি সাধন করে। পরবর্তীকালে মানবতা বিরোধী অপরাধে তার নামে মামলা করা হয় এবং ফাঁসিও কার্যকর করা হয়। প্রত্যক্ষ মুক্তিযোদ্ধা জামিল উদ্দীন জানান ঐ বিশ্বাসঘাতক আজমত আলীর সাহায্যেই হানাদার বাহিনী গ্রামের অনেক মুক্তিযোদ্ধাকে গুলি করে হত্যা করে এবং তাদের পরিবারের উপর চালায় সীমাহীন নির্যাতন।

ক. 'সিরাজউদ্দৌলা' কোন জাতীয় নাটক? ১
খ. 'তার নবাব হওয়াটাই আমার মস্ত ক্ষতি।'– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আজমত আলী 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সঙ্গে সংগতিপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের বিষয়টি 'সিরাজউদ্দৌলা' নাটকের মূল বিষয়কে তুলে ধরেছে।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ৬ সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

#### ক অংশ—গদ্য

১ ▶ "ধলেশ্বরী নদীর তীরে পিসিদের গ্রাম
তাঁর দেওরের মেয়ে
অভাগার সাথে তার বিবাহ ছিল ঠিকঠাক
লগ্ন শুভ, নিশ্চিত প্রমাণ পাওয়া গেল—
সেই লগ্নে এসেছি পালিয়ে।
মেয়েটা তো রক্ষা পেল
আমি তথৈবচ
ঘরেতে এলো না সে তো, মনে তার নিত্য আসা যাওয়া
পরনে ঢাকাই শাড়ি, কপালে সিঁদুর।"

ক. কল্যাণীর পিতার নাম কী? ১
খ. "ঠাট্টা তো আপনিই করিয়া সারিয়াছেন।"— ব্যাখ্যা কর। ২
গ. অনুপমের কল্পনায় অপরিচিতার সাথে উদ্দীপকের মেয়েটির তুলনা কর। ৩
ঘ. 'সেই লগ্নে এসেছি পালিয়ে'— এ চরণের আলোকে বুঝিয়ে লেখ যে, উদ্দীপকের নায়কের মতো অনুপমের বিরহের জন্য নিজের অক্ষমতাই দায়ী। ৪

২ ▶ শরৎচন্দ্রের 'মহেশ' গল্পে গফুরের প্রিয় গরুটির নাম মহেশ। দরিদ্র গফুর নিরীহ পশুটিকে ঠিকমতো খাবারের জোগান দিতে পারে না। ফসল নষ্ট করার জন্য তাকে জমিদারের শাস্তিও পেতে হয়েছে। একদিন তৃষ্ণার্ত মহেশ পানির জন্য গফুরের মেয়ে আমিনার মাটির পাত্র ভেঙে ফেলে। রাগান্বিত গফুর লাঙলের ফলা দিয়ে মাথায় আঘাত করলে মহেশ মারা যায়। গোহত্যার প্রায়শ্চিত্ত করতে গফুর রাতের আঁধারে মেয়েকে নিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়।

ক. 'বিলাসী' গল্পটি প্রথমে কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. "গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম"— ব্যাখ্যা কর। ২
গ. গফুরের জীবন-বাস্তবতার সাথে 'বিলাসী' গল্পের কোন ঘটনার সাদৃশ্য বিদ্যমান? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের 'গোহত্যা' এবং গল্পের 'অন্নপাপ' একই সূত্রে গাঁথা"— তোমার মতামত আলোচনা কর। ৪

৩ ▶ সঙ্কোচের বিহ্বলতা নিজেরে অপমান,
সংকটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ—
মুক্ত করো ভয়,
আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়—
দুর্বলেরে রক্ষা করো, দুর্জনেরে হানো,
নিজেরে দীন নিঃসহায় যেন কভু না জানো।
মুক্ত করো ভয়,
নিজের 'পরে করিতে ভর না রেখো সংশয়।

ক. কাজী নজরুল ইসলামের মতে কে মিথ্যাকে ভয় করে? ১
খ. 'মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত সংকোচ ও সংকটের দুর্বলতাকে মুক্ত করার তাগিদের সাথে 'আমার পথ' প্রবন্ধের সাদৃশ্য বুঝিয়ে লেখ। ৩
ঘ. "নিজের 'পরে করিতে ভর না রেখো সংশয়"— উদ্দীপকের এ কথাই 'আমার পথ' প্রবন্ধের মূলভাব— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪ ▶ মমতাজ উদ্দীন আহমদ রচিত নাটক 'স্বাধীনতা আমার স্বাধীনতা'। এ নাটকের উজ্জ্বল চরিত্র দারোগা নুর মোহাম্মদ। অর্থ পুরস্কারের লোভে তিনি আকৃষ্ট হননি। তাই তো ব্রিটিশ সরকার কর্তৃক পুরস্কার ঘোষিত আসামি স্বদেশি আন্দোলনের নেতাকে হাতের নাগালে পেয়েও ছেড়ে দিয়েছেন। এভাবেই দেশের স্বাধীনতার জন্য কাজ করে যাওয়া বিপ্লবী চেতনার সাথে একাত্ম হয়ে গেছেন তিনি।

ক. "আব্বুকে ছোটো মামার মতো দেখাচ্ছে"— উক্তিটি কার? ১
খ. উর্দুর প্রফেসর আকবর সাজিদকে প্রিন্সিপ্যাল আজকাল তোয়াজ করে কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের দারোগা নুর মোহাম্মদের সাথে 'রেইনকোট' গল্পের নুরুল হুদা চরিত্রের কোন বৈশিষ্ট্যের মিল রয়েছে? বুঝিয়ে দাও। ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের মূল লক্ষ্য একই।"— মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ কাজী নজরুল ইসলাম বাংলাদেশের জাতীয় কবি। তাঁর লেখায় ফুটে উঠেছে প্রেম ও দ্রোহের বার্তা সমানভাবে। বঞ্চিত মানুষরা তাঁর লেখায় খুঁজে পান উজ্জীবনের মন্ত্র। তিনি আজ আমাদের মাঝে নেই। অথচ তাঁর কবিতা ও গান আজও প্রতিটি মুক্তিকামী মানুষের প্রেরণার উৎস। তাই তো তিনি মরেও অমর হয়ে আছেন আপামর জনসাধারণের মাঝে।

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. "চারি দিকে বাঁকা জল"— চরণটিতে কিসের ইঙ্গিত রয়েছে?— ব্যাখ্যা কর। ২
গ. 'সোনার তরী' কবিতার কোন দিকটি উদ্দীপকের কবির সাথে সাদৃশ্যপূর্ণ? বুঝিয়ে লেখ। ৩
ঘ. "কর্ম নয়, কর্মই অবিনশ্বর"— উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▶ আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর,
আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর।
যে মোরে করিল পথের বিরাগী—
পথে পথে আমি ফিরি তার লাগি,
দীঘল রজনী তার তরে জাগি, ঘুম যে হরেছে মোর;
আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর।

ক. 'বিদ্রোহী' কবিতার কবিকে রুষে উঠতে দেখে কী বয়ে কাঁপতে কাঁপতে নিভে যায়? ১
খ. কবি নিজেকে বেদুঈন বলেছেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কবির বক্তব্য বিষয়ের সাথে 'বিদ্রোহী' কবিতার বৈসাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কবিতাংশে প্রতিফলিত চেতনা 'বিদ্রোহী' কবিতার মর্মকথারই প্রতিরূপ।"— বিশ্লেষণ কর। ৪

৭ ▶ আসিতেছে শুভ দিন
দিনে দিনে বহু বাড়িয়াছে দেনা, শুধিতে হইবে ঋণ!
হাতুড়ি শাবল গাইতি চালায়ে ভাঙিল যারা পাহাড়
পাহাড় কাটা সে পথের দুপাশে পড়িয়া যাদের হাড়,
... ... ... ... ... ... ... ... ...
তারাই মানুষ তারাই দেবতা, গাহি তাহাদেরি গান,
তাদেরি ব্যথিত বক্ষে পা ফেলে আসে নব উত্থান।

ক. প্রবাহমান নদী কাকে ভাসিয়ে রাখে? ১
খ. "ভালোবাসা দিলে মা মরে যায়" বলতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় বর্ণিত পূর্বপুরুষদের কোন বিষয়টি উদ্দীপকে ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের বক্তব্য 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মৌলসত্য"— বিশ্লেষণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ মানিক বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মা নদীর মাঝি' উপন্যাসে হোসেন মিয়া এক রহস্যময় চরিত্র। প্রথম জীবনে চাল-চুলোহীন অবস্থায় কেতুপুর গ্রামের জহর মাঝির বাড়িতে আশ্রয় নিলেও পরবর্তীকালে তিনি এই এলাকার বিশেষ একজন হয়ে ওঠেন। সকলকেই তিনি মিয়া বলে সম্বোধন করেন, কথা বলেন হাসি মুখে, এগিয়ে আসেন সবার বিপদে-আপদে। কিন্তু মনে তার অন্য চিন্তা, সবার অজান্তে অবৈধ ব্যবসা করে তিনি গড়ে তুলেছেন বিশাল প্রতিপত্তি।

ক. 'লালসালু' উপন্যাসটি প্রথম কত সালে প্রকাশিত হয়? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হোসেন মিয়া 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? আলোচনা কর। ৩
ঘ. "স্বার্থরক্ষায় উদ্দীপকের হোসেন মিয়া এবং 'লালসালু' উপন্যাসের প্রধান চরিত্র একই পথের পথিক।"— তোমার মতামতসহ আলোচনা কর। ৪

৯ ▶ বিশ্ববিদ্যালয়ের পাঠ শেষে মামুন চাকরির চিন্তা বাদ রেখে এক মহৎ স্বপ্নের তাড়নায় গ্রামে ফিরে আসে। অনেক চেষ্টা ও শ্রমের ফলে সে গ্রামে সরকার অনুমোদিত একটি স্কুল প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। গ্রামের চেয়ারম্যান ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের সহায়তায় এগিয়ে চলে মামুনের স্বপ্নের বিদ্যালয়টি। মামুন এখন গ্রামের মানুষের কাছে এক অনুকরণীয় সম্মানিত ব্যক্তি।

ক. 'কলমা জানো মিঞা?'— মজিদ কাকে এ প্রশ্নটি করেছে? ১
খ. 'সজ্ঞানে না জানলেও তার একাগ্রা, পথ তাদের এক।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেয়ারম্যান ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের ভূমিকা 'লালসালু' উপন্যাসের কোন ঘটনাংশের সাদৃশ্য বা বৈসাদৃশ্য? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মামুন চরিত্রটি 'লালসালু' উপন্যাসের অপূর্ণ একটি সম্ভাবনার বাস্তব প্রতিফলন।"— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ 'স্বপ্ন ছোঁয়া' নামে একটি বেসরকারি কোম্পানি রাতারাতি সারা দেশব্যাপী প্রসার লাভ করে। স্বপ্ন বিনিয়োগে মোটা অঙ্কের মুনাফা দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে তারা দেশের সাধারণ মানুষের কাছ থেকে টাকা তোলা শুরু করে। কয়েক মাসের মধ্যে কোম্পানিটির জনপ্রিয়তা ব্যাপকভাবে বৃদ্ধি পায়। প্রচুর পরিমাণে টাকা হাতিয়ে নিয়ে কোম্পানিটি এক রাতের মধ্যে সারা দেশ থেকে গায়েব হয়ে যায়। এই ভুয়া কোম্পানির কাছ থেকে দেশের সাধারণ মানুষ তাদের সর্বস্ব হারিয়ে দারুণভাবে প্রতারিত হয়।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের শেষ সংলাপটি কার? ১
খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'স্বপ্ন ছোঁয়া' কোম্পানির সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের ইস্ট ইন্ডিয়া কোম্পানির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কোম্পানির উদ্দেশ্য এবং 'সিরাজউদ্দৌলা' নাটকে বর্ণিত ইস্ট ইন্ডিয়া কোম্পানির উদ্দেশ্য একই সূত্রে গাঁথা।"— বিশ্লেষণ কর। ৪

১১ ▶ দুর্গম গিরি কান্তার মরু, দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার!
দুলিতেছে তরি, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ,
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ?
কে আছ জোয়ান হও আগুয়ান হাঁকিছে ভবিষ্যৎ।
এ তুফান ভারি, দিতে হবে পাড়ি, নিতে হবে তরি পার।।

ক. ঘসেটি বেগম কোন প্রাসাদে থাকতেন? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়"— উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের যাত্রীরা 'সিরাজউদ্দৌলা' নাটকের কাদের প্রতিরূপ? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের মাঝি ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ একই সূত্রে গাঁথা"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

# ৭ বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ সৌদামিনী মালোর পালিত পুত্র হরিদাসকে নিয়ে মনোরঞ্জন মালো গ্রামময় প্রচার করে দিল যে সৌদামিনী ভয়ানক শাস্ত্রবিরুদ্ধ পাপ কর্ম করেছে। ব্রাহ্মণের জাত মেরেছে সে। সৌদামিনী মালোর সাথে মনোরঞ্জন মালোর শত্রুতা আগে ছিল ব্যক্তিগত এখন তা সমাজগত ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। শুধু একা মনোরঞ্জন মালো নয়, সমস্ত গ্রাম সৌদামিনী মালোর বিরুদ্ধে জুলুম শুরু করল।

ক. 'বিলাসী' গল্পে কোন মোগল সম্রাটের নাম উল্লেখ আছে? ১
খ. "একলা যেতে ভয় করবে না তো?"— কে, কাকে এবং কেন এই উক্তিটি করেছিল? বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সৌদামিনী মালোর সাথে 'বিলাসী' গল্পের বিলাসী চরিত্রের কী মিল খুঁজে পাওয়া যায়? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'ভয়ানক শাস্ত্রবিরুদ্ধ পাপ' 'বিলাসী' গল্পে কীভাবে দেখানো হয়েছে? বিশ্লেষণ কর। ৪

২ ▶ সুন্দরগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রায়হান চৌধুরী সত্যের পথে থেকে সারা জীবন অতিবাহিত করেছেন। তিনি মিথ্যা, ভণ্ডামি পছন্দ করতেন না। তিনি মনে করতেন, মিথ্যা ক্ষণিকের লুকোচুরি খেলা যা মানুষের আত্মবিশ্বাসকে দুর্বল করে দেয়। শিক্ষার্থীদেরও তিনি মিথ্যাকে পরিহার করে সত্যের সুকঠিন পথে চলার উপদেশ দিতেন। তিনি শিক্ষার্থীদের বলতেন, "সত্যই একমাত্র নিজেকে পুরোপুরি আত্মবিশ্বাসের সাথে দাঁড়াতে সাহায্য করে।"

ক. সবচেয়ে বড় ধর্ম কোনটি? ১
খ. 'অভিশাপ-রথের সারথি' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন বিশেষ দিকটির মিল রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. 'সত্যের সুকঠিন পথ' বর্তমান সমাজ পরিবর্তনের আলোর পথ নির্দেশক— উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ পরের হিতের জন্য ভাব যদি নিরবধি!
নিজ সুখ ভুলে গিয়ে ভাবিলে পরের কথা,
মুছালে পরের অশ্রু— মুচালে পরের ব্যথা!
আপনাকে বিলাইয়া দীন-দুঃখীদের মাঝে,
বিদূরিলে পর দুঃখ সকালে বিকালে সাঁঝে।

ক. "তুমি অধম তাই বলিয়া আমি উত্তম হইব না কেন?" উক্তিটি কার? ১
খ. 'সর্বজীবের হীত'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'সুখ' প্রকৃতপক্ষে 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোথায় নিহিত রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের মূলভাব 'মানব-কল্যাণ' প্রবন্ধের মূলভাবকে সামগ্রিকভাবে ফুটিয়ে তোলেনি।— বক্তব্যের সপক্ষে তোমার যুক্তি উপস্থাপন কর। ৪

৪ ▶ অযুত প্রাণের অগ্নিশিখার সূর্য-কুঁড়ি
ফৌজের হাঁকে কাঁপে থরথর দস্যুপুরী
নিমেষে ছড়ায় তারই আওয়াজ দিগন্তরে
মনে কি পড়ে?

ক. 'রেইনকোট' গল্পের কলেজের পিওনের নাম কী? ১
খ. "ভোর রাত থেকে বৃষ্টি"— এই 'বৃষ্টি' সম্পর্কে নুরুল হুদার অভিব্যক্তি বর্ণনা কর। ২
গ. অযুত প্রাণের অগ্নিশিখার সূর্য-কুঁড়ি বলতে কী বোঝানো হয়েছে? 'রেইনকোট' গল্পের আঙ্গিকে আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'রেইনকোট' গল্পে বাঙালিদের যে জাতীয় চেতনার স্ফুরণ ঘটেছে তা বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ ওরে মোর মূঢ় মেয়ে।
কে রে তুই, কোথা হতে কী শক্তি পেয়ে
কহিলি এমন কথা, এত স্পর্ধা ভরে—
"যেতে আমি দিব না তোমায়।" চরাচরে
কাহারে রাখিবি ধরে' দুটি ছোট হাতে,
গরবিনী সংগ্রাম করিবি কার সাথে
বসি গৃহদ্বার প্রান্তে প্রান্ত ক্ষুদ্র দেহ
শুধু লয়ে ওইটুকু বুক ভরা স্নেহ!

ক. 'আমি একেলা'— এখানে 'আমি' কে? ১
খ. "ভরা নদী ক্ষুরধারা খরপরশা"— বাক্যটি দ্বারা কী বোঝানো হয়েছে? বর্ণনা কর। ২
গ. উদ্দীপকটিতে 'সোনার তরী' কাব্যের গভীর জীবন দর্শনের পরিচয় কতটুকু প্রকাশ পেয়েছে? আলোচনা কর। ৩
ঘ. 'সোনার তরী' কবিতার ভাববস্তু আলোচ্য উদ্দীপকে সম্পূর্ণ প্রতিফলিত হয়নি— আলোচনা কর। ৪

৬ ▶ নবীন জগৎ সন্ধানে যারা ছুটে মেরু-অভিযানে,
পক্ষ বাঁধিয়া উড়িয়া চলেছে যাহারা উর্ধ্বপানে।
তবুও থামে না যৌবন-বেগ, জীবনের উল্লাসে
চলেছে চন্দ্র-মঙ্গল-গ্রহে স্বর্গে অসীমাকাশে।
যারা জীবনের পসরা বহিয়া মৃত্যুর দ্বারে দ্বারে
করিতেছে ফিরি, ভীম রণভূমে প্রাণ বাজি রেখে চারে।
আমি মরু-কবি— গাহি সেই বেদে-বেদুঈনদের গান,

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে হায়? ১
খ. সঁপে আত্মাকে শপথের কোলাহলে— এখানে তরুণদের কোন বিশেষ দিকটির প্রতি ইঙ্গিত দেয়া হয়েছে? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে কবি যাদের জয়গান গেয়েছেন তাদের প্রতি 'আঠারো বছর বয়স' কবিতার কবির মনোভাবের তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ. 'এ দেশের বুকে আঠারো আসুক নেমে।'— কবির এ প্রত্যাশার কারণ কী? উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ বিভিন্ন মুখের কোটি অশ্বারোহী এসে
খুরে খুরে ক্ষতময় করে গেছে সহনীয়া মাটি,
লালসার লালামাখা ক্রোধে বন্দুক কামান কত
অসুর গর্জনে চিরেছে আকাশ পরিপাটি,
বিদীর্ণ বুক নীল বর্ণ হয়ে গেছ তুমি, বাংলাভূমি

ক. উনোনের আগুনে আলোকিত কিসের কথা বলা হয়েছে? ১
খ. 'বিচলিত স্নেহ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'বাংলাভূমি'-এর সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চেতনাগত সাদৃশ্য কোথায়? আলোচনা কর। ৩
ঘ. 'লালসার লালা মাখা ক্রোধে' কীভাবে আমাদের হাজার বছরের ইতিহাসের পরিচয় খুঁজে পাওয়া যায়? উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার প্রেক্ষাপটে আলোচনা কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ রসুলপুর গ্রামের ছেলে আরিফ মিয়া এমএ পাস করে গ্রামের একটি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকতা পেশায় নিয়োজিত। সে গ্রামের মানুষদের শিক্ষার আলোয় আলোকিত করার জন্য শিক্ষার গুরুত্ব সম্পর্কে তাদের বোঝানোর চেষ্টা করে। কিন্তু এতে ক্ষিপ্ত হয়ে উঠে গ্রামের জোতদার আফাজ আলি। সে গ্রামবাসীদের ভুল ধারণা দেয় যে, আরিফ মিয়া ধর্মীয় শিক্ষার পরিবর্তে প্রচলিত শিক্ষা দিয়ে তাদেরকে পথভ্রষ্ট করতে চাচ্ছে। ফলস্বরূপ গ্রামবাসী আরিফ মিয়ার বিরুদ্ধে ক্ষিপ্ত হয়ে তাকে গ্রামছাড়া করে।

ক. তোমার দাড়ি কই মিঞা? উক্তিটি কার? ১
খ. 'আপনারা জাহেল, বে-এলেম, আনপাড়হ্'— এই উক্তিটির তাৎপর্য লেখ। ২
গ. উদ্দীপকের 'আরেফ মিয়া'র সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য খুঁজে পাওয়া যায়? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত সমাজচিত্রে 'লালসালু' উপন্যাসের সমাজচিত্রের পূর্ণাঙ্গ প্রতিফলন ঘটেনি"— আলোচনা কর। ৪

৯ ▶ মানিক বন্দ্যোপাধ্যায়ের 'মাসি-পিসি' গল্পে অসহায়, নিঃস্ব দুই বিধবা নারির অস্তিত্ব রক্ষার পাশাপাশি বিরূপ পরিবেশ থেকে আহ্লাদিকে রক্ষার জন্য যে প্রথার বুদ্ধিমত্তা ও সাহসিকতার পরিচয় দিয়েছে তা গল্পটিকে বিশেষভাবে তাৎপর্যপূর্ণ করে তুলেছে। অত্যাচারী স্বামী, লালসা-উম্মত্ত জোতদার, দারোগা ও বিভিন্ন প্রতিকূল অবস্থার বিরুদ্ধে লড়াই করে আহ্লাদিকে নিরাপদ রাখার ক্ষেত্রে দুই বিধবা নারীর দায়িত্বশীল ও মানবিক জীবন-যুদ্ধ সত্যিই প্রশংসনীয়।

ক. 'সর্পিল গতিতে' শব্দটির অর্থ কী? ১
খ. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ"— উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের নারীদের সাথে 'লালসালু' উপন্যাসের নারী চরিত্রের সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'অস্তিত্ব রক্ষা' শব্দটি 'লালসালু' উপন্যাসের 'মজিদ' চরিত্রে কীভাবে দেখানো হয়েছে? বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ সৈয়দপুরের বীর মুক্তিযোদ্ধা রফিক উদ্দিন পাকবাহিনীর বিরুদ্ধে নিজ এলাকায় প্রতিরোধ গড়ে তোলেন। তার নিকটাত্মীয় মনির একজন বিশ্বাসঘাতক রাজাকার। কেউই মনিরকে বুঝিয়ে মুক্তিযোদ্ধাদের দলে নিতে পারেনি। মুক্তিযুদ্ধের শেষের দিকে একদিন মনির রাজাকার মুক্তিযোদ্ধা রফিক উদ্দিনকে ধরিয়ে দেয় পাকবাহিনীর হাতে।

ক. নবাব সিরাজউদ্দৌলা কোথায় বন্দি হন? ১
খ. "ভীরু প্রতারকের দল চিরকালই পালায়"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "নিকটজনের দ্বারা বিপর্যয়ের শিকার রফিক উদ্দিন ও সিরাজউদ্দৌলা"— মন্তব্যটি যথার্থতা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ আত্মদ্বন্দ্বে পরাভূত মানবাত্মার সকরুণ বেদনা ও সুকঠোর পীড়নের চিত্র যে নাটকে উদঘাটিত হয় তাকে ট্র্যাজেডি বলে। ট্র্যাজেডি নাটকে নায়কের নিঃসীম দুঃখ ভোগ ও নিদারুণ বেদনা প্রাণকে বিমথিত করে তোলে। ট্র্যাজেডিতে মৃত্যু অনিবার্য নয়। নায়কের পরাজিত জীবন মৃত্যুর চেয়েও অধিকতর সকরুণ। প্রতিকূল অবস্থার বিরুদ্ধে লড়াই করতে করতে শেষ পর্যন্ত নায়ক মৃত্যুর কোলে ঢলে পড়ে। নিঃশেষ হয়ে পড়ে তার অনমনীয় শক্তি।

ক. নকল দলিল দেখিয়ে কাকে ঠকানোর ব্যবস্থা করা হয়েছিল? ১
খ. "তোমার ক্ষমতা ধ্বংস হবে, সিরাজ।"— কে, কাকে এবং কেন এ উক্তিটি করেছিল? ২
গ. উদ্দীপকের প্রতিকূল অবস্থার বিরুদ্ধে লড়াই 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রেক্ষাপটে কতটুকু সাদৃশ্য বহন করে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ চরিত্রের করুণ পরিণতি আলোচনা কর। ৪

## ৮ দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

#### ক অংশ—গদ্য

১ ▶ রবীন্দ্রনাথ ঠাকুরের 'হৈমন্তী' গল্পে যৌতুকের বলি হৈমন্তী। মানসিক নির্যাতনে জর্জরিত হয়ে সে পিতা গৌরীশংকর বাবুকে খবর পাঠায় স্বামিগৃহ হতে তাকে পিত্রালয়ে নিয়ে যাওয়ার জন্য। গৌরীশংকর বাবু মেয়ের বাড়িতে এসে মেয়ের কষ্ট বুঝতে পারেন। কিন্তু ধনী বেয়াই-এর বিরুদ্ধে প্রতিকার করতে না পেরে নীরবে চোখের জল ফেলতে ফেলতে বিদায় নেন। আর চরম পরিণতির দিকে এগিয়ে যায় হৈমন্তী।

ক. 'অপরিচিতা' গল্পের খাদযুক্ত গহনাটির নাম কী? ১
খ. "ফল্গুর বালির মতো তিনি আমাদের সমস্ত সংসারটা নিজের অন্তরের মধ্যে শুষিয়া লাইয়াছেন।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. হৈমন্তীর চরম পরিণতি আর 'অপরিচিতা' গল্পের কল্যাণীর বিয়ে ভেঙে যাওয়ার মধ্যে সম্পর্ক স্থাপন কর। ৩
ঘ. "উদ্দীপকের গৌরীশংকর বাবুর ভূমিকা যদি শম্ভুনাথ বাবুর মতো হতো, তাহলে হয়তো হৈমন্তীকে অকালে চলে যেতে হতো না।"— উক্তিটির পক্ষে যুক্তি দাও। ৪

২ ▶ "আমার আমি সে কত অতল অসীম,
আমিই কি জানি— কে জানে কে আছে আমাতে মহামহিম।"

ক. 'কুর্নিশ' শব্দের অর্থ কী? ১
খ. "মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম।"— উক্তিটির তাৎপর্য কী? ২
গ. উদ্দীপকের মর্মবাণীটি কীভাবে 'আমার পথ' প্রবন্ধের সাথে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. "উদ্দীপকটি 'আমার পথ' প্রবন্ধের সার্থক বা পূর্ণাঙ্গ প্রতিবিম্ব নয়।"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৩ ▶ মহাকাব্য 'রামায়ণ'-এ বর্ণিত হয়েছে— রাবণ যখন রাম-লক্ষ্মণের আক্রমণ থেকে লংকা রাজ্য রক্ষায় সবংশে প্রাণপাত করে চলেছেন, তখন তাঁরই সহোদর বিভীষণ রামের পক্ষ অবলম্বন করে দেশের গোপন খবর ও নগরে প্রবেশের গোপন পথের সন্ধান রামকে জানিয়ে দিচ্ছে। শেষ পর্যন্ত রামের নিকট রাবণ পরাজিত হন।

ক. "রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল ——।"— শূন্যস্থানে কী হবে? ১
খ. "সত্যি বলেছে? আমার নাম বলেছে?"— নুরুল হুদার এ উত্তেজনার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিভীষণ ও 'রেইনকোট' গল্পের প্রিন্সিপ্যালের মধ্যে মিল আছে কি? বুঝিয়ে দাও। ৩
ঘ. "পরিণতি বিচারে উদ্দীপক ও 'রেইনকোট' গল্পে পার্থক্য বিদ্যমান।"— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪ ▶ ১৯৭১ সাল। পাক বাহিনীর অত্যাচারে দিশেহারা, পর্যুদস্ত দেশ। মাঠ-ঘাট পেরিয়ে মিলিটারি-রাজাকারের চোখ এড়িয়ে ভারতের আশ্রয় শিবিরের উদ্দেশ্যে ছুটে চলার প্রাণান্তকর চেষ্টা বৃদ্ধা আদুরির। হঠাৎ ক্ষেতের মধ্যে গুলিবিদ্ধ মায়ের লাশের পাশে কান্নারত এক শিশুকে দেখে থমকে যায় আদুরি। নিঃস্ব কোলে তুলে নেয় অসহায় শিশুটিকে। আবারও ছুটতে থাকে আদুরি। শিশুটিকে যে বাঁচাতেই হবে— ভাবতে ভাবতে সুদৃঢ় হয় বৃদ্ধার পদক্ষেপ।

ক. 'মাসি-পিসি' গল্পে উল্লিখিত বাবুর নাম কী? ১
খ. "মোরা নয় মরব।"— পিসির এ উক্তি কিসের ইঙ্গিত বহনকারী?— বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে বর্ণিত শিশুটির সাথে 'মাসি-পিসি' গল্পের আহ্লাদির মিল কোন দিক থেকে?— বুঝিয়ে দাও। ৩
ঘ. "ভাবতে ভাবতে সুদৃঢ় হয় বৃদ্ধার পদক্ষেপ।"— এ উক্তিটি দ্বারা 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসির চারিত্রিক দৃঢ়তা ব্যাখ্যা কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ প্রীতিলতা-সূর্যসেন নেই তাঁরা আর
এমনই সহস্র এসে গেছে বারবার
শাজাহান আর তাঁর মহারাজ্যপাট
অশোকের সাম্রাজ্যের যত ঠাটবাট
কিছুই নাহিকো মহাকালের গ্রাসে
নিঃশেষ সকলেই সময়ের স্রোতে
সময় পারে নি তবু নাম মুছে দিতে
মানুষের মন আজও সে নাম স্মরিছে।
নাম হয় মৃত্যুহীন যদি থাকে কর্ম
কর্ম হল বেঁচে থাকার অক্ষয় বর্ম।

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থ 'বনফুল' প্রকাশিত হয় কত সালে? ১
খ. "চারিদিকে বাঁকা জল করিছে খেলা।"— এখানে 'বাঁকা জল' দ্বারা কী বুঝানো হয়েছে? ২
গ. 'সোনার তরী' কবিতার কৃষকের সাথে উদ্দীপকের ঐতিহাসিক চরিত্রগুলোর তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মূল সুর 'সোনার তরী' কবিতারই প্রতিধ্বনি।"— উক্তিটির পক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ পাড়ার সকলের প্রিয় পল্টু। অদ্ভুত তার চরিত্র। এখনই কারও গাছের ফল চুরি করে খেল, তো পরক্ষণেই শীতার্তকে নিজের গায়ের জামা খুলে দিয়ে দিল। কখনো গৃহস্থের গরুর গলার রশি খুলে দিয়ে মজা করছে, কখনও মহিলাদের আড্ডায় রাবারের সাপ ছেড়ে দিয়ে আতঙ্ক সৃষ্টি করছে, কখনো পথচারীর গায়ে সাইকেল তুলে দিয়ে খিলখিল করে হাসছে। সেই পল্টুই আবার প্রতিবেশীর বাড়িতে হামলা করা ডাকাত দলকে একাই রুখে দিতে লড়াই করছে। কারও বাচ্চাটাকে খুঁজে পাওয়া যাচ্ছে না, কারও অসুস্থ আত্মীয়কে হাসপাতালে নিতে হবে, কোনো কন্যাদায়গ্রস্ত পিতার বিয়ের সব ব্যবস্থাপনা করে দিতে হবে, কারও অন্ন-বস্ত্রের সংস্থান করতে হবে— এ সবে পল্টুর সর্বাগ্রে।

ক. সুকান্ত ভট্টাচার্য সম্পাদিত কাব্যগ্রন্থটির নাম কী? ১
খ. "এ বয়সে কানে আসে কত মন্ত্রণা!"— লাইনটিতে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. পল্টুর পরোপকারের বিষয়টি 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকটির ইঙ্গিতবাহী?— বুঝিয়ে দাও। ৩
ঘ. "তবুও আঠারোর শুনেছি জয়ধ্বনি"— পঙ্‌ক্তিটির আলোকে উদ্দীপকটিকে মূল্যায়ন কর। ৪

৭ ▶ "ঘুমিয়ে গেছে শ্রান্ত হয়ে আমার গানের বুলবুলি
করুণ চোখে চেয়ে আছে সাঁঝের ঝরা ফুলগুলি।
.......................................................
কাল হতে আর ফুটবে না হায়, লতার বুকে মঞ্জরী
উঠছে পাতায় পাতায় কাহার করুণ নিশাস মর্মরী।
গানের পাখি গ্যাছে উড়ে— শূন্য নীড়—
কণ্ঠে আমার নাই সে আগের কথার ভিড়।"

ক. 'উত্তরী' শব্দের অর্থ কী? ১
খ. "কহিল সে কাছে সরে আসি"— পঙ্‌ক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কবি এবং 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির অন্তর্বেদনাকে এক সুতায় গাঁথা যায় কি?"— আলোচনা কর। ৩
ঘ. "কণ্ঠে আমার নাই সে আগের কথার ভিড়।"— 'তাহারেই পড়ে মনে' কবিতার আলোকে উক্তিটি ব্যাখ্যা কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ এমবিবিএস পাস করে রাগিব গ্রামে ফিরে আসে। সেখানে একটি হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নিতেই গ্রাম্য কবিরাজ ফাহাদ ক্ষেপে ওঠে এবং ষড়যন্ত্রের জাল বিস্তার করতে থাকে। গ্রামের মাতবর নওয়াজকে অর্থ দিয়ে হাত করে নেয় সে; রাগিবের প্রথম প্রচেষ্টা নস্যাৎ হয়ে যায়। কিন্তু থেমে যায়নি রাগিব। শহরে গিয়ে উপর মহলে তদবির করে সে সরকারি অনুমোদন ও অনুদান সংগ্রহ করে এবং গ্রামে হাসপাতাল প্রতিষ্ঠা করেই ছাড়ে।

ক. হাসুনির মার কাছে তার বাবা কী খেতে চেয়েছিল? ১
খ. "ধান দিয়া কী হইব মানুষের জান যদি না থাকে?"— উক্তিটিতে বক্তার মনোভাব ব্যাখ্যা কর। ২
গ. 'লালসালু' উপন্যাসের আক্কাস ও উদ্দীপকের রাগিবের মধ্যে বৈসাদৃশ্য কোথায়?— আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের ফাহাদ-নওয়াজ আর 'লালসালু' উপন্যাসের মজিদ-খালেক ব্যাপারী— এরা সব একই সুতায় বাঁধা।"— উক্তিটি প্রমাণ কর। ৪

৯ ▶ মোড়লদিয়ার মাদক ব্যবসায়ী তাকত আলী গঞ্জের কুখ্যাত মাফিয়া। মাদকাসক্ত করে গঞ্জের যুব সমাজকে সে বশীভূত করে রেখেছে। ইদানীং আরব আলী নামে আরেক ব্যবসায়ী গঞ্জে মাদক ব্যবসায় শুরু করলে ব্যবসায়ে মন্দার ভয়ে তাকত আলী ক্ষুব্ধ ও চিন্তিত হয়ে ওঠে। তাই নিজের রাজত্বকে নিষ্কণ্টক করতে এক রাতের আঁধারে তার সাঙ্গপাঙ্গদের দিয়ে সশস্ত্র হামলা চালায় আরব আলীর উপর। উৎখাত করে আরব আলীকে।

ক. "অমন কথা কইও না বিটি, ঘরে বালা আইসে।"— উক্তিটি কার? ১
খ. 'সময়-অসময়ে মিথ্যে কথা না বললে নয়।'— উক্তিটির প্রাসঙ্গিকতা তুলে ধর। ২
গ. 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাথে উদ্দীপকের আরব আলীর মিল রয়েছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. "প্রতিহিংসা পরায়ণতা মানব চরিত্রের একটি অন্যতম বৈশিষ্ট্য"— উক্তিটি 'লালসালু' উপন্যাস ও উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ শহরে বড়সড় এক ডাকাতির প্রস্তুতি নিচ্ছিল ডাকাত সরদার নিজাম ও তার দল। এ লক্ষ্যে শহরের প্রান্তে এক পরিত্যক্ত বাড়িতে তারা অস্ত্রশস্ত্র নিয়ে সংগঠিত হতে থাকে। গোয়েন্দা সংবাদের ভিত্তিতে নগর পুলিশ পরিত্যক্ত বাড়িতে অভিযান চালিয়ে সদলবলে নিজামকে আটক করে কারাগারে প্রেরণ করে।

ক. ক্লাইভের গাধা বলা হয় কাকে? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. ডাকাতদলের প্রস্তুতির বিষয়টিকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন ঘটনার সাথে তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. "ইংরেজদের পরিণতি উদ্দীপকের নিজামদের মতো হলে এ দেশের ইতিহাস পাল্টে যেত।"— উক্তিটির যথার্থতা নির্ণয় কর। ৪

১১ ▶ নরওয়ের প্রতিরক্ষামন্ত্রী ছিলেন ভিদকুন কুইজলিং। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তিনি জার্মান শাসক হিটলারের সাথে গোপন আঁতাত করেন। হিটলার নরওয়ে আক্রমণ করলে কুইজলিং রাজধানী থেকে ৫০ কি.মি. দূরে ঘাঁটি গাড়েন এবং নরওয়ে সরকার পরাজিত হয়ে পালিয়েছে— এ মর্মে অপপ্রচার চালাতে থাকেন। অতঃপর হিটলার নরওয়ে জয় করার পর কুইজলিংকে সরকার প্রধানের দায়িত্ব দেন।

ক. ইংরেজদের সাথে উমিচাঁদের কত টাকার চুক্তি হয়েছিল? ১
খ. "আমি বরং নবাবকে বিশ্বাস করতে পারি।"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কুইজলিং-এর সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটির তুলনামূলক ব্যাখ্যা কর। ৩
ঘ. "কুইজলিংরা থাকে বলেই যুগে যুগে হিটলাররা নরওয়ে জয় করে।"— উক্তিটির আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কাহিনি বিশ্লেষণ কর। ৪

## ৯ ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

### ক অংশ—গদ্য

১ ▶ সেই শৈশবের সুরবালা তোমার যত কাছেই থাকুক, তাহার চুড়ির শব্দ শুনিতে পাও, তাহার মাথা ঘষার গন্ধ অনুভব কর, কিন্তু মাঝখানে বরাবর একখানি করিয়া দেয়াল থাকিবে। আমি বলিলাম থাক-না, সুরবালা আমার কে? উত্তর শুনিলাম : সুরবালা আজ তোমার কেহই নয়; কিন্তু সুরবালা তোমার কী না হইতে পারিত! সে কথা সত্য। সুরবালা আমার কী না হইতে পারিত। আমার সবচেয়ে অন্তরঙ্গ, আমার সবচেয়ে নিকটবর্তী, আমার জীবনের সমস্ত সুখ-দুঃখভাগিনী হইতে পারিত– সে আজ এত দূর, এত পর, আজ তাহার দেখা নিষেধ, তাহার সঙ্গে কথা কওয়া দোষ, তাহার বিষয়ে চিন্তা করা পাপ।

ক. কল্যাণী কোন স্টেশনে নেমেছিল? ১
খ. 'বাহিরে তো সে ধরা দিলই না, তাহাকে মনেও আনিতে পারিলাম না।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'অপরিচিতা' গল্পের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "প্রিয়জনকে না পাওয়ার হাহাকারই উদ্দীপকের বাহক ও 'অপরিচিতা' গল্পের অনুপমকে একই সূত্রে গেঁথেছে।" বিশ্লেষণ কর। ৪

২ ▶ আলেয়া খাতুন রাতের বেলা এক হাতে লণ্ঠন আর অন্য হাতে রশি নিয়ে মনের দুঃখে কাঁদতে কাঁদতে পাশের বাড়ির সালেহা বেগমকে এসে বললেন, 'আম্মা, আমার আর বাঁচার এতটুকু ইচ্ছে নেই। যাকে মন-প্রাণ দিয়ে ভালোবাসলাম সেই যখন আমাকে ছেড়ে চলে গেল তখন আমি বাঁচতে চাই না। আমিও মরতে চাই।' সাহেলা বেগম বললেন, 'দেখ বউমা, এমন কথা বলো না। তোমার শ্বশুরের সাথে ত্রিশ বছর ধরে সংসার করেছি। তিনি মারা যাওয়ার পরে আজও এই ঘর, এই সংসারকে আঁকড়ে পড়ে আছি। কোনোদিন এই সংসার ছেড়ে চলে যাওয়ার চিন্তাও করি নাই। তিনি যেদিন মারা গেলেন, বুকে পাথর বেঁধে সারাটি রাত তার পাশেই বসে ছিলাম। যাও বাড়ি যাও। সব ঠিক হয়ে যাবে।' পাশেই বসে থাকা সালেহা বেগমের ছোট সন্তান সোহাগ আলেয়া খাতুনকে জিজ্ঞাসা করে, 'ভাবী, তোমার হাতে লণ্ঠন কেন?' আলেয়া খাতুন চট করে উত্তর দেয়– 'যদি সাপে কামড়ায়!'

ক. ন্যাড়ার মাদুলি-কবচ কবরে দেওয়ার পরে তার কাছে আর কী অবশিষ্ট রইল? ১
খ. 'ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভজাইয়া রাখা বাসি ফুলের মতো।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলেয়া খাতুনের সাথে 'বিলাসী' গল্পের কোন চরিত্রের সাদৃশ্য লক্ষ করা যায়? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের সালেহা বেগমের ক্ষেত্রে 'বিলাসী' গল্পের 'ইহা আর এক শক্তি' উক্তিটি প্রযোজ্য হয়নি।– বিশ্লেষণ কর। ৪

৩ ▶ ভেলরি টেইলর, বাংলাদেশের এক অকৃত্রিম বন্ধুর নাম। ৭২ বছর বয়সী এই মহান ব্যক্তি কর্মজীবনে লাভ করেছেন নানা স্বীকৃতিসহ সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি। স্বেচ্ছাসেবা এবং সম্পূর্ণ আপন প্রচেষ্টায় সিআরপি প্রতিষ্ঠা করে তিনি দুস্থ, নিঃসহায় মানুষের জন্য বিশ্বে এক বিরল দৃষ্টান্ত স্থাপন করেছেন। বাংলাদেশে সড়ক দুর্ঘটনাসহ বিভিন্ন কারণে পঙ্গুত্বের শিকার হাজার হাজার মানুষকে স্বাভাবিক কর্মজীবনে ফিরিয়ে আনতে তার গড়া সিআরপি নজিরবিহীন ভূমিকা পালন করছে।

ক. সত্যিকার মানব-কল্যাণ কিসের ফসল? ১
খ. মানব-কল্যাণ কীভাবে মানব-মর্যাদার সহায়ক হয়ে উঠবে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিক তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের ভেলরি টেইলরের কর্মকাণ্ড এবং 'মানব-কল্যাণ' প্রবন্ধের লেখকের প্রত্যাশা যেন একই সূত্রে গাঁথা।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৪ ▶ চারদিন ধরে বৃষ্টি। শনিবার রাতে কি মুষলধারেই যে হলো, রোববার তো দিনভর একটানা। গতকাল সকালের পর বৃষ্টি থামলেও সারাদিন আকাশ মেঘলা ছিল। মাঝে মাঝে এক পশলা বৃষ্টি। এখন সন্ধ্যার পর বৃষ্টি নেই। ঘন ঘন মেঘ ডাকছে আর বিদ্যুৎ চমকাচ্ছে। বসার ঘরের জানালা দিয়ে তাকিয়ে ভাবছিলাম, আমার জীবনেও এতদিনে সত্যি সত্যি দুর্যোগের মেঘ ঘন হয়ে আসছে। এ রকম সময় করিম এসে ঢুকল ঘরে। সামনে সোফায় বসে বলল, ফুফুজান এ পাড়ার অনেকেই চলে যাচ্ছে বাড়ি ছেড়ে। আপনারা কোথাও যাবেন না? আরও একটা কথা শুনেছেন ফুফুজান? নদীতে নাকি প্রচুর লাশ ভেসে যাচ্ছে। পেছনে হাত বাঁধা, গুলিতে মরা লাশ।

ক. 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ কী? ১
খ. 'টুপির তেজ কি পানিতেও লাগল নাকি?' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথমাংশে 'রেইনকোট' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের করিমের বক্তব্য এবং 'রেইনকোট' গল্পের প্রেক্ষাপট অভিন্ন।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ আমায় নহে গো ভালোবাস শুধু ভালোবাস মোর গান,
বনের পাখিরে কে চিনে রাখে গান হলে অবসান;
চাঁদেরে কে চায়, জোছনা সবাই যাচে
গীত-শেষে বীণা পড়ে থাকে ধূলি-মাঝে।

ক. 'সোনার তরী' কবিতায় কবি ক্ষণিক হেসে কী নিয়ে যেতে বলেছেন? ১
খ. 'ঠাঁই নাই, ঠাঁই নাই– ছোটো সে তরী
আমারি সোনার ধানে গিয়েছে ভরি'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বনের পাখির সাথে 'সোনার তরী' কবিতায় কার সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "'সোনার তরী' কবিতার মূল বক্তব্য যেন 'গীত-শেষে বীণা পড়ে থাকে ধূলি-মাঝে' কথাটির মধ্য নিহিত।"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ নদী কভু পান নাহি করে নিজ জল,
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল।
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান,
কাষ্ঠ, দগ্ধ হয়ে করে পরে অন্ন দান।
স্বর্ণ করে নিজ রূপে অপরে শোভিত,
বংশী করে নিজ স্বরে অপরে মোহিত।
শস্য জন্মাইয়া নাহি খায় জলধরে,
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে।

ক. 'নকশী কাঁথার মাঠ' কী ধরনের রচনা? ১
খ. 'কাঁটা পেয়ে তারে ফুল করি দান সারাটি জনম-ভর'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'প্রতিদান' কবিতার যে দিকটি প্রকাশিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সাধুজন 'প্রতিদান' কবিতার কবির কাঙ্ক্ষিত মানুষ"– উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

৭ ▶ 'আজি এ অবেলায় মনে পড়ে তোমায়
হারানো দিনগুলি বারে বারে কাঁদায়।
তুমি ছাড়া এজীবন শূন্য মনে হয়
ভালো লাগা অনুভূতি আঁধারে ডুবে রয়।'

ক. 'পুষ্পারতি' শব্দটির অর্থ কী? ১
খ. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির উদাসীনতার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে কবি সুফিয়া কামালের ব্যক্তিজীবনের মিল রয়েছে কীভাবে? উপস্থাপন কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় বর্ণিত দুঃখবোধের অনুভূতি এক সূত্রে গাঁথা।"– যুক্তি দিয়ে বুঝিয়ে দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ সালমার মা ছাড়া সংসারে আর কেউ নেই। লেখাপড়াও বেশিদূর করতে পারেনি। আর্থিক অবস্থা ভালো না হওয়ায় অনেকটা বাধ্য হয়েই মধ্যবয়সী একজন লোকের সাথে সালমার বিয়ে দেয় তার মা। স্বামীর বাড়ি গিয়ে সালমা দেখে যে, সেই সংসারে সতীন ও তার এক পুত্রসন্তান রয়েছে। সালমার ভাগ্য বড়ই খারাপ। বড় বউ তাকে মোটেও সহ্য করতে পারে না। সারাদিন সালমাকে খাটায়, ঠিকমতো খেতে দেয় না। স্বামীর কান ভারী করে সালমার বিরুদ্ধে। হঠাৎ সালমা একদিন বুঝতে পারে যে, তার স্বামী একজন চোরাকারবারি। সালমা এসব দেখে ভয় পায়। সে প্রতিবাদ করলে শারীরিক নির্যাতনের শিকার হয়। একদিন সালমা মেরাজের সমস্ত কুকীর্তির কথা পুলিশের কাছে ফাঁস করে দেয়। মেরাজের মুখোশ খুলে যায়।

ক. রহিমার পেটে কয়টি প্যাঁচ? ১
খ. 'বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত মেরাজের বড় বউয়ের সাথে 'লালসালু' উপন্যাসে বর্ণিত রহিমা চরিত্রের তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত সালমা এবং 'লালসালু' উপন্যাসে বর্ণিত জমিলার জীবনচিত্র যেন এক সুতোয় বাঁধা।"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ দিন কাটিয়া যায়। জীবন অতিবাহিত হয়। ঋতুচক্রে পাক খায়। পদ্মা ভাঙন-ধরা তীরে মাটি ধসিতে থাকে, পদ্মার বুকে জল ভেদ করিয়া জাগিয়া উঠে চর। অর্ধ শতাব্দীর বিস্তীর্ণ চর পদ্মার জলে আবার বিলীন হইয়া যায়। জেলে পাড়ার শিশুর ক্রন্দন কোনোদিন বন্ধ হয় না। ক্ষুধা-তৃষ্ণার দেবতা, হাসি-কান্নার দেবতা, অন্ধকার আত্মার দেবতা– ইহাদের পূজা কোনোদিন সাঙ্গ হয় না।

ক. "মরা মানুষ জিন্দা হয় না কেমনে"– উক্তিটি কার? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের কোন ভৌগোলিক অঞ্চলের, কীরূপ সাদৃশ রয়েছে? ৩
ঘ. "উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের সূচনা অংশের খণ্ডিত রূপায়ণ মাত্র।"– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ ওই দেখ, ওই যেন চিত্রিত প্রাচীর
ওই তব সৈন্যগণ
দাঁড়াইয়া অকারণ,
গণিতেছে লহরী কি রণ-পয়োধির?
দেখিছ না সর্বনাশ সম্মুখে তোমার?
যায় বঙ্গ-সিংহাসন
যায় স্বাধীনতা-ধন
যেতেছে ভাসিয়া সব, কি দেখিছ আর?

ক. পত্র মারফত শওকতজঙ্গকে কে পূর্ণ সমর্থন জানিয়েছিলেন? ১
খ. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রতিফলিত বিষয়ের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন ঘটনার সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "নিজ সেনাদের নির্লিপ্ততাই নবাব সিরাজউদ্দৌলার পরাজয়ের অন্যতম কারণ।"– উদ্দীপক এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

১১ ▶ 'ওরা গুলি ছোড়ে এদেশের প্রাণে, দেশের দাবীকে রোখে
ওদের ঘৃণ্য পদাঘাত, এই বাংলার বুকে।
ওরা এদেশের নয়,
দেশের ভাগ্য ওরা করে বিক্রয়।'

ক. ইংরেজরা পরাজিত হয়ে কোন জাহাজে আশ্রয় নেয়? ১
খ. 'শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।'– সপ্রসঙ্গ উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণের ভাবার্থ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "দেশের ভাগ্য ওরা করে বিক্রয়" পঙ্‌ক্তিতে 'সিরাজউদ্দৌলা' নাটকের মর্মার্থই প্রতিধ্বনিত হয়েছে– উক্তিটি মূল্যায়ন কর। ৪

## ১০ ✔ ঢাকা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▸ নিজেকে জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সক্রেটিস বলেছেন, 'নিজেকে জানো।' একথা সকলেই জানে যে, আত্মোপলব্ধির মধ্য দিয়ে নির্মিত হয় ব্যক্তিত্ববোধ। আর প্রবল ইচ্ছাশক্তিই পরাধীনতার জাল থেকে বের করে নিজেকে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে। সুতরাং ইচ্ছাশক্তি ও সত্য পথকে ধারণ করে স্বাধীনভাবে বেঁচে থাকার জন্য নিজেকে প্রস্তুত করতে হবে।

ক. 'আমার পথ' প্রবন্ধে লেখক কাকে সালাম জানিয়েছেন? ১
খ. "যার ভেতরে ভয়, সেই বাইরে ভয় পায়।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'নিজেকে জানো' এই কথাটি 'আমার পথ' প্রবন্ধের মূল বিষয়বস্তুকে নির্দেশ করে কিনা তা নিজের ভাষায় তুলে ধর। ৪

২ ▸ গাছের একটি শসা চুরির অপরাধে দরিদ্র বালক ফজলকে নির্দয়ভাবে প্রহার করেন ধনী গৃহস্থ কোবাদ আলী। বালকটি আর্তনাদ করে বলে আর সে কখনও কিছু চুরি করবে না। ঘটনাটি দেখে মনু মাস্টারের প্রাণ কেঁদে ওঠে। দরিদ্র বালক ক্ষুধার জ্বালায় চুরি করেছে— নগণ্য একটি অপরাধে এমন অমানবিক শাস্তি! অথচ অন্যায়ভাবে কত মানুষের জমি দখল করে ধনী হয়েছেন কোবাদ আলী। মন খারাপ হলেও চুরির পক্ষ নিয়ে কথা বলার অবকাশ পান না মনু মাস্টার।

ক. ওয়াটারলু যুদ্ধ কত সালে সংঘটিত হয়? ১
খ. "সমাজের ধনবৃদ্ধির অর্থ ধনীর ধনবৃদ্ধি।"— উক্তিটি সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ফজল চরিত্রের সাথে 'বিড়াল' রচনার বিড়াল চরিত্রের সাদৃশ্য ও বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপকের মনু মাস্টারের অসহায়ত্বই প্রতিফলিত হয়েছে কমলাকান্তের কথা ও আচরণে"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩ ▸ কলিমদ্দি দফাদারের বোর্ড অফিস শীতলক্ষ্যার তীরের বাজারে। নদীর এপারে ওপারে বেশকিছু বড় বড় কলকারখানা। এগুলো শাসনের সুবিধার্থে একদল খান সেনা বাজার সংলগ্ন হাই স্কুলটিকে ছাউনি করে নিয়েছে। কোনো কোনো রাত্রে গুলিবিনিময় হয়। কোথা হতে কোন পথে কেমন করে মুক্তিফৌজ আসে, আক্রমণ করে এবং প্রতিআক্রমণ করলে কোথায় হাওয়া হয়ে যায়, খান সেনারা তার রহস্য ভেদ করতে পারে না।

ক. 'বর্ষাকালেই তো জুৎ' — কথাটি কে বলেছিল? ১
খ. "রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনালের মনসুন" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটির শেষাংশের বক্তব্য 'রেইনকোট' গল্পের কোন বিষয়টি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'রেইনকোট' গল্পের আংশিক বক্তব্য প্রকাশিত হয়েছে।" — তোমার মতামতসহ আলোচনা কর। ৪

৪ ▸ সালাম ও সালমার সংসারে সচ্ছলতা কিংবা বিলাসিতা না থাকলেও শান্তি এবং ভালোবাসার অভাব ছিল না। কিন্তু লোভে পড়ে বাড়তি পাওনার আশায় দুর্নীতির দায়ে অফিস সহকারীর চাকরিটা হারায় সালাম। তাদের সংসারে বাসা বাঁধে চরম দারিদ্র্য আর হতাশা। অগত্যা সালামের স্ত্রী সালমা অন্যের বাড়িতে ঝি-এর কাজ নেয়। সকাল-সন্ধ্যা বর্ণনাতীত পরিশ্রম করে ক্লান্ত হয়ে ঘরে ফেরে সে। সালমার ক্লান্ত ও মলিন চেহারা দেখে সালাম মনে মনে খুব কষ্ট পায়। অথচ মুখ ফুটে সেকথা বলতে পারে না সে। কারণ সে ভালো করেই জানে যে, এই কষ্টের জন্য সে নিজেই দায়ী।

ক. বন্দুক কিনতে মসিঁয়ে কত ফ্রাঁ সঞ্চয় করেছিল? ১
খ. "এ রকম জীবন দশ বছর ধরে চলল" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সালমার সাথে 'নেকলেস' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'নেকলেস' গল্পের বিষয়বস্তু একসূত্রে গাঁথা— মূল্যায়ন কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ "শাবাশ, বাংলাদেশ,
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়।
জ্বলে পুড়ে মরে ছারখার—
তবু মাথা নোয়াবার নয়।"

ক. 'হরিৎ উপত্যকা' অর্থ কী? ১
খ. "সালামের মুখে আজ তরুণ শ্যামল পূর্ব বাংলা" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন অংশের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার মর্মবাণীকে পুরোপুরি ধারণ করে না" — মন্তব্যটি নিজের ভাষায় ব্যাখ্যা কর। ৪

৬ ▸ রত্না ও রতনের দাম্পত্য জীবন বেশ সুখে-শান্তিতেই কাটছিল। কিন্তু বিনা মেঘে বজ্রপাতের ন্যায় মরণব্যাধিতে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করল রতন। কালের বিবর্তনে জীবন নামের একজন ভালো মানুষের সাথে রত্নার পুনরায় বিয়ে হলেও প্রথম স্বামীর স্মৃতি এক মুহূর্তের জন্যও ভুলতে পারেনি সে। কেননা, প্রথম স্বামী ছিল তার সকল কাজের সহযোগী ও প্রেরণাদাতা। প্রতি বসন্তে রত্না তাই প্রথম স্বামীর কথা বিশেষভাবে স্মরণ করে নীরবে কাঁদে। কারণ, তার ভালোবাসার মানুষটি বসন্তকালের পূর্বলগ্নেই তাকে ছেড়ে চির বিদায় নিয়েছে।

ক. "কহিল সে স্নিগ্ধ আঁখি তুলি" — কার কথা বলা হয়েছে? ১
খ. "পুষ্পশূন্য দিগন্তের পথে" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'তাহারেই পড়ে মনে' কবিতার বিষয়বস্তু ভিন্ন আঙ্গিকে উপস্থাপিত হয়েছে। — বুঝিয়ে লেখ। ৩
ঘ. "উদ্দীপকের রত্না আর 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির কষ্ট একসূত্রে গাথা।" — বিশ্লেষণ কর। ৪

৭ ▸ রেদওয়ান তরুণ প্রতিভাবান কবি-সাহিত্যিক হিসেবে বেশ খ্যাতি অর্জন করেছে। যদিও আর্থিক অনটনের মধ্য দিয়ে সে জীবনযাপন করছে, তবু সে কখনও নিজেকে দরিদ্র মনে করে না। কেননা সে জানে, তার চিন্তা-চেতনার রাজ্যে সে নিজেই সম্রাট। আপন চেতনালোকে সে লালন করে ভিন্ন এক পৃথিবী; যেখানে রূপ-সৌন্দর্য ও মাধুর্যে সে হয় অভিভূত। আর সেই রূপ-সৌন্দর্য মাধুর্যেই তরুণ কবি রেদওয়ান সৃষ্টি করে তার প্রতিটি কবিতা।

ক. বনচারী বাতাসের তালে কী দোলে? ১
খ. কবির চেতনার মণি উজ্জ্বল হয়ে ওঠে কেন? ২
গ. উদ্দীপকে 'লোক-লোকান্তর' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে যে বিষয়টি ফুটে উঠেছে তা 'লোক-লোকান্তর' কবিতার সার্বিক বিষয় নয়"— যুক্তিপূর্ণ মতামত দিয়ে বুঝিয়ে দাও। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▸ মেহের আলী রসুলপুর গ্রামের একজন বিত্তবান লোক। প্রতিপত্তির মালিক হওয়ার জন্য গ্রামের সকলে তাকে বেশ সম্মান করে। অপরদিকে, মেহের আলী সম্মানের চোখে দেখে তারই গ্রামে বসবাসরত সোলায়মান আলীকে। তার উপর মেহের আলীর অগাধ বিশ্বাস। তাই সোলায়মান আলী মৌখিকভাবে যে নির্দেশনাই দেন মেহের আলী তা বাস্তবায়ন করতে কুণ্ঠাবোধ করে না। একদিন সোলায়মান আলী মেহের আলীকে বললেন, "মেহের, তোমার স্ত্রী সংসারে অশুভ শক্তির ছায়ারূপে বিরাজ করছে। তাকে তুমি অবিলম্বে তালাক দাও।" এমন নির্দেশনা পেয়ে কালবিলম্ব না করে স্ত্রীকে তালাক দেয় মেহের আলী।

ক. কে পক্ষাঘাতে আক্রান্ত? ১
খ. "জমিলা যেন ঠাঁটাপড়া মানুষের মতো হয়ে গেছে"— বাক্যটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মেহের আলী 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতীক বহন করে? যুক্তিসহকারে আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মেহের আলীর স্ত্রী জীবন এবং 'লালসালু' উপন্যাসের আমেনা বিবির জীবনের পরিণতি একই"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ সালামতপুর গ্রামের বেশিরভাগ মানুষই নিরক্ষর, কুসংস্কারাচ্ছন্ন ও ধর্মান্ধ। গ্রামে বাস করে এক শিক্ষিত যুবক; নাম তার কামাল। সে বিশ্ববিদ্যালয় থেকে এম.এ ডিগ্রি লাভ করে গ্রামে ফিরে এসেছে গ্রামের উন্নয়ন করার জন্য। গ্রামের মানুষকে সুশিক্ষায় শিক্ষিত করার লক্ষ্যে গ্রামে সে একটি স্কুল প্রতিষ্ঠা করতে চায়। সেই উদ্দেশ্যে গ্রামের লোকজনকে ডেকে সভা আহ্বান করলে গ্রামের প্রভাবশালী ব্যক্তি বাদল মাতব্বর কামালের স্কুল প্রতিষ্ঠার পরিবর্তে মক্তব গড়ার পক্ষে মতামত দেন। কামাল এর প্রতিবাদ করলে কামালকে বাদল মাতব্বর তার সাঙ্গোপাঙ্গদের সহযোগিতায় সুকৌশলে গ্রাম ছাড়তে বাধ্য করেন।

ক. গারো পাহাড় মধুপুরগড় থেকে কত দিনের পথ? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কামালের সাথে 'লালসালু' উপন্যাসের আক্কাসের যে সাদৃশ্য রয়েছে তা নিজের ভাষায় বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'লালসালু' উপন্যাসের খণ্ডচিত্র মাত্র, সামগ্রিক চিত্র নয়।" — বিশ্লেষণ কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▸ মির্জা জহিরউদ্দিন মুহাম্মদ বাবর ছিলেন ভারতের মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা। তাঁর মৃত্যুর পর বড় ছেলে হুমায়ুন অল্প বয়সে সিংহাসনে আরোহণ করেন। দুঃখের বিষয় এই যে, সিংহাসনে আরোহণের পরই নানামুখী ষড়যন্ত্র শুরু হয়। তথাপি সাহসিকতার সাথে তরুণ হুমায়ুন তাঁর শাসনকার্য চালিয়ে যান। হুমায়ুন তাঁর অন্যান্য ভাইসহ আত্মীয়-স্বজনদের কাছ থেকে অসহযোগিতা পাওয়া সত্ত্বেও শক্ত হাতে সবকিছু ধরে রাখতে সক্ষম হন।

ক. রবার্ট ক্লাইভ কাকে সেরা বিশ্বাসঘাতক বলেছেন? ১
খ. "কত বড় শক্তি, তবু কত তুচ্ছ।" — উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হুমায়ুনের সিংহাসনে আরোহণ এবং নবাব সিরাজউদ্দৌলার সিংহাসনে আরোহণের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "আংশিক সাদৃশ্য থাকলেও হুমায়ুন ও সিরাজউদ্দৌলার পরিণতি এক নয়" — বিশ্লেষণ কর। ৪

১১ ▸ "বর্গি এল খাজনা নিতে
মারল মানুষ কত।
পুড়ল শহর, পুড়ল শ্যামল
গ্রাম যে শত শত।
হানাদারের সঙ্গে জোরে
লড়ে মুক্তি সেনা,
তাদের কথা দেশের মানুষ
কখনো ভুলবে না।"

ক. সিরাজউদ্দৌলার হত্যাকারীর নাম কী? ১
খ. "আমরা এমন কিছু করলাম যা ইতিহাস হবে।" — উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটিকে নির্দেশ করে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মুক্তিসেনা এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজউদ্দৌলা একই সূত্রে গাঁথা।"— মন্তব্যটির যথার্থতা প্রমাণ কর। ৪

## ১১ ✓ রাজশাহী বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▸ প্রজাপতির দুই পক্ষ। বরপক্ষ এবং কন্যাপক্ষ। বরপক্ষ কন্যাপক্ষের কাছে নগদ পঞ্চাশ হাজার টাকা ও পাঁচ ভরি স্বর্ণালঙ্কার চেয়ে বসল। নিত্যানন্দ রায় কোনোকিছু বিবেচনা না করে তাতেই মেয়ের বিয়ে দিতে সম্মত হয়ে গেল। তার মতে, এমন শিক্ষিত ছেলে আর বনেদি পরিবার কিছুতেই হাতছাড়া করা যায় না। তার ইচ্ছায় যথারীতি আশীর্বাদ পর্ব শেষে শুভবিবাহের দিন ধার্য হয়ে গেল। নিত্যানন্দ অনেক কষ্ট স্বীকার করে বিয়ের যাবতীয় আয়োজন সম্পন্ন করার পরও নিতান্ত এক তুচ্ছ কারণে বিয়ের আসরেই এই বিয়ে ভেঙে যায়।

ক. 'অপরিচিতা' গল্পের মামা অনুপমের চেয়ে কত বছরের বড়? ১

খ. "একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধনুক-ভাঙা পণ" — এই কথার অর্থ বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের নিত্যানন্দ রায়ের সঙ্গে 'অপরিচিতা' গল্পের শম্ভুনাথের সাদৃশ্য নির্ণয় কর। ৩

ঘ. তুমি কি মনে কর, যৌতুক প্রথাই বিয়ে ভেঙে যাওয়ার একমাত্র কারণ? উদ্দীপক ও 'অপরিচিতা' গল্পের আলোকে বিচার কর। ৪

২ ▸ লেখিকা শামীমা আখতারের স্বামী ফারুক চৌধুরী ও তার একমাত্র সন্তান বিজয় মুক্তিযুদ্ধে শহিদ হন। এরপর শামীমা আখতার স্বাধীনতা যুদ্ধে বাবা-মা হারানো এতিম প্রশান্তকে পুত্র বাৎসল্যে লালন-পালন করে বড় করে তোলেন। মৃত্যুর আগে শামীমা আখতার তাঁর ১৮টি প্রকাশিত গ্রন্থের স্বত্ব প্রশান্তকে দান করেন। প্রশান্ত তার মায়ের গ্রামের বাড়িতে শহিদ সন্তান বিজয়ের নামে মুক্তিযুদ্ধের স্মৃতি পাঠাগার প্রতিষ্ঠা করেন।

ক. 'গোয়ালপোরা' শব্দের অর্থ কী? ১

খ. "আমার বড্ড কষ্ট, ভাত জোটে না সবদিন" — উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের শামীমা আখতার ও প্রশান্তর স্নেহের সম্পর্কের সাথে 'আহ্বান' গল্পের বুড়ি ও গোপালের সম্পর্কের তুলনা কর। ৩

ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'আহ্বান' গল্পে ভাবগত ঐক্য রয়েছে।" — মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৩ ▸ ১৯১৯ সালের ১৩ এপ্রিল জালিয়ানওয়ালাবাগের বদ্ধ উদ্যানে জেনারেল ডায়ারের নির্দেশে নিরস্ত্র জনতার উপর নির্বিচারে গুলি চালিয়েছিল ব্রিটিশ পুলিশ। ব্রিটিশ শাসকশ্রেণি ও তার দেশি-বিদেশি দোসরদের এ জাতীয় অত্যাচার-নির্যাতনে অতিষ্ঠ হয়ে উঠেছিল পরাধীন ভারতবর্ষের সাধারণ জনগণ। নির্যাতিত জনগণের মুক্তির অগ্রদূত হয়ে দেখা দিয়েছিলেন মোহনদাস করমচাঁদ গান্ধী। 'মহাত্মা গান্ধী' নামে সমধিক পরিচিত এই রাজনীতিবিদ বর্ণবৈষম্য দূরীকরণসহ বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডের মাধ্যমে নিজেকে ভারতবাসীর কাছে অবিসংবাদিত নেতা হিসেবে প্রমাণ করেন এবং বিভিন্ন অত্যাচার-নির্যাতনের শিকার হয়েও ব্রিটিশবিরোধী 'ভারত ছাড়ো' আন্দোলনে নেতৃত্ব দেন। অহিংস আন্দোলনের পুরোধা হলেও দেশ ও জনগণের মুক্তির প্রশ্নে কখনই আপস করেননি মহাত্মা গান্ধী।

ক. মহিউদ্দিন আহমদ কী রোগে ভুগছিলেন? ১

খ. "বেশি জোরে চালাবেন না, কারণ বাবার কালের জীবনটা যেন রাস্তায় না যায়।" — ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ব্রিটিশ শাসকের নির্যাতন এবং 'বায়ান্নর দিনগুলো' রচনার পাকিস্তানি শাসকদের নির্যাতনের তুলনা কর। ৩

ঘ. "মহাত্মা গান্ধী এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উভয়েই দেশ ও দেশের মানুষের মুক্তিকেই সর্বাগ্রে প্রাধান্য দিয়েছেন।" — উদ্দীপক ও 'বায়ান্নর দিনগুলো' রচনার আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৪ ▸ দীপ্ত সম্প্রতি তার বড় ভাইয়ের সঙ্গে বাংলাদেশ জাতীয় জাদুঘর দর্শন করে আসে। জাদুঘরে গিয়ে সে প্রচুর আনন্দ লাভ করে। জাদুঘরে সংরক্ষিত বিভিন্ন প্রত্নতাত্ত্বিক নিদর্শন থেকে জাতির ইতিহাস, ঐতিহ্য, সভ্যতা ও সংস্কৃতি সম্পর্কে অনেক জ্ঞান অর্জন করে। সভ্যতা বিকাশের নানা নিদর্শন ও তথ্যচিত্র দেখে সে চমৎকৃত হয়। এতে সে মানসিক শক্তি অর্জনের প্রেরণা খুঁজে পায়। জাদুঘর দর্শন তার ভেতরে দেশপ্রেম ও জাতির প্রতি দায়িত্ববোধ বাড়িয়ে দেয়। এখন সে নিজেকে চেনে ও জানে।

ক. পৃথিবীর প্রথম জাদুঘর স্থাপিত হয়েছিল কোথায়? ১

খ. "জাদুঘর আমাদের আনন্দ দেয়"— কীভাবে? ২

গ. উদ্দীপকের দীপ্তর অনুভূতির সঙ্গে 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধের কোন বিশেষ দিকটির সাদৃশ্য পাওয়া যায়?— ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধের সামগ্রিক বিষয়বস্তু ধারণা করে না।"— মন্তব্যটি যাচাই কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ এক সময় ঈশা খাঁর সঙ্গে মানসিংহের যুদ্ধ হয়। রণনিপুণ ঈশা খাঁর তরবারির আঘাতে মানসিংহের তরবারি দ্বিখণ্ডিত হয়ে যায়। মানসিংহ অসহায় হয়ে পড়েন। ঈশা খাঁ চাইলে এই অবস্থায় মানসিংহকে হত্যা করতে পারতেন। কিন্তু বীরযোদ্ধা ঈশা খাঁ তা না করে নিজের কোষ থেকে একখানি ভালো তলোয়ার বের করে মানসিংহকে উপহার দিয়ে পুনরায় যুদ্ধে আহ্বান জানালেন। মানসিংহ ঈশা খাঁর এই মহানুভবতা, ঔদার্য ও বীরধর্মের আদর্শ দেখে মুগ্ধ হলেন এবং যুদ্ধের পরিবর্তে সন্ধি স্থাপনে এগিয়ে এলেন।

ক. মাইকেল মধুসূদন দত্তের মায়ের নাম কী? ১

খ. "স্থাপিলা বিধুরে বিধি স্থাণুর ললাটে;" — কবিতার এই চরণ দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের ঈশা খাঁ ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার লক্ষ্মণের আদর্শগত বৈসাদৃশ্য নির্ণয় কর। ৩

ঘ. "উদ্দীপক ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার মূলভাবনা এক নয়।" — মন্তব্যটি বিচার কর। ৪

৬ ▸ শিক্ষকতার দীর্ঘ জীবনে রহিম সাহেবের কাছে শিক্ষার্থীদের ধর্মীয়, সামাজিক কিংবা অর্থনৈতিক পরিচয় কখনও বড় হয়ে ওঠেনি। জ্ঞান চর্চার পাশাপাশি আশেপাশের মানুষদের মানবতাবাদে দীক্ষিত করা ছিল তাঁর জীবনব্রত। এখন তাঁর অবসর কাটে সামাজিক আর ব্যক্তি মানুষের কল্যাণকর্মে। ধর্মীয় গোঁড়ামি কিংবা অন্ধ সংস্কারের কারণে সমাজে যখন অনাচার দেখা দেয় তখন রহিম সাহেব সর্বশক্তি দিয়ে তা প্রতিহত করার চেষ্টা করেন। তিনি তাঁর শিক্ষার্থীদের প্রায়ই চণ্ডীদাসের সেই অমর উচ্চারণ মনে করিয়ে দিতেন, "সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।"

ক. সকল দেবতার বিশ্ব দেউল কী? ১

খ. "ত্যজিল রাজ্য মানবের মহা বেদনার ডাক শুনি"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রহিম সাহেবের জীবনানুভূতির সাথে 'সাম্যবাদী' কবিতায় প্রতিফলিত কবির জীবনদর্শনের তুলনা কর। ৩

ঘ. "উদ্দীপকটি ভাবগত দিক থেকে 'সাম্যবাদী' কবিতাকে ধারণ করেছে।" — মন্তব্যটি বিচার কর। ৪

৭ ▸ প্রাচীনকালে কোনো এক রাজ্যে নাকি মানুষ গাছপালা কেটে উজাড় করে দিত। রাষ্ট্রের শীর্ষ পর্যায়ের নেতারা মানুষের এই ধরনের অবিবেচনা-প্রসূত নেতিবাচক কর্মকাণ্ডে উদ্বিগ্ন হয়ে পড়েন। সবুজ নিধনের এই ভয়ঙ্কর বাজে অভ্যাস বন্ধে তখন দেশে এক কঠোর আইন প্রণীত হয়। এই আইনে ব্যক্তিগত গাছসহ যেকোনো ধরনের গাছপালা কাটার উপর কড়া নিষেধাজ্ঞা আরোপ করা হয়। বর্তমান সময়ে পরিবেশ সুরক্ষার লক্ষ্যে সবুজ বৃক্ষরাজি সংরক্ষণের আন্দোলন বিশ্বব্যাপী ছড়িয়ে পড়েছে। কিন্তু, মানুষের গাছপালা নিধনের প্রবণতা এখনো রয়েছে গেছে।

ক. কবি আহসান হাবীব কত খ্রিষ্টাব্দে একুশে পদকে ভূষিত হন? ১

খ. 'সেই অস্ত্র' কবিতায় 'সভ্যতার সেই প্রতিশ্রুতি' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'সেই অস্ত্র' কবিতার কোন প্রসঙ্গটির সাদৃশ্য রয়েছে এবং কীভাবে? ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত 'কঠোর আইন'-এর উদ্দেশ্য ও 'সেই অস্ত্র' কবিতার কবির আকাঙ্ক্ষা অভিন্ন।" — বিশ্লেষণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▸ মাহাবুব সাহেব মধ্যপ্রাচ্যে গিয়ে অঢেল টাকা উপার্জন করেন। এলাকার রাস্তা, সেতু, মসজিদ, মন্দির নির্মাণে তার অকাতর দান রয়েছে। নিঃসন্তান মাহাবুবের পিতৃ-হৃদয়ের আস্বাদ পূরণে অনেকেই তাকে দ্বিতীয় বিয়ের পরামর্শ দেন। স্ত্রী শামিমাও এ প্রস্তাব সমর্থন করেন। মাহাবুব তার এক বোনের নবজাতককে নিজ সন্তান হিসেবে প্রতিপালন করে স্ত্রী শামিমার মাতৃ-হৃদয়ের অতৃপ্ত বাসনা পূরণ করেন।

ক. 'লালসালু' কোন ধরনের উপন্যাস? ১

খ. "কেবল ধীরে ধীরে কাঠের মত শক্ত হয়ে ওঠে তার মুখটা" — কার মুখ শক্ত হয়ে ওঠে এবং কেন? ২

গ. উদ্দীপকের মাহাবুবের সাথে 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারীর চরিত্রের তুলনা কর। ৩

ঘ. "উদ্দীপকে প্রতিফলিত ইতিবাচক জীবনচেতনা 'লালসালু' উপন্যাসে অনুপস্থিত।" — উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ মুরাদপুর একটি অবহেলিত গ্রাম। গ্রামটি যোগাযোগ ব্যবস্থায় যেমন পিছিয়ে তার চেয়ে বেশি শিক্ষায়। নারী শিক্ষায় পিছিয়ে থাকায় গ্রামে বাল্যবিবাহ নিত্যনৈমিত্তিক ব্যাপার। গ্রামের ছেলে মনির হোসেন এমএসসি পাস করে সরকারি চাকরির সুযোগ পেয়েও গ্রহণ করেননি। তিনি গ্রামে প্রতিষ্ঠা করেন একটি বালিকা বিদ্যালয়। এছাড়াও সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করে মেয়েদের কর্মমুখী শিক্ষায় উদ্বুদ্ধ করেন।

ক. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী? ১

খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি," — কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মুরাদপুর গ্রামের সমাজ বাস্তবতার সাথে 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামের সমাজ বাস্তবতার তুলনা কর। ৩

ঘ. "উদ্দীপকের মনির কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারলেও 'লালসালু' উপন্যাসের আক্কাস সফল হয়নি।" — আলোচনা কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▸ সিংহজানী পরগনার এক প্রতাপশালী জমিদারের নাম সিংহ নারায়ণ রায়। প্রজাবাৎসল্য তার চরিত্রের অন্যতম দিক। প্রজাদের সুখের জন্য তিনি দিঘি খনন, রাস্তাঘাট নির্মাণ, স্কুল, কলেজ, মাদ্রাসা প্রতিষ্ঠা, খাদ্যাভাব মোকাবেলায় খাদ্য মজুদসহ নানা রকম জনহিতকর কর্মকাণ্ড পরিচালনা করতেন। তার জমিদারির অন্যতম সদস্য ছিলেন একমাত্র ভগ্নিপতি সমর সমাদ্দার। তিনি তাকে অত্যন্ত স্নেহ করতেন এবং বিশ্বাস করতেন। এই বিশ্বাসের সুযোগে সমর সমাদ্দার আত্মস্বার্থ চরিতার্থে ব্যস্ত থাকত। তার কৃতকর্ম অনেকবার ধরা পড়লেও জমিদার ঔদার্যবশত তাকে ক্ষমা করে দিতেন। এক বছর খাজনা পরিশোধের জন্য সমরকে দায়িত্ব দিলে সে সমস্ত অর্থ নিয়ে আত্মগোপন করে। সূর্যাস্ত আইনে জমিদারির পতন ঘটে।

ক. উমিচাঁদ কোথা থেকে বাংলাদেশে এসেছে? ১

খ. "আমার শেষ যুদ্ধ পলাশিতেই।"— কেন? ২

গ. উদ্দীপকের সমর সমাদ্দার কীভাবে 'সিরাজউদ্দৌলা' নাটকের মিরজাফরের সাথে সাদৃশ্যপূর্ণ? ৩

ঘ. "উদ্দীপকের প্রজাবৎসল সিংহ নারায়ণ রায় যে কারণে জমিদারি হারিয়েছেন একই কারণে 'সিরাজউদ্দৌলা' নাটকে বাংলার স্বাধীনতা-সূর্য অস্ত যায়।"— উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে উক্তিটি যাচাই কর। ৪

১১ ▸ রফিক সাহেব নাম পরিচয়হীন এক অনাথ বালককে আশ্রয় দিয়েছিলেন বিশ বছর আগে। নাম রেখেছিলেন সজল। অকৃত্রিম ভালোবাসা ও আদর-যত্নে রফিক সাহেবের সন্তান হিসেবেই সে বড় হয়। কিন্তু, ন্যূনতম মানবিক মূল্যবোধের সৌরভ তার মধ্যে সৃষ্টি হয়নি। মনের দিক থেকে সে এতই কদর্য ও সংকীর্ণ যে, রফিক সাহেবের বিশাল সম্পত্তির মালিক হয়ে যেতে চায় সে। এলাকায় রফিক সাহেবের যশ-খ্যাতি ও সুনামের যারা প্রতিপক্ষ, তাদের দ্বারা সজল প্রতিনিয়ত প্ররোচিত হয়। সে তার আশ্রয়দাতার সম্পত্তি হস্তগত করার জন্য সুযোগ খোঁজে। একদিন সে অস্ত্রের মুখে সমস্ত সম্পত্তি তার নামে লিখে দিতে রফিক সাহেবকে বাধ্য করে এবং পরে তাঁকে নির্মমভাবে হত্যা করে।

ক. "চারদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র।" — উক্তিটি কার? ১

খ. "ভীরু প্রতারকের দল চিরকালই পালায়।"— এর তাৎপর্য বুঝিয়ে দাও। ২

গ. উদ্দীপকের সজলের আচরণ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সঙ্গে তুলনীয়? যুক্তি দেখাও। ৩

ঘ. "উদ্দীপকের রফিক সাহেব ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজের পরিণতি এক হলেও প্রেক্ষাপট ভিন্ন।" — আলোচনা কর। ৪

## ১২ ✓ যশোর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▸ সম্প্রতি চিতলমারি গ্রামের অনেক উন্নতি হয়েছে— পাকা রাস্তা, ঘরে ঘরে বিদ্যুৎ, ডিশ অ্যান্টেনা, মাঝে মাঝে দুই-চারটি পাকা বাড়িও চোখে পড়ে। কিন্তু কৃষিনির্ভর মানুষের ভাগ্যের তেমন পরিবর্তন হয়নি। আগে যারা খেয়ে পরে বছরে দুবিঘা জমি কিনত, এখন বছর শেষে শূন্য। ঐ গ্রামের করিম মাস্টার বললেন, "উন্নতি হবে কেমন করে, এখন তো সবাই সাহেব। আহার, বিশ্রাম, আড্ডা, ভ্রমণ আর হিংসা দলাদলি নিয়ে মানুষ এখন ব্যস্ত।"

ক. পূর্বে পল্লিবাসিনীগণ কী দিয়ে কাপড় কাচতেন? ১
খ. "—সভ্যতা বিস্তারের সঙ্গে সঙ্গে দেশি শিল্পসমূহ ক্রমশ বিলুপ্ত হইয়াছে" — কীভাবে? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের চিতলমারী গ্রাম 'চাষার দুক্ষু' রচনায় বর্ণিত কোন শহরের কথা স্মরণ করিয়ে দেয়? তুলনার যৌক্তিকতা তুলে ধর। ৩
ঘ. "করিম মাস্টারের বক্তব্যে বঙ্গদেশীয় চাষার চির দারিদ্র্যের কারণ নিহিত আছে"— উক্তিটি 'চাষার দুক্ষু' রচনা অনুসারে মূল্যায়ন কর। ৪

২ ▸ গৌরী ও সঞ্জয় অনেকদিন ধরে একই অফিসে চাকরি করছে কিন্তু সহকর্মীরা জানে না দুজনার অন্তরে গভীর ক্ষত। গৌরীকে নিজে পছন্দ করে বিয়ে করতে চেয়েছিল সঞ্জয়। বছর পাঁচেক আগে লোক খাওয়ানো নিয়ে বিয়ে ভেঙেছে তাদের। পিতৃহীন সঞ্জয় কাকার আশ্রয়ে মানুষ তাই তার দোষ জেনেও প্রতিবাদ করতে পারেনি। একদিন গৌরীর কাছে নিজের অসহায় অবস্থার কথা তুলে ধরে সঞ্জয়। বলে, তার জন্য সে সারা জীবন অপেক্ষা করবে। একটা দীর্ঘশ্বাস ফেলে গৌরী বলে, "কী দরকার, এই তো বেশ আছি!"

ক. কোন কথা স্মরণ করে অনুপমের মামা ও মা 'একযোগে বিস্তর হাসিলেন'? ১
খ. "মেয়ের চেয়ে মেয়ের বাপের খবরটাই তাহার কাছে গুরুতর।" — উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের সঞ্জয় 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? বুঝিয়ে দাও। ৩
ঘ. 'এই তো বেশ আছি!' গৌরীর এই উক্তিটিতে 'অপরিচিতা' গল্পের পরিণতি প্রতিফলিত হয়েছে। — উক্তিটি মূল্যায়ন কর। ৪

৩ ▸ মুক্তিযুদ্ধে চলাকালে একটি ছাত্রাবাস থেকে মিলিটারিরা সাজ্জাদকে তুলে নিয়ে যায়। অমানবিক নির্যাতন চালিয়ে তারা তার পিতার সন্ধান চায়। ক্ষত-বিক্ষত হয়েও সাজ্জাদ নীরব থাকে। মনে পড়ে বাবার শেষ উপদেশ, "জীবনের চেয়ে দেশ অনেক বড়।" নিজেকে একজন দেশপ্রেমী মুক্তিযোদ্ধার সন্তান মনে করায় তার বুক ফুলে ওঠে।

ক. "সেই চোখ ভরা ভয়, কেবল ভয়" — 'রেইনকোট' গল্পে কোন চোখের কথা বলা হয়েছে? ১
খ. "ড্রেসিং টেবিলের সামনে দাঁড়িয়ে নিজের নতুনরূপে সে ভ্যাবাচ্যাকা খায়।" — কে, কেন ভ্যাবাচ্যাকা খায়? ২
গ. উদ্দীপকের সাজ্জাদ 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়? তুলনার যৌক্তিকতা তুলে ধর। ৩
ঘ. সাজ্জাদের চেতনা 'রেইনকোট' গল্পের মূলভাবকে কতখানি ধারণ করে বলে তুমি মনে কর? তোমার মতের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৪ ▸ পিতার অভাবের সংসারে রেবেকা অতি কষ্টে মানুষ হয়েছে। জীবনে কত ছোটখাটো ইচ্ছাই তাকে নীরবে বিসর্জন দিতে হয়েছে! শিক্ষিত ও সুশ্রী হওয়া সত্ত্বেও বৈবাহিক জীবনে একটা ভালো সংসার জোটেনি। কিন্তু নিজের অবস্থাকে সে ভাগ্য হিসেবে মেনে নিয়েছে এবং গৃহশিক্ষক স্বামীর সামান্য আয়ে সুন্দরভাবে সংসার পরিচালনা করছে। মেনে নেওয়া এই জীবনে তার কোনো বিড়ম্বনা নেই।

ক. 'নেকলেস' গল্পের বাংলা অনুবাদক কে? ১
খ. স্ত্রীর প্রতি লোইসেলের ভালোবাসা ও কর্তব্যপরায়ণতার দুটি দৃষ্টান্ত দাও। ২
গ. রেবেকার সাথে 'নেকলেস' গল্পের মাতিলদার তুলনা কর। ৩
ঘ. " 'মেনে নেওয়া এই জীবনে তার কোনো বিড়ম্বনা নেই' — রেবেকার এই জীবন সত্যই 'নেকলেস' গল্পের মূলভাব।" — এই মতের পক্ষে তোমার বক্তব্য উপস্থাপন কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ মাদক গ্রহণের অপরাধ মাথায় নিয়ে পুলিশভ্যানে উঠে বসল সাজিদ। মা-বাবা, পাড়া-প্রতিবেশী কেউ কল্পনা করতে পারেনি এমন দৃশ্য তাদের দেখতে হবে। শুধু ভালো ছাত্র হিসেবে নয়, তার মতো সাহসী, প্রতিবাদী, পরোপকারী সর্বগুণের অধিকারী একটি ছেলেও খুঁজে পাবে না কেউ। বয়স্করা বলতেন, "আহা! এমন সোনার টুকরা যদি সবার ঘরে জন্মাত!" কান্নাজড়িত কণ্ঠে সাজিদের মা বলেন, "কিছুদিন ধরে অচেনা একটা ছেলে ওর সাথে দেখা করতে আসত। ভাবতে পারিনি এত বড় সর্বনাশ হবে আমার ছেলের।"

ক. 'আকাল' সুকান্ত ভট্টাচার্যের কী ধরনের রচনা? ১
খ. 'তবু আঠারোর শুনেছি জয়ধ্বনি'— সপ্রসঙ্গ পঙ্‌ক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'— উক্তিটি সাজিদের ক্ষেত্রে কীভাবে প্রযোজ্য? বুঝিয়ে দাও। ৩
ঘ. "আহা! এমন সোনার টুকরা যদি সবার ঘরে জন্মাত!" — 'আঠারো বছর বয়স' কবিতার শেষ পঙ্‌ক্তির আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৬ ▸ আগে কী সুন্দর দিন কাটাইতাম
গ্রামের নওজোয়ান হিন্দু-মুসলমান
মিলিয়া বাউলাগান ঘাটুগান গাইতাম॥
.............................................
করি ভাবনা সেদিন আর পাব না
ছিল বাসনা সুখী হইতাম
দিন হতে দিন আসে যে কঠিন
করিম দীনহীন কোন পথে যাইতাম॥

ক. 'অমোঘ' অর্থ কী? ১
খ. 'সেই অস্ত্র' কবিতার গঠনগত বিশেষত্ব তুলে ধর। ২
গ. উদ্দীপক ও 'সেই অস্ত্র' কবিতার বক্তব্যের সাদৃশ্য ও বৈসাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "ভালোবাসার রসে সিক্ত হয়ে সুখী হওয়ার পুরনো পথই যেন খুঁজেছেন উভয় কবি।" — এ বিষয়ে তোমার মতামত পেশ কর। ৪

৭ ▸ অকালে বাবাকে হারিয়ে আবিদের মন ভীষণ খারাপ। বন্ধু বাতেন এসে বলল, "তুমি তো ঘুরতে খুব পছন্দ কর, চলো নৌকায় কোথাও ঘুরে আসি। শরতের শুভ্র জ্যোৎস্নায় দু'ধারে কাশবন, মৃদু বাতাসে নৌকার দোলা— তোমার মন ভালো হয়ে যাবে।" জবাবে আবিদ বলল, "নির্মল জলে রুপালি চাঁদ কোনোকিছুতে আর মন নেই বন্ধু! আমার সব ভালো লাগা পৃথিবী থেকে বিদায় নিয়েছে।"

ক. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির নীরবতার কারণ কী? ১
খ. কবিতার কবির ব্যক্তিজীবন কীভাবে ধরা পড়েছে? ২
গ. উদ্দীপকের বাতেন 'তাহারেই পড়ে মনে' কবিতার কার কথা স্মরণ করিয়ে দেয়? উভয়ের ভূমিকার তুলনা কর। ৩
ঘ. "আবিদের জবাবে 'তাহারেই পড়ে মনে' কবিতার মূল বক্তব্যই প্রতিধ্বনিত হয়েছে" — উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▸ আগে এক গ্রাম্য মাতব্বরের শাসন ও শোষণে অতিষ্ঠ ছিল স্বরপুর গ্রামের মানুষ। এখন সেখানে এসে জুটেছে এক ভণ্ড চিকিৎসক। অলৌকিক তার চিকিৎসা পদ্ধতি। সে নিজেকে 'জিনের বাদশা' পরিচয় দেয়। বন্ধ্যাত্ব, পঙ্গুত্ব, ক্যান্সার প্রভৃতি রোগ নিয়ে লোকেরা তার কাছে আসে। মানুষের অসহায়ত্ব ও সরলতার সুযোগ নিয়ে সে বিপুল অর্থ হাতিয়ে নেয়। মাতব্বরের কাছে নালিশ করেও কোনো প্রতিকার মেলে না। কারণ, চোরে চোরে মাসতুত ভাই।

ক. কত বছর বয়সে আমেনা বিবির বিয়ে হয়েছিল? ১
খ. কোন ঘটনায় মজিদ 'বিস্ময়করভাবে নিঃসঙ্গ বোধ' করে? ২
গ. 'চোরে চোরে মাসতুত ভাই' কথাটি 'লালসালু' উপন্যাসের যে দিকটির ইঙ্গিত করে, তার পরিচয় দাও। ৩
ঘ. "উপায় ভিন্ন হলেও জিনের বাদশা ও উপন্যাসের মজিদের উদ্দেশ্য অভিন্ন" — উক্তিটি মূল্যায়ন কর। ৪

৯ ▸ সমমনা যুবকদের নিয়ে নিজ গ্রামের মানুষকে স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা পরিবেশ, ধর্মান্ধতার কুফল ইত্যাদি বিষয়ে সচেতন করার কাজ করে চলেছে শিক্ষিত যুবক বাজিত। বাজিতের কাজ-কর্মে খুশি নয় গ্রাম্য মাতব্বর চেরাগালি। গ্রামের মানুষ সচেতন হলে তার প্রভাব ক্ষুণ্ন হবে— এই তার ভয়। ওরা গান বাজনা করে, মেয়েলোকের সাথে আড্ডা দেয় ইত্যাদি অভিযোগ তুলে গোঁড়া সমর্থকদের সাথে নিয়ে সে বাজিতের ক্লাবে আগুন ধরিয়ে দেয়।

ক. মজিদ কেন হাসপাতালে গিয়েছিল? ১
খ. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বাজিত 'লালসালু' উপন্যাসের আক্কাসের সাথে কীভাবে তুলনীয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "বাজিত ও আক্কাস মূলত স্বার্থান্বেষী মহলের হিংসার শিকার" — কথাটি মূল্যায়ন কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▸ বিথী ও সাথী দুই বোন। দীর্ঘদিন বিদেশে থেকে বিথী যখন দেশে ফিরল তখন তার বাবার মৃত্যু হয়েছে। মৃত্যুর পূর্বে বৃদ্ধ তার সম্পত্তির কিছু অংশ সাথীকে দান করে যান। এই নিয়ে বিথী ভীষণ গোলযোগ সৃষ্টি করে। সে মনে করে বৃদ্ধ পিতাকে ভুলিয়ে সাথী সম্পত্তি আত্মসাৎ করেছে। সম্পত্তির জন্য সে ভয়ঙ্কর হয়ে ওঠে এবং সাথীর কলেজ পড়ুয়া ছেলের পিছনে সন্ত্রাসী লেলিয়ে দেয়।

ক. সিরাজের কোন সেনাপতি যুদ্ধে প্রথম মৃত্যুবরণ করে? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।" — উক্তিটি সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিথী ও 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘসেটি বেগম চরিত্রের তুলনা কর। ৩
ঘ. "বিথী ও সাথীর দ্বন্দ্ব নিতান্তই পাবিবারিক। পক্ষান্তরে ঘসেটি বেগম ও সিরাজের দ্বন্দ্ব অনেকটা রাজনৈতিক।"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

১১ ▸ মাত্র সতেরো জন সৈন্য নিয়ে বখতিয়ার খলজি সুদূর তুরস্ক থেকে এসে বাংলার সিংহাসন দখল করে নিয়েছিল। সামান্য কয়জন ছদ্মবেশী বণিক যুদ্ধে জয়লাভ করেছিল তাদের অসামান্য সাহস, শৃঙ্খলা ও চাতুর্য দিয়ে। পক্ষান্তরে লক্ষ্মণসেনের রাজপ্রাসাদ ছিল নানা বিশৃঙ্খলায় পরিপূর্ণ ও অরক্ষিত। তার বিশাল বাহিনী যুদ্ধ না করে পালিয়ে গেল। লক্ষ্মণসেনও রাজ্য ত্যাগ করতে বাধ্য হলেন। মূলত সেদিন যুদ্ধ হয়নি, হয়েছে যুদ্ধের তিক্ত অভিজ্ঞতা।

ক. ঐতিহাসিক পলাশি কোন নদীর তীরে অবস্থিত? ১
খ. ট্র্যাজেডি হিসেবে 'সিরাজউদ্দৌলা' নাটকের দুটি বৈশিষ্ট্য লেখ। ২
গ. উদ্দীপকের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘটনা কোন কোন ক্ষেত্রে তুলনীয়? ৩
ঘ. "মূলত সেদিন যুদ্ধ হয়নি, হয়েছে যুদ্ধের তিক্ত অভিজ্ঞতা।"— এই উক্তি 'সিরাজউদ্দৌলা' নাটকের ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য— কথাটির তাৎপর্য মূল্যায়ন কর। ৪

## ১৩ কুমিল্লা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▸ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▸ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের শিক্ষার্থী শ্রীযুক্তা। পড়ালেখা শেষ করতেই ২৭ বছর পেরিয়ে গেল। বিয়ের ব্যাপারে কয়েকবার সম্বন্ধ আসা এবং দেখাশুনা হলেও শেষ পর্যন্ত বিয়ে হয়নি। শ্রীযুক্তা আইন ও সালিশ কেন্দ্রে সমাজের অধিকারবঞ্চিত নারীদের আইনি সহায়তা দিচ্ছে। হঠাৎ একদিন শ্রীযুক্তার কাকা বিয়ের সম্বন্ধের কথা বললেন। তিনি বিনয়ের সাথে কাকাকে বললেন, "নারীর কল্যাণে আমি প্রতিজ্ঞাবদ্ধ।"

ক. অনুপমকে 'মাকাল ফলে'র সাথে তুলনা করে বিদ্রূপ করেছিল কে? ১
খ. বলিলেন, "সে কী কথা। লগ্ন" – কে কেন বলেছিল? প্রসঙ্গ উল্লেখ করে বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের শ্রীযুক্তার সাথে 'অপরিচিতা' গল্পের কল্যাণীর সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে শ্রীযুক্তার বলিষ্ঠ ব্যক্তিত্বের জাগরণ 'অপরিচিতা' গল্পের কল্যাণীর শুচিশুভ্র আত্মপ্রকাশ।" – মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▸ শহীদুল দশম শ্রেণির বিজ্ঞানের শিক্ষার্থী। বৃক্ষের অক্সিজেন প্রদান, প্রাণিকুলের খাদ্যের জোগান ইত্যাদি শহীদুলের মনে দাগ কাটে। শহীদুল প্রতিজ্ঞা করে চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করবে। উচ্চ মাধ্যমিক উত্তীর্ণের পর ঢাকা মেডিকেল কলেজ থেকে কৃতিত্বের সাথে চিকিৎসা শাস্ত্রে ডিগ্রি অর্জন করে শহীদুল চলে আসে নিজ গ্রামে। এলাকায় প্রতিষ্ঠা করে দাতব্য চিকিৎসালয়। শহরের চাকচিক্য ও উচ্চ রোজগারের পথ পরিহার করে নিজ এলাকার সাধারণ মানুষের স্বাস্থ্যসেবাকে শহীদুল জীবনের ব্রত হিসেবে গ্রহণ করে। অন্যদিকে তার বড় ভাই ডাক্তার মনিরুল চিকিৎসাকে ব্রত হিসেবে না নিয়ে ব্যবসায় হিসেবে গ্রহণ করে অঢেল সম্পদের মালিক হয়ে যায়।

ক. সাধনার ব্যাপারে বড় জিনিস কী? ১
খ. "মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়, আত্মিকও।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ডাক্তার মনিরুলের চেতনার সাথে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন দিকটি বৈসাদৃশ্যপূর্ণ– আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের শহীদুলের 'ব্রত' এবং 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের 'বৃক্ষের সাধনা' একই সূত্রে গাঁথা।" – তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৩ ▸ ছুটি রাণী বিধবা ও নিঃসন্তান। এ বিধবার নিকট-সম্পর্কের কেউ নেই। একদিন বাড়ির আঙিনার মন্দিরের পাশে বিশ উর্ধ্ব একটি মেয়েকে কাঁদতে দেখেন। সমস্ত ঘটনা শুনে মেয়েটিকে ঘরে নিয়ে আসেন। স্বামীর নির্দয়তায় ক্ষত-বিক্ষত মেয়েটিকে মায়ের স্নেহে আশ্রয় দেন। মেয়েটির শ্বশুরবাড়ির লোক সংবাদ পেয়ে মেয়েটিকে নিয়ে যেতে চান। মেয়েটি কোনোভাবেই ফিরে যেতে রাজি নয়। ছুটি রাণীও মেয়েটিকে যেতে দেননি। এজন্য ছুটি রাণীকে সামাজিক নেতিবাচকতার মুখোমুখি হতে হয়। ছুটি রাণী মেয়েটিকে তার স্থাবর-অস্থাবর সমস্ত ধন-সম্পত্তি উইল করে দেন।

ক. "খুনসুটি রাখো দিকি কৈলেশ তোমার।" – উক্তিটি কার? ১
খ. "অতি সন্তর্পণে তারা বিছানা ছেড়ে ওঠে।" – কাদের সম্পর্কে এবং কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকে উল্লেখিত মেয়েটি 'মাসি-পিসি' গল্পের 'আহ্লাদি'র সাথে কীভাবে সঙ্গতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের ছুটি রাণী এবং 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি একে অপরের পরিপূরক।" – বিশ্লেষণ কর। ৪

৪ ▸ আলম একজন সংগঠক। এলাকার ছেলেমেয়েদের নিয়ে তিনি 'কবি সুকান্ত পাঠাগার ও সংগীত বিদ্যালয়' নামে সংগঠন গড়ে তোলেন। তিনি মিথ্যাকে উড়িয়ে দিয়ে, সামাজিক প্রতিবন্ধকতাকে জয় করে সংগঠনের 'রজত জয়ন্তী'র আয়োজন করেছেন। তিনি দমে যাওয়ার মানুষ নন। তার সংগঠনের ছেলেমেয়েরা আজ গুণী শিক্ষাবিদ, সাংবাদিক, প্রশাসনের কর্মকর্তা, চিকিৎসাবিদ আরো কতো সফল মানুষ। তিনি আলোকিত মানুষ হিসেবে সকলের মন আনন্দে ভরিয়ে দিয়েছেন।

ক. 'আমার পথ' প্রবন্ধে 'আমার পথ' আমাকে কী দেখাবে? ১
খ. "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আলমের নেতৃত্বের স্বরূপ 'আমার পথ' প্রবন্ধে কীভাবে প্রতিফলিত হয়েছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. "মনুষ্যত্ব মানুষকে আলোর পথ দেখাতে পারে।" উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে উক্তির যথার্থতা বিচার কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ "আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে– এই বাংলায়
হয়তো মানুষ নয়– হয়তো বা শঙ্খচিল শালিকের বেশে
------------------------------------------------
আবার আসিব আমি বাংলার নদী মাঠ ক্ষেত ভালবেসে
জলাঙ্গীর ঢেউয়ে ভেজা বাংলার এ সবুজ করুণ ডাঙায়।
হয়তো দেখিবে চেয়ে সুদর্শন উড়িতেছে সন্ধ্যার বাতাসে।
হয়তো শুনিবে এক লক্ষ্মীপেঁচা ডাকিতেছে শিমুলের ডালে।"

ক. জলের দেবী কে? ১
খ. "সেখানে ভোরের মেঘে নাটার রঙের মতো জাগিছে অরুণ।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শেষ চার চরণের সাথে 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার কোন দিকটি সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত কবির এই বাংলায় ফিরে আসার যে আকুলতা তার যথার্থ উত্তর বিধৃত হয়েছে 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায়– মন্তব্যটির পক্ষে অথবা বিপক্ষে তোমার মতামত উপস্থাপন কর। ৪

৬ ▸ "গাহি সাম্যের গান–
মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান
নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্ম জাতি,
সব দেশে, সব কালে, ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি।"

ক. 'যুগাবতার' অর্থ কী? ১
খ. "এইখানে এসে লুটাইয়া পড়ে সকল রাজমুকুট।"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার কোন দিকটি তুলে ধরা হয়েছে? – ব্যাখ্যা কর। ৩
ঘ. "'সাম্যবাদী' কবিতার মূলভাবের সাথে উদ্দীপকে প্রকাশিত ভাব হৃদয়ে লালন করে আমরা সুখী-সমৃদ্ধ সম্প্রীতির সমাজ গড়তে পারব।" – তোমার মতামত তুলে ধর। ৪

৭ ▸ "বহুদিন পরে মনে পড়ে আজি পল্লীমায়ের কোল,
ঝাউশাখে সেথা বনলতা বাঁধি, হরষে খেয়েছি দোল,
কুলের কাঁটার আঘাত সহিয়া কাঁচাপাকা কুল খেয়ে,
অমৃতের স্বাদ যেন লভিয়াছি গাঁয়ের দুলালী মেয়ে।"

ক. 'পাথার' শব্দের অর্থ কী? ১
খ. "কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী।"– পঙ্‌ক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের ভাববস্তুর সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার ভাববস্তুর বৈসাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে 'তাহারেই পড়ে মনে' কবিতার মূল সুর প্রতিফলিত হয়েছে কি? তোমার মতামতা দাও। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▸ তুহিন বন্ধুদের নিয়ে মধুখালি নদীর তীরে বেড়াতে গেল। তাদের খেয়া নৌকার মাঝি 'হানিফ' নদীর লঞ্চ টার্মিনালের পাশে আস্তানা গেড়েছে। গত তিন দিন আগেও যেখানে মানুষের নিশানা ছিল না; সেখানে লাল কাপড়ের সীমানা। ইতোমধ্যে সেখানে অনেক লোক জড়ো হয়েছে এবং 'হানিফ'কে ঘিরে জিকির করছে। হানিফের মহিমা বর্ণিত হচ্ছে। মাটিতে বিছানো লাল কাপড়ে টাকা-পয়সার স্তূপ।

ক. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।" বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত ঘটনার সাথে 'লালসালু' উপন্যাসের কোন ঘটনা অনুরূপ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের 'হানিফ' এবং 'লালসালু' উপন্যাসের মজিদের আত্মপ্রতিষ্ঠা একই বৃত্তে আবদ্ধ।"– তোমার মতামত দিয়ে ব্যাখ্যা কর। ৪

৯ ▸ মহিম আলির সংসারের সকল দায়িত্ব তার স্ত্রী হনুফার। যৌথ পরিবারে গ্রামীণ সংসারের রান্নাবান্না থেকে শুরু করে ধান শুকানো, মাড়ানো, গৃহপালিত হাঁস-মুরগি, গরু-ছাগলের তদারকি সবই শক্ত হাতে সামলান। এমনকি আত্মীয়-স্বজনের সাথে যোগাযোগ, তাদের মান রক্ষা সবই হনুফার গুরুদায়িত্ব। এতে তার আন্তরিকতার কোনো ঘাটতি বা ক্লান্তি নেই। কিন্তু 'হনুফা'কে মাঝে মাঝে অসহায়ত্ব ও একাকিত্ব গ্রাস করে। মহিম আলি হনুফার একাকিত্ব অনুভব করে। কারণ তারা নিঃসন্তান।

ক. 'লালসালু' উপন্যাসের ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নাম কী? ১
খ. "দলির-দস্তাবেজ জাল হয়, কিন্তু খোদাতালার কালাম জাল হয় না।" – বুঝিয়ে লেখ। ২
গ. "উদ্দীপকের হনুফা 'লালসালু' উপন্যাসের রহিমার মতোই ঘরের খুঁটি।" – ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত হনুফা সন্তান বাসনায় অতৃপ্ত, কিন্তু 'লালসালু' উপন্যাসে বর্ণিত রহিমার মাতৃহৃদয় কিছুটা পরিপূর্ণ।" কীভাবে? ব্যাখ্যা কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▸ 'ছৈলারচর' বিষখালি নদীর মোহনায় জেগে ওঠা চর। পলিতে উর্বর চরের ভূমি। এলাকার বৈলাম মল্লিক চরের ভূমি দখলের লোভ সামলাতে পারল না। কিন্তু এলাকার সমাজসেবক জমিদারের বিরুদ্ধে লড়বে কে? বৈলাম গোপনে সখ্য করে জমিদারের দূর সম্পর্কের জ্ঞাতিভাই পিলু সিকদারের সাথে। তার সহায়তায় বৈলাম মল্লিক এবং তার চাটুকার বাহিনী চর দখল করে। এখন বৈলামের নতুন চরের দায়িত্ব নেওয়া ও নেতৃত্বের দাপট দেখানোর সময়। সে পিলু সিকদারের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিতি ছাড়া ছৈলারচরের দায়িত্ব গ্রহণে অনীহা দেখায়। এভাবে নদীর বুকে জেগে ওঠা নতুন চরটি জমিদারের নেতৃত্ব হারায়।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকে শেষ সংলাপ কার? ১
খ. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বৈলাম মল্লিকের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের 'মিরজাফর' চরিত্রের তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত ঘটনা 'সিরাজউদ্দৌলা' নাটকের করুণ পরিণতির আংশিক ছায়াচিত্র।" – মতামত বিশ্লেষণ কর। ৪

১১ ▸ শোনো, একদিন এই দেশটাতে
দানবেরা দেয় হানা
শকুনেরা মেলে ডানা
পুড়ে ছারখার মাঠের শস্য
মানুষের আস্তানা।

ক. নবাবের গোলন্দাজ বাহিনী কোন খাল পেরিয়ে ছুটে আসছে? ১
খ. "ফিরে এসেছি রাজধানীতে স্বাধীনতা বজায় রাখবার শেষ চেষ্টা করব বলে।" – উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'দানবেরা', 'শকুনেরা' 'সিরাজউদ্দৌলা' নাটকের কাদের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কতটুকু যোগসূত্র স্থাপন করেছে?" – বিশ্লেষণ কর। ৪

## ১৪ ✓ চট্টগ্রাম বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▸ আর্থিকভাবে সচ্ছল পরিবারের শিক্ষিত ছেলে কৌশিকের মা-বাবা তার মতামত না নিয়েই সুরবালার সঙ্গে বিয়ে ঠিক করে। সুরবালার বাবার অঢেল সম্পদ। গোপনে ঘটকের মধ্যস্থতায় এ বিয়েতে বরপক্ষকে নগদ টাকা, গাড়ি এবং ঢাকার অভিজাত এলাকায় একটি ফ্ল্যাট দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। যৌতুকের বিষয়টি জানতে পেরে কৌশিক ও সুরবালা বেঁকে বসে এবং সম্পূর্ণ যৌতুকবিহীনভাবে পরস্পর বিয়ে করার সিদ্ধান্ত নেয়।

ক. অনুপমের বাবার পেশা কী ছিল? ১
খ. "এই তো আমি জায়গা পাইয়াছি।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কৌশিকের সঙ্গে 'অপরিচিতা' গল্পের অনুপমের তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'অপরিচিতা' গল্পে বর্ণিত সামাজিক অসংগতি অনেকাংশেই প্রতিফলিত।" – যাচাই কর। ৪

২ ▸ মুক্তির মন্দির সোপানতলে
কত প্রাণ হলো বলিদান,
লেখা আছে অশ্রুজলে
কত বিপ্লবী বন্ধুর রক্তে রাঙা,
তাঁরা কি ফিরিবে আজ সুপ্রভাতে,
যত তরুণ অরুণ গেছে অস্তাচলে।

ক. বঙ্গবন্ধুকে ডাবের পানি খাইয়ে দিয়ে অনশন ভাঙান কে? ১
খ. "ভরসা হলো, আর দমাতে পারবে না।" – বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকটি 'বায়ান্নর দিনগুলো' রচনার সঙ্গে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ৩
ঘ. "উদ্দীপকের ভাবচেতনায় 'বায়ান্নর দিনগুলো' রচনার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মত্যাগের ছবিই প্রমূর্ত হয়ে উঠেছে।" – বিশ্লেষণ কর। ৪

৩ ▸ কোথা হতে কোন পথে কেমন করে মুক্তিফৌজ আসে, আক্রমণ করে এবং প্রতিআক্রমণ করলে কোথায় হাওয়া হয়ে যায়, খানসেনারা তার রহস্য ভেদ করতে পারে না। কখনও কখনও খতরনাক অবস্থার মধ্যে পড়তে হয়। হাটবাজারের লোকজন, মিল ফ্যাক্টরির শ্রমিক, দোকানদার, স্কুলমাস্টার, ছাত্র সকলকে কাতারবন্দি করে বন্দুকে নল উঁচিয়ে জিজ্ঞাসাবাদ করছে, 'মুক্তি কিধার হ্যায় বোলো।' এক উত্তর, ওরা জানে না।

ক. "উও আপ হি কহ সাকতা।" – উক্তিটি কার? ১
খ. "টুপির তেজ কি পানিতেও লাগল নাকি?" – বিশ্লেষণ কর। ২
গ. "এদিকে নাকি নৌকা করে চলে আসে স্টেনগানওয়ালা ছোকরার দল।" – 'রেইনকোট' গল্পের এই প্রসঙ্গটি উদ্দীপকের বিষয়ের সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'রেইনকোট' গল্প উভয় ক্ষেত্রেই গেরিলাযুদ্ধের গৌরবগাঁথা বর্ণিত হয়েছে।" – যথার্থতা যাচাই কর। ৪

৪ ▸ ফরিদপুর জেলার ঘরে ঘরে তৈরি হচ্ছে নকশিকাঁথা। কাঁথা সেলাই করে অনেকেই সচ্ছলতার মুখ দেখেছে। নারীরা শহরের বিভিন্ন স্থানে স্ব-উদ্যোগে নকশিকাঁথার দোকান পরিচালনা করে স্বাবলম্বী হয়ে উঠেছে। শহরের অলিগলিতে আজ চোখে পড়ে অসংখ্য হস্তশিল্পের দোকান। দোকানের পণ্যগুলো দেশের বাজার ছাড়িয়ে বিদেশের বাজারেও স্থান করে নিচ্ছে। তাই এখন এ জেলার স্লোগান হচ্ছে :
"ফরিদপুরের নকশিকাঁথা, বাংলাদেশের গর্বগাঁথা।"

ক. কৃষকপত্নী কিসের বিনিময়ে কন্যা বিক্রয় করত? ১
খ. "শিরে দিয়ে বাঁকা তাজ
ঢেকে রাখে টাক।" – বিশ্লেষণ কর। ২
গ. উদ্দীপকের বিষয়বস্তুর সঙ্গে 'চাষার দুক্ষু' প্রবন্ধের বিষয়বস্তুর বৈসাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. " 'চাষার দুক্ষু' প্রবন্ধে লেখিকা যে আশাবাদ ব্যক্ত করেছেন উদ্দীপকে তার সার্থক প্রতিফলন ঘটেছে।"– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▸ আরিফ ও সোহেলের জন্ম ও বেড়ে ওঠা মাহমুদপুর গ্রামে। পার্শ্ববর্তী কাশিপুর গ্রামের মানুষের সাথে মাহমুদপুরবাসীদের দ্বন্দ্ব চিরকালের। কাশিপুরের এক মেয়ের সঙ্গে সোহেলের হৃদয় দেওয়া-নেওয়া। ধানকাটাকে কেন্দ্র করে উভয় গ্রামবাসীর মধ্যে মারামারি লাগার উপক্রম হলে আরিফ গ্রামের সকলকে ডেকে আনা, লাঠিসোটা যোগাড় করা, জীবনের তোয়াক্কা না করে গ্রামের ইজ্জত রক্ষায় যখন কাশিপুরবাসীদের প্রতিহত করার পরিকল্পনা করে তখন শুধুই প্রেমের টানে পরিবার, সমাজ ও এলাকার স্বার্থ জলাঞ্জলি দিয়ে সোহেল কাশিপুরবাসীদের কাছে মাহমুদপুর গ্রামের সকল প্রস্তুতি ও কৌশলের কথা ফাঁস করে দেয়।

ক. রাবণের মধ্যম সহোদর কে? ১
খ. "তব বাক্যে ইচ্ছি মরিবারে!" – বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকে বর্ণিত সোহেলের সঙ্গে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের মিল পাওয়া যায়? কীভাবে? ৩
ঘ. "উদ্দীপকের আরিফের মধ্যে এলাকার জন্য যে মমত্ববোধ প্রকাশ পেয়েছে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় তা ব্যাপকতা লাভ করেছে।" – বিচার কর। ৪

৬ ▸ সব লোকে কয় লালন কী জাত সংসারে?
লালন কয়, জাতে কী রূপ, দেখলাম না এ নজরে।
কেউ মালা কেউ তসবি গলায়, তাইতে কি জাত ভিন্ন বলায়,
যাওয়া কিংবা আসার বেলায়, জাতের চিহ্ন রয় কার রে।

ক. মুসলমান, খ্রিস্টান ও ইহুদি সকলের জন্য পুণ্যস্থান কী? ১
খ. "এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই" – বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত 'মালা' ও 'তসবি' 'সাম্যবাদী' কবিতার কোন বিষয়গুলোর কথা স্মরণ করিয়ে দেয়? আলোচনা কর। ৩
ঘ. "অসাম্প্রদায়িক চেতনার প্রেক্ষাপটে উদ্দীপক ও 'সাম্যবাদী' কবিতা অভিন্ন" – মন্তব্যটির সার্থকতা বিচার কর। ৪

৭ ▸ সকল মহামানবই চেয়েছেন হিংসা-দ্বেষ ও হানাহানিমুক্ত একটি বাসযোগ্য নির্মল পৃথিবী। হিংসা আর স্বার্থপরতার বিষবাষ্পে ছেয়ে গেছে বর্তমান বিশ্ব। ভালোবাসাহীন, স্বার্থান্ধ ও মানবিকতাশূন্য এমন পৃথিবীর কথা মহামানবেরা চিন্তাও করেননি। সর্বত্র বিরাজমান সকল অশুভ শক্তির শিকড়কে উপড়ে ফেলে ভালোবাসা ও মানবিকতার ছায়া ছড়িয়ে দিতে পারলেই বাসযোগ্য একটি নির্মল পৃথিবীর স্বপ্ন বাস্তবায়ন সম্ভব।

ক. 'সেই অস্ত্র' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. "নক্ষত্রখচিত আকাশ থেকে আগুন ঝরবে না।" – বিষয়টি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের মহামানবদের চাওয়ার সাথে 'সেই অস্ত্র' কবিতার কবির চাওয়ার সাদৃশ্য তুলে ধরো। ৩
ঘ. "উদ্দীপকের মূলভাব 'সেই অস্ত্র' কবিতার মূলভাবকে অনেকাংশেই ধারণ করতে পেরেছে।" – মন্তব্যটির যথার্থ নিরূপণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▸ নদীভাঙনে সর্বস্বান্ত হতে বসেছে শ্যামলছায়া গ্রামে খেটে খাওয়া মানুষেরা। জীবিকা নির্বাহের আশায় তাদের অনেকেই ছুটছে দূর-দূরান্তে। অনিশ্চিত ভবিষ্যৎ জেনেও তারা ভাগ্য পরিবর্তনের স্বপ্নে বিভোর। ভাগ্য-বিড়ম্বিত এমনই এক যুবক শফিকের ঠাঁই হয় শহরের বস্তিতে। রিকশা চালানো দিয়ে জীবিকা শুরু করলেও অবৈধ ব্যবসার সঙ্গে যুক্ত হয়ে প্রভাব প্রতিপত্তিসহ এখন সে অভিজাত এলাকার বাসিন্দা।

ক. 'বেচাইন' শব্দটির অর্থ কী? ১
খ. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত অসহায় মানুষদের জীবনাচরণের সঙ্গে 'লালসালু' উপন্যাসের কোন বিষয়ের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের শফিক এবং 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়ের মধ্যেই অস্তিত্ববাদী চেতনা প্রতিফলিত।" – তোমার মতামত দাও। ৪

৯ ▸ বাংলাদেশের একটি ছোট্ট জনপদ বসন্তপুর। সভ্য জীবনের কোনো ছোঁয়া এখানে নেই। অসুখে-বিসুখে আবুল মিয়ার স্বপ্নে পাওয়া তাবিজ, ঝাড়ফুঁক, পানিপড়াই তাদের একমাত্র ভরসা। এ গ্রামের মেয়ে হনুফা নিরক্ষর হলেও তার কথাবার্তা ও চিন্তাচেতনায় বুদ্ধিমত্তার ছাপ স্পষ্ট। আবুল মিয়ার স্বপ্নে পাওয়া কেরামতিতে সে আদৌ বিশ্বাস করে না। গ্রামবাসীদের সে আবুল মিয়ার ভণ্ডামি সম্পর্কে সচেতন করে এবং যে কোনো অসুস্থতায় আবুল মিয়ার কাছে না গিয়ে শত কষ্ট হলেও ডাক্তারের কাছে যাওয়ার পরামর্শ দেয়।

ক. আক্কাসের বাবার নাম কী? ১
খ. "যেন বিশাল সূর্যোদয় হয়েছে, আর সে আলোয় প্রদীপের আলো নিশ্চিহ্ন হয়ে গেছে।" – বিষয়টি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের বসন্তপুর গ্রামের মানুষের চেতনার সঙ্গে 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামের মানুষের চেতনার সাদৃশ্য দেখাও। ৩
ঘ. "উদ্দীপকের হনুফা আর 'লালসালু' উপন্যাসের জমিলা একে অপরের পরিপূরক।" – মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▸ মহাকবি বাল্মীকির 'রামায়ণ' এক অর্থে আর্য ও অনার্য সংস্কৃতির প্রতিভূ। রামায়ণের কাহিনিকে নব আঙ্গিকে ঢেলে সাজান মাইকেল মধুসূদন দত্ত। মেঘনাদ চরিত্রটি তাঁর এক অসাধারণ সৃষ্টি। সীমাহীন দেশপ্রেম ও অসাধারণ বীরত্ব সত্ত্বেও গৃহশত্রু বিভীষণের কারণে তাকে করুণ পরিণতি বরণ করতে হয়। মেঘনাদের পরাজয়ের মধ্য দিয়ে রাম-রাবণ যুদ্ধে বিজয় সূচিত হয় আর্য শক্তির।

ক. "আমাদের কারও অদৃষ্ট মেঘমুক্ত থাকবে না শেঠজি।" – উক্তিটি কার? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়।" – বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মেঘনাদ এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ চরিত্র দেশপ্রেমের এক অনুপম প্রতীক।" – বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'বিসর্জন' নাটকে সন্তানতুল্য ছাগশিশুকে দেবীর মন্দিরে বলি দেওয়ার কারণে শোকার্ত ভিখারি অপর্ণা। সে রাজা গোবিন্দ মাণিক্যের কাছে বিচারপ্রার্থী হয়। সন্তানহারা ভিখারির দুঃখ রাজচিত্তকে আহত করে। রাজা রাজ্যে পশুবলি নিষিদ্ধ ঘোষণা করেন কিন্তু তাঁর এ আদেশ মেনে নিতে পারে না রাজ-পুরোহিত রঘুপতি। তিনি রাজার অনুজ নক্ষত্র রায়কে রাজ্যলোভে বশ করে রাজাকে হত্যা করতে রাজি করান।

ক. নবাব সিরাজউদ্দৌলা কোথায় বন্দি হন? ১
খ. "ভীরু প্রতারকের দল চিরকালই পালায়।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের নক্ষত্র রায়ের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘসেটি বেগমের সাদৃশ্য দেখাও। ৩
ঘ. "উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের বিষয়বস্তুর আংশিক প্রতিফলন ঘটেছে।" – তোমার মতামত দাও। ৪

## ১৫ ✓ সিলেট বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▸ দশম শ্রেণির ছাত্রী আসমা এক দরিদ্র পিতার সন্তান। গ্রামের প্রভাবশালী ব্যক্তি গওহর মণ্ডল জোরপূর্বক আসমাকে পুত্রবধূ বানাতে চায়। হুমকি দেয় তুলে নিয়ে যাওয়ার। এই পরিস্থিতিতে আসমার বান্ধবীরা পাশে এসে দাঁড়ায়। মণ্ডলের বখাটে ছেলের হাতে পড়ে মেধাবী ছাত্রী আসমার লেখাপড়া ধ্বংস হোক তারা তা চায় না। বান্ধবীরা বিষয়টি স্থানীয় সাংবাদিক ও কয়েকজন গণ্যমান্য ব্যক্তিকে জানায়। তারা দলবেঁধে স্কুলে যায় এবং পালা করে আসমার বাড়ি পাহারা দেয়। এতে দমে যায় গওহর মণ্ডল। জয় হয় সম্মিলিত প্রতিরোধের।

ক. 'সালতি' কী? ১
খ. 'বুড়ো রহমান ছলছল চোখে তাকায় আহ্লাদির দিকে।' — কেন? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের গওহর মণ্ডল 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? তোমার মতের পক্ষে যুক্তি দেখাও। ৩
ঘ. " 'জয় হয় সম্মিলিত প্রতিরোধের' — একথা 'মাসি-পিসি' গল্পের ক্ষেত্রেও সমভাবে প্রয়োজ্য।" — উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

২ ▸ হয়তো কিছুই নাহি পাব
তবুও তোমায় আমি দূর হতে ভালোবেসে যাব।।
যদি ওগো কাঁদে মোর ভীরু ভালোবাসা,
জানি তুমি বুঝিবে না তবু তারি ভাষা,
তোমারি জীবনে কাঁটা আমি, কেন মিছে ভাব।।

ক. 'অপরিচিতা' গল্পটি প্রথম কোথায় প্রকাশিত হয়? ১
খ. 'তারপর বুঝিলাম, মাতৃভূমি আছে।' — বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের কথকের মনের ভাব 'অপরিচিতা' গল্পের অনুপমের মনোভাবের সাথে কতটুকু সম্পর্কিত? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে 'অপরিচিতা' গল্পের আংশিক ভাব প্রতিফলিত হয়েছে — বিশ্লেষণ কর। ৪

৩ ▸ রাষ্ট্রভাষা বাংলা চাই এই দাবিতে ধর্মঘট
বরকত সালামের খুনে লাল ঢাকা রাজপথ।।
স্মৃতিসৌধ ভাঙিয়াছ জেগেছে পাষাণের প্রাণ
মোরা কি ভুলিতে পারি খুনে রাঙা জয় নিশান।।

ক. 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধে ডেপুটি জেলারের নাম কী? ১
খ. "বাবার কালের জীবনটা যেন রাস্তায় না যায়।" — বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের 'রাষ্ট্রভাষা বাংলা চাই এই দাবিতে ধর্মঘট' উক্তিটির আলোকে 'বায়ান্নর দিনগুলো' রচনার সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার আলোকে 'বায়ান্নর দিনগুলো' রচনার মূলভাব বিশ্লেষণ কর। ৪

৪ ▸ হয়তোবা ইতিহাসে তোমাদের নাম লেখা রবে না
বড় বড় লোকেদের ভিড়ে– জ্ঞানী আর গুণীদের আসরে
তোমাদের কথা কেউ কবে না তবু এই বিজয়ী বীর মুক্তিসেনা
তোমাদের এই ঋণ কোনো দিন শোধ হবে না।

ক. 'রেইনকোট' গল্পে পিয়নের নাম কী? ১
খ. 'ক্র্যাক ডাউনের রাত' বলতে কী বুঝায়? ২
গ. "উদ্দীপকের মুক্তিসেনা যেন 'রেইনকোট' গল্পের মিন্টুকে মনে করিয়ে দেয়" — বর্ণনা কর। ৩
ঘ. " 'রেইনকোট' গল্পের মূলভাব উদ্দীপকে প্রতিফলিত হয়েছে।" — মন্তব্যটি যাচাই কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▸ এই পদ্মা এই মেঘনা, এই হাজার নদীর অববাহিকায়
এখানে রমণীগুলো নদীর মত, নদী ও নারীর মত কথা কয়।।
এই অবারিত সবুজের প্রান্ত ছুঁয়ে
নির্ভয়ে নীলাকাশ রয়েছে নুয়ে
যেন হৃদয়ের ভালবাসা হৃদয়ে ফোটে
আনন্দ বেদনায় মিলন বিরহ সংকটে।।

ক. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. "মুগ্ধ মরণ বাঁকে বাঁকে"— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকে 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার কোন দিকটি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি সমগ্র কবিতার মূলভাব ধারণ করেনি— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▸ আজ তুমি নেই সাথে ভুলে থাকা ছলনাতে
মনে মনে ভাবি শুধু তোমারি কথা।
পাওয়া না পাওয়ার মাঝে অচেনার সুর বাজে,
সুরভিত বিরহের মরম ব্যথা।

ক. কবি সুফিয়া কামাল কত সালে মৃত্যুবরণ করেন? ১
খ. "কোথা তব নব পুষ্প সাজ?" — উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার আংশিক প্রতিফলন ঘটেছে — মন্তব্যটি বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের কথকের হৃদয় বেদনা যেন 'তাহারেই পড়ে মনে' কবিতার মূল সুর — যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৭ ▸ নাইকো এখানে কালা ও ধলার আলাদা গির্জা-ঘর,
নাইকো পাইক-বরকন্দাজ নাই পুলিশের ডর।
এই সেই স্বর্গ, এই সেই বেহেশ্ত, এখানে বিভেদ নাই,
যত হাতাহাতি হাতে হাত রেখে মিলিয়াছে ভাই ভাই!
নাইকো এখানে ধর্মের ভেদ শাস্ত্রের কোলাহল,
পাদরি-পুরুত-মোল্লা-ভিক্ষু এক গ্লাসে খায় জল।

ক. দেউল শব্দের অর্থ কী? ১
খ. "দোকানে কেন এ দর কষাকষি? পথে ফোটে তাজা ফুল।" — পঙ্ক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার যে দিকটি প্রতিফলিত হয়েছে, তার পরিচয় দাও। ৩
ঘ. "পাদরি-পুরুত-মোল্লা-ভিক্ষু এক গ্লাসে খায় জল।" — এই উক্তির আলোকে 'সাম্যবাদী' কবিতার নামকরণের সার্থকতা বিচার কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▸ জান না কি তুমি, রে বেঈমান
আল্লা সর্বশক্তিমান
দেখিছেন তোর সবকিছু?
জাব্বা জোব্বা দিয়ে ধোঁকা
দিবি আল্লারে, ওরে বোকা
কেয়ামতে হবে মাথা নীচু।

ক. কে জমিলাকে প্রথম মজিদকে দেখায়? ১
খ. "গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ।" — বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের বেঈমান 'লালসালু'র কোন চরিত্রটিকে ইঙ্গিত করে। — ব্যাখ্যা কর। ৩
ঘ. 'লালসালু'র কোন দিকটি উদ্দীপকের সাথে সম্পর্কযুক্ত — বিশ্লেষণ কর। ৪

৯ ▸ দিনাজপুর মেডিকেল কলেজ থেকে ডাক্তারি বিদ্যা অর্জন করে জনাব মোশারফের ছেলে বাপ্পী বিনয়পুর গ্রামে একটি হাসপাতাল স্থাপনের উদ্যোগ নেয়। কিন্তু অশিক্ষিত গ্রামবাসী এর প্রতিবাদ জানায়। গ্রামবাসী মনে করে হাসপাতাল তৈরি হলে কাটাছেঁড়া করতে গিয়ে ডাক্তাররা মানুষ মেরে ফেলবে। তাদের কাছে ডাক্তার মানেই কসাই। তার চেয়ে গ্রামের কবিরাজ, ফকির-বৈদ্য, ঝাড়ফুঁকই তাদের জন্য মঙ্গল। কসাই ডাক্তারখানার দরকার নেই।

ক. আক্কাসের বাবার নাম কী? ১
খ. 'দুনিয়াটা বড় বিচিত্র জায়গা' — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের সাদৃশ্য আছে কি? বর্ণনা কর। ৩
ঘ. 'লালসালু'র আক্কাস ও উদ্দীপকের বাপ্পীর মানসিকতা মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▸ কেউ তো জানে না প্রাণের আকুতি বারেবারে সে কী চায়
স্বার্থের টানে প্রিয়জন কেন দূরে সরে চলে যায়
ধরণির বুকে পাশাপাশি তবু কেউ বুঝি কারো নয়।।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অঙ্কের দৃশ্য সংখ্যা কত? ১
খ. "আসামির সে অধিকার থাকে নাকি?" — কে, কাকে, কখন বলেছিল? বর্ণনা কর। ২
গ. "উদ্দীপকের দ্বিতীয় লাইনটি যেন 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘসেটি বেগমকে ইঙ্গিত করছে।" — মন্তব্যটি বুঝিয়ে লেখ। ৩
ঘ. উদ্দীপকের আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘৃণিত ও নিন্দিত অধ্যায়টি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ জবেদা খাতুনের খুব কাছের লোক ছিল মোখলেছার রহমান। জবেদা খাতুন বিশ্বাস করে তার জমিজমা দেখাশুনার ভার দেন মোখলেছার রহমানকে। কিন্তু একদিন জবেদা খাতুন দেখেন তার সম্পত্তি মোখলেছার রহমানের নামে হয়ে আছে। তিনি ভাবলেন এতদিন ভুল মানুষকে বিশ্বাস করেছেন। বিশ্বাস করা ভালো কিন্তু অন্ধবিশ্বাস কখনো কখনো মানুষকে পথে বসিয়ে দেয়।

ক. সিরাজউদ্দৌলার স্ত্রীর নাম কী? ১
খ. "রজার ড্রেক প্রাণভয়ে কুকুরের মতো ল্যাজ গুটিয়ে পালিয়েছে" — ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মোখলেছার যেন 'সিরাজউদ্দৌলা' নাটকের মিরজাফরকে ইঙ্গিত করে। — ব্যাখ্যা কর। ৩
ঘ. "বিশ্বাস করা ভালো কিন্তু অন্ধবিশ্বাস মানুষকে কখনো কখনো পথে বসিয়ে দেয়।" — সিরাজউদ্দৌলা নাটকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ১৬ বরিশাল বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▶ আব্দাল মিয়া একজন কুমোর। সাত পুরুষ ধরে তার পরিবারের সবাই এই পেশায় জড়িত। কিন্তু সময়ের পরিবর্তনের সাথে সাথে মাটির তৈজসপত্রের চাহিদা কমে যাওয়ায় তার আর্থিক অবস্থা আর আগের মতো নেই। তবে সে ভেঙ্গে পড়েনি। পরিবারের সকলের সহযোগিতা ও কর্মমুখী শিক্ষা গ্রহণ করে অন্য পেশায় নিয়োজিত হয়ে সে অনেকটা আত্মনির্ভরশীল। পাশাপাশি সে সাত পুরুষের পেশাও ছাড়েনি। সময় পেলেই সে মাটির শৌখিন জিনিসপত্র তৈরি করে বিক্রি করে।

ক. "ধান্য তার বসুন্ধরা যার।"— উক্তিটি কে করেছিলেন? ১

খ. 'ধান ভানিতে শিবের গান'— কথাটি কেন বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'সময়ের পরিবর্তন' কথাটির সাথে 'চাষার দুক্ষু' প্রবন্ধের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকের আব্দাল মিয়ার আত্মনির্ভরশীল হওয়ার কারণ হিসেবে 'চাষার দুক্ষু' প্রবন্ধে যে বিষয়টির প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে তা আলোচনা কর। ৪

২ ▶ মীনার বাবা হঠাৎ মারা যাওয়ায় তার মা রানু তাকে নিয়ে অসহায় হয়ে পড়ে। সে তার স্বামীর রেখে যাওয়া সামান্য কৃষিজমিতে উৎপন্ন ফসল বিক্রি করে যা আয় করে তাতে মীনার লেখাপড়ার খরচ চালাতে পারে না। তাই অন্যের বাড়িতে ধানভানা, মাড়াই দেওয়া ও গৃহপরিচারিকার কাজ করে মীনার লেখাপড়া ও সংসারের খরচ চালিয়ে যাচ্ছিল। কিন্তু হঠাৎ বাধা হয়ে দাঁড়াল মীনার বয়স। ষোড়শী মীনাকে গ্রাম্য মোড়লের কুদৃষ্টি থেকে রক্ষার জন্য সে তাকে বিয়ে দিল। কিন্তু অর্থলোভী ও স্বার্থান্ধ পরিবারে মীনার ঠাঁই হলো না। সে মায়ের কাছে চলে আসল। শুরু হলো মা-মেয়ের নতুন করে বেঁচে থাকার লড়াই।

ক. 'পাতাশূন্য শুকনো গাছটায়' কারা বসেছে? ১

খ. "ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়," — এখানে 'পাষাণ' কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সমাজচিত্রের সাথে 'মাসি-পিসি' গল্পের সমাজচিত্রের সাদৃশ্য কতটুকু? আলোচনা কর। ৩

ঘ. 'বেঁচে থাকার লড়াই' — কথাটি উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের আঙ্গিকে ব্যাখ্যা কর। ৪

৩ ▶ রবিন মফস্বলের একটি কলেজে উচ্চ মাধ্যমিক শ্রেণির ছাত্র। সে তার প্রিয় কবি কাজী নজরুল ইসলামের 'সংকল্প' কবিতার "দেখবো এবার জগৎটাকে" চরণটির প্রতি অনুরক্ত। তাই উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাস করে সে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিভাগে ভর্তি হয়। প্রিয় কবির জগৎটাকে দেখার ইচ্ছায় সে প্রায়ই দেশের বিভিন্ন ঐতিহাসিক স্থান ও প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলো দেখতে যায়। এতে জ্ঞানপিপাসু মনে জ্ঞানের পরিধি বৃদ্ধির পাশাপাশি ঐতিহাসিক তত্ত্ব সম্পর্কেও জানতে পারে।

ক. 'কোহিনুর' দেখতে সকলে কোথায় ভিড় করে? ১

খ. বাংলাদেশ জাতীয় জাদুঘরে কখন ও কীভাবে গড়ে ওঠে? ২

গ. উদ্দীপকের বিষয়বস্তু ও 'জাদুঘরে কেন যাব' রচনার বিষয়বস্তুর মধ্যে ভাবগত পার্থক্য কতটুকু? বিশ্লেষণ কর। ৩

ঘ. "মানব জাতির আত্মপরিচয় তুলে ধরায় জাদুঘরের ভূমিকা অনস্বীকার্য।" — বক্তব্যটি কি সমর্থনযোগ্য? উদ্দীপক ও 'জাদুঘরে কেন যাব' রচনার আলোকে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ "ধাঁ করে একটি ট্রাক যাচ্ছে ছুটে, আরোহী ক'জন
চোখ বাঁধা, হাত বাঁধা আবছা মানুষ
পাশে রাইফেলধারী পাঞ্জাবি সৈনিক।
ছাত্র নই, মুক্তি সেনা নই কোনও, তবু
হঠাৎ হ্যান্ডস আপ বলে
স্টেনগান হাতে আর প্রশ্ন দেয় ছুড়ে ঘাড় ধরে—
বাঙালিহো তুম"?

ক. মিলিটারি পাণ্ডা কোথায় বসেছিল? ১

খ. নুরুল হুদার কাছে কোন বিষয়টিকে 'স্রেফ উৎপাত' বলে মনে হয়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'চোখ বাঁধা, হাত বাঁধা আবছা মানুষ' বলতে 'রেইনকোট' গল্পে কাদের কথা বুঝানো হয়েছে? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে মিলিটারিদের বর্বরোচিত হত্যাযজ্ঞের ছবি যেন 'রেইনকোট' গল্পের প্রতিচ্ছবি। — ব্যাখ্যা কর। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ আবির হোসেন একজন শিক্ষক। তিনি তার শিক্ষার্থীদের পাঠদানের পাশাপাশি সব সময় সৎ, শুভ ও সুন্দরের পথে চলার উপদেশ দিতেন। জাতি-ধর্ম-বর্ণ-গোষ্ঠীর ঊর্ধ্বে আমরা যে সবাই মানুষ, সেই মানুষের কথা বলতেন, মনুষ্যত্বের কথা বলতেন। তিনি আরও বলতেন, আমি একজন মুসলমান হয়ে শুধু মুসলমান শিক্ষার্থীকে পড়াতে আসিনি। আমি এসেছি সবার শিক্ষক অর্থাৎ মানুষ গড়ার কারিগর হিসেবে।

ক. ঈসা মুসা কোথায় বসে সত্যের পরিচয় পেলেন? ১

খ. "কিন্তু কেন এ পণ্ডশ্রম মগজে হানিছ শূল? — এখানে 'পণ্ডশ্রম' কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের "আবির হোসেনের দৃষ্টিভঙ্গি এবং 'সাম্যবাদী' কবিতায় কবির দৃষ্টিভঙ্গি একই সূত্রে গাঁথা"। — ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ "দেশবন্ধু আসিয়াছে ক্ষুরধার পদ্মায় এবার,
কালীদহে ক্লান্ত গাঙশালিখের ভিড়ে যেন
আসিয়াছে ঝড়,
আসিয়াছে চণ্ডীদাস—
রামপ্রসাদের শ্যামা সাথে সাথে তার;
শঙ্খমালা, চন্দ্রমালা; মৃত শত কিশোরীর
কঙ্কনের স্বর।

ক. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় যে কোনো দুইটি গাছের নাম লেখ। ১

খ. 'বিশালাক্ষী দিয়েছিল বর,' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের 'দেশবন্ধু' শব্দটি দ্বারা 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার কবির মনোভাবে কোন দিকটির প্রতি ইঙ্গিত দেওয়া হয়েছে? বুঝিয়ে লেখ। ৩

ঘ. 'রূপকথা ও চিত্রকল্পের' ব্যবহারে উদ্দীপকের সাথে 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার সাদৃশ্য বিচার কর। ৪

৭ ▶ "ব্যোমযান, কামান, পদাতি
যে রাষ্ট্রের অঙ্গ নয়, ন্যায়, ক্ষমা, মিতালী মনীষা
যার মুখ্য অবলম্বন, জিজীবিষা
সামান্য লক্ষণ"।

ক. 'যে অস্ত্র ব্যাপ্ত হলে' — এর পরের লাইনটি কী? ১

খ. "এবং জাত্যভিমানকে করে বারবার পরাজিত"। — এখানে 'জাত্যভিমান' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২

গ. কবিতাংশটির 'মুখ্য অবলম্বন' কথাটি দ্বারা 'সেই অস্ত্র' কবিতার কবির প্রত্যাশা পুরোপুরি ব্যক্ত হয়েছে। মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৩

ঘ. উদ্দীপক ও কবির প্রত্যাশা বর্তমানে শান্তিপ্রিয় পৃথিবীবাসীর জন্য এক চিরায়ত প্রার্থনা সংগীত — যুক্তিসহকারে বুঝিয়ে দাও। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ নারায়ণ গঙ্গোপাধ্যায়ের 'বীতংস' গল্পে আসামের চা-বাগানে যেখানে দলে দলে লোক কালাজ্বরে মরে, মজুর খাটতেও লোক সেখানে যেতে চায় না; সেখানে কুলি যোগান সমস্যা নিরসনে সাঁওতাল পরগনার অশিক্ষিত, অসহায়, কুসংস্কারাচ্ছন্ন মানুষকে সুন্দরলাল তার উদ্দেশ্যে হাসিলের জন্য শিংবোঙার দৈববাণীকে কাজে লাগায়।

ক. সাত ছেলের বাপের নাম কী? ১

খ. 'দুনিয়াটা বড় বিচিত্র জায়গা' — কথাটি কখন এবং কোন প্রসঙ্গে করা হয়েছে? ২

গ. উদ্দীপকের দৈববাণীর সাথে 'লালসালু' উপন্যাসের কিসের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের সাঁওতাল পরগনার মানুষগুলো যেন 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামবাসীর প্রতিনিধিত্ব করে।— মন্তব্যটি ব্যাখ্যা কর। ৪

৯ ▶ ত্রিপুরা রাজ মন্দিরের পুরোহিত রঘুপতি মিথ্যা ধর্মবোধ ও অন্ধসংস্কারের ধারক। মন্দিরে বলিদান প্রথার বিরুদ্ধে প্রবল প্রতিবাদের বাণী ধ্বনিত হয় অপর্ণার মধ্যে। তার ছাগ-শিশু বলির বিচার দাবি 'বিসর্জন' নাটকের বিরোধের বীজ। এ বীজ প্রথম রোপিত হয় রাজার হৃদয়ে। আর এ রোপিত বীজের কারণে রাজার বিরুদ্ধে বিরোধ, জয়সিংহের আত্মবিসর্জন, রঘুপতির প্রতিমা বিসর্জন এবং পরিণতিতে মাতৃরূপে অপর্ণার নিকট রঘুপতির দর্পচূর্ণ হয়।

ক. 'লালসালু' উপন্যাসে তানুবিবি কে? ১

খ. গ্রামে আক্কাসের স্কুল প্রতিষ্ঠার স্বপ্ন কীভাবে ভেঙ্গে যায়? ২

গ. উদ্দীপকের অপর্ণার সাথে 'লালসালু' উপন্যাসের জমিলার সাদৃশ্য কতটুকু। — ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রচলিত প্রথা ও কুসংস্কার কখনো ব্যক্তি ও সমাজের জন্য সহায়ক নয় বরং অন্তরায়' — উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে ব্যাখ্যা কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ স্বাধীনতা স্পর্শমণি সবাই ভালোবাসে,
সুখের আলো জ্বালে বুকে দুঃখের ছায়া নাশে।
স্বাধীনতা সোনার কাঠি খোদার সুধা দান,
স্পর্শে তাহার নেচে উঠে শূন্য দেহে প্রাণ।
মনুষ্যত্বের বান ডেকে যায় পশুর হৃদয় তলে,
বুক ফুলিয়ে দাঁড়ায় ভীরু স্বাধীনতার বলে।
দর্প ভরে পদানত উচ্চ করে শির,
শক্তিহীনেও স্বাধীনতা আখ্যাদানে বীর।

ক. 'ভিক্টরি অর ডেথ, ভিক্টরি অর ডেথ' — উক্তিটি কাদের প্রতি করা হয়েছিল? ১

খ. 'তোমার ক্ষমতা ধ্বংস হবে, সিরাজ'। কে, কাকে লক্ষ্য করে কেন এ উক্তিটি করেছিল? ২

গ. উদ্দীপকের "মনুষ্যত্বের বান ডেকে যায়, পশুর হৃদয়তলে" চরণটিতে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দৃশ্যের বৈসাদৃশ্য লক্ষ করা যায়? আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকের স্বাধীনতার আস্বাদন 'সিরাজউদ্দৌলা' নাটকে কীভাবে দেখানো হয়েছে? ব্যাখ্যা কর। ৪

১১ ▶ হোসেন মিয়া বিশাল সম্পত্তির অধিকারী। তার চার ছেলে সবাই প্রতিষ্ঠিত। কিন্তু প্রত্যেকেই নিজ নিজ স্বার্থের জন্য কৌশলী মনোভাবের অধিকারী। হোসেন মিয়া সবকিছু বুঝতে পারলেও সন্তান হিসেবে তাদেরকে বারবার ক্ষমা করে দেন। তার এই অপরিসীম কোমল মনোভাবে কারণে এক সময় ছেলেরা গোপনে পুরো সম্পত্তি অন্যের কাছে বিক্রি করে দেয় এবং শেষ পরিণতিতে হোসেন মিয়া রাস্তায় নেমে আসেন।

ক. 'মিথ্যা অপবাদ দিচ্ছেন সেনাপতি' — এখানে সেনাপতির নাম কী? ১

খ. 'আমার শেষ যুদ্ধ পলাশিতেই' — উক্তিটি কে, কখন এবং কাকে করেছিলেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের হোসেন মিয়ার অপরিসীম মহানুভবতা 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজউদ্দৌলার পরাজয়ের মূল কারণ।— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৩

ঘ. "সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?"— বক্তব্যটি উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে ব্যাখ্যা কর। ৪

## ১৭ দিনাজপুর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ সাগর সাহেবের বাসায় কাজ করে আয়না বিবি। মাস শেষে বেতন পেলেও ঠিকমতো খাবার পায় না সে। ক্ষুধার যন্ত্রণায় মাঝে মাঝে চুরি করে খাবার খায় আয়না। একদিন খাবার চুরি করতে গিয়ে হাতেনাতে ধরা পড়লে শাস্তি হিসেবে প্রহার করে তাকে তাড়িয়ে দেয়। আয়না বলে, 'পেটে ক্ষুধা থাকলে চুরি না করে উপায় কী?'

ক. সামাজিক ধনবৃদ্ধি ব্যতীত কার উন্নতি নাই? ১
খ. 'তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের খাবার চুরি 'বিড়াল' রচনার কোন প্রসঙ্গের সাথে কেন সাদৃশ্যপূর্ণ? ৩
ঘ. "উদ্দীপকের আয়না বিবি এবং 'বিড়াল' রচনার বিড়াল অভিন্ন চেতনার ধারক।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

২ ▶ লেখিকা রত্না চৌধুরীর স্বামী সমর ও একমাত্র সন্তান দীপঙ্কর মুক্তিযুদ্ধে শহিদ হন। মুক্তিযুদ্ধে মা-বাবা হারানো এতিম সুজাউদ্দিনকে রত্না চৌধুরী পুত্র বাৎসল্যে বড় করেন। সুজাউদ্দিন তার মায়ের গ্রামের বাড়িতে শহিদ সন্তান দীপঙ্করের নামে মুক্তিযুদ্ধের স্মৃতি পাঠাগার প্রতিষ্ঠা করেন।

ক. 'গোয়ালপোরা' শব্দের অর্থ কী? ১
খ. "আমার বড্ড কষ্ট, ভাত জোটে না সবদিন"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের স্নেহাতুর সম্পর্কের সাথে 'আহ্বান' গল্পের বুড়ি ও গোপালের সম্পর্কের তুলনা কর। ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপক ও 'আহ্বান' গল্পে ভাবগত ঐক্য রয়েছে।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৩ ▶ যাকে অপদার্থ, অকর্মণ্য বলে উপহাস করা হচ্ছে, তাকে যদি কেউ সাহস দেয়, এগিয়ে যাবার পরামর্শ এবং সহযোগিতার হাত বাড়ায়, তবে সেই মানুষটির মানসিক ও আত্মিক বিবর্তন ঘটবে। এতে অলস পরিশ্রমী হতে পারে, অপ্রতিভ সপ্রতিভ হবে, ভীরু সাহসী হবে, মূর্খ বিদ্বান হবে, দুর্বল বলবান হতে পারে। এর অন্যতম কারণ, সেই মানুষটির অন্তর্নিহিত সত্যের বিকাশ।

ক. 'আমার পথ' প্রবন্ধটি কোন প্রবন্ধগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? ১
খ. কাজী নজরুল ইসলাম 'আমার সত্য' বলতে কী বুঝিয়েছেন? ২
গ. উদ্দীপকের ভাবনা 'আমার পথ' প্রবন্ধের সঙ্গে কীভাবে সামঞ্জস্যপূর্ণ? ৩
ঘ. "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে"— উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিচার কর। ৪

৪ ▶ শৈশবে বাবা-মাকে হারিয়ে এক চাচার আশ্রয়ে থাকা আসমার জীবনে ঘটে যায় বাল্যবিবাহ। স্বামীর ঘরে অত্যাচার-নির্যাতন, পরে তালাক। চাচার সহযোগিতা না পেলেও দমে যায়নি সে। টিউশন করে লেখাপড়া চালিয়ে যায় সে। অদম্য ইচ্ছাশক্তির জোরে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় লাভ করে ভালো ফল। আসমা এখন মেডিকেল কলেজের শেষ বর্ষের ছাত্রী।

ক. 'মাসি-পিসি' গল্পে চৌকিদারের নাম কী? ১
খ. আহ্লাদিকে দেখে বুড়ো রহমানের চোখ ছলছল করে ওঠে কেন? ২
গ. উদ্দীপকের চাচা ও 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি চরিত্রের তুলনামূলক চিত্র উপস্থাপন কর। ৩
ঘ. "উদ্দীপকের আসমা এবং 'মাসি-পিসি' গল্পের আহ্লাদি উভয়েই নির্যাতিত নারী সমাজের প্রতিনিধি।"— আলোচনা কর। ৪

### খ অংশ—পদ্য

৫ ▶ নাট্যকার সেলিম আল দীনের বিখ্যাত নাটক 'কীত্তনখোলা।' এ নাটকের চরিত্র হিসেবে পাই কৃষক, ক্ষুদে ব্যবসায়ী, যাত্রাপালার কলা-কুশলীসহ নানা শ্রেণি-পেশার মানুষ। এরা সকলেই সমাজের নিম্ন-মধ্যবিত্ত বা নিম্নবিত্ত শ্রমজীবী মানুষের প্রতিনিধি। এসব মানুষের দৈনন্দিন কর্মব্যস্ততার আড়ালে জীবনের যে অপ্রাপ্তি আর স্বপ্নভঙ্গের বেদনা তারই বিশ্বস্ত চিত্র উপস্থাপন করেছেন নাট্যকার। নাটকে প্রাধান্য পেয়েছে চরিত্রগুলোর সচেতন ও অবচেতন মনের সূক্ষ্ম বিষয়গুলো। 'কীত্তনখোলা' হয়ে উঠেছে প্রান্তিক মানুষের কৃত্রিম-অকৃত্রিম আচরণের ধারাবর্ণনা।

ক. 'ঐকতান' কবিতায় কবি নিজেকে কোথাকার কবি বলেছেন? ১
খ. 'বিশাল বিশ্বের আয়োজন' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের 'কীত্তনখোলা' নাটকের চরিত্রগুলো এবং 'ঐকতান' কবিতার কোন চরিত্রগুলো কী প্রসঙ্গে তুলনীয়? ৩
ঘ. "উদ্দীপকে বিধৃত 'কীত্তনখোলা' নাটকে নাট্যকারের যে কীর্তি তা-ই অন্বিষ্ট ছিল 'ঐকতান' কবিতার কবির।"— আলোচনা কর। ৪

৬ ▶ সুন্দরপুর গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে হালদা নদী। নদীবিধৌত গ্রামটি যেন সবুজ প্রকৃতির মনোমুগ্ধকর সজীবতা। জাম, জারুল, কড়ই, ডুমুর, শিমুলসহ নানা জাতের গাছ-গাছালি, পাখির কলতান, ফল-ফুলের মাধুর্য, দিগন্ত জোড়া ফসলের মাঠ যেন দৃশ্যমান ছবি। নদীর জলে নানা প্রজাতির মাছ ও দুকূলে হরেক করমের লতা-গুল্মের সমাহার।

ক. জীবনানন্দ দাশ বাংলাদেশের কোন শহরে জন্মগ্রহণ করেন? ১
খ. 'সেইখানে শঙ্খচিল পানের বনের মতো হাওয়ায় চঞ্চল'— উক্তিটিতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'দৃশ্যমান ছবি' 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার কোন প্রসঙ্গের সাথে, কোন বিবেচনায় তুলনীয়? ৩
ঘ. "উদ্দীপক ও 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় সৌন্দর্য বর্ণনার অন্তরালে প্রকাশ পেয়েছে অকৃত্রিম দেশপ্রেম।"— মন্তব্যটি যাচাই কর। ৪

৭ ▶ একুশের বইমেলায় প্রতিবছর সবুজ সাহেবের কবিতার নতুন বই প্রকাশিত হয়। এ বছর তা হয়নি। গত ঈদে গ্রামের বাড়ির পুকুরে ডুবে সবুজ সাহেবের একমাত্র পুত্র ফয়সাল মারা যান। কবি পুত্রশোকে শোকগ্রস্ত। বইমেলা উপলক্ষে নতুন বই প্রকাশে কয়েকজন প্রকাশক কবি সবুজ সাহেবের কাছে পাণ্ডুলিপি চেয়েছেন। কিন্তু কবি কারও কথা রাখতে পারেননি।

ক. 'পাথার' শব্দের অর্থ কী? ১
খ. 'সে ভুলেনি তো, এসেছে তা ফাগুনে স্মরিয়া'— উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সবুজ সাহেবের সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির সাদৃশ্য দেখাও। ৩
ঘ. "উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতায় বিষণ্ণতার সুর স্পষ্ট হয়েছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ মাহাবুব সাহেব মধ্যপ্রাচ্যে গিয়ে অঢেল টাকা উপার্জন করেছেন। এলাকার রাস্তা, সেতু, মসজিদ, মন্দির তৈরিতে তার অকাতর দান রয়েছে। নিঃসন্তান মাহাবুবের পিতৃ-হৃদয়ের আস্বাদন পূরণে অনেকেই তাকে দ্বিতীয় বিয়ের পারমর্শ দেন। স্ত্রী শামিমাও তাকে এ প্রস্তাব দেন। মাহাবুব তার এক বোনের নবজাতককে নিজ সন্তান হিসেবে প্রতিপালন করে স্ত্রী শামিমার মাতৃ-হৃদয়ের অতৃপ্ত বাসনা পূরণ করেন।

ক. খালেক ব্যাপারীর প্রথম স্ত্রীর নাম কী? ১
খ. "কেবল ধীরে ধীরে কাঠের মতো শক্ত হয়ে ওঠে তার মুখটা"— কার মুখ শক্ত হয়ে ওঠে, কেন? ২
গ. উদ্দীপকের মাহাবুবের সাথে 'লালসালু' উপন্যাসের খালেক ব্যাপারীর চরিত্রের তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত ইতিবাচক জীবন চেতনা 'লালসালু' উপন্যাসে অনুপস্থিত।"— উক্তিটি পরীক্ষা কর। ৪

৯ ▶ মুরাদপুর একটি অবহেলিত গ্রাম। গ্রামটি যোগাযোগব্যবস্থায় যেমন পিছিয়ে তার চেয়ে বেশি শিক্ষায়। নারী শিক্ষায় পিছিয়ে থাকায় গ্রামে বাল্যবিয়ে নিত্য নৈমিত্তিক ব্যাপার। গ্রামের ছেলে মনির হোসেন এমএসসি পাস করে সরকারি চাকরির সুযোগ পেয়েও গ্রহণ করেননি। তিনি গ্রামে প্রতিষ্ঠা করেন একটি বালিকা বিদ্যালয়। এখানে সেলাই, কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করে মেয়েদের কর্মমুখী শিক্ষায় উদ্বুদ্ধ করেন।

ক. 'লালসালু' কোন ধরনের উপন্যাস? ১
খ. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের মুরাদপুর গ্রামের সমাজ বাস্তবতার সাথে 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামের সমাজ বাস্তবতার তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মনির কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারলেও 'লালসালু' উপন্যাসের আক্কাস সফল হয়নি।"— মন্তব্যটি বিচার কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ পুরানগড়ের পাশ দিয়ে বয়ে গেছে মাতামুহুরী নদী। এক শ্রেণির অসাধু ব্যবসায়ী নদীতে শত শত মেশিন বসিয়ে অবৈধভাবে বালি উত্তোলন করে যাচ্ছে। মেশিনের বিকট শব্দে এলাকা প্রকম্পিত। অন্যদিকে, তারা এলাকার ধানি জমিগুলোকে ইটভাটা বানিয়ে কৃষি উৎপাদন বন্ধ করে দিয়েছে। ইট পোড়ানোর কাঠ জোগান দিতে তারা নির্বিচারে বৃক্ষনিধন যজ্ঞে লিপ্ত হয়েছে। এলাকায় পরিবেশবাদী সচেতন মহল ব্যবসার নামে এই ধরনের পরিবেশ বিপর্যয়মূলক ভয়াবহ কর্মকাণ্ডের বিরোধিতা করে প্রশাসনের নিকট এর প্রতিকার চায়। কিন্তু, ব্যবসায়ীরা প্রশাসনের নজর এড়িয়ে নানা কৌশলে তাদের কর্মকাণ্ড অব্যাহত রাখে। পরিবেশবাদীরা মনে করেন, এভাবে চলতে থাকলে অচিরেই মানবিক বিপর্যয়ও ঘটে যেতে পারে। তাই ব্যবসায়ীদের সঙ্গে তাদের দ্বন্দ্ব-সংঘাত লেগেই আছে।

ক. কত সালে আলিনগরের সন্ধি চুক্তি সম্পাদিত হয়? ১
খ. "ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব"— এর তাৎপর্য লেখ। ২
গ. উদ্দীপকের পরিবেশবাদীদের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের আদর্শিক মিল খুঁজে পাওয়া যায়? ৩
ঘ. "প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের অসাধু ব্যবসায়ী এবং 'সিরাজউদ্দৌলা' নাটকের ইংরেজ বেনিয়াদের চরিত্র এক ও অভিন্ন।"— মন্তব্যটি যাচাই কর। ৪

১১ ▶ ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে রাঙামাটির 'বুড়িরঘাট' যুদ্ধে শত্রুপক্ষ মুক্তিযোদ্ধাদের ক্যাম্পের কাছাকাছি চলে আসে। সহযোদ্ধাদের অপ্রস্তুতির বিষয়টি টের পেয়ে মুন্সি আবদুর রউফ মেশিনগানের গুলি চালিয়ে পাকিস্তানি সৈন্যের ওপর ঝাঁপিয়ে পড়েন। পরে সহযোদ্ধারা প্রস্তুতি নিয়ে যুদ্ধ চালিয়ে শত্রুপক্ষকে ঘায়েল করার প্রাক্কালে সহযোদ্ধাদের জীবন বাঁচাতে শহিদ হন বীরশ্রেষ্ঠ ল্যান্স নায়েক মুন্সি আবদুর রউফ। পরাস্ত হয় শত্রুপক্ষ।

ক. মিরজাফরের গুপ্তচর কে? ১
খ. 'ভীরু প্রতারকের দল চিরকালই পালায়'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বীরশ্রেষ্ঠ মুন্সি আবদুর রউফের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকে যুদ্ধক্ষেত্রে মোহনলালের ভূমিকার তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকে বিজয়ের বারতা থাকলেও 'সিরাজউদ্দৌলা' নাটকে পরাজয় ঘটেছে দেশপ্রেমিক শক্তির।"— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

# এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ১৮ ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. 'আমি তোমাকে দেখবার জন্য ব্যস্ত হয়ে পড়েছিলাম'— উক্তিটি কার?**
K বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
L শেখ হাসিনা
M শেখ কামাল
N শেখ ফজিলাতুন্নেসা মুজিব

**২. 'মানব-কল্যাণ' প্রবন্ধটি লেখকের কোন গ্রন্থ হতে নেওয়া হয়েছে?**
K মানবতন্ত্র L রাঙাপ্রভাত
M মাটির পৃথিবী N চৌচির

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
অন্ন চাই, প্রাণ চাই, আলো চাই, চাই মুক্ত বায়ু,
চাই বল, চাই স্বাস্থ্য, আনন্দ-উজ্জ্বল পরমায়ু,
সাহস বিস্তৃত বক্ষপট। এ দৈন্য-মাঝারে কবি,
একবার নিয়ে এসো স্বর্গ হতে বিশ্বাসের ছবি॥

**৩. উদ্দীপকের আলোকে 'লালসালু' উপন্যাসের প্রাণময় ও সাহসী চরিত্র কোনটি?**
K আক্কাস L রহিমা
M জমিলা
N তাহের-কাদেরের পিতা

**৪. উক্ত চরিত্র সৃষ্টিতে লেখকের মূল উদ্দেশ্য হলো—**
i. নির্জীব ধর্মতন্ত্রের বিরুদ্ধে পদাঘাত ও সজীব প্রাণধর্মের জাগরণ
ii. শেকড় গাড়া কুসংস্কার, অন্ধবিশ্বাস ও ভীতির সঙ্গে সুস্থ ও মুক্ত জীবনাকাঙ্ক্ষার দ্বন্দ্ব
iii. ধর্মব্যবসায়ী মজিদের অস্তিত্ব সংকট ও সংকটের একটি মানবীয় দ্বন্দ্বময় রূপ সৃষ্টি
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M iii N i, ii ও iii

**৫. সিরাজের কোন অমাত্য নিরীশ্বরবাদী জৈন ধর্মের অনুসারী ছিলেন?**
K জগৎ শেঠ L মিরন
M উমিচাঁদ N রাজা রাজবল্লভ

**৬. কখন জনগণের মঙ্গল হওয়ার চেয়ে অমঙ্গলই বেশি হয়—**
i. শাসকরা যখন শোষক হয়
ii. স্বৈরাচার যখন জেঁকে বসে
iii. আমলাতন্ত্রের দৌরাত্ম্য যখন বেড়ে যায়
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M iii N i, ii ও iii

**৭. 'রেইনকোট' গল্পে রেইনকোটটির মাধ্যমে ব্যঞ্জনায় প্রকাশ ঘটেছে—**
K মুক্তিযুদ্ধ ও সংগ্রাম
L পাকবাহিনীর অত্যাচার
M উষ্ণতা, সাহস ও দেশপ্রেম
N মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগ

**৮. দেশের যারা শত্রু, দেশের যা-কিছু মিথ্যা, ভণ্ডামি, মেকি— তা দূর করতে কী প্রয়োজন?**
K আগুনের ঝান্ডা L স্পষ্ট কথা বলা
M আত্মনির্ভরতা N আগুনের সম্মার্জনা

**৯. 'আমার পথ' প্রবন্ধে স্পষ্ট কথা বলা প্রসঙ্গে নজরুল নিজেকে কার সঙ্গে তুলনা করেছেন?**
K আগুনের ঝান্ডা
L কর্ণধার
M গান্ধীজি
N অভিশাপ রথের সারথি

**১০. মুসলিম সাহিত্য সমাজের অন্যতম প্রতিষ্ঠাতা আবুল ফজল কোন যুগান্তকারী আন্দোলনের সঙ্গে সরাসরি যুক্ত ছিলেন?**
K বুদ্ধির মুক্তি আন্দোলন
L ভাষা আন্দোলন
M উনসত্তরের গণঅভ্যুত্থান
N একাত্তরের মুক্তিযুদ্ধ

**১১. বিজ্ঞানের অভাবনীয় আবিষ্কারকে ধ্বংসের পরিবর্তে সৃজনশীল মানবিক কর্মে নিয়োগ করা যায়— একমাত্র কার সাহায্যে?**
K মুক্ত বুদ্ধি L মুক্ত বিচার বুদ্ধি
M সদিচ্ছা N সুবুদ্ধি

■ **উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাও :**
ভরসা হলো, আর দমাতে পারবে না। বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা না করে উপায় নাই। এই আন্দোলনে দেশের লোক সাড়া দিয়েছে ও এগিয়ে এসেছে।... জনমত সৃষ্টি হয়েছে, জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।

**১২. উদ্দীপকের আলোকে পলাশি যুদ্ধে পরাজয়ের পর কে জনমত গঠনের মাধ্যমে প্রতিশোধের শেষ চেষ্টা করেছিলেন?**
K মোহনলাল L নারান সিং
M সিরাজউদ্দৌলা N মির কাশিম

**১৩. উক্ত জনমত গঠনে ব্যর্থতার মূল কারণ কোনটি ছিল?**
K যোগ্য নেতৃত্বের অভাব
L দেশপ্রেম ও সংঘচেতনার অভাব
M অস্ত্রের অভাব
N সৈনিকের অভাব

**১৪. 'মাঝখানে গুটিসুটি হয়ে বসে আছে অল্পবয়সী একটি বৌ'— বৌটি কে?**
K জমিলা L রহিমা
M আহ্লাদি N বিলাসী

**১৫. তাজা তাজা প্রাণে অসহ্য— কী?**
K কল্পনা L মন্ত্রণা
M বন্দনা N যন্ত্রণা

**১৬. 'ফেব্রুয়ারি ১৯৬৯'— কবিতায় কার মুখকে 'তরুণ শ্যামল পূর্ব বাংলা'র সঙ্গে তুলনা করা হয়েছে?**
K সালাম L রফিক
M বরকত N আসাদ

**১৭. ভাষা-আন্দোলন ও মুক্তিযুদ্ধ কোন কবির কবিতায় বিষয় হিসেবে বিশেষ প্রাধান্য পেয়েছে?**
K কাজী নজরুল ইসলাম
L আবু জাফর ওবায়দুল্লাহ্
M জীবনানন্দ দাশ
N সুফিয়া কামাল

**১৮. কোন পঙ্ক্তিটি 'চিত্রকল্প' বা 'ইমেজ'-এর প্রকৃষ্ট উদাহরণ?**
K তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে।
L মানুষ তবুও ঋণী পৃথিবীরই কাছে।
M কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা।
**১০. কবি কার কুঠার দিয়ে বিশ্বকে নিঃক্ষত্রিয় করবেন?**
K ইস্রাফিল L অর্ফিয়াস
M পরশুরাম N দুর্বাসার

**১১. 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থ কত সালে প্রকাশিত হয়?**
K ১৯২১ সাল L ১৯২২ সাল
M ১৯২৩ সাল N ১৯২০ সাল

**১২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় আবার সালাম নামে রাজপথে— কেন?**
K ঘাতকের আস্তানা ধ্বংস করতে
L ভাষাসংগ্রামে যোগ দিতে
M গণজাগরণে যোগ দিতে
N কমলবন তছনছ করতে

**১৩. 'সে ফুল আমাদেরই প্রাণ'— বলতে কী বোঝানো হয়েছে?**
K কৃষ্ণচূড়া L চেতনার রং
M একুশে ফেব্রুয়ারি N বাংলা ভাষা

**১৪. 'তরী তার এসেছে কি?' 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'তরী' কীসের প্রতীক?**
K প্রিয়জনের L কবিতার
M মানবজীবনের N বসন্তের

**১৫. 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা' বাণের পরিবর্তে কী দিয়েছেন?**
K সোহাগ-জড়ানো ফুল L বুক ভরা গান
M নিঠুরিয়া বাণী N বুকেতে কঠিন আঘাত

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি,
আমি বাংলার আলপথ দিয়ে হাজার বছর চলি।
চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে।
তেরোশত নদী শুধায় আমাকে, 'কোথা থেকে তুমি এলে?'

**১৬. কবিতাংশের 'বাংলার আলপথ' এর সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্যপূর্ণ ভাব কোনটি?**
K ইতিহাস ও ঐতিহ্য L বাংলার সৌন্দর্য
M সংগ্রাম ও বিপ্লব N শাসন ও নিপীড়ন

**১৭. উদ্দীপকে প্রতিফলিত চেতনা ব্যক্ত হয়েছে নিচের কোন চরণে?**
K কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা
L আমি কবি এবং কবিতার কথা বলছি
M আমি কিংবদন্তির কথা বলছি
N তাঁর করতলে পলিমাটির সৌরভ ছিল

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
নিচু একটা জায়গা ভরাট করে গ্রামের ছেলেরা খেলার মাঠ বানাবে বলে চেয়ারম্যানকে প্রস্তাব করল। কিন্তু কিছুদিন পরে চেয়ারম্যান সাহেব সেখানে এক বিশাল মার্কেট তৈরি করল।

**১৮. উদ্দীপকের চেয়ারম্যান 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
K মজিদ L আক্কাস
M তাহেরের বাপ N খালেক ব্যাপারী

**১৯. উদ্দীপকে চেয়ারম্যানের উদ্দেশ্য 'লালসালু' উপন্যাসের কোন বিষয়টিতে প্রকাশিত হয়েছে?**
K স্বনির্ভরতায় L ধর্মান্ধতায়
M স্বার্থপরতায় N আত্মপ্রচারণায়

**২০. মজিদ জমিলাকে মাজারে বেঁধে রেখেছিল—**
i. মনে খোদার ভীতি জাগানোর জন্য
ii. শাস্তি দেওয়ার জন্য
iii. তার বিদ্রোহী চেতনাকে বিনাশ করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**২১. সিরাজউদ্দৌলার প্রধান গুপ্তচর কে?**
K উমিচাঁদ L নারান শিং
M মোহনলাল N মিরমর্দান

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
এক রাতে একদল অচেনা লোক রাহাত সাহেবের বাড়িতে আশ্রয় চায়। রাহাত সাহেব দয়াপরবশ হয়ে তাদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করেন। কিন্তু মধ্যরাতে সেই অচেনা লোকেরা বাড়ি সবাইকে জিম্মি করে টাকা-পয়সা ও মূল্যবান জিনিসপত্র নিয়ে পালিয়ে যায়।

**২২. উদ্দীপকের আগন্তুকরা 'সিরাজউদ্দৌলা' নাটকে কাদের সাথে সাদৃশ্যপূর্ণ?**
K বিশ্বাসঘাতকদের L দেশদ্রোহীদের
M ফরাসিদের N ইংরেজদের

**২৩. 'সিরাজউদ্দৌলা' নাটকে এরূপ সাদৃশ্য পরিলক্ষিত হয়—**
i. বাণিজ্য করতে এসে ক্ষমতা দখলের চেষ্টা
ii. নবাবের সাথে সংঘর্ষে লিপ্ত হওয়া
iii. মিরজাফরদের সাথে গোপনে সন্ধি করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৪. 'তবে চলুন আপনাদের গাড়ি বলিয়া দিই'— উক্তিটিতে প্রকাশ পেয়েছে শম্ভুনাথ বাবুর—**
K ভদ্রতা L দায়িত্ব
M প্রত্যাখ্যান N প্রতিরোধ

**২৫. কল্যাণীকে বিয়ে না দেওয়ার কারণ কী?**
K অভিমান L আত্মসম্মানবোধ
M অহংকার N রাগ

**২৬. 'উপরের আদালতের হুকুম' বলতে কার নির্দেশ বোঝানো হয়েছে?**
K স্রষ্টার L হাইকোর্টের
M জজকোর্টের N খুড়ার

**২৭. "বাবুরা, আমাকে একটিবার ছেড়ে দাও 'আমি রুটিগুলো ঘরে দিয়ে আসি।'— বিলাসী এ কথা কেন বলেছিল?**
i. শিয়াল-কুকুরে খেয়ে যাবে
ii. রোগা মানুষ সমস্ত রাত খেতে পাবে না
iii. মৃত্যুঞ্জয় মরে যাবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২৮. 'আমার পথ' প্রবন্ধে লেখক কোন ভয়ে ভীত নন?**
K শত্রুর L সমাজের
M ভূতের N রাজার

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
কারণে-অকারণে বউকে প্রহার করা তাহেরের অভ্যাস। নির্যাতন সইতে না পেরে তার বউ অবশেষে আত্মহত্যা করে। তাহের পুনরায় বিয়ে করে এবং আবারও স্ত্রীর ওপর অত্যাচার শুরু করে।

**২৯. উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিক হলো—**
K পুরুষের আধিপত্যবাদ
L নারীর অসহায়ত্ব
M নারী নির্যাতন
N উগ্রতা

**৩০. উদ্দীপকের তাহের 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**
K কানাই L কৈলেশ
M গোকুল N জগু

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | M | ৭ | N | ৮ | K | ৯ | N | ১০ | M | ১১ | L | ১২ | M | ১৩ | N | ১৪ | N | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | M | ২০ | M | ২১ | L | ২২ | N | ২৩ | N | ২৪ | M | ২৫ | L | ২৬ | K | ২৭ | K | ২৮ | N | ২৯ | M | ৩০ | N |

[বি.দ্র. : ✪ চিহ্নিত বহুনির্বাচনি প্রশ্নগুলো বর্তমান সিলেবাস বহির্ভূত।]

## ২৭ ✓ ঢাকা বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়–৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা** পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. নেপোলিয়ন কোন দ্বীপে মৃত্যুবরণ করেন? ✪**
K ওয়েলিংটন L ওয়াটারলু
M সেন্টহেলেনা N আন্দামান

**২. "তিনি কোনোমতেই কারো কাছে ঠকিবেন না।"– 'তিনি' বলতে 'অপরিচিতা' গল্পে কাকে বোঝানো হয়েছে?**
K মামা L শম্ভুনাথ
M হরিশ N অনুপম

**৩. এক সময় কারা অসভ্য বর্বর ছিল? ✪**
K বাঙালি L ভারতবাসী
M ধনাঢ্য ব্যক্তি N চাষা

**৪. 'আহ্বান' গল্পে বর্ণনাকারীর জন্য বুড়ির চাটাই বোনার কারণ কী?**
K বর্ণনাকারী খেজুরের চাটাই পছন্দ করেন
L বুড়ি এটি বর্ণনাকারীর কাছে বিক্রি করবে
M বর্ণনাকারীর প্রতি বুড়ির সন্তান স্নেহ
N বুড়ি বর্ণনাকারীকে খেজুরের চাটাই উপহার দেবে

**৫. 'মাসি-পিসি' গল্পে মাসি ও পিসির এক দেহ এক মন হয়ে যাওয়ার কারণ কোনটি?**
i. দুজনেই বিধবা
ii. আহ্লাদিকে দেখাশোনা
iii. নিজেদের বেঁচে থাকার সংগ্রাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৬. গোপন ও নীরব সাধনা কার মধ্যে অভিব্যক্ত? ✪**
K বৃক্ষে L নদীতে
M মানুষে N ফুলে

**৭. 'আমার পথ' প্রবন্ধে নজরুলের মতে পরাবলম্বন আমাদের কী করে তুলেছে?**
i. নিষ্ক্রিয়
ii. বিলাসী
iii. দাস
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. 'বায়ান্নর দিনগুলো' রচনায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কাকে তাঁর সহকর্মীদের খবর দিতে বললেন?**
K চায়ের দোকানের মালিক
L নৌকার মাঝি
M গাড়ির ড্রাইভার
N মহিউদ্দীন

**৯. ল্যুভ জাদুঘরটি কোথায় অবস্থিত? ✪**
K ফ্রান্স L মিশর
M ইংল্যান্ড N আমেরিকা

**১০. 'রেইনকোট' গল্পে রেইনকোটটি কিসের প্রতীক?**
i. প্রতিহিংসার
ii. দেশপ্রেমের
iii. মুক্তিযুদ্ধের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১১. গোয়ালার সুন্দরী কন্যা রাবেয়া স্বামীর অসচ্ছলতার কারণে অত্যন্ত অসন্তুষ্ট।– উদ্দীপকের রাবেয়ার সাথে নিচের কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**
K কল্যাণী L মাদাম লোইসেল
M মাদাম ফোরস্টিয়ার N জমিরন

**১২. 'মহাজাগতিক কিউরেটর' গল্পটিতে লেখক যা চেয়েছেন–**
K পরিবেশ ও পৃথিবী সম্পর্কে মানুষের সচেতনতা
L মানুষের নির্বুদ্ধিতাকে তুলে ধরা
M মানুষের শ্রেষ্ঠত্ব বর্ণনা করা
N মানুষের উপর অন্য প্রাণীর প্রাধান্য দেওয়া

**১৩. "হায় তাত! উচিত কি তব এ কাজ?"– মেঘনাদের এই উক্তির মধ্য দিয়ে বিভীষণের কোন কাজটি পছন্দ হয়নি?**
K লক্ষ্মণকে যজ্ঞাগারে প্রবেশে সাহায্য করা
L ভ্রাতুষ্পুত্রকে হত্যায় সহায়তা করা
M মাতৃ আজ্ঞা পালন না করা
N মাতৃভূমির জন্য যুদ্ধ না করা

**১৪. 'ঐকতান' কবিতার প্রথম চরণ কোনটি? ✪**
K গেলেও বিচিত্র পথে হয় নাই সে সর্বত্রগামী
L কাছে থেকে দূরে যারা তাহাদের বাণী যেন শুনি
M সে কবির বাণী-লাগি কান পেতে আছি
N বিপুলা এ পৃথিবীর কতটুকু জানি

■ **উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জগৎ জুড়িয়া এক জাতি আছে
সে জাতির নাম মানুষ জাতি
একই পৃথিবীর স্তন্যে-লালিত
একই রবি-শশী মোদের সাথী।

**১৫. উদ্দীপকের সাথে নিচের কোন চরণটির মিল আছে? ✪**
i. এই হৃদয়ের চেয়ে বড় কোনো মন্দির-কাবা নাই
ii. মানুষের চেয়ে বড় কিছু নাই নহে কিছু মহীয়ান
iii. নাই দেশ কাল পাত্রের ভেদ অভেদ ধর্ম জাতি
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**১৬. উদ্দীপকে 'সাম্যবাদী' কবিতার কোন ভাবটি স্পষ্ট হয়ে উঠেছে? ✪**
K মানুষে মানুষে সমতা
L মানব হৃদয়ের গুরুত্ব
M মানুষের ধর্মভীরুতা
N মানবতার জয়গান

**১৭. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় সন্ধ্যার বাতাসে কী উড়ে যায়? ✪**
K কাক L চিল
M সুদর্শন N শালিক

**১৮. "হে কবি, নীরব কেন? ফাগুন যে এসেছে ধরায়!"– এ চরণটিতে 'নীরব কেন' বলতে কবির কেমন অবস্থা বোঝায়?**
K জীবন সম্পর্কে উদাসীনতা
L ঘুমিয়ে থাকা
M কাব্য ও গান রচনায় সক্রিয় না হওয়া
N শীতের চাদর মুড়ি দিয়ে থাকা

**১৯. বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে ত্রিশ লক্ষ মানুষ শহিদ হয়েছেন এবং সম্ভ্রম হারিয়েছেন অসংখ্য মা-বোন।– উদ্দীপকটির বক্তব্যের সাথে 'সেই অস্ত্র' কবিতায় বর্ণিত কোনটি সাদৃশ্যপূর্ণ? ✪**
i. লক্ষ লক্ষ মানুষের পঙ্গু-বিকৃত হওয়া
ii. ট্রয়নগরী বিধ্বস্ত হওয়া
iii. ফসলের মাঠে আগুন জ্বলা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii
M iii N i, ii ও iii

**২০. জআমাদের তরুণরাই দেশ ও জাতির চালিকাশক্তি হয়ে দাঁড়াক।"– এই প্রত্যাশার প্রতিফলন 'আঠারো বছর বয়স' কবিতার কোন চরণটিতে ঘটেছে?**
K আঠারো বছর বয়স জানে না কাঁদা
L এ বয়স কাঁপে বেদনায় থরোথরো
M এ বয়স তবু নতুন কিছু তো করে
N এ দেশের বুকে আঠারো আসুক নেমে

**২১. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কৃষ্ণচূড়া ফুলকে কবির কাছে কেমন মনে হয়?**
K রক্তে রঞ্জিত বর্ণমালা
L রক্তে রঞ্জিত জামা
M পতাকার লাল রং
N শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ

**২২. তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল– এই চরণটিতে কার পিঠের ক্ষতকে নির্দেশ করা হয়েছে?**
K কবির পূর্বপুরুষের
L বাংলার কৃষকদের
M মুক্তিযোদ্ধাদের
N কবির পিতার

**২৩. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় বর্ণনা করা হয়েছে–**
K একজন সংগ্রামী মানুষের জীবন
L এদেশের মানুষের সুখ, শান্তি ও প্রাচুর্য
M বাংলার রূপবৈচিত্র্য
N বাংলাদেশের মুক্তিযুদ্ধের কথা

**২৪. "আমাকে সেই অস্ত্র ফিরিয়ে দাও"– এখানে কবি কোন অস্ত্রের কথা বলেছেন? ✪**
K ভালোবাসা L প্রাচীন
M পারমাণবিক N আধুনিক

**২৫. ইস্ট ইন্ডিয়া কোম্পানির কাশিমবাজার কুঠির প্রধান কে?**
K রবার্ট ক্লাইভ L উইলিয়াম ওয়াটসন
M রজার ড্রেক N কিলপ্যাট্রিক

**২৬. জামিল সাহেব রায়হানকে রাস্তা থেকে কুড়িয়ে এনে লালন-পালন করেন। লেখাপড়া শেখান। জামিল সাহেব নিজের সন্তানের মতোই তাকে ভালোবাসতেন। কিন্তু জামিল সাহেব মারা যাওয়ার পর রায়হান সম্পত্তির লোভে জামিল সাহেবের ছেলেকে হত্যা করে।**
**উদ্দীপকের রায়হান নিচের কোন চরিত্রের সাথে তুলনীয়?**
K মোহাম্মদি বেগ L মিরজাফর
M মোহনলাল N মিরন

**২৭. 'আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে' সিরাজের এই উক্তির কারণ, তিনি–**
K যুদ্ধবিদ্যায় অদক্ষ
L শাসন পরিচালনার অযোগ্য
M প্রজাসাধারণের নিরাপত্তা বিধান করতে পারেননি
N ইংরেজদের মোকাবিলা করতে পারেননি

**২৮. মহব্বতনগরে আগমনের পূর্বে মজিদ কোথায় ছিল?**
K আওয়ালপুরে L গারো পাহাড়ে
M নোয়াখালীতে N করিমগঞ্জে

**২৯. ভেতরে ক্রোধের আগুন জ্বলছে বাইরে যত ঠান্ডা থাকুক না কেন– কার ভেতরে ক্রোধের আগুন জ্বলছে?**
K আক্কাসের
L খালেক ব্যাপারীর
M মজিদের
N তাহের-কাদেরের বাপের

**৩০. "জনগণে যারা জোঁকসম শোষে, মহাজন তারে কয়।"– উদ্দীপকে এবং 'লালসালু' উপন্যাসে মহাজনদের বৈশিষ্ট্য কী?**
i. শোষক
ii. স্বার্থপর
iii. মানবতাবিরোধী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii
M i ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | M | ৬ | K | ৭ | L | ৮ | K | ৯ | K | ১০ | M | ১১ | L | ১২ | K | ১৩ | K | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | M | ১৮ | M | ১৯ | K | ২০ | N | ২১ | N | ২২ | K | ২৩ | K | ২৪ | K | ২৫ | L | ২৬ | K | ২৭ | M | ২৮ | L | ২৯ | N | ৩০ | N |

# ২৮ ✓ রাজশাহী বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়—৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. কবি সুকান্ত ভট্টাচার্যের জন্ম কোন জেলায়?**
K বরিশাল L কুড়িগ্রাম
M গোপালগঞ্জ N ব্রাহ্মণবাড়িয়া

**২. সৈয়দ ওয়ালীউল্লাহর সর্বশেষ কর্মস্থল কোনটি?**
K করাচি L লন্ডন
M জার্মানি N প্যারিস

**৩. অতি সন্তর্পণে ধানের ফাঁকে ফাঁকে তারা নৌকা চালায়, কেন?**
K ঢেউ বা শব্দ হওয়ার ভয়ে
L দক্ষ শিকারি বলে
M ধানখেতে নৌকা চালানো অসুবিধার জন্য
N সতর্কতার মার নেই বলে

**৪. সবাই মিলে সত্যিই আমরা বাংলাকে বিক্রি করে দিচ্ছি না তো?— উক্তিটি কার?**
K জগৎশেঠ L মিরজাফর
M উমিচাঁদ N ওয়ালি খান

**৫. 'মাসি-পিসি' গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?**
K সমকাল L পূর্বাশা
M সমাচার দর্পণ N ভারতী

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মানুষ মানুষের জন্য
জীবন জীবনের জন্য
একটু সহানুভূতি কি
মানুষ পেতে পারে না?

**৬. উদ্দীপকে 'সেই অস্ত্র' কবিতার কোন দিকটি প্রকাশিত হয়েছে? ✪**
K প্রকৃতি চেতনা L সংগ্রামী চেতনা
M মানব সভ্যতা N মানবতা

**৭. উক্ত ভাবকে ধারণ করতে প্রয়োজন— ✪**
i. উদারতা ii. উদাসীনতা
iii. সংবেদনশীলতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৮. বুড়ি কেন বারবার গোপালের কাছে যেতে চান?**
K অর্থের লোভে
L স্নেহ-ভালোবাসার টানে
M নিঃসঙ্গতা দূর করতে
N অতিথিপরায়ণ বলে

**৯. 'নূরলদীন একদিন কাল পূর্ণিমায় দিবে ডাক'— কেন?**
K সংগঠিত হতে
L নিঃসঙ্গতা দূর করতে
M সংগ্রাম করতে N ইতিহাস বলতে

**১০. 'ঐ দুঃখজনক দেনা শোধ করা প্রয়োজন।' মাতিলদার এমন ভাবনা কিসের পরিচায়ক?**
K ঔদার্য L ব্যক্তিত্ব
M মহত্ত্ব N ভীরুতা

**১১. কমলাকান্তের ভাবনায় কে আফিম ভিক্ষা করতে এসেছে? ✪**
K নেপোলিয়ন L বিচারক
M মার্জার N ওয়েলিংটন

**১২. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে ভুলের মাধ্যমে সত্যকে পাওয়ার উপায় হলো—**
K গোঁ বজায় রাখা
L নিজের ভুল স্বীকার করে নেওয়া
M পরমত অসহিষ্ণুতা
N পরধর্মের প্রতি উদাসীনতা

**১৩. ব্রিটেনে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় মিউজিয়াম প্রতিষ্ঠিত হয় কোন শতকে? ✪**
K বারো L তেরো M পনেরো N সতেরো

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
বর্তমান বিশ্বের অগ্রগতি নির্ভর করে কৃষকের তথা কৃষির অগ্রযাত্রার উপর।

**১৪. উদ্দীপকের সঙ্গে 'চাষার দুক্ষু' প্রবন্ধ কীভাবে সাদৃশ্যপূর্ণ? ✪**
K কৃষিজীবীর সমৃদ্ধি সাধনে
L কৃষিজীবীর অবস্থা প্রত্যক্ষকরণে
M কৃষিজীবীর গুরুত্ব অনুধাবনে
N কৃষিজীবীর ন্যায্যতা প্রাপ্তিতে

**১৫. উক্ত সাদৃশ্যের ভিত্তিতে প্রবন্ধটির উল্লেখযোগ্য বিষয়— ✪**
i. কৃষিকাজের প্রতি গুরুত্বারোপ
ii. কৃষককে দায়িত্বশীলকরণ
iii. কৃষকের অবস্থার উন্নয়ন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৬. 'মাজারটি তার শক্তির মূল' বলতে কী বুঝানো হয়েছে?**
K নির্বুদ্ধিতা L আনুগত্য
M উদারতা N অনুরাগ

**১৭. 'সম্মানের চির নির্বাসন' কথাটির গভীরে কোন বিষয় নিহিত?**
K আত্মপ্রসাদ L আত্মদহন
M আত্মতুষ্টি N আত্মদ্বন্দ্ব

**১৮. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় কোন ফুলের উল্লেখ আছে?**
K জবা L গোলাপ M কৃষ্ণচূড়া N পলাশ

**১৯. 'দৈনিক পাকিস্তান' পত্রিকাটি পরবর্তীকালে কী নামে প্রকাশিত হয়?**
K দৈনিক বাংলা L দৈনিক মর্নিং এজ
M দৈনিক ইত্তেফাক N দৈনিক সংবাদ

■ **উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :**
একাত্তরের মহান মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী এ দেশীয় দোসরদের সহায়তায় আমাদের দেশে ব্যাপক নির্যাতন চালায়। অসংখ্য মানুষের বাড়িঘর পুড়িয়ে দেয়। মা-বোনদের সম্মানহানি করে এবং ব্যাপক গণহত্যা চালায়।

**২০. হানাদার বাহিনীর অত্যাচার 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ?**
K কুঠির সাহেবদের নির্যাতন
L ঘসেটি বেগমের মসনদ দখল
M সিরাজউদ্দৌলার বর্বরতা
N মিরজাফরের কুটিলতা

**২১. এরূপ সাদৃশ্যের অন্তর্নিহিত কারণ—**
i. কুঠিয়াল ইংরেজ কর্তৃক নিরীহ প্রজাদের উপর অত্যাচার
ii. লবণ বিক্রেতার বাড়িঘর জ্বালিয়ে দেওয়া
iii. নবাবের অর্থ আত্মসাৎ করা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশটুকু 'মেঘনাদ বধ' কাব্যের কোন সর্গ হতে সংকলিত?**
K ৪র্থ L ৫ম
M ৬ষ্ঠ N ৭ম

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
জগৎ জুড়িয়া আছে এক জাতি
সে জাতির নাম মানুষ জাতি।

**২৩. উদ্দীপকের সাথে 'সাম্যবাদী' কবিতার সাদৃশ্য কোথায়? ✪**
K বিশ্বব্যাপী এক জাতির কল্পনায়
L মানুষের শ্রেষ্ঠত্বের ভাবনায়
M সাম্যবাদী চেতনায়
N সত্য প্রতিষ্ঠার ভূমিকায়

**২৪. উদ্দীপকের সাদৃশ্যপূর্ণ ভাবটি নিচের কোন চরণের সঙ্গে সম্পর্কযুক্ত? ✪**
K তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান
L এই রণ ভূমে বাঁশির কিশোর গাহিলেন মহাগীতা
M পেটে-পিঠে, কাঁধে-মগজে যা খুশি পুঁথি ও কেতবা বও
N গাহি সাম্যের গান

**২৫. আসর জমাতে অদ্বিতীয় কে?**
K অনুপম L কল্যাণী
M বিনু দাদা N হরিশ

**২৬. স্বল্পপ্রাণ, স্থূলবুদ্ধি ও জবরদস্তিপ্রিয় মানুষে কোনটি পরিপূর্ণ? ✪**
K জগৎ L সমাজ M সংসার N দেশ

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
বর্ণবাদী নেতা নেলসন ম্যান্ডেলা দক্ষিণ আফ্রিকার জনগণের জন্য আমৃত্যু লড়াই করেছেন। দীর্ঘ ২৭ বছর কারাবরণ করেও শোষক-স্বৈরশাসকের সঙ্গে আপস করেননি।

**২৭. উদ্দীপকটি তোমার পঠিত কোন রচনার সাথে মিল রয়েছে?**
K ফেব্রুয়ারি ১৯৬৯ L বায়ান্নর দিনগুলো
M রেইনকোট
N নূরলদীনের কথা মনে পড়ে যায়

**২৮. নেলসন ম্যান্ডেলা ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের চরিত্র দুটি কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ?**
i. কারাভোগে ii. প্রতিবাদে
iii. দেশপ্রেমে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
সুনীল গঙ্গোপাধ্যায়ের 'আমিই সে' ছোট্ট উপন্যাসটিতে বিধৃত হয়েছে মানব সভ্যতার আদিম ইতিহাস আর সভ্যতার অগ্রগতি। কীভাবে আদিম মানুষ সভ্য মানুষে পরিণত হয়েছে, তারই প্রকাশ ঘটেছে উপন্যাসটিতে।

**২৯. উদ্দীপকের সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্য রয়েছে—**
i. ঐতিহ্য চেতনায়
ii. মুক্তির চেতনায়
iii. সংগ্রামী চেতনায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার বৈসাদৃশ্য লক্ষ করা যায়—**
K সভ্যতা বিকাশে L ইতিহাস চেতনায়
M ভাবগাম্ভীর্যে N সংগ্রামশীলতায়

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | N | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | L | ৯ | M | ১০ | L | ১১ | N | ১২ | L | ১৩ | K | ১৪ | M | ১৫ | L |
| ১৬ | L | ১৭ | L | ১৮ | M | ১৯ | K | ২০ | K | ২১ | K | ২২ | M | ২৩ | M | ২৪ | N | ২৫ | N | ২৬ | M | ২৭ | L | ২৮ | N | ২৯ | L | ৩০ | M |

## ২৯ যশোর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়–৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. একদিন কমলাকান্ত নেশায় বুঁদ হয়ে কোন যুদ্ধের কথা ভাবছিলেন?**
K পলাশির L পানিপথের
M ওয়াটারলুর N বিশ্বযুদ্ধের

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
স্বাতী সুশিক্ষিত ও আত্মনির্ভরশীল নারী। বিয়ের পর শ্বশুর ও শাশুড়ির চাপে চাকরি ছাড়তে বাধ্য হয়। শ্বশুর-শাশুড়ির ধারণা চাকরিজীবী বউ অহংকারী হয়। তারা সংসারের প্রতি দায়িত্বশীল নয়।

**২. 'অপরিচিতা' গল্পের সঙ্গে উদ্দীপকের স্বাতীর বৈসাদৃশ্য কোথায়?**
K নারীর প্রতি বৈষম্যে L আপসহীনতায়
M আপসকামিতায় N স্বার্থসিদ্ধিতে

**৩. উদ্দীপকের শ্বশুর-শাশুড়ির মানসিকতার সাথে 'অপরিচিতা' গল্পের কোন উক্তিটির মিল রয়েছে?**
K আমাদের ঘরে যে মেয়ে আসিবে সে মাথা হেট করিয়াই আসিবে
L বেহাই সম্প্রদায়ের আর যাই থাক তেজ থাকাটা দোষের
M অপর পক্ষকে যে নাকাল হইতে হইবে, সেই কথা স্মরণ করিয়া মামার সঙ্গে মা একযোগে বিস্তর হাসিলেন
N ঠাট্টার সম্পর্ককে স্থায়ী করিবার ইচ্ছা আমার নাই

**৪. 'চাষার দুক্ষু' প্রবন্ধে সভ্যতার যে নেতিবাচক দিকগুলো ফুটে উঠেছে—**
K দারিদ্র্য ও দুর্ভোগ
L অনুকরণপ্রিয়তা ও বিলাসিতা
M বস্তুনির্ভরতা ও আলস্য
N কুটিরশিল্পের বিলোপ ও আলস্য

■ **উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও :**
জহির রায়হানের 'হাজার বছর ধরে' উপন্যাসের গ্রামীণ যুবক আবুল বউ পিটিয়ে আনন্দ উপভোগ করে।

**৫. উদ্দীপকের আবুলের সাথে 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে?**
K কৈলাশ L বুড়ো রহমান
M জগু N গোকুল

**৬. 'মাসি-পিসি' গল্পের উক্ত চরিত্রের সাথে উদ্দীপকের আবুলের সাদৃশ্য কোথায়?**
K স্ত্রীর প্রতি নিষ্ঠুর আচরণে
L স্ত্রীর প্রতি অবজ্ঞায়
M স্ত্রীর প্রতি নির্যাতনে
N স্ত্রীর প্রতি কর্তৃত্বপরায়ণতায়

**৭. 'ঐকতান' কবিতায় কৃত্রিম পণ্য বলতে কবি কী বুঝিয়েছেন?**
K অভিজ্ঞতালব্ধ শিল্প L নকল পণ্য
M অন্তরের যোগ নেই এমন N পসরা

**৮. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় যে কবিতা শুনতে জানে না সে কী শুনবে?**
K উচ্চারিত সত্য
L অরণ্য এবং শ্বাপদের কথা
M প্রবহমান নদীর কলতান
N ঝড়ের আর্তনাদ

**৯. কনফুসিয়াস কোথাকার দার্শনিক?**
K ইরান L মথুরা
M চীন N জেরুজালেম

**১০. 'নূরলদীনের সারাজীবন' কবিতায় নূরলদীন হলো—**
i. ঐতিহাসিক চরিত্র
ii. প্রতিবাদী চরিত্র
iii. চেতনাদীপ্ত চরিত্র
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
স্কুল শিক্ষক আবির জ্ঞানচর্চার মাধ্যমে নিজেকে যেমন সমৃদ্ধ করেছেন, তেমনি আলোকিত করেছেন শিক্ষার্থীদের।

**১১. উদ্দীপকের আবিরের জ্ঞানচর্চার মাধ্যমে নিজেকে সমৃদ্ধ করার সাথে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন বিষয়ের মিল রয়েছে?**
K নদীর সাগরে পতিত হওয়া
L দৈহিক বিকাশ ঘটানো
M মনুষ্যত্বের বেদনা উপলব্ধি
N বৃক্ষের ফুলে-ফলে পরিপূর্ণ হওয়া

**১২. উদ্দীপকের ভাবের প্রতিফলন ঘটেছে 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন ভূমিকায়?**
K পরোপকারিতায় L প্রাপ্তি ও দানে
M আত্মনিবেদনে N বিকাশ সাধনে

**১৩. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'অর্ঘ্য বিরচন' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
K ঋতুরাজ বসন্তকে বরণ
L ফুলের বন্দনাগীত
M বসন্তের আগমনী গান
N অঞ্জলি বা উপহার রচনা

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
মুক্তিযুদ্ধে পাকিস্তানি সেনাশাসক, রাজনীতিবিদ ও কতিপয় বিপথগামী দোসররা জনসাধারণের উপর নিষ্ঠুর নির্যাতন চালায় ও জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি করে। এ দেশের আপামর জনতা দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলে।

**১৪. উদ্দীপকের প্রথম বাক্য 'নবাব সিরাজউদ্দৌলা' নাটকের কোন কোন চরিত্রের কর্মকাণ্ডকে ধারণ করে?**
K উমিচাঁদ-জগৎশেঠ
L মোহনলাল-রায়দুর্লভ
M ঘসেটি বেগম-লুৎফুন্নিসা
N মিরমর্দান-ক্লেটন

**১৫. উদ্দীপকের শেষ বাক্যের বিষয়বস্তু 'সিরাজউদ্দৌলা' নাটকের নিচের কোন বাক্যে প্রতিফলিত হয়েছে?**
K আপনাদের নতুন নবাব জাফর আলী খানকে আমি মসনদে বসিয়ে দিলাম
L হাজার হাজার মানুষ একযোগে রুখে দাঁড়াতে পারলে কৌশলের প্রয়োজন হবে না
M বাংলার ঘরে ঘরে হাহাকারের বন্যা বইয়ে দেবে মিরজাফর ক্লাইভের লুণ্ঠন অত্যাচার
N মানুষের দৃষ্টি থেকে আমার চোরের মতো পালিয়ে পালিয়ে পথ চলতে হবে

**১৬. 'দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়।' কার কাছে?**
K উমিচাঁদ L ঘসেটি বেগম
M জগৎশেঠ N রায়দুর্লভ

**১৭. 'বায়ান্নর দিনগুলো' রচনায় ১৯৫২ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কোন জীবনের কথা বিবৃত হয়েছে?**
K পারিবারিক জীবন L জেল জীবন
M সামাজিক জীবন N রাজনৈতিক জীবন

■ **উদ্দীপকটি পড়ে ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
পাথালিয়া একটি আদর্শ গ্রাম। এখানে বিভিন্ন ধর্মের লোকদের মধ্যে রয়েছে সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধ। ধনী নির্ধন নির্বিশেষে পরস্পরকে সাহায্য সহযোগিতা করে তারা সাধ্যমতো।

**১৮. উদ্দীপকে 'আহ্বান' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে?**
K গ্রামীণ দারিদ্র্য
L লোকায়িক জীবনধারা
M উদার মানবিক সম্পর্ক
N সংস্কারাচ্ছন্ন সমাজব্যবস্থা

**১৯. 'রেইনকোট' গল্পে ভিতু প্রকৃতির নুরুল হুদা মুক্তিযোদ্ধা শ্যালকের রেইনকোট গায়ে দিলে তার মধ্যে সঞ্চারিত হয়—**
i. উষ্ণতা
ii. সাহস
iii. দেশপ্রেম
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M ii ও iii N i, ii ও iii

**২০. 'মহাজাগতিক কিউরেটর' রচনায় কিউরেটর সৌরজগতের তৃতীয় গ্রহ থেকে কোন প্রাণী তুলে নেয়?**
K পিঁপড়া L মানুষ
M পাখি N হরিণ

**২১. নিচের চরণটি তোমার পাঠ্য কোন কবিতার প্রথম চরণ? 'পদ্মা তোমার যৌবন চাই'**
K লোক-লোকান্তর
L ফেব্রুয়ারি ১৯৬৯
M সেই অস্ত্র
N রক্তে আমার অনাদি অস্থি

**২২. 'কলমা জান মিঞা?' প্রশ্নটি মজিদ কাকে উদ্দেশ্য করে করেছিল?**
K তাহের-কাদেরের বাপকে
L আক্কাসকে
M দুদু মিঞাকে N ধলা মিঞাকে

**২৩. জাতীয় জাদুঘর কোন পরিচয় বহন করে?**
K ইতিহাস L স্থাপত্যকলা
M আত্মপরিচয় N জাতিসত্তা

**২৪. 'লালসালু' উপন্যাসে মাজারটি দেখতে কেমন?**
K উইঢিবির মতো L মাছের পিঠের মতো
M গারো পাহাড়ের মতো N দ্বিতীয়ার চাঁদের মতো

**২৫. 'সেই অস্ত্র' কবিতায় কবির কাঙ্ক্ষিত অস্ত্র উত্তোলিত হলে লক্ষ লক্ষ মানুষকে কী পঙ্গু ও বিকৃত করবে না?**
K মুহূর্তের অগ্ন্যুৎপাত
L অমোঘ অস্ত্র— ভালোবাসা
M আধিপত্যের লোভ
N বিদ্বেষ-অহংকার

**২৬. 'আমার পথ' প্রবন্ধে নিচের কোন বৈশিষ্ট্যটি বিদ্যমান?**
K জড়তামুক্তি L সত্যের পথ
M তারুণ্য N ভয়হীনতা

**২৭. 'লালসালু' উপন্যাসে কে হাঁটলে মাটিতে আওয়াজ হয়?**
K হাসুনির মা L আমেনা বিবি
M রহিমা N জমিলা

**২৮. "এমন দেশটি কোথাও খুঁজে পাবে নাকো তুমি, সকল দেশের রাণী সে যে আমার জন্মভূমি।" উদ্দীপকে 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতার কোন বিষয়ের উল্লেখ পাওয়া যায় না?**
K স্বাজাত্যবোধ L দেশপ্রেম
M প্রাকৃতিক সৌন্দর্য N জন্মভূমির বন্দনা

**২৯. 'লোক-লোকান্তর' কবিতায় আহত কবির গান পূর্ণতা লাভ করে কীভাবে?**
K শৈল্পিক উৎকর্ষে
L প্রাকৃতিক সৌন্দর্য সন্দর্শনে
M ভাবাবেগের প্রাবল্যে
N সৃষ্টির প্রেরণায়, চেতনার ঔজ্জ্বল্যে

■ **উদ্দীপকটি পড়ে ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**
"স্বদেশের উপকারে নাই যার মন
কে বলে মানুষ তারে, পশু সেই জন।"

**৩০. উদ্ধৃত কবিতাংশটি 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রকে ইঙ্গিত করে?**
K রাবণ L বিভীষণ
M মেঘনাদ N লক্ষ্মণ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | K | ৪ | L | ৫ | M | ৬ | M | ৭ | M | ৮ | N | ৯ | M | ১০ | N | ১১ | N | ১২ | L | ১৩ | N | ১৪ | K | ১৫ | L |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | N | ২০ | K | ২১ | N | ২২ | M | ২৩ | N | ২৪ | L | ২৫ | K | ২৬ | L | ২৭ | M | ২৮ | K | ২৯ | N | ৩০ | L |

## ৩০ কুমিল্লা বোর্ড ২০১৯

বিষয় কোড : 101

সময়—৩০ মিনিট

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'রাবণ অনুজ' বলতে কাকে বুঝানো হয়েছে?**
K কুম্ভকর্ণকে L বিভীষণকে
M লক্ষ্মণকে N রামকে

**২. গী দ্য মোপাসাঁ কত সালে মৃত্যুবরণ করেন?**
K ১৮৯২ L ১৮৯৩ M ১৮৯৪ N ১৮৯৫

**■ উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**

"নদী কভু পান নাহি করে নিজ জল
তরুগণ নাহি খায় নিজ নিজ ফল
গাভী কভু নাহি করে নিজ দুগ্ধ পান
সাধুর ঐশ্বর্য শুধু পরহিত তরে।"

**৩. উদ্দীপকটি 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের কোন দিকটির ইঙ্গিত করে— ✪**
K ত্যাগের L অহংকারের
M স্বার্থচিন্তার N ভোগের

**৪. উদ্দীপক ও 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের বৈসাদৃশ্য হলো— ✪**
i. অপরের অনিষ্ট সাধনে
ii. সেবাদানে
iii. স্বার্থপরতায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. ভিক্টোরিয়া মেমোরিয়াল কোথায় অবস্থিত? ✪**
K লন্ডনে L ঢাকায়
M কলকাতায় N করাচিতে

**৬. আহ্লাদি ও বুড়ো রহমানের কন্যা— তারা দুজনেই—**
K সুন্দরী L নির্যাতিতা
M শিক্ষিতা N অশিক্ষিতা

**৭. 'লালসালু' উপন্যাসে কে হাঁপানি রোগে আক্রান্ত?**
K সলেমনের বাপ L কালুমতি
M রেহান আলী N মজিদ

**■ উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**

ছনু মিয়া তার বড় পরিবারের ভরণপোষণ করতে না পেরে মিথ্যার আশ্রয় নেয়। একদিন রাতে সে তার বাড়ির সামনে একটি সাইনবোর্ড টাঙ্গায়। সেখানে লেখা থাকে যে, সে স্বপ্নে অলৌকিক ক্ষমতা পেয়েছে এবং এর দ্বারা যাবতীয় সমস্যার সমাধান করা হয়।

**৮. উদ্দীপকটি নিচের কোন রচনার সাথে অধিকতর সাদৃশ্যপূর্ণ—**
K লোক-লোকান্তর L সিরাজউদ্দৌলা
M বিড়াল N লালসালু

**৯. এই সাদৃশ্যের কারণ হলো—**
i. মিথ্যার আশ্রয়
ii. ধর্ম ব্যবসা
iii. যাপিত জীবনের ভার সইতে না পারা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১০. 'সিরাজউদ্দৌলা' নাটকে মূলত বিধৃত হয়েছে—**
K লোভ ও ক্ষমতার দ্বন্দ্ব
L ব্রিটিশদের দেশ পরিচালনা
M গুপ্তচরদের অক্ষমতা
N নবাবের অযোগ্যতা

**■ উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**

মনসুর, অপু, তাহেরসহ মোট বারোজন মিলে নিজেদের উন্নতির জন্য একটি সমিতি গঠন করে। সবাই প্রতি মাসে পাঁচশ টাকা করে তাহেরের কাছে জমা রাখে। কিছুদিন পর তাহের সব টাকা নিয়ে পালিয়ে যায়।

**১১. উদ্দীপকের তাহের 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতিনিধি?**
K মোহনলাল L উমিচাঁদ
M রাইসুল জুহালা N মিরজাফর

**১২. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টি ফুটে উঠেছে?**
K সহযোগিতা L দেশদ্রোহিতা
M বিশ্বাসঘাতকতা N স্বার্থপরতা

**১৩. 'একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং।' এই চরণটির আগের চরণ হলো—**
K এ রঙের বিপরীত আছে অন্য রং
L মানবিক বাগান, কমলবন হচ্ছে তছনছ
M শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ, স্মৃতিগন্ধে ভরপুর
N দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মত

**১৪. 'এ বয়স জানে রক্তদানের পুণ্য' বলতে বুঝানো হয়েছে—**
K অধিকার আদায়ে রক্তদান
L স্বাধীনতার জন্য রক্তদান
M দেশের জন্য রক্তদান
N শুভ, কল্যাণ ও সুন্দরের জন্য রক্তদান

**১৫. 'বিড়াল' রচনা অনুসারে কাদের দণ্ডবিধান সমাজের একান্ত কর্তব্য? ✪**
K গৃহস্থের L চোরের
M ধনীদের N ডাকাতদের

**১৬. শ্বশুরের সামনে অনুপমের মাথা হেঁট করে রাখার কারণ কী?**
K শ্বশুরের ব্যবহারে L লজ্জায়
M বিয়ের আয়োজন দেখে
N মামার গহনা পরীক্ষার কারণে

**■ উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**

করিম সাহেব ছিলেন একজন খাঁটি মুক্তিযোদ্ধা। মুক্তিযুদ্ধে তিনি এলাকার যুবকদের নিয়ে পাকসেনাদের বিরুদ্ধে রুখে দাঁড়ান। যুদ্ধের শেষ দিকে তিনি পাকসেনাদের গুলিতে শহিদ হন। করিম সাহেবের মতো আত্মত্যাগীদের জাতি আজও শ্রদ্ধাভরে স্মরণ করে।

**১৭. উদ্দীপকের করিম সাহেবের সাথে 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার নূরলদীনের কোন বৈশিষ্ট্যের মিল রয়েছে—**
K দেশপ্রেমিক L অসহযোগী
M প্রতিহিংসাপরায়ণ N স্বার্থপর

**১৮. করিম সাহেব ও নূরলদীনের কথা স্মরণ হয়—**
i. নিপীড়নের সময়
ii. দেশের ক্রান্তিকালে
iii. বহিঃশত্রুর আক্রমণের সময়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৯. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতার অপূর্ণ পর্বের ছন্দ বিভাজন কত মাত্রার? ✪**
K ১ মাত্রার L ২ মাত্রার
M ৩ মাত্রার N ৪ মাত্রার

**২০. 'চাষার দুক্ষু' প্রবন্ধে চাষাদের সর্বস্বহীন হওয়ার কারণ হিসেবে নিচের কোনটির কথা উল্লেখ করা হয়েছে— ✪**
K আরামপ্রিয়তা
L আধুনিক হয়ে যাওয়া
M সভ্য হয়ে যাওয়া
N জমিদারদের অত্যাচার

**২১. 'আহ্বান' গল্পে বুড়িকে কে মা বলে সম্বোধন করে?**
K গল্পকথক L নরেশ
M শুকুর আলী N হাজরা ব্যাটার বউ

**২২. গাহি সাম্যের গান— পঙ্‌ক্তিটিতে প্রত্যাশা করা হয়েছে— ✪**
i. বৈষম্যহীন সমাজব্যবস্থা
ii. অসাম্প্রদায়িক চেতনা
iii. অধিকার সচেতনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**■ উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**

অজয় রায় তাঁর 'আদি বাঙালি : নৃতাত্ত্বিক ও সমাজতাত্ত্বিক বিশ্লেষণ' বইয়ে বাঙালিজনের নৃতাত্ত্বিক, সামাজিক ও সাংস্কৃতিক পরিচয় চমৎকারভাবে ফুটিয়ে তুলেছেন।

**২৩. উদ্দীপকটি 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়কে উপস্থাপন করে—**
K বাঙালির সংগ্রাম L বাঙালির গৌরব
M বাঙালির বিজয় N বাঙালির ঐতিহ্য

**২৪. উক্ত বিষয়ের প্রেক্ষিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাকে বলা যায়—**
i. আত্মপরিচয়ের কবিতা
ii. আত্মসমালোচনার কবিতা
iii. আত্মচেতনার কবিতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. 'পাখিরা নীড়ে ঘুমাবে।' 'সেই অস্ত্র' কবিতার এই চরণ দ্বারা যে বিষয়টি প্রকাশিত তা হলো— ✪**
K পাখিরা তাদের বাসায় ঘুমাবে
L পৃথিবীতে আবারো শান্তি ফিরে আসবে
M কেউ পাখি ধরবে না
N পৃথিবী আরও এগিয়ে যাবে

**২৬. জ্বাবাবি নেবুর ফুল ফুটেছে কি?" 'তাহারেই পড়ে মনে' কবিতার এই চরণ দ্বারা প্রকাশিত হয়েছে—**
K প্রকৃতির বর্ণনা
L গাছের বর্ণনা
M কবির হাহাকার
N কবির ব্যক্তিগত উচ্ছ্বাস

**২৭. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কোন ঘাসের উল্লেখ পাওয়া যায়? ✪**
K দূর্বা L বথুয়া M শ্যামা N মধুকূপী

**২৮. 'ঐকতান' কবিতায় রবীন্দ্রনাথ ঠাকুর কোন শ্রেণির কবিকে আহ্বান করেছেন— ✪**
K উঁচু শ্রেণির L অজ্ঞাতজনের
M অখ্যাতজনের N বিশ্বপ্রকৃতির

**■ উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও :**

"দূরে কিংবা কখনো খুবই কাছে
যাচ্ছে শোনা ফুটফাট গুলির আওয়াজ, ত্রাসে
বুক কাঁপে, পারি না শুধোতে কে কোথায় গেল মরে,
দম বন্ধ করে চুপ করে পড়ে থাকি ঘরের কবরে।"

**২৯. উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের সাদৃশ্য হলো—**
i. পঁচিশে মার্চের রাতের আক্রমণ
ii. মানুষদের ধরে ক্যাম্পে নিয়ে যাওয়া
iii. গুলির আওয়াজ শুনতে পাওয়া
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৩০. উদ্দীপকের সাথে 'রেইনকোট' গল্পের যে প্রসঙ্গটি মিলে যায়—**
i. মুক্তিযুদ্ধ চলাকালীন
ii. নির্যাতিত বাঙালি
iii. মুক্তিযুদ্ধে মানুষের আত্মত্যাগ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | M | ৬ | L | ৭ | K | ৮ | N | ৯ | L | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | M | ১৪ | N | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | N | ১৯ | L | ২০ | K | ২১ | N | ২২ | K | ২৩ | N | ২৪ | L | ২৫ | L | ২৬ | M | ২৭ | N | ২৮ | M | ২৯ | L | ৩০ | N |

## ৩১ ✓ চট্টগ্রাম বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

সময়—৩০ মিনিট

## বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. মিরজাফর ১৭৫৭ সালের কত তারিখে বাংলার মসনদে বসেন?**
K ২২ জুন L ২৩ জুন
M ২৫ জুন N ২৯ জুন

**২. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় জজাগো বাহে, কোনঠে সবায়?"— কথাটির তাৎপর্য কী?**
K সকল অন্যায় দূর করার আহ্বান
L বিপর্যস্ত অবস্থা থেকে উত্তরণের আহ্বান
M ভীত জনতাকে ডেকে তোলা
N জনতাকে বিক্ষুব্ধ ও সাহসী করে তোলা

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ধূর্ত তুহিন সাধারণ মানুষের অশিক্ষা ও ধর্মভীতিকে কাজে লাগিয়ে এলাকাবাসীদের নিয়ন্ত্রণ করে এবং তাবিজ বিক্রি ও পানি পড়া দিয়ে অর্থ উপার্জন করে। তার স্ত্রী সহজ-সরল শোভা স্বামীর প্রতি বিশ্বাস, আস্থা ও নির্ভরতায় অন্ধ।

**৩. উদ্দীপকের শোভা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
K আমেনা L রহিমা M জমিলা N তানুবিবি

**৪. উদ্দীপকের তুহিন ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়েরই অর্থোপার্জনের কৌশল—**
i. প্রতারণা
ii. প্রভাব বিস্তার
iii. ব্যাকুলতা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

**৫. 'সেই অস্ত্র' কবিতার গঠনগত বিশেষত্ব কী? ✪**
K সহজ গতিময়তা L সাবলীলতা
M অসম পর্ববিন্যস্ততা N ছন্দোময়তা

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
স্বামীর ধনৈশ্বর্যে মুগ্ধ নিরক্ষর ও সুন্দরী সালমা নিয়ত নতুন স্বপ্নের জাল বোনে। স্বামীর কাছে তার বায়নার শেষ নেই। এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় স্বামী মানসিকভাবে পঙ্গুত্ববরণ করলে শিশুসন্তানসহ সালমা দিশেহারা হয়ে যায়।

**৬. উদ্দীপকে সালমার সঙ্গে 'নেকলেস' গল্পের মাতিলদার বৈসাদৃশ্যপূর্ণ দিক কোনটি?**
K অশিক্ষা L সৌন্দর্য
M সচ্ছলতা N স্বপ্নময়তা

**৭. 'নেকলেস' গল্পের কোন বৈশিষ্ট্য উদ্দীপকে প্রতিবিম্বিত?**
K ঘটনার আকস্মিকতা L অভ্যস্ততা
M নান্দনিকতা N অপরিণামদর্শিতা

**৮. 'লোক-লোকান্তর' কবিতার মূলভাব কী? ✪**
K লোকান্তরের ভাবনা
L চেতনার অনিন্দ্য প্রকাশ
M কাব্য-সৃষ্টির প্রেরণা
N সৃষ্টির অবশ্যম্ভাবী বিজয়

**৯. 'রেইনকোট' গল্পে ভিতু নুরুল হুদার সাহসী হয়ে ওঠার মূল কারণ—**
K মিসক্রিয়েন্টদের ঠিকানা জানা
L সঞ্চারিত উষ্ণতা ও দেশপ্রেম
M কুলিদের আস্তানা চেনা
N গেরিলাদের সঙ্গে আঁতাত

**১০. রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন?**
K ১৮৩৮ L ১৮৪১
M ১৮৬১ N ১৮৯৯

**১১. 'চাষার দুক্ষু' প্রবন্ধে রেশমি রুমালের জন্মভূমি অনুসন্ধান করতে গিয়ে লর্ড কারমাইকেল কোন স্থান খুঁজে পেলেন? ✪**
K আসাম L মুর্শিদাবাদ
M রংপুর N উড়িষ্যা

**১২. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় জভালোবাসা দিলে মা মরে যায়"— চরণটির তাৎপর্য কী?**
K মায়ের ছেলেদের চলে যাওয়া
L মায়ের গল্প শুনতে না পারা
M ছেলের জন্য মায়ের উৎকণ্ঠা
N দেশের জন্য সন্তানের মায়া ত্যাগ

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বাজারে ভালো দাম না পাওয়ায় রহিম আর তাঁত বোনে না। তার মেধাবী ছেলেটি লেখাপড়ার ফাঁকে ফাঁকে পত্রিকা বিক্রি করে আর রাতে খেটে খাওয়া দারিদ্র্যের ইতিবৃত্ত রচনা করে।

**১৩. উদ্দীপকের রহিম তাঁতির ছেলের সঙ্গে 'ঐকতান' কবিতার কার সাদৃশ্য বিরাজমান? ✪**
K যে আছে মাটির কাছাকাছি
L যেথা তার যত উঠে ধ্বনি
M নতশির স্তব্ধ যারা
N মূক যারা দুঃখে সুখে

**১৪. উদ্দীপকে 'ঐকতান' কবিতার বৈশিষ্ট্য কীভাবে প্রতিফলিত? ✪**
K সর্বপ্রান্তস্পর্শী সমস্বর
L সত্য ও কর্মের অন্বয়
M স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি
N জীবনধারার সাম্য

**১৫. "বাংলাদেশ যে আপনার কাছ থেকে অনেক কিছু প্রত্যাশা করে"— উক্তিটি দ্বারা 'বায়ান্নর দিনগুলো' রচনায় কী বোঝানো হয়েছে?**
K বঙ্গবন্ধুর সংগ্রামী আত্মজীবনী লেখার সুযোগ
L বঙ্গবন্ধুর বিচিত্র অভিজ্ঞতা ও রাজনৈতিক পর্যবেক্ষণ
M বায়ান্নর ভাষা আন্দোলনে বঙ্গবন্ধুর আপসহীনতা
N মুক্তিকামী মানুষের জন্য বঙ্গবন্ধুর সফল নেতৃত্ব

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
শামসুজ্জামানের বাবা অনাথ হাবিবকে লালন-পালন করেন। শামসুজ্জামানের সঙ্গে তার চাচা মোতালেবের বিরোধ বাঁধলে অর্থের লোভে মোতালেবের নির্দেশে হাবিব শামসুজ্জামানকে হত্যা করে।

**১৬. উদ্দীপকের হাবিবের মধ্যে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য মেলে?**
K মোহাম্মদি বেগ L মিরন
M উমিচাঁদ N মিরজাফর

**১৭. সাদৃশ্যের কারণ হলো, উভয়েই—**
i. কৃতঘ্ন ii. ক্ষমতালোভী
iii. অর্থলোভী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. 'লালসালু' উপন্যাসে "ভাং-গাঁজা খাওয়া রসকসশূন্য হাড়গিলে চেহারা"— কার?**
K মজিদের L দুদু মিয়ার
M কম্পাউন্ডারের N ধলা মিয়ার

**১৯. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে পিঁপড়াকে পৃথিবীর শ্রেষ্ঠ প্রজাতি হিসেবে শনাক্ত করার কারণ কী?**
K সুবিবেচক পিঁপড়া মানুষের মতো স্বেচ্ছা ধ্বংসকারী নয়
L পিঁপড়া সমাজ, পরিবেশ ও পৃথিবী সম্পর্কে সচেতন
M পিঁপড়া নিজের শরীরের চেয়ে দশ গুণ ওজন বহন করতে পারে
N পিঁপড়া ডাইনোসরের যুগ থেকে বেঁচে আছে

**২০. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় সৌমিত্রি কে?**
K মেঘনাদ L লক্ষণ
M বিভীষণ N রাবণ

**২১. 'আহ্বান' গল্পে জওখানা পুরনো হয়ে ভেঙ্গে যাচ্ছে"— কী?**
K ঘর L নড়ি
M চাটাই N কবর

**২২. "এ দেশের বুকে আঠারো আসুক নেমে"— 'আঠারো বছর বয়স' কবিতার চরণটিতে কবির কোন মানসিকতা প্রকাশিত?**
i. প্রথাবদ্ধ জীবনের
ii. উদ্দীপনা ও সাহসিকতার
iii. চলার দুর্বার গতির
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সুজনের ছোট ভাইয়ের বিয়ের অনুষ্ঠানে খাবার চুরি করতে গিয়ে এক ভিক্ষুক মার খায়। পেটের দায়েই চুরি করেছে এ কথা বুঝতে পেরে আর চুরি না করার শর্তে সুজন তাকে ছেড়ে দেয়।

**২৩. উদ্দীপকের সুজনের সঙ্গে 'বিড়াল' রচনার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে? ✪**
K প্রসন্ন L ওয়েলিংটন
M নেপোলিয়ান N কমলাকান্ত

**২৪. উদ্দীপকে 'বিড়াল' রচনার যে ভাবের প্রকাশ ঘটেছে তা হলো— ✪**
i. ক্ষুধিতের প্রতি সমবেদনা
ii. অপরাধীকে সংশোধনের চেষ্টা
iii. অপরাধের নগণ্যতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৫. 'সাম্যবাদী' কবিতায় 'দেউল' শব্দের অর্থ কী? ✪**
K মন্দির L আবাস
M দেবতা N তীর্থক্ষেত্র

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জীবনের সব ক্ষেত্রে সফল আকাশ। কিন্তু তার সাফল্য তার মাকে আলোড়িত করে না। মায়ের সমস্ত অন্তরজুড়ে অকালে হারিয়ে যাওয়া আবির।

**২৬. উদ্দীপকের আবির 'তাহারেই পড়ে মনে' কবিতায় কিসের প্রতিনিধিত্ব করে?**
K বসন্তের L কবির M শীতের N প্রকৃতির

**২৭. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতা উভয় ক্ষেত্রেই প্রকাশিত—**
i. প্রিয়জন হারানোর বেদনা
ii. ব্যক্তিজীবনের রিক্ততা
iii. সাফল্যের প্রতি উদাসীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. 'জাতিতাত্ত্বিক জাদুঘর' বাংলাদেশের কোথায় অবস্থিত? ✪**
K ধানমণ্ডি L রাজশাহী
M শাহবাগ N চট্টগ্রাম

**২৯. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে কোন বৃদ্ধি মানুষকে অন্য প্রাণী থেকে আলাদা করেছে? ✪**
K সৃষ্টিশীল L পরিপূর্ণ
M সাধনালব্ধ N আত্মিক

**৩০. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় রূপসী শঙ্খমালার শাড়ির রং কী? ✪**
K হলুদ L সবুজ
M নীল N লাল

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | K | ৩ | L | ৪ | M | ৫ | K | ৬ | M | ৭ | N | ৮ | N | ৯ | L | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | K | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | M | ২২ | M | ২৩ | N | ২৪ | K | ২৫ | K | ২৬ | M | ২৭ | K | ২৮ | N | ২৯ | N | ৩০ | K |

## ৩২ সিলেট বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. 'আহ্বান' গল্পে কথককে কে প্রথম বুড়ির মৃত্যুসংবাদ জানিয়েছিল?**
K নাতজামাই L হাজরা ব্যাটার বউ
M দিগম্বরী N ঘুঁটি গোয়ালিনী

**২. জ্বসঁপে আত্মাকে শপথের কোলাহলে"— 'আঠারো বছর বয়স' কবিতার চরণটিতে কী প্রকাশিত?**
K সাহসিকতা L সহমর্মিতা
M পদক্ষেপের দৃঢ়তা N তারুণ্যের ক্ষুব্ধতা

■ **উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
সুজনের ছোট ভাইয়ের বিয়ের অনুষ্ঠানে খাবার চুরি করতে গিয়ে এক ভিক্ষুক মার খায়। পেটের দায়েই চুরি করেছে এ কথা বুঝতে পেরে আর চুরি না করার শর্তে সুজন তাকে ছেড়ে দেয়।

**৩. উদ্দীপকের সুজনের সঙ্গে 'বিড়াল' রচনার কোন চরিত্রের সাদৃশ্য রয়েছে?**
K প্রসন্ন L ওয়েলিংটন
M নেপোলিয়ন N কমলাকান্ত

**৪. উদ্দীপকে 'বিড়াল' রচনার যে ভাবের প্রকাশ ঘটেছে তা হলো—**
i. ক্ষুধিতের প্রতি সমবেদনা
ii. অপরাধীকে সংশোধনের চেষ্টা
iii. অপরাধের নগণ্যতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৫. 'সাম্যবাদী' কবিতায় 'দেউল' শব্দটির অর্থ কী?**
K মন্দির L আবাস
M দেবতা N তীর্থক্ষেত্র

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
জীবনের সব ক্ষেত্রে সফল আকাশ। কিন্তু তার সাফল্য তার মাকে আলোড়িত করে না। মায়ের সমস্ত অন্তর জুড়ে অকালে হারিয়ে যাওয়া আবির।

**৬. উদ্দীপকের আবির 'তাহারেই পড়ে মনে' কবিতায় কিসের প্রতিনিধিত্ব করে?**
K বসন্তের L কবির M শীতের N প্রকৃতির

**৭. উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতা উভয় ক্ষেত্রেই প্রকাশিত—**
i. প্রিয়জন হারানোর বেদনা
ii. ব্যক্তিজীবনের রিক্ততা
iii. সাফল্যের প্রতি উদাসীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i L i ও ii M i ও iii N i, ii ও iii

**৮. 'জাদুঘরে কেন যাব' প্রবন্ধে কোহিনুর দেখতে সকলে কোথায় ভিড় করে?**
K ব্রিটিশ মিউজিয়ামে
L আলেকজান্দ্রিয়ায়
M অ্যাশমোলিয়ান মিউজিয়ামে
N টাওয়ার অফ লন্ডনে

**৯. 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে 'সজীবতা ও সার্থকতা' জীবন্ত দৃষ্টান্ত হিসেবে কিসের উল্লেখ রয়েছে?**
K ফুলের L নদীর
M ফলের N বৃক্ষের

**১০. 'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় বারুণীর বাস কোথায়?**
K গঙ্গাসাগরে L কর্ণফুলীতে
M পদ্মায় N ধলেশ্বরীতে

**১১. 'চাষার দুক্ষু' প্রবন্ধে বেগম রোকেয়া জ্জলোয় জেলায় পাটের চাষ কম করিয়া তৎপরিবর্তে" কোনটির চাষ প্রচুর পরিমাণে করার উপদেশ দিয়েছেন?**
K ধান L কার্পাস
M এন্ডি N মসলিন

**১২. জ্জভালোবাসা দিলে মা মরে যায়"— 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় চরণটির অর্থ কী?**
K মায়ের ছেলেদের চলে যাওয়া
L মায়ের গল্প শুনতে না পারা
M ছেলের জন্য মায়ের উৎকণ্ঠা
N দেশের জন্য সন্তানের মায়াত্যাগ

■ **উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বাজারে ভালো দাম না পাওয়ায় রহিম আর তাঁত বোনে না। তার মেধাবী ছেলেটি লেখাপড়ার ফাঁকে ফাঁকে পত্রিকা বিক্রি করে আর রাতে খেটে খাওয়া দারিদ্র্যের ইতিবৃত্ত রচনা করে।

**১৩. উদ্দীপকের রহিম তাঁতির ছেলের সঙ্গে 'ঐকতান' কবিতার কার সাদৃশ্য বিরাজমান?**
K যে আছে মাটির কাছাকাছি
L যেথা তার যত উঠে ধ্বনি
M নতশির স্তব্ধ যারা
N মূক যারা দুঃখে সুখে

**১৪. উদ্দীপকে 'ঐকতান' কবিতার বৈশিষ্ট্য কীভাবে প্রতিফলিত?**
K সর্বপ্রান্তস্পর্শী সমস্বর L সত্য ও কর্মের অন্বয়
M স্বতঃস্ফূর্ত স্বীকারোক্তি N জীবনধারার সাম্য

**১৫. 'বায়ান্নর দিনগুলো' রচনায় "মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
K উৎকণ্ঠা L নেতিবাচকতা
M স্থূলতা N অপরিণামদর্শিতা

■ **উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
শামসুজ্জামানের বাবা অনাথ হাবিবকে লালন-পালন করেন। শামসুজ্জামানের সঙ্গে তার চাচা মোতালেবের বিরোধ বাধলে অর্থের লোভে মোতালেবের নির্দেশে হাবিব শামসুজ্জামানকে হত্যা করে।

**১৬. উদ্দীপকের হাবিবের মধ্যে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য মেলে?**
K মোহাম্মদি বেগ L মিরন
M উমিচাঁদ N মিরজাফর

**১৭. সাদৃশ্যের কারণ হলো, উভয়ই—**
i. কৃতঘ্ন
ii. ক্ষমতালোভী
iii. অর্থলোভী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৮. 'লালসালু' উপন্যাসে 'পরগাছা মুরুব্বি' কে?**
K খালেক ব্যাপারী L সলেমনের বাপ
M ধলা মিয়া N মোদাব্বের মিয়া

**১৯. 'মহাজাগতিক কিউরেটর' গল্পে পৃথিবীর মধ্যে মানুষকে শ্রেষ্ঠ বিবেচনা না করার কারণ কী?**
K মানুষের নির্বুদ্ধিতা ও স্বেচ্ছা ধ্বংসকারিতা
L নিজেরা নিজেদের মধ্যে যুদ্ধে লিপ্ত হওয়া
M মানুষের ভবিষ্যৎ গড়ার অলসতা
N মাত্র দুই মিলিয়ন বছর আগে মানুষের জন্ম

**২০. 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতায় 'ধীমান' বলে কাকে সম্বোধন করা হয়েছে?**
K রাবণ L মেঘনাদ
M কুম্ভকর্ণ N বিভীষণ

**২১. "যত বড় মুখ নয় তত বড় কথা" 'সিরাজউদ্দৌলা' নাটকে সংলাপটি কার?**
K নবাবের L হলওয়েলের
M উমিচাঁদের N ক্লেটনের

**২২. 'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতার 'জাগো বাহে, কোনঠে সবায়?"— কথাটির তাৎপর্য কী?**
K সকল অন্যায় দূর করার আহ্বান
L বিপর্যস্ত অবস্থা থেকে উত্তরণের আহ্বান
M ভীত জনতাকে ডেকে তোলা
N জনতাকে বিক্ষুব্ধ ও সাহসী করে তোলা

■ **উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ধূর্ত তুহিন সাধারণ মানুষের অশিক্ষা ও ধর্মভীতিকে কাজে লাগিয়ে এলাকাবাসীদের নিয়ন্ত্রণ করে এবং তাবিজ বিক্রি ও পানিপড়া দিয়ে অর্থ উপার্জন করে। তার স্ত্রী সহজ-সরল শোভা স্বামীর প্রতি বিশ্বাস, আস্থা ও নির্ভরতায় অন্ধ।

**২৩. উদ্দীপকের শোভা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
K আমেনা L রহিমা
M জমিলা N তানুবিবি

**২৪. উদ্দীপকের তুহিন ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়েরই অর্থোপার্জনের কৌশল—**
i. প্রতারণা
ii. প্রভাব বিস্তার
iii. ব্যাকুলতা
**নিচের কোনটি সঠিক?**
K i L ii M i ও ii N ii ও iii

**২৫. 'সেই অস্ত্র' কবিতাকে শান্তিপ্রিয় পৃথিবীবাসীর জন্য কী হিসেবে চিহ্নিত করা হয়েছে?**
K চিরায়ত প্রার্থনা সঙ্গীত
L পরিত্রাণের পথ
M ভালোবাসার প্রত্যাবর্তন
N মানবিকতার পুনরুদ্ধার

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
স্বামীর ধনৈশ্বর্যে মুগ্ধ নিরক্ষর ও সুন্দরী সালমা নিয়ত নতুন স্বপ্নের জাল বোনে। স্বামীর কাছে তার বায়নার শেষ নেই। এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় স্বামী মানসিকভাবে পঙ্গুত্ববরণ করলে শিশু সন্তানসহ সালমা দিশেহারা হয়ে যায়।

**২৬. উদ্দীপকের সালমার সঙ্গে 'নেকলেস' গল্পের মাতিলদার বৈসাদৃশ্যপূর্ণ দিক কোনটি?**
K অশিক্ষা L সৌন্দর্য
M সচ্ছলতা N স্বপ্নময়তা

**২৭. উদ্দীপকে 'নেকলেস' গল্পের কোন বৈশিষ্ট্য প্রতিবিম্বিত?**
K ঘটনার আকস্মিকতা L অভ্যন্ততা
M নান্দনিকতা N অপরিণামদর্শিতা

**২৮. 'লোক-লোকান্তর' কবিতার মূলভাব কী?**
K লোকান্তরের ভাবনা
L চেতনার অনিন্দ্য প্রকাশ
M কাব্য সৃষ্টির প্রেরণা
N সৃষ্টির অবশ্যম্ভাবী বিজয়

**২৯. 'রেইনকোট' গল্পে ভিতু নুরুল হুদার সাহসী হয়ে ওঠার মূল কারণ কী?**
K মিসক্রিয়েন্টদের ঠিকানা জানা
L সঞ্চারিত উষ্ণতা ও দেশপ্রেম
M কুলিদের আস্তানা চেনা
N গেরিলাদের সঙ্গে আঁতাত

**৩০. রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন?**
K ১৮৯১ L ১৮৯৪
M ১৯৪১ N ১৯৪৬

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | M | ২ | M | ৩ | N | ৪ | K | ৫ | K | ৬ | M | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | K | ১১ | L | ১২ | N | ১৩ | K | ১৪ | K | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | N | ২২ | K | ২৩ | L | ২৪ | M | ২৫ | K | ২৬ | M | ২৭ | N | ২৮ | N | ২৯ | L | ৩০ | M |

## ৩৩ ✔ বরিশাল বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময়—৩০ মিনিট | পূর্ণমান—৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

**১. আত্মাকে মধুর ও পুষ্ট করে গড়ে তুলতে প্রয়োজন— ✪**
i. বিচিত্র অভিজ্ঞতা
ii. প্রচুর প্রেম
iii. গভীর অনুভূতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
ধনী পরিবারের সন্তান মোহসীন চৌধুরী। রাজনীতিতে এসেছেন অনেক দিন। জনকল্যাণমূলক কাজও করেছেন। কিন্তু প্রান্তিকজনের সাথে তেমনভাবে তিনি মিশতে পারেননি। গণমানুষের নেতা হতে না পেরে তার আক্ষেপের শেষ নেই।

**২. উদ্দীপকের মোহসীন চৌধুরীর মর্মবেদনা নিচের কোন চরণে প্রকাশিত? ✪**
K মাঝে মাঝে গেছি আমি ও পাড়ার প্রাঙ্গণের ধারে
L এই স্বরসাধনায় পৌঁছিল না বহুতর ডাক— / রয়ে গেছে ফাঁক
M সে কবির বাণী-লাগি কান পেতে আছি
N তাই আমি মেনে নিই সে নিন্দার কথা

**৩. উদ্দীপকে 'ঐকতান' কবিতার যে বিষয় প্রকাশিত তা হলো— ✪**
i. জনবিচ্ছিন্নতা
ii. শ্রমজীবীদের প্রতি দায়বদ্ধতা
iii. জ্ঞানের দীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৪. নূরলদীন কে ছিলেন?**
K শ্রমিক নেতা L কৃষক নেতা
M মুক্তিযোদ্ধা N ব্রিটিশ সৈনিক

**৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ভাষাশহিদ সালামের নাম কতবার উল্লেখ করা হয়েছে?**
K তিন L চার M পাঁচ N ছয়

**৬. আঠারো বছর বয়স দুঃসহ কেন?**
K পথের বাধা ভাঙতে চায় বলে
L বাষ্পের বেগে স্টিমারের মতো চলে বলে
M প্রাণে অসহ্য যন্ত্রণার কারণে
N স্পর্ধায় মাথা তোলার ঝুঁকির কারণে

■ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও :**
করিম মুন্সীর স্ত্রী মোমেনা বেশ সহজ-সরল। স্বামীর প্রতি তার বিশ্বাস, আস্থা ও নির্ভরতা প্রবল। সাধারণ মানুষের সারল্য ও খোদাভীতিকে পুঁজি করে তার স্বামী তাবিজ বিক্রি করে এবং পানি পড়া দিয়ে অর্থ উপার্জন করে।

**৭. উদ্দীপকের মোমেনা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে?**
K জমিলা L রহিমা
M আমেনা N হাসুনির মা

**৮. উদ্দীপকের করিম মুন্সী ও 'লালসালু' উপন্যাসের মজিদ উভয়েরই ব্যবসার উৎস হলো—**
i. প্রতারণা
ii. মানুষের সরলতা
iii. ধর্মভীতি
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৯. "তোমার দাড়ি কই মিঞা?"— উক্তিটি কাকে উদ্দেশ্য করে বলা?**
K মজিদকে L তাহেরকে
M কাদেরকে N আক্কাসকে

**১০. 'মহাজাগতিক কিউরেটর' রচনায় স্বেচ্ছা ধ্বংসকারী প্রাণী বলতে কাদের বোঝানো হয়েছে?**
K সাপ L হরিণ
M পাখি N মানুষ

■ **উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :**
সালভেদর আলেন্দে ছিলেন চিলির নির্বাচিত প্রেসিডেন্ট। ১৯৭৩ সালে দেশের সেনাবাহিনী তাকে হত্যা করে ক্ষমতা গ্রহণ করে আলেন্দ কর্তৃকই নিয়োগপ্রাপ্ত জেনারেল পিনোচেট।

**১১. উদ্দীপকের পিনোচেট 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে সর্বাধিক মিল রয়েছে?**
K জগৎশেঠ L উমিচাঁদ
M ওয়াটসন N মিরজাফর

**১২. উভয় চরিত্রের সাদৃশ্যগত বৈশিষ্ট্য—**
i. ক্ষমতালিপ্সা
ii. বিশ্বাসঘাতকতা
iii. কাপুরুষতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৩. 'আমার পথ' প্রবন্ধ অনুযায়ী স্বাধীনতার জন্য করণীয় কী?**
K গোলামির ভাব ছাড়তে হবে
L ধর্ম বৈষম্য দূর করতে হবে
M আত্মনির্ভরশীল হতে হবে
N শির উঁচু করে দাঁড়াতে হবে

**১৪. কবি জীবনানন্দ দাশ শঙ্খমালার রূপকল্পে কী বোঝাতে চেয়েছেন? ✪**
K বাংলার রূপসৌন্দর্য L স্রোতস্বিনী নদী
M সুন্দরী নারী N রূপকথার রাজকন্যা

**১৫. বুড়ি কাকে তার কাফনের কাপড় কিনতে অনুরোধ করেছিল?**
K গোপালকে L নাতজামাইকে
M দিগম্বরীকে N পাতানো মেয়েকে

**১৬. 'মহাজাগতিক কিউরেটর' রচনায় বর্ণিত নিজের শরীর থেকে দশগুণ বেশি জিনিস অনায়াসে নিয়ে যেতে পারে কোন প্রাণী?**
K বাঘ L সাপ M পিঁপড়া N ঈগল

**১৭. লর্ড কারমাইকেলের নাম কোন রচনায় উল্লেখ রয়েছে? ✪**
K চাষার দুক্ষু L জাদুঘরে কেন যাব
M বায়ান্নর দিনগুলো N বিড়াল

**১৮. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় 'বিচলিত স্নেহ' বলতে কবি কী বুঝিয়েছেন?**
K কপট মায়া
L লোক দেখানো আদর
M আপনজনের উৎকণ্ঠা
N সন্ত্রস্ত ভালোবাসা

**১৯. জাদুঘরে সংরক্ষিত বস্তুর সাধারণ লক্ষণ হচ্ছে— ✪**
i. যা চমকপ্রদ
ii. যা লুপ্তপ্রায়
iii. যা বিস্ময় উদ্রেগকারী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২০. 'রক্তে আমার অনাদি অস্থি' কবিতায় কবি নিজের পরিচয় জ্ঞাপন করেছেন— ✪**
K মজলুম নেতা হিসেবে
L শোষিত মানুষ হিসেবে
M গণমানুষের শিল্পী হিসেবে
N প্রান্তিকজন হিসেবে

**২১. 'লোক-লোকান্তর' কবিতায় মুলত প্রকাশ পেয়েছে— ✪**
K সৃষ্টির বিজয় অবশ্যম্ভাবী
L বিচ্ছিন্নতাবোধের যন্ত্রণা
M কাব্য সৃষ্টির প্রেরণা
N চিরায়ত বাংলার রূপ

■ **উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :**
শাওনের বিয়ে চূড়ান্ত হয় অন্যার সাথে। যৌতুকের দাবি পূরণ না হওয়ায় মোতালেব সাহেব ছেলের বিয়ে ভেঙে দিতে চান। বাবার অন্যায় আবদার শাওন মানতে নারাজ। সে যুক্তি দিয়ে বাবাকে বুঝিয়ে যৌতুক না নিয়েই অন্যাকে বিয়ে করে।

**২২. মোতালেব সাহেব 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের ইঙ্গিতবহ?**
K হরিশ L বিনুদা M মামা N শম্ভুনাথ

**২৩. শাওনের কোন কোন বৈশিষ্ট্য অনুপমের মধ্যে থাকলে অনুপমের বিয়েটা টিকে যেত?**
i. সাহসিকতা ii. ব্যক্তিত্ব
iii. গভীর ভালোবাসা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস কোনটি?**
K ১০ জানুয়ারি L ১৭ মার্চ
M ১৪ এপ্রিল N ২৩ জুন

**২৫. 'তাহারেই পড়ে মনে' কবিতায় 'পুষ্পারতি' বলতে বোঝানো হয়েছে—**
i. ফুলের বন্দনা
ii. ফুলের নিবেদন
iii. ফুলের সৌরভ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৬. 'সাম্যবাদী' কবিতায় যুগাবতার বলতে কাদের বোঝানো হয়েছে? ✪**
K ধর্মগুরুদের
L সংগ্রামী নেতাদের
M সমাজ সংস্কারকদের
N বিভিন্ন যুগে অবতীর্ণ মহাপুরুষদের

■ **উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও :**
পাকিস্তানি হানাদার বাহিনীর আক্রমণ থেকে দেশকে রক্ষা করার জন্য মুক্তিযুদ্ধে অংশ নেয় লতিফ। দেশকে স্বাধীন করে তবেই ঘরে ফিরবে এই প্রত্যয় নিয়ে যুদ্ধ করে যায় লতিফ। ডিসেম্বরের প্রথম সপ্তাহ, বাংলাদেশ যখন স্বাধীনতার দ্বারপান্তে ঠিক সে সময় উজিরপুরের পাকিস্তানি ক্যাম্পে অপারেশনের প্রস্তুতি নিচ্ছিল লতিফরা। তথ্যটি রাজাকার নিজামুদ্দীন হানাদার বাহিনীকে জানিয়ে দিলে পাকিস্তানি বাহিনীর অতর্কিত হামলায় লতিফরা শহিদ হয়।

**২৭. উদ্দীপকের নিজামুদ্দীন 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশের কোন চরিত্রের প্রতিরূপ?**
K বিভীষণ L রামচন্দ্র
M লক্ষ্মণ N কুম্ভকর্ণ

**২৮. উদ্দীপকে ও 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতাংশে কোন বিষয়টি প্রবলভাবে প্রকাশিত?**
K মাতৃভূমির প্রতি ভালোবাসা
L দেশদ্রোহিতা
M সাহসিকতা N বর্বরতা

**২৯. মাদাম লোইসেলের জীবনের দুরবস্থার জন্য দায়ী তার—**
K অনুকরণপ্রিয়তা L বিলাসী জীবনযাপন
M উচ্চাভিলাষ N কর্মবিমুখতা

**৩০. 'বিড়াল' রচনার মঙ্গলা কে? ✪**
K মার্জার L গাভী
M গোয়ালিনী N মান্য ব্যক্তি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | K | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | L | ৮ | N | ৯ | N | ১০ | N | ১১ | N | ১২ | N | ১৩ | M | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | K | ১৮ | M | ১৯ | N | ২০ | M | ২১ | K | ২২ | M | ২৩ | K | ২৪ | L | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | M | ৩০ | L |

## ৩৪ দিনাজপুর বোর্ড ২০১৯

বিষয় কোড : 1 0 1

### বাংলা (আবশ্যিক) প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

সময়–৩০ মিনিট পূর্ণমান–৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/ চিহ্ন দেয়া যাবে না।]

১. **'এই পৃথিবীতে এক স্থান আছে' কবিতায় কোন নদীগুলোর উল্লেখ রয়েছে?** ✪
K কর্ণফুলী, ধলেশ্বরী, পদ্মা ও জলাঙ্গী
L কর্ণফুলী, পদ্মা, মেঘনা ও জলাঙ্গী
M পদ্মা, বুড়িগঙ্গা, ধলেশ্বরী ও সুরমা
N বুড়িগঙ্গা, কর্ণফুলী, পদ্মা ও ধলেশ্বরী

২. **'কলিকাতার বাহিরে বাকি যে পৃথিবীটা আছে সমস্তটাকেই মামা আন্ডামান দ্বীপের অন্তর্গত বলিয়া জানেন।"– 'অপরিচিতা' গল্পের এ উক্তিতে মামার চরিত্রের যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে তা হলো–**
K ধর্মনিষ্ঠা L দেশপ্রেম
M কুসংস্কার N কূপমণ্ডূকতা

৩. **'ঐকতান' কবিতায় 'চিত্রময়ী বর্ণনার বাণী' বলতে বোঝানো হয়েছে–** ✪
K ভৌগোলিক চিত্রাবলি L চিত্তাকর্ষক বর্ণনা
M ভ্রমণবৃত্তান্ত N বিশ্বকোষ

■ **উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**
খেয়াঘাটের ইজারাদারদের প্রবল ষড়যন্ত্রের মুখে গ্রামে প্রভাবশালীদের পরামর্শে নদীতে সাঁকো তৈরির উদ্যোগ থামিয়ে দিতে বাধ্য হয় নবনির্বাচিত চেয়ারম্যান সৌরভ।

৪. **উদ্দীপকের গ্রামের প্রভাবশালীরা 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রকে মনে করিয়ে দেয়?**
K খালেক ব্যাপারী L সলেমনের বাপ
M রেহান আলী N মজিদ

৫. **উদ্দীপকের চেয়ারম্যান সৌরভ এবং 'লালসালু' উপন্যাসের আক্কাস চরিত্রটি কিসের প্রেক্ষাপটে তুলনীয়?**
K আর্থিক সামর্থ্য L সমাজসেবা
M বিদ্যানুরাগ N দুঃসাহস

৬. **'তাহারেই পড়ে মনে' কবিতায় পুষ্পশূন্য দিগন্তের পথে চলে গেছে কে?**
K কুহেলি উত্তরী L মাঘের সন্ন্যাসী
M ঋতুর রাজন N দখিনা সমীর

৭. **"মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে।"– 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধের এ উক্তিতে প্রকাশ পেয়েছে–**
i. অভিজ্ঞতা
ii. ভাগ্য বিড়ম্বনা
iii. ইতিহাসবোধ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও :**
জীবনযাপনের সমস্ত সুবিধা নিশ্চিত থাকার পরও কেবল অসৎসঙ্গের কারণে নেশা ও সন্ত্রাসের পথ বেছে নেয় ইকবাল।

৮. **উদ্দীপকের ইকবাল 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন চরিত্রের সাথে তুলনীয়?**
K রাবণ L সৌমিত্রি
M বিভীষণ N কুম্ভকর্ণ

৯. **উদ্দীপকটি ভাবগত দিক থেকে 'বিভীষণের প্রতি মেঘনাদ' কবিতার কোন অংশকে ধারণ করে?**
K যায় কি সে কভু, প্রভু, পঙ্কিল সলিলে, শৈবালদলের ধাম?
L নিজ কর্ম-দোষে, হায়, মজাইলা এ কনক-লঙ্কা রাজা, মজিলা আপনি!
M প্রফুল্ল কমলে কীটবাস? কহ তাত, সহিব কেমনে?
N নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে?

১০. **'সেই অস্ত্র' কবিতায় সেই অস্ত্র ব্যাপ্ত হলে কোথায় আগুন ঝরবে না?** ✪
K সবুজ অরণ্যে
L ফসলের মাঠে
M মানব বসতির বুকে
N নক্ষত্রখচিত আকাশে

১১. **'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে কে?**
K সালাম L বরকত
M সফিউর N মতিউর

১২. **'সাম্যবাদী' কবিতায় 'পথে ফোটে তাজা ফুল!' কী অর্থে ব্যবহৃত হয়েছে?** ✪
K বস্তুবাদ L সাম্যবাদ
M হৃদয়বৃত্তি N সহজলভ্য

১৩. **'সিরাজউদ্দৌলা' নাটকে "আপনাদের কাছে আজ আমি আমার অপরাধের বিচারপ্রার্থী।"– সংলাপে ব্যক্ত হয়েছে সিরাজের–**
K অপরাধবোধ L অনুশোচনা
M প্রজাদের প্রতি প্রেম
N অমাত্যদের প্রতি শ্লেষ

■ **উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :**
কলেজ থেকে ঘরে ফেরার পথে ছাত্র-পুলিশ সংঘর্ষের মধ্যে পড়ে যায় মাহমুদ। পুলিশের বেধড়ক লাঠিপেটায় সেদিন থেকেই সে হয়ে ওঠে ভাষা আন্দোলনের একনিষ্ঠ কর্মী।

১৪. **উদ্দীপকের মাহমুদ 'রেইনকোট' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়?**
K কুলি L মিন্টু
M নুরুল হুদা N ড. আফাজ

১৫. **উদ্দীপকটি 'রেইনকোট' গল্পটিকে যে প্রেক্ষাপট থেকে প্রতিনিধিত্ব করে তা হলো–**
K ছাত্র-রাজনীতি L ভাষা আন্দোলন
M স্বাধীনতা সংগ্রাম N রাজনৈতিক চেতনা

১৬. **'অন্তরের শক্তিতে মজিদ ব্যাপারটা জানতে পেরেছে সে কথা সে বিশ্বাস করে না।"– 'লালসালু' উপন্যাসে সে কথা বিশ্বাস করে না কে?**
K আমেনা L জমিলা
M আক্কাস N তাহেরের বাপ

১৭. **'নূরলদীনের কথা মনে পড়ে যায়' কবিতায় 'কালঘুম' কী অর্থ প্রকাশ করেছে?**
K অসচেতনতা L দুঃসময়
M চিরনিদ্রা N দুর্ভিক্ষ

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
পারিবারিক ব্যবসা প্রতিষ্ঠানের শ্রমিকদের ন্যায্য সুবিধা দেয়ার দাবিতে অনড় থাকায় সুবিধাভোগীদের সহায়তায় অতি আদরের ভাতিজা নাজিমের বিরুদ্ধে ভয়াবহ ষড়যন্ত্রে লিপ্ত হয় চাচা কামরুল।

১৮. **উদ্দীপকের চাচা কামরুল 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের অনুরূপ?**
K ঘসেটি বেগম L মিরজাফর
M মোহাম্মদি বেগ N শওকতজঙ্গ

১৯. **উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন বিষয়টিকে ধারণ করেছে?**
K সাম্যবাদ L দেশপ্রেম
M স্বার্থান্ধতা N কৃতঘ্নতা

২০. **'সিরাজউদ্দৌলা' নাটকে নবাবের আসল চিঠি গায়েব করে কোম্পানির কাছে নকল চিঠি পাঠাচ্ছে কে?**
K ড্রেক L মির মুন্সি
M মানিকচাঁদ N রাইসুল জুহালা

২১. **'চাষার দুক্ষু' প্রবন্ধের বক্তব্য অনুসারে একখানি এন্ডি কাপড় অবাধে কত বৎসর টেকে?** ✪
K ১০ L ২৫
M ৪০ N ৫০

২২. **'আমার পথ' প্রবন্ধে প্রাবন্ধিক নিজের পরিচয় দিয়েছেন কী হিসেবে?**
K অভিশাপ-রথের সারথি L পথপ্রদর্শক কাণ্ডারি
M নত্য-পথের দিশারি N আগুনের সম্মার্জনা

২৩. **'লালসালু' উপন্যাসের "মহাসমুদ্রের ডাককে অবহেলা করে বালুতীরে কী যেন খোঁজে।"– বাক্যে প্রকাশ পেয়েছে–**
K অবিশ্বাস
L সৌন্দর্য-প্রীতি
M বালুতীরের প্রতি আকর্ষণ
N অসীমকে ছেড়ে দৃশ্যমানের প্রতি আগ্রহ

■ **উদ্দীপকটি পড়ে ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও :**
পরিবারের ব্যয় নির্বাহে অমানুষিক পরিশ্রম করেও রিকশাচালক রতন প্রতি মাসে এক দিন এতিমখানায় কিছু খাবার দেয়।

২৪. **উদ্দীপকের রতন 'আহ্বান' গল্পের কোন চরিত্রের সাথে তুলনীয়?**
K হাজরা ব্যাটার বউ L জমির করাতির স্ত্রী
M বুড়ির নাতজামাই N গল্পকথক

২৫. **উদ্দীপকটি কোন বিবেচনায় 'আহ্বান' গল্পের সাথে সঙ্গতিপূর্ণ?**
K মানবিকতায় L আতিথেয়তায়
M অসাম্প্রদায়িকবোধে N সংস্কারহীনতায়

২৬. **'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে স্রষ্টার উপভোগ্য কী?** ✪
K মানবপ্রেম L প্রেম ও সৌন্দর্য
M সৃজনশীল ব্যক্তি N আত্মারূপ ফল

২৭. **'বিড়াল' প্রবন্ধে "যখন বিচারে পরাস্ত হইবে, তখন গম্ভীরভাবে উপদেশ প্রদান করিবে।"– এ বক্তব্যে প্রকাশ পেয়েছে–** ✪
K চাতুর্য L ভণ্ডামি
M বিচারহীনতা N স্বার্থলোলুপতা

■ **উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :**
সকল লোকের মাঝে বসে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা?

২৮. **উদ্দীপকের 'আমি একা হতেছি আলাদা?' 'লোক-লোকান্তর' কবিতার কোন চরণের সাথে তুলনাযোগ্য?** ✪
K সংসার সমাজ ধর্ম তুচ্ছ হয়ে যাবে লোকালয়
L যেন তার তন্ত্রে মন্ত্রে ভরে আছে চন্দনের ডাল
M মনে হয় কেটে যাবে, ছিঁড়ে যাবে সমস্ত বাঁধুনি
N কবিতার আসন্ন বিজয়

২৯. **উদ্দীপকটি কোন বিবেচনায় 'লোক-লোকান্তর' কবিতাকে আত্মস্থ করেছে?** ✪
K সমাজবিমুখতা L সৌন্দর্যচেতনা
M বিচ্ছিন্নতাবোধ N সৃষ্টির বিজয়

৩০. **মূল 'নেকলেস' গল্পটি কোন ভাষায় রচিত?**
K রুশ L স্প্যানিশ
M ফরাসি N ইংরেজি

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | K | ২ | N | ৩ | L | ৪ | K | ৫ | L | ৬ | L | ৭ | L | ৮ | M | ৯ | N | ১০ | M | ১১ | L | ১২ | N | ১৩ | N | ১৪ | M | ১৫ | M |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | M | ২২ | K | ২৩ | N | ২৪ | K | ২৫ | K | ২৬ | N | ২৭ | K | ২৮ | K | ২৯ | M | ৩০ | M |

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র : সৃজনশীল

## ৩৫ কুমিল্লা ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা (আবশ্যিক) প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ বিশ্ববিদ্যালয়ের পড়াশুনার পাঠ শেষ করতে করতেই আমার বোনের অনেক বয়স হয়ে যায়। তিন তিনবার তার বিয়ের সম্বন্ধ ভেঙে যাবার পর কেমন যেন হতাশ হয়ে পড়ি। একদিন তাকে ডেকে বলি, 'অনন্যা, কাল বাসায় একটি নতুন বরপক্ষ তোকে দেখতে আসবে। শুনে ওর চেহারা কঠিন হয়ে ওঠে, বলে, 'তুই শুধু শুধু ব্যস্ত হচ্ছিস শাওন, প্রতিবন্ধীদের নিয়ে আমার যা কাজ তা জীবনভর শেষ হবার নয়।'

ক. কাকে 'মাকাল ফল' বলে বিদ্রূপ করা হয়েছে? ১
খ. অনুপমের বিবাহ যাত্রার বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকের সাথে 'অপরিচিতা' গল্পের কল্যাণীর সাদৃশ্য-বৈসাদৃশ্যগুলো আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকটিতে 'অপরিচিতা' গল্পের মূল বক্তব্য কতটুকু প্রতিফলিত হয়েছে? যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

২ ▶ স্বার্থ-সুখ চাহি নাকো, আত্মনিষ্ঠ কেহ মোরা নয়;
পরার্থে করিব বিশ্বে সর্ব বিসর্জন
আমাদের আত্মত্যাগে প্রতিগৃহে নামিবে অভয়
মর্ত্যরে মাটিতে হবে স্বর্গের সৃজন।

ক. মানব-কল্যাণের সঙ্গে অবিচ্ছেদ্য সম্পর্ক কোনটির? ১
খ. 'ওপরের হাত সব সময় নিচের হাত থেকে শ্রেষ্ঠ'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের সঙ্গে যে দিক থেকে সাদৃশ্যপূর্ণ তা বর্ণনা কর। ৩
ঘ. "উদ্দীপকের কবিতাংশের বক্তব্যে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সামগ্রিক ভাব ফুটে ওঠেনি"— যুক্তি দাও। ৪

৩ ▶ ১৯২৩ সালের ১৪ এপ্রিল নজরুলকে আলীপুর সেন্ট্রাল জেল থেকে হুগলি জেলে স্থানান্তর করা হয়। আলীপুরে নজরুল ছিলেন বিশেষ শ্রেণির কয়েদি। জেলখানার ভেতর অকথ্য নির্যাতন আর বৈষম্যের শিকার হয়ে এখানেও নজরুল বিদ্রোহ শুরু করলেন, শুরু করলেন আন্দোলন। পায়ে ডান্ডাবেড়ি, ভাতের বদলে মাড়ভাত ও রাজবন্দিদের নির্যাতন, এসব বন্ধের দাবিতে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ১৯২৩ সালের ১৪ এপ্রিল হুগলি জেলে বসে অনশন ধর্মঘট শুরু করেন।

ক. ফরিদপুর জেলে বসে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কয়টি চিঠি লিখেছিলেন? ১
খ. 'যেকোনো মুহূর্তে মৃত্যুর শান্তি-ছায়ায় চিরদিনের জন্য স্থান পেতে পারি।'— কথাটি কোন প্রসঙ্গে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'বায়ান্নর দিনগুলো' রচনার যে দিকটি প্রতিফলিত হয়েছে তা উল্লেখ কর। ৩
ঘ. "উদ্দীপকে নির্দেশিত দিকটি 'বায়ান্নর দিনগুলো' রচনায় একটি বিশেষ তাৎপর্য লাভ করেছে।"— বিশ্লেষণ কর। ৪

৪ ▶ শুধু জানি, এ যুদ্ধে আমরা জিতব। আজ, নয় কাল। নয়তো পরশু। একদিন আমি আবার ফিরে যাব। আমার শহরে, আমার গ্রামে। তখন হয়তো পরিচিত অনেকগুলো মুখ সেখানে থাকবে না। তাদের আর দেখতে পাব না আমি। যাদের পাব তাদের প্রাণভরে ভালোবাসব। যারা নেই, কিন্তু একদিন ছিল, তাদের গল্প আমি শোনাব ওদের। সেই ছেলেটির গল্প। বুকে মাইন বেঁধে যে ট্যাংকের সামনে ঝাঁপিয়ে পড়েছিল। কিংবা সেই বুড়ো কৃষক। রাইফেলটা হাতে তুলে নিয়ে যে মৃদু হেসে বলেছিল, চললাম। আর ফিরে আসেনি।

ক. এই কয়েক মাসে নুরুল হুদা কী মুখস্থ করেছেন? ১
খ. পিয়নকে জড়িয়ে ধরে চুমু খেতে ইচ্ছা করেছিল কেন? ২
গ. উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের সঙ্গে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের সেই বুড়ো কৃষকের ঘরে ফিরে না আসার বিষয়টি 'রেইনকোট' গল্পের নুরুল হুদার ঘরে ফিরে না আসার সঙ্গে একসূত্রে গাঁথা হলেও তাঁদের কার্যক্রমে পার্থক্য আছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ মহাকাল ধরে যাহা জরাজীর্ণ দীর্ণ পুরাতন
কাল-জয়ী সেই সত্য
যাহা নিত্য ক্ষয়হীন দীপ্ত চিরন্তন।
কীর্তি যার সুমহান, সত্য-পূত যার মহাপ্রাণ
মৃত্যু যারে শ্রদ্ধাভরে এনে দেয় প্রচুর সম্মান।

ক. 'সোনার তরী' কবিতায় মাঝি কিসের প্রতীক? ১
খ. মাঝি কৃষককে একা রেখে চলে যায় কেন? ২
গ. 'সোনার তরী' কবিতার সঙ্গে উদ্দীপকটি কীভাবে সাদৃশ্যপূর্ণ হয়ে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "'সোনার তরী' কবিতার চরিত্রের অন্তরালে কবি যে গভীর জীবনদর্শন ব্যক্ত করেছেন, উদ্দীপকে তার অনেকাংশই প্রতিফলিত হয়েছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ফেব্রুয়ারির একুশ তারিখ দুপুর বেলার অক্ত—
বৃষ্টি নামে, বৃষ্টি কোথায় বরকতেরই রক্ত।
হাজার যুগের সূর্যতাপে জ্বলবে এমন লাল যে,
সেই লোহিতেই লাল হয়েছে কৃষ্ণচূড়ার ডাল যে!
প্রভাতফেরির মিছিল যাবে ছড়াও ফুলের বন্যা,
বিষাদ গীতি গাইছে পথে তিতুমিরের কন্যা।

ক. আমি আর আমার মতোই বহু লোক রাত্রি-দিন ভূলুণ্ঠিত কোথায়? ১
খ. একুশের কৃষ্ণচূড়া আমাদের চেতনারই রং— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন দিকের সমর্থন মেলে— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সমগ্র চেতনাকে ধারণ করেনি।'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ হে আমার দেশ, বন্যার মতো
সমস্ত অভিজ্ঞতার পলিমাটিকে গড়িয়ে এনে একটি চেতনাকে
উর্বর করেছি; এখানে আমাদের মৃত্যু ও জীবনের সন্ধি,
সমুদ্র সৈকতে দুঃসাহসী নাবিকের করোটির ভেতর যেমন
দূরদিগন্তের হাওয়া হাহাকার করে
তেমনি এখানে রয়েছে একটি কোমল নারীর আশাহত হৃদয়
এখানে রয়েছে মা আর পিতা, ভাই আর বোন, স্বজন বিধুর পরিজন
আর তুমি আমি, দেশ আমার।

ক. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. 'তার পিঠে রক্তজবার মতো ক্ষত ছিল।'— কেন? ২
গ. উদ্দীপকে উদ্ধৃত 'পলিমাটি' এবং কবিতায় উদ্ধৃত 'পলিমাটির সৌরভ' একই অর্থ বহন করে কি না। তা আলোচনা কর। ৩
ঘ. 'উদ্দীপকটিতে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মতোই বাঙালি সংস্কৃতির ইতিহাস বিধৃত হয়েছে।'— মতামত দাও। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ আমাদের দেশের পির-ফকিরেরা সব সময় নিজেদের স্বাতন্ত্র্য প্রতিষ্ঠায় ব্যস্ত। দেশের নিরীহ অশিক্ষিত ধর্মভীরু মানুষদের মাঝে কখনো ছলচাতুরীর সাহায্যে কখনো কথায় কথায় আরবি-ফারসি শব্দের ব্যবহারে এবং কোরান-হাদিসের উল্লেখে চমক সৃষ্টি ও তাদের বশীভূত করা তাদের এক সাধারণ বৈশিষ্ট্য। এসব পিরফকিরদের দৌরাত্ম্যে থেমে যায় প্রাণের কোলাহল, ভেঙে যায় স্বপ্ন, ফেরা হয় না আপন নীড়ে।

ক. 'সুড়ঙ্গ' কী জাতীয় রচনা? ১
খ. 'এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, সচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের পির-ফকিরদের বৈশিষ্ট্য 'লালসালু' উপন্যাসের কোন্ কোন্ চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? নিরূপণ কর। ৩
ঘ. 'পির-ফকিরদের দৌরাত্ম্যে থেমে যায় প্রাণের কোলাহল, ভেঙে যায় স্বপ্ন, ফেরা হয় না আপন নীড়ে'— উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে মন্তব্যটির যথার্থতা প্রতিপন্ন কর। ৪

৯ ▶ সাপ খেলা এখন আর কেউ দেখতে চায় না। কিন্তু সাপ খেলা ছাড়া তারা বংশপরম্পরায় আর কিছু পারেও না। তাদের একমাত্র দক্ষতা হল সাপের ওপর নিয়ন্ত্রণ। জীবিকার তাগিদে বাধ্য হয়ে তারা এখন শহরে সাপ দিয়ে মানুষকে ভয় দেখিয়ে টাকা আদায় করে। একে অনেকেই চাঁদাবাজির নতুন পন্থা হিসেবে দেখছে। কিন্তু কেউই তাদের অসহায়ত্বের কথা ভাবে না।

ক. 'লালসালু' কোন শ্রেণির উপন্যাস? ১
খ. তাহেরের বাপ তার মেয়েকে মেরেছে এই কথা শুনে মজিদের মুখ কঠিন হয়ে যায় কেন? ২
গ. উদ্দীপকের সাপুড়েদের নতুন জীবনবৃত্তির সাথে মজিদের উদ্ভাবিত জীবনবৃত্তির তুলনা কর। ৩
ঘ. 'মজিদরা পরিস্থিতির শিকার।'— উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ ভোরবেলা বড় এক অপারেশন আছে। তাই সবাই সকাল সকাল ঘুমিয়ে পড়েছিল। অতর্কিত আক্রমণে সবার ঘুম ভাঙল এবং অনেকেই কিছু বোঝার আগেই গুলিবিদ্ধ হলো। যাদের জীবিত ধরতে পারল তাদের জন্য তারা গুলি খরচ করল না। বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে মারল। মুক্তিবাহিনীর কমান্ডার রফিক মৃত্যুর পূর্বে কিছুতেই হিসাব মেলাতে পারছিল না যে, পাকিস্তানি বাহিনী কীভাবে এই গোপন আস্তানার সন্ধান পেল। যখন দেখল পাকিস্তানি বাহিনীর সাথে একজন বাঙালি আছে তখন আর বুঝতে বাকি রইল না কী থেকে কী হয়েছে। সে শুধু মনে মনে গালি দিল, 'সালা, মিরজাফরের বাচ্চা।'

ক. মিরজাফর আলি খান কার হাত ধরে বাংলার মসনদে বসেছিল? ১
খ. রমণীর ছদ্মবেশ ত্যাগ করে ওয়াটস কেন বলেছিল : সরি টু ডিজাপয়েন্ট ইউ জেন্টেলমেন? ২
গ. মুক্তিবাহিনীর কমান্ডার রফিক কেন উক্ত বাঙালিকে 'মিরজাফরের বাচ্চা' বলে গালি দিল তা 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বহিঃশত্রু নয়, ঘরের শত্রুই বেশি ক্ষতিকর।'— মন্তব্যটি উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটক অবলম্বনে মূল্যায়ন কর। ৪

১১ ▶ লর্ড ডালহৌসি একজন পুরোপুরি আগ্রাসী মনোভাবাপন্ন শাসক ছিলেন। তাঁর শাসনকালে (১৮৪৫-৫৬ খ্রিস্টাব্দ) ব্রিটিশ সাম্রাজ্য চরম সীমা লাভ করে। ভারতে ব্রিটিশ সাম্রাজ্য বিস্তারের ক্ষেত্রে তিনি তিনটি নীতি অনুসরণ করেছিলেন :
ক. যুদ্ধ জয়ের মাধ্যমে রাজ্যবিস্তার খ. স্বত্ব বিলোপ নীতির প্রয়োগ দ্বারা রাজ্য বিস্তার এবং গ. কুশাসনের অজুহাতে রাজ্য জয় করা। তিনি এই নীতির ফাঁদে ফেলে একে একে সম্বলপুর, সাতারা, নাগপুর, ভগৎপুর, করৌলি, উদয়পুর, জৈৎপুর, বাগৎ অযোধ্যা রাজ্য দখল করে নেয়। এমন কি ঝাঁসির রাজা গঙ্গাধর রাও-এর মৃত্যু হলে ডালহৌসি তাঁর দত্তক পুত্রকে মেনে নিতে রাজি হলেন না এবং ঝাঁসির রানির মতামতকে উপেক্ষা করেই এই রাজ্যটিকে দখল করা হয়। মৃত্যুর প্রাক্কালে ইংল্যান্ড ও ভারতের অনেকের কাছেই লর্ড ডালহৌসি ব্যাপকভাবে ধিকৃত হন।

ক. মিরন কার ছেলে? ১
খ. 'কর্নেল সাহেব হাত ধরে তুলে না দিলে আমি মসনদে বসব না'। কথাটি কে, কেন বলেছে?— আলোচনা কর? ২
গ. উদ্দীপকের লর্ড ডালহৌসি চরিত্রের মাধ্যমে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটি তুলে ধরা হয়েছে, তা লেখ? ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত লর্ড ডালহৌসি যেন 'সিরাজউদ্দৌলা' নাটকের লর্ড ক্লাইভেরই প্রতিচ্ছবি"— বিশ্লেষণ কর। ৪

## ৩৬ মাইলস্টোন কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▶ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যখন নিজস্ব অর্থায়নে পদ্মা নদীর উপর সেতু নির্মাণের কাজ শুরু করেন তখন অনেকেই বিরোধিতা করেন। কেউ কেউ বিভিন্ন দাতা দেশ এবং সংস্থার কাছে সহযোগিতা গ্রহণের পরামর্শ দেন। কতিপয় ব্যক্তি মেগা এই প্রকল্পের ভবিষ্যৎ নিয়ে ভীতিকর কথা ছড়াতে লাগল। কিন্তু আত্মবিশ্বাসী শেখ হাসিনা দমে যাওয়ার মানুষ নন। মাননীয় প্রধানমন্ত্রীর আত্মবিশ্বাস পদ্মা সেতুর স্বপ্ন বাস্তবায়নে ভূমিকা রেখেছে।

ক. সবচেয়ে বড় ধর্ম কী? ১
খ. 'আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে'— ব্যাখ্যা কর। ২
গ. কোন দিক থেকে উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের সাদৃশ্য রয়েছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. যেকোনো কাজে প্রথমে চাই আত্মবিশ্বাস— উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধ অবলম্বনে আলোচনা কর। ৪

২ ▶ গড়ে ওঠে অরণ্যভেদী লোকালয়
— মানুষের শ্রমে,
গড়ে ওঠে মধুকুঞ্জ বংশধারা
— মানুষের প্রেমে কামে,
জ্বলে ওঠে দাবানল
— মানুষের ক্রোধে,
লোকালয় অরণ্য হয়।

ক. আবুল ফজল ছাত্রজীবনে কোন আন্দোলনের সঙ্গে যুক্ত হন? ১
খ. 'বাংলাদেশের মহৎ প্রতিভারা সবাই মানবিক চিন্তা আর আদর্শের উত্তরাধিকার রেখে গেছেন।'— ব্যাখ্যা কর।। ২
গ. উদ্দীপকের সাথে 'মানব-কল্যাণ' প্রবন্ধের সাদৃশ্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকের মূলভাব 'মানব-কল্যাণ' প্রবন্ধের কতটুকু ভাবকে ধারণ করে? উত্তরের পক্ষে যুক্তি দেখাও। ৪

৩ ▶ আজ সৃষ্টি-সুখের উল্লাসে।
আজকে আমার রুদ্ধ প্রাণের পল্বলে—
বান ডেকে ঐ জাগল জোয়ার দুয়ার-ভাঙা কল্লোলে।
আসল হাসি, আসল কাঁদন
মুক্তি এলো, আসল বাঁধন,
মুখ ফুটে আজ বুক ফাটে মোর তিক্ত দুখের সুখ আসে।
ঐ রিক্ত বুকের দুখ আসে—
আজ সৃষ্টি-সুখের উল্লাসে!

ক. আখতারুজ্জামান ইলিয়াস কোথায় জন্মগ্রহণ করেন? ১
খ. "পাকিস্তান যদি বাঁচাতে হয় তো সব স্কুল কলেজ থেকে শহীদ মিনার হটাও"— কেন এ কথা বলা হয়েছিল? ২
গ. উদ্দীপক ও 'রেইনকোট' গল্পটি কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ— ব্যাখ্যা কর। ৩
ঘ. মহৎ অর্জনের জন্য আগে চাই আত্ম উদ্বোধন— উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে আলোচনা কর। ৪

৪ ▶ খুঁজে ফিরি, কোথা হতে এই ব্যথা ভারাতুর মদ-গন্ধ আসে
আকাশ বাতাস ধরা কেঁপে কেঁপে ওঠে শুধু মোর তপ্ত ঘন দীর্ঘশ্বাসে
কেঁদে উঠে লতা-পাতা
ফুল পাখি নদী-জল
মেঘ বায়ু কাঁদে সব অবিরল,
কাঁদে বুকে উগ্রসুখে যৌবনজ্বালায় জাগা অতৃপ্ত বিধাতা
পোড়া প্রাণ জানিল না কারে চাই,
চিৎকারিয়া দেবে তাই কোথা যাই,
কোথা গেলে ভালোবাসাবাসি পাই।

ক. কোন সময় অনুপম বিনু দাদার বাসায় যেত? ১
খ. "আমার ভাগ্যে প্রজাপতির সঙ্গে পঞ্চশরের কোনো বিরোধ নাই।"— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে অনুপমের মনোভাবের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. অপরিচিতা ব্যর্থ প্রেমিকের মনোবেদনার আখ্যান— তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ—পদ্য

৫ ▶ আজ জাগ্‌ রে কৃষাণ, সব তো গেছে, কিসের বা আর ভয়
এই ক্ষুধার জোরেই করব এবার সুধার জগৎ জয়।
ঐ বিশ্বজয়ী দস্যুরাজার হয়-কে করব নয়,
ওরে দেখবে এবার সত্যজগৎ চাষার কত বল।।

ক. মরু নির্ঝর কী? ১
খ. আমি বেদুঈন, আমি চেঙ্গিস— লাইনটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'বিদ্রোহী' কবিতার সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. "উদ্দীপক ও 'বিদ্রোহী' কবিতার মূলভাব অভিন্ন"— 'তোমার মতের পক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ নবীন জগৎ সন্ধানে যারা ছুটে মেরু-অভিযানে
পক্ষ বাঁধিয়া চলেছে যাহারা ঊর্ধ্বপানে
তবুও থামে না যৌবন-বেগ, জীবনের উল্লাসে
চলেছে চন্দ্র-মঙ্গল-গ্রহে স্বর্গে অসীমাকাশে
যারা জীবনের পসরা বহিয়া মৃত্যুর দ্বারে দ্বারে
করিতেছে ফিরি, ভীম রণ-ভূমে প্রাণ বাজি রেখে হারে।

ক. আঠারো বছর বয়সে কীভাবে আঘাত আসে? ১
খ. 'এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. 'তারুণের জয়গানে উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতা মুখরিত'— উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▶ ফাগুন মাসে ভাইয়েরা নামে পথে
ফাগুন মাসে দুস্য আসে রথে।
ফাগুন মাসে বুকের ক্রোধ ঢেলে
ফাগুন তার আগুন দেয় জ্বেলে।
বাংলাদেশের শহর-গ্রাম চরে
ফাগুন মাসে রক্ত ঝরে পড়ে।
ফাগুন মাসে দুঃখী গোলাপ ফোটে
বুকের ভেতর শহিদ মিনার উঠে।

ক. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১
খ. 'এ রঙের বিপরীতে আছে অন্য রং'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে প্রতিফলিত দিকটিই 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার একমাত্র দিক নয়।"— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ বহিপীর অশিক্ষিত সাধারণ মানুষের অশিক্ষা, কুসংস্কার ও ধর্মভীতিকে পুঁজি করে এক ভয়ঙ্কর খেলায় নামে। অত্যন্ত ধূর্ত প্রকৃতির মানুষ সে। সারা বছর ধর্মভীরু মানুষের বাড়ি বাড়ি ঘুরে তাদের কাছ থেকে অর্থ-সম্পদ আদায় করে। সাধারণ মানুষ খুব সহজেই তার এই প্রতারণার ফাঁদে পা দেয়। সহজ-সরল মানুষের ধর্মবিশ্বাসকে পুঁজি করে প্রভাব-প্রতিপত্তি আর সম্পদের পাহাড় গড়ে তোলে এই বহিপীর।

ক. জঈফ শব্দের অর্থ কী? ১
খ. 'ব্যাপারটা ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়ার মতো'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের কোন দিকের সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. "স্বীয় স্বার্থোদ্ধারে ধর্মকে ব্যবহার করার দিক থেকে উদ্দীপকের পীর ও 'লালসালু' উপন্যাসের মজিদ সমান"— মূল্যায়ন কর। ৪

৯ ▶ মকবুল তিনটি বিয়ে করেছে। তিন বউই বেঁচে আছে। সবার ছোট টুনি। গায়ের রং কালো। ছিপছিপে দেহ। আয়ত চোখ। বয়স তার তের-চৌদ্দর কাছাকাছি। কিশোরীর চঞ্চলতা এখনো তার মধ্যে বিরাজমান। সংসার কাকে বলে সে বোঝে না। সমবয়সী কারো সঙ্গে দেখা হলে সব কিছু ভুলে গিয়ে গল্প জুড়ে দেয় আর হাসে। হাসতে হাসতে মেঝেতে গড়াগড়ি খায় টুনি।

ক. 'লালসালু' উপন্যাসে মজিদকে প্রথম কোথায় দেখা যায়? ১
খ. "দৃষ্টি বাইরের পানে, মস্ত নদীটির ওপারে, জেলার বাইরে— প্রদেশেরও"— উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের টুনি 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের টুনি চরিত্রে 'লালসালু' উপন্যাসের জমিলা চরিত্রের সামগ্রিক দিক উন্মোচিত হয়নি।— এই বক্তব্যের যথার্থতা বিচার কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ হায় তাত, উচিত কি তব
এ কাজ, নিকষা সতী তোমার জননী,
সহোদর রক্ষঃশ্রেষ্ঠ! শূলিশম্ভুনিভ
কুম্ভকর্ণ? ভ্রাতৃপুত্র বাসববিজয়ী!
নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে?
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?

ক. "আমাদের কারও অদৃষ্ট মেঘমুক্ত থাকবে না শেঠজি"— উক্তিটি কার? ১
খ. 'তবু ভয় নেই, সিরাজউদ্দৌলা বেঁচে আছে'— উক্তিটি কে, কেন করেছে? ২
গ. উদ্দীপকের তাত চরিত্রের সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্য পাওয়া যায়?— ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের বিশ্বাসঘাতকদের সম্পূর্ণ চরিত্র ধারণ করেছে কি? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

১১ ▶ শুধু মোবাইল আমদানির অনুমতি নিয়ে মিথুন মোবাইলের সাথে স্বর্ণ, কাপড় আনায় মিথুনের লাইসেন্স বাতিল করা হয়। তা সত্ত্বেও মিথুন তার অর্থনৈতিক লাভের আশায় নানা কূটকৌশলের আশ্রয় নেয়।

ক. মিরজাফর এর প্রকৃত নাম কী? ১
খ. 'দেশপ্রেমিকের রক্ত যেন আবর্জনার স্তূপে চাপা না পড়ে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মিথুন সিরাজউদ্দৌলা নাটকের কাদের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের খণ্ডাংশ মাত্র। যথার্থতা বিচার কর। ৪

## ৩৭ বিএএফ শাহীন কলেজ, যশোর

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▶ "তবু বড় বয়সের মেয়ের সঙ্গে বাবা যে আমার বিয়ে দিলেন তাহার কারণ, মেয়ের বয়স বড় বলিয়া পণের অঙ্কটাও বড়। শিশির আমার শ্বশুরের একমাত্র মেয়ে। বাবার বিশ্বাস ছিল কন্যার পিতার সমস্ত টাকা ভাবী জামাতার ভবিষ্যতের গর্ভ পূরণ করিয়া তুলিতেছে।"

ক. 'গজানন' এর ব্যাসবাক্য কী? ১
খ. মামার মুখ লাল হয়ে উঠল কেন? ২
গ. উদ্দীপকের পিতার সঙ্গে 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'অপরিচিতা' গল্পের বিশেষ একটি দিকই নির্দেশ করে, পুরো বিষয় নয়। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

২ ▶ "হত্যাকে উৎসব ভেবে যারা পার্কে মাঠে ক্যাম্পাসে বাজারে
বিষাক্ত গ্যাসের মতো মৃত্যুর বীভৎস গন্ধ দিয়েছে ছড়িয়ে,
আমি তো তাদের জন্য অমন সহজ মৃত্যু করি না কামনা।

ক. রেইনকোটটি কার ছিল? ১
খ. ক্র্যাকডাউনের রাত বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের যে দিকটি চিত্রিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের হানাদার বাহিনীর যে নির্মমতা ফুটে উঠেছে সেটিই 'রেইনকোট' গল্পের মূল উপজীব্য— আলোচনা কর। ৪

৩ ▶ রফিকুল ইসলাম করুণার বশবর্তী হয়ে সামান্য দান-খয়রাত করাকে মানবকল্যাণ বলে মনে করে থাকেন। কোনো সভাসমিতিতে তাকে আমন্ত্রণ করা হলে নামের আগে 'জনদরদি' কথাটা ব্যবহার না করলে রেগে যান। অথচ ব্যক্তিগতভাবে তিনি গরিবদের ঘৃণা করেন। মাঝে-মধ্যে তার আচরণে সেটা স্পষ্ট হয়ে ওঠে।

ক. মহানবি (স.) ভিক্ষুককে কী কিনে দিয়েছিলেন? ১
খ. 'সে সোপান রচনাই সমাজ আর রাষ্ট্রের দায়িত্ব' উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন বিষয়টি উপস্থাপন করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' রচনার সম্পূর্ণ ভাব প্রকাশ করে কি? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৪ ▶ "অসহায় জাতি মরিছে ডুবিয়া, জানে না সন্তরণ,
কাণ্ডারি! আজ দেখিব তোমার মাতৃমুক্তিপণ।
হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন জন?
কাণ্ডারি! বলো ডুবিছে মানুষ সন্তান মোর মা'র।"

ক. কত সালে ঐতিহাসিক 'আগরতলা' মামলা করা হয়? ১
খ. 'জাতি আপনার কাছে অনেক কিছু আশা করে'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কাণ্ডারির সাথে বঙ্গবন্ধুর সাদৃশ্য বিচার কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'বায়ান্নর দিনগুলো' রচনায় সার্বজনীন মুক্তির সুর উচ্চকিত হয়েছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

#### খ অংশ—পদ্য

৫ ▶ "'জুলফেকার' খুলবে তার
দু'ধারী ধার শেরে-খোদার, রক্তে-পূত-বদন
খুনে আজকে রুধ্‌ব মন
ওরে শক্তি হস্তে মুক্তি, শক্তি রক্তে সুপ্ত শোন।
ওরে হত্যা নয় আজ 'সত্যাগ্রহ' শক্তির উদ্‌বোধন!"

ক. 'বিদ্রোহী' কবিতাটি সর্বপ্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. কবি নিজেকে 'বেদুইন' বলেছেন কেন? ২
গ. 'শক্তি হস্তে মুক্তি' কথাটি 'বিদ্রোহী' কবিতার সাথে কীভাবে সম্পর্কিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের 'শেরে-খোদার' প্রসঙ্গটি 'বিদ্রোহী' কবিতার পরশুরামের প্রসঙ্গে সমান্তরাল হিসেবে গ্রহণ করা যায় কি? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

৬ ▶ বক্ষ হইতে বাহির হইয়া
আপন বাসনা মম/ফিরে মরীচিকা সম।
বাহু মেলি তারে বক্ষে লইতে/বক্ষে ফিরিয়া পাই না।
যাহা চাই তাহা ভুল করে চাই,/যাহা পাই তাহা চাই না।

ক. 'কুঁড়ি' শব্দের অর্থ কী? ১
খ. 'তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোন মতে' উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কবির বাসনার সাথে 'তাহারেই পড়ে মনে' কবিতার সাদৃশ্যপূর্ণ দিক কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কবিতাংশে বিধৃত অনুভূতির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭ ▶ বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় 'কবিতা' বড় ভূমিকা পালন করেছিল। বিশেষ করে প্রতিবাদী ও সংগ্রামী চেতনা সঞ্চারের মধ্য দিয়ে কবিতা বাঙালিকে যুদ্ধে উৎসাহ জুগিয়েছিল।

ক. কোথায় উচ্চারিত প্রতিটি মুক্ত শব্দ কবিতা? ১
খ. 'রক্তজবার মতো প্রতিরোধ' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. 'কবিতা বাঙালিকে দিয়েছে প্রতিবাদ ও প্রতিরোধের ভাষা' উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ হোসেন মিয়া এক রহস্যময় চরিত্র। প্রথম অবস্থায় চাল-চুলোহীন অবস্থায় কেতুপুর গ্রামের জহর মাঝির বাড়িতে আশ্রয় নিলেও পরবর্তীকালে তিনি এ এলাকার বিশেষ একজন হয়ে ওঠেন। সকলকেই তিনি মিয়া বলে সম্বোধন করেন। কথা বলেন হাসি মুখে, এগিয়ে আসেন সবার বিপদে-আপদে। কিন্তু মনে তার অন্য চিন্তা। সবার অজান্তে অবৈধ ব্যবসা করে তিনি গড়ে তুলেছেন বিশাল প্রতিপত্তি।

ক. 'নিড়াক পড়া' শব্দের অর্থ কী? ১
খ. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি' উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের হোসেন মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের সাদৃশ্যপূর্ণ দিকটি তুলনা কর। ৩
ঘ. স্বার্থরক্ষায় উদ্দীপকের হোসেন মিয়া ও 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্র একই পথের পথিক— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৯ ▶ মধ্যযুগে বাংলার মুসলিম নারী সমাজ অনেকটাই পিছিয়ে ছিল। শিক্ষা গ্রহণের সুযোগ তো তারা পেতই না, বরং চার দেয়ালে বন্দি জীবন কাটাতে হতো। ধর্মের নামে অধর্মের বেসাতি চালানো হতো তাদের ওপর। পুরুষতান্ত্রিক সমাজে সর্বদাই নারীরা ছিল অবহেলার পাত্র। নিতান্তই হুকুম পালন আর ঘরকন্না ছাড়া তাদের আর কোনো অধিকার ছিল না।

ক. কে পক্ষাঘাতে আক্রান্ত? ১
খ. মজিদ কীভাবে দিনের পর দিন তার আত্মবিশ্বাস ফিরে পায়। ২
গ. উদ্দীপকের মুসলিম নারীর সাথে লালসালু' উপন্যাসের সাদৃশ্যপূর্ণ দিক কোনটি? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বিষয় ছাড়াও 'লালসালু' উপন্যাসে নারী অবমাননার আর কী কী চিত্র প্রতিফলিত হয়েছে? ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ যতদিন রবে পদ্মা, মেঘনা, গৌরী, যমুনা বহমান
ততদিন রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান।

ক. মিরজাফরের গুপ্তচর কে? ১
খ. 'এরা বেনিয়ার জাত, পয়সা ছাড়া কিছু বোঝে না' উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শেখ মুজিব ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ চরিত্রের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের মূলভাবকে কীভাবে ধারণ করেছে তা বিশ্লেষণ কর। ৪

১১ ▶ এ পবিত্র বাংলাদেশ
বাঙালির— আমাদের।
দিয়া প্রহারেণ ধনঞ্জয়
তাড়াব আমরা, করি না ভয়
যত পরদেশি দস্যু ডাকাত
রামাদের গামাদের।

ক. 'ফতহেচাঁদ' এর উপাধি কী ছিল? ১
খ. মার্টিন কেন ড্রেকের কাছে তাদের ভবিষ্যৎটা জানতে চেয়েছে? ২
গ. উদ্দীপকের কোন দিকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "পরদেশি দস্যু-ডাকাত রামা-গামারাই যেন 'সিরাজউদ্দৌলা' নাটকের ইস্ট ইন্ডিয়া কোম্পানির প্রতিনিধি।"— মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

## ৩৮ ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজ, কুমিল্লা সেনানিবাস

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ কন্যার বাপ সবুর করিতে পারিতেন কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না। তিনি দেখিলেন, মেয়েটির বিবাহের বয়স পার হইয়া গেছে, কিন্তু আর কিছুদিন গেলে সেটাকে ভদ্র বা অভদ্র কোনো রকমে চাপা দিবার সময়টাও পার হইয়া যাইবে। মেয়ের বয়স অবৈধ রকমে বাড়িয়া গেছে বটে, কিন্তু পণের টাকার আপেক্ষিক গুরুত্ব এখনো তাহার চেয়ে কিঞ্চিৎ ওপরে আছে, সে জন্যই তাড়া।

ক. 'অপরিচিতা' গল্পটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. 'খাঁটি সোনা বটে'— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. 'উদ্দীপকের বরের বাবা 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের প্রতিনিধি? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'অপরিচিতা' গল্পের সমগ্র ভাবকে ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২ ▶ নিঃসন্তান ও বিধবা নাসিমার আপন বলতে কেউ নেই। একদিন সকালে রাস্তায় একটি মেয়েকে কাঁদতে দেখেন। স্বামীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে মেয়েটি বাড়ি ছেড়ে চলে এসেছে। সব শুনে তিনি মেয়েটিকে বাড়িতে নিয়ে আসেন, মাতৃস্নেহে আশ্রয় দেন। স্বামীপক্ষ খবর পেয়ে তাকে নিয়ে যেতে চায়। মেয়েটি কোনোভাবেই তাদের সঙ্গে যেতে ইচ্ছুক নয়। বৃদ্ধাও মেয়েটিকে যেতে দেননি। এতে তাকে অনেক ঝামেলা পোহাতে হয়। মৃত্যুর আগে বৃদ্ধা মেয়েটিকে সমুদয় সম্পত্তি দান করে যান।

ক. 'ছেলের মুখ দেখে পাষাণ নরম হয়'— উক্তিটি কার? ১
খ. 'যুদ্ধের আয়োজন করে তৈরি হয়ে থাকে মাসি-পিসি'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের মেয়েটি 'মাসি-পিসি' গল্পের আহ্লাদির সঙ্গে কীভাবে সংগতিপূর্ণ তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি ও উদ্দীপকের বৃদ্ধা কি একসূত্রে গাঁথা? মতামত দাও। ৪

৩ ▶ সৌদামিনী মালো স্বামীর মৃত্যুর পর উত্তরাধিকারসূত্রে ধানী জমি, বসতবাড়ি, পুকুরসহ কয়েক একর সম্পত্তির মালিক হয়। এই সম্পত্তির ওপর নজর পড়ে সৌদামিনীর জ্ঞাতি দেওর মনোরঞ্জনের। সৌদামিনীর সম্পত্তি দখলের জন্য সে নানা কৌশল অবলম্বন করে। একবার সৌদামিনী দুর্ভিক্ষের সময় ধান খেতের পাশে একটি মানবশিশু খুঁজে পায়। অসহায়, অসুস্থ শিশুকে সে তুলে এনে পরম যত্নে আপন সন্তানের মতো লালন পালন করে। মনোরঞ্জন সৌদামিনীকে সমাজচ্যুত করতে প্রচার করে যে, নমশূদ্রের ঘরে ব্রাহ্মণ সন্তান পালিত হচ্ছে। এ যে মহাপাপ, হিন্দু সমাজের জাত ধর্ম শেষ হয়ে গেল।

ক. 'বিলাসী' গল্পের বর্ণনাকারী কে? ১
খ. মৃত্যুঞ্জয়ের 'জাতবিসর্জনের' কারণ বর্ণনা কর। ২
গ. সৌদামিনী চরিত্রের কোন বৈশিষ্ট্যটি বিলাসীর চরিত্রের সঙ্গে মিলে যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মনোরঞ্জন যেন বিলাসী গল্পের খুড়ারই প্রতিচ্ছবি।'— বিষয়টি মূল্যায়ন কর। ৪

৪ ▶ রফিকুল ইসলাম একজন সাদা মনের মানুষ। শিক্ষকতা পেশায় থেকে গড়েছেন আলোকিত মানুষ নিজের নেতৃত্বে পরিচালনা করেছেন সেবামূলক প্রতিষ্ঠান 'কালান্তর'। জনকল্যাণের পাশাপাশি তিনি এলাকার মাতব্বরদের ভণ্ডামির প্রতিবাদ করেন। মিথ্যা ও নতজানুতার বিরুদ্ধে তিনি সাদা সোচ্চার। ফলে অনেকেরই শত্রুতে পরিণত হন তিনি। তবে তিনি দমে যান না, তিনি বিশ্বাস করেন "সত্য ও ন্যায়ের পথই সহজ পথ"।

ক. 'আমার পথ' প্রবন্ধে কাকে লেখক সালাম জানিয়েছেন? ১
খ. 'সবচেয়ে বড় দাসত্ব' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের রফিকুল ইসলামের বিশ্বাসের সঙ্গে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটির সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আমার পথ' প্রবন্ধের যে দিকটি উদ্দীপকে প্রতিফলিত নয়, তা আলোচনা কর। ৪

### খ অংশ—পদ্য

৫ ▶ মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম
মোরা ঝরনার মতো চঞ্চল
মোরা বিধাতার মতো নির্ভয়
মোরা প্রকৃতির মতো উচ্ছল
মোরা আকাশের মতো বাধাহীন
মোরা মরু সঞ্চারী বেদুঈন।

ক. কবি সুকান্ত ভট্টাচার্য কোন পত্রিকার আজীবন সম্পাদক ছিলেন? ১
খ. এ দেশের বুকে আঠারো আসুক নেমে—চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. 'আঠারো বছর বয়স' কবিতায় এ বয়সের কিছু আশঙ্কার কথা থাকলেও উদ্দীপকে তা অনুপস্থিত— পর্যালোচনা কর। ৪

৬ ▶ ১৮৯৪ খ্রিষ্টাব্দে কেদার নাথ রায়ের সঙ্গে কামিনী রায়ের বিয়ে হয়। কেদার নাথ অনেক আগে থেকেই কামিনীর গুণগ্রাহী ছিলেন। কিছুদিন পরে কামিনী রায়ের জীবনে বেদনার কালো মেঘ জমে ওঠে। ১৯০৮ খ্রিষ্টাব্দে ঘোড়ার গাড়ি উল্টে গিয়ে আঘাতজনিত কারণে তার স্বামী মারা যান। এরপর মেয়ে লীলা ও ছেলে অশোকের মৃত্যু হয়। সবকিছু ভুলে থাকার জন্য কামিনী রায় বিভিন্ন সমাজকর্মে জড়িয়ে পড়েন।

ক. 'ইদল কিদল' কোন ধরনের রচনা? ১
খ. 'কুহেলী উত্তরী তলে মাঘের সন্ন্যাসী'— কথাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কামিনী রায়ের সঙ্গে "তাহারেই পড়ে মনে" কবিতার কবির সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. "তাহারেই পড়ে মনে" কবিতায় স্বামীর মৃত্যুশোকে কবি প্রকৃতি ও সমাজবিমুখ হলেও উদ্দীপকের কামিনী রায় সমাজমুখী— মন্তব্যটির যথার্থতা বিচার কর। ৪

৭ ▶ মহাকাল ধরে যাহা জরাজীর্ণ, দীর্ণ, পুরাতন
কাল-জয়ী সেই সত্য, যাহা নিত্য ক্ষয়হীন দীপ্ত চিরন্তন।
কীর্তি যার সুমহান, সত্য-পূত যার মহাপ্রাণ
মৃত্যু যারে শ্রদ্ধাভরে এনে দেয় প্রচুর সম্মান।

ক. 'সোনার তরী' কবিতায় মাঝি কিসের প্রতীক? ১
খ. 'সোনার তরী' কবিতায় কৃষকের প্রত্যাশা কতটুকু পূরণ হয়েছিল? বুঝিয়ে দাও। ২
গ. 'সোনার তরী' কবিতার মূলভাব উদ্দীপকে কীভাবে প্রতিফলিত হয়েছে? ৩
ঘ. 'সোনার তরী' কবিতার চরিত্রের অন্তরালে কবি যে গভীর জীবন দর্শন ব্যক্ত করেছেন, উদ্দীপকেও তার অনেকাংশ প্রস্ফুটিত।— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—নাটক

৮ ▶ পলাশপুরের বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী পাকবাহিনীর বিরুদ্ধে পরিচালিত সবকটি যুদ্ধাভিযানে কৃতিত্বের পরিচয় দিয়েছেন। পাক সেনাদের কুপোকাত করে নিজের এলাকা সুরক্ষিত রেখেছেন। রুস্তম আলীর জ্ঞাতি ভাই কাশেম আলী একজন দেশদ্রোহী, একজন বিশ্বাসঘাতক রাজাকার। রুস্তম আলীকে ধরিয়ে দেয় পাক সেনাদের হাতে।

ক. কোন ফরাসি সেনাপতি পলাশির প্রান্তরে নবাব সিরাজউদ্দৌলার পক্ষে যুদ্ধ করেন? ১
খ. "আমার শেষ যুদ্ধ পলাশিতেই"— কে, কোন প্রসঙ্গে বলেছেন? ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আপনজনের দ্বারা ভয়াবহ বিপর্যয়ের শিকার নবাব সিরাজউদ্দৌলা ও রুস্তম আলী— মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ বিধবা সখিনা বেগম নিঃসন্তান। স্বামীর রেখে যাওয়া সকল সম্পত্তির মালিক এখন সে। বোনের ছেলে মিরাজকে সন্তান স্নেহে বড় করেছে। পারিবারিক ব্যবসা প্রতিষ্ঠান 'তিব্বত কোম্পানি'র অংশীদার সখিনা বেগম এবং তার দেবর। দেবর-পুত্র রিয়াজও মিরাজের সমবয়সী। সখিনা বেগম ভাবে 'তিব্বত কোম্পানি'র পুরো অংশীদারিত্ব যদি মিরাজকে দেওয়া যেত তবে ভালো হতো। ভিতরে ভিতরে অনেক কূটকৌশল আঁটে সে। এক সময় সিদ্ধান্ত নেয়, মিরাজকে সে দুনিয়া থেকে সরিয়ে দেবে। কিন্তু সুপ্ত বিবেক তাকে বাধা দেয়।

ক. নবাব সিরাজউদ্দৌলা কলকাতা দুর্গ দখল করে তার কী নাম রাখেন? ১
খ. 'ইনি কি নবাব না, ফকির?' উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন অংশের রেখাপাত ঘটেছে? বুঝিয়ে দাও। ৩
ঘ. "সখিনা বেগমের মতো ঘসেটি বেগম যদি বিবেকবান হতো, তবে পলাশির প্রান্তরে বাংলার স্বাধীনতার সূর্য অস্তমিত হতো না"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—উপন্যাস

১০ ▶ রহিম হাওলাদার অবস্থাসম্পন্ন কৃষক। কিন্তু গত তিন বছর তাঁর জমিতে ফসল ফলেনি। অনাবৃষ্টি ও অপুষ্টির কারণে ফলন ক্ষতিগ্রস্ত হয়েছে। রহিম হাওলাদার এই সমস্যার কথা জানালেন স্থানীয় মসজিদের ইমামকে। ইমাম সাহেব সব শুনে বললেন রহিম হাওলাদারের জমিতে বদ জিনের কুনজর পড়েছে। যদি মসজিদে কিছু টাকা হাদিয়া দেওয়া হয় এবং মিলাদ পড়িয়ে সবাইকে শিরনি খাওয়ানো হয় তাহলে এই সমস্যার সমাধান হবে।

ক. মজিদের মাজারটি কথিত কোন পীরের? ১
খ. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি'— কেন বলা হয়েছে? ২
গ. উদ্দীপকের ইমামের সাথে 'লালসালু' উপন্যাসের মজিদের সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. 'ধর্মব্যবসায়ই ভণ্ড লোকের অন্যতম হাতিয়ার।'— উক্তিটিকে মজিদ ও ইমামের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১ ▶ রূপপুর গ্রামের মৌলভী সাহেব জোয়ারদার মিয়া সকলের প্রিয় পাত্র। শুধু ধর্মীয় ব্যাপারে নয়, সবখানেই তার পদচারণা। অসুখ-বিসুখে ঝাড়ফুঁক, পানিপড়া এসবের পরিবর্তে তিনি সবাইকে অভিজ্ঞ ডাক্তারের শরণাপন্ন হতে পরামর্শ দেন।

ক. খালেক ব্যাপারীর প্রথম স্ত্রীর নাম কী? ১
খ. "মনে হয় এটি খোদাতালার বিশেষ দেশ"— উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. মজিদ কোনো দিক দিয়ে জোয়ারদার মিয়ার সমকক্ষ হতে পেরেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৩
ঘ. 'লালসালু' উপন্যাসের মজিদ যদি উদ্দীপকের জোয়ারদার মিয়ার মতো হতো তবে ধর্মের নামে ভণ্ডামি লোপ পেত— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

## ৩৯ কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ–গদ্য

১ ▶ ইসমাইল শিক্ষিত ছেলে কিন্তু নিজে সিদ্ধান্ত নিতে পারে না। তাই পিতৃহীন ইসমাইল চাচার সিদ্ধান্তের বাইরে যেতে পারে না। পর সম্পদ লোভী চাচার আদেশে তাকে বিয়ের পিঁড়িতে বসতে হয়। বিয়েবাড়িতে যৌতুকের মালামাল নিয়ে লোভী চাচার প্রশ্নের কারণে বিয়ে ভেঙে যাওয়ার উপক্রম হয়। কনেপক্ষের দৃঢ়তা ও প্রতিবাদের কারণে ইসমাইলের আত্মোপলব্ধি ঘটে। ইসমাইল চাচার সিদ্ধান্তের বিরোধিতা করে।

ক. বিয়ের সময় কল্যাণীর বয়স কত ছিল? ১
খ. 'অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি'– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে বর্ণিত ইসমাইল চরিত্রের সাথে 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রের সাদৃশ্য তুলে ধর। ৩
ঘ. ইসমাইলের মনোভাব পরিবর্তনের পেছনে কোন কারণটি শেষ পর্যন্ত কাজ করেছে বলে তোমার মনে হয়? 'অপরিচিতা' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▶ ধনরাজ নামকরা বেদে। ধনরাজ জাত বেদে নয়। মালতীকে ভালোবেসে জাত বিসর্জন দিয়ে সে বেদে হয়েছে। মালতী সাপুড়ের মেয়ে। সাপ ধরা, শিকড়-তাবিজ বিক্রি করা মালতীর বাবার পেশা। ধনরাজ ও মালতীর সংসার বেশ সুখের। খেয়েপরে বেশ একরকম দিন তাদের কেটে যায়। মালতী লোক ঠকিয়ে সাপ ধরা, শিকড়-তাবিজ বিক্রি করতে চায় না। কিন্তু ধনরাজ একটু বেশি টাকার লোভে একদিন সাপ ধরতে গিয়ে সাপের কামড়ে মৃত্যুবরণ করে। মালতী এই শোক সহ্য করতে পারে না। মানসিক ভারসাম্য হারায়।

ক. কতটা পথ হেঁটে বিদ্যা অর্জন করতে যেতে হয়? ১
খ. 'টিকিয়া থাকাই চরম সার্থকতা নয়, এবং অতিকায় হস্তী লোপ পাইয়াছে কিন্তু তেলাপোকা টিকিয়া আছে'– বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের ধনরাজের সাথে 'বিলাসী' গল্পের কার সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মালতী ও বিলাসী চরিত্রের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩ ▶ "মাগো, ভাবনা কেন?
আমরা তোমার শান্তিপ্রিয় শান্ত ছেলে,
তবে শত্রু এলে অস্ত্র হাতে ধরতে জানি
তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি।"
এভাবেই এই দেশকে ভালোবেসে এদেশের প্রতিবাদী মানুষ
ব্যক্তিগত সুখ-স্বাচ্ছন্দ্য বিসর্জন দিয়েছেন।

ক. 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধটি কোন গ্রন্থে সংকলিত? ১
খ. 'মানুষের যখন পতন আসে তখন পদে পদে ভুল হতে থাকে'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের শেষ বাক্যটি 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধে কীভাবে প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের তাৎপর্য 'বায়ান্নর দিনগুলো'র চেতনার আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ হয়তোবা ইতিহাসে তোমাদের নাম লেখা রবে না
বড়ো বড়ো লোকেদের ভিড়ে, জ্ঞানী আর গুণীদের আসরে
তোমাদের কথা কেউ কবে না, তবু এই বিজয়ী বীর মুক্তিসেনা
তোমাদের এই ঋণ কোনোদিন শোধ হবে না।

ক. 'রেইনকোট' গল্পে পিয়নের নাম কী? ১
খ. 'ক্র্যাক-ডাউনের রাত' বলতে কী বোঝায়? ২
গ. "উদ্দীপকের মুক্তিসেনা যেন 'রেইনকোট' গল্পের মিন্টুকে মনে করিয়ে দেয়।" বর্ণনা কর। ৩
ঘ. "'রেইনকোট' গল্পের মূলভাব উদ্দীপকে প্রতিফলিত হয়েছে"– মন্তব্যটি যাচাই কর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▶ আমিন সাহেব ত্রিশ-পয়ত্রিশ বছর চাকরি করেছেন। এই দীর্ঘ চাকরি জীবনে তিনি ঘর-বাড়িসহ বেশি কিছু অর্থ-সম্পদের মালিক হয়েছেন। অবসরগ্রহণের পর অসুস্থ হয়ে বিছানায় পড়ে আছেন তিনি। তবে ছেলেমেয়েরা সুখী জীবনযাপন করছে– এতেই তার স্বস্তি।

ক. কাকে দেখে কৃষকের পরিচিত মনে হয়েছে? ১
খ. কবিতাটিতে 'পরপার' বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আমিন সাহেবের কর্মকাণ্ডের মধ্য দিয়ে 'সোনার তরী' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সোনার তরী' কবিতার অন্তর্ভাবনাকে উপস্থাপন করতে পেরেছে কি? বিশ্লেষণ কর। ৪

৬ ▶ "মুক্তি আলোকে ঝলমল করে আঁধারে যবনিকা
দু'শ বছরের নিঠুর শাসনে গড়া যে পাষাণবেদি
নতুন প্রাণের অঙ্কুর জাগে তারই অন্তর ভেদী
নব ইতিহাস রচিব আমরা মুছি কলঙ্ক লেখা।"

ক. 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থকে সংকলিত হয়েছে? ১
খ. কবি নিজেকে 'অনিয়ম উচ্ছৃঙ্খল' বলেছেন কেন? ২
গ. উদ্দীপকে 'বিদ্রোহী' কবিতার যে বিষয়টি ফুটে উঠেছে, তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কবিতাংশটি 'বিদ্রোহী' কবিতার মূলভাবকে কতটুকু প্রতিফলিত করতে পেরেছে? যৌক্তিক বিশ্লেষণ কর। ৪

৭ ▶ মৃত্যুশোকই একমাত্র শোক, যা থেকে আমরা সরে আসতে চাই না। আর সব ক্ষতই আমরা সারিয়ে তুলতে চাই, আর সব যন্ত্রণাই আমরা ভুলতে চাই; শুধু এই দুঃখকেই বহন করা আমরা কর্তব্য মনে করি। এই যন্ত্রণাকে সযত্নে লালন করি, নির্জনে তা স্মরণ করি। আপনজনের মৃত্যু স্বাভাবিক জীবনকে ব্যাহত করে।

ক. 'পুষ্পারতি' শব্দটির ব্যাসবাক্য কী? ১
খ. বসন্ত আসলেও কবির মনে শীতের রিক্ততা কেন? ২
গ. উদ্দীপকের ব্যক্তিসত্তার সাথে লেখিকার ব্যক্তিসত্তার সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. 'আপনজনের মৃত্যু স্বাভাবিক জীবনকে ব্যাহত করে'– 'তাহারেই পড়ে মনে' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▶ রমজান ও হালিমার দশ বছরের সংসার। বিয়ের পর থেকে অনেক চেষ্টার পরও তাদের কোনো সন্তান হয় না। অনেক খোঁজাখুঁজির পর তারা অনেক দূরের এক গ্রামে কেরামত নামক কবিরাজের সন্ধান পায়। সন্তান লাভের আশায় ব্যাকুল রমজান দ্রুত হালিমাকে সেখানে নিয়ে যায়। কবিরাজ কেরামত অনেকক্ষণ পর্যবেক্ষণ করে বলে, "পেটে বেড়ি পড়ে বইলাই তো স্ত্রীলোকের সন্তানাদি হয় না; কারও পড়ে সাত প্যাঁচ, কারো চৌদ্দ।"

ক. মজিদ কাকে শাড়ি কিনে দিয়েছিল? ১
খ. 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে?'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের রমজান ও 'লালসালু' উপন্যাসে খালেক ব্যাপারীর মধ্যে বিদ্যমান সাদৃশ্য ও বৈসাদৃশ্য নির্ণয় কর। ৩
ঘ. "উদ্দীপকের কেরামত কবিরাজ এবং 'লালসালু' উপন্যাসের মজিদের লোক ঠকানোই পেশা"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৯ ▶ চেয়ারম্যান সাহেবের কথাই আইন, সিদ্ধান্তই বিচারের রায়। সাথে রয়েছে বড় মসজিদের ইমাম। শরিয়তের মার-প্যাঁচে খোদার দুনিয়ায় ক্ষমতা তার অনেক। অশিক্ষিত দরিদ্র গ্রামবাসীর সকল সিদ্ধান্ত হয় ইউনিয়ন বোর্ডে। ইমাম সাহেব ও চেয়ারম্যানের কথা একই সুরে প্রবাহিত হয়। মানুষের জমিজমা, ঝগড়া-ফ্যাসাদ, বিবাহ-তালাক সব কিছুর ফয়সালা হয় ইউনিয়ন বোর্ডে। জীবনের তাগিদে চেয়ারম্যান ও ইমাম একে অপরের পরিপূরক।

ক. অশীতিপর বৃদ্ধ কে? ১
খ. 'প্রবেশটা নাটকীয় হয়েছে সন্দেহ নেই'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ইমাম ও 'লালসালু' উপন্যাসের মজিদ চরিত্রের তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপক ও 'লালসালু' উপন্যাস উভয়ের সমাজবাস্তবতা অভিন্ন"– বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▶ সুমনের দুর্দিনে রতন তার নিজের কোম্পানিতে ম্যানেজার পদে সুমনের চাকরির ব্যবস্থা করে দেয়। কয়েক বছর পরে সুমন কোম্পানির কয়েকজন অসৎ কর্মকর্তার সঙ্গে ষড়যন্ত্র ও বিশ্বাসঘাতকতা করে কোম্পানির জাল নথিপত্র বানিয়ে সবকিছু আত্মসাৎ করে। কোম্পানিটি দেউলিয়া হয়ে যায়। রতনের জীবনে ঘোর অমানিশার অন্ধকার নেমে আসে। এদিকে বছর না ঘুরতেই সুমন তার সাথিদের প্রতারণার শিকার হয়ে সর্বস্বান্ত হয়।

ক. সিরাজের কোন সেনাপতি যুদ্ধে প্রথম মৃত্যুবরণ করেন? ১
খ. 'চারদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র'– উক্তিটি কে, কাকে এবং কী প্রসঙ্গে করেছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সুমন 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাদৃশ্যপূর্ণ? কীভাবে? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের বিষয়বস্তু 'সিরাজউদ্দৌলা' নাটকের বিষয়বস্তুর বাস্তব প্রতিফলন"– বিশ্লেষণ কর। ৪

১১ ▶ মনিরা চুরি করে হাতেনাতে ধরা পড়ে। বাড়ির মালিক তাকে বিদায় করে দিতে চাইলে সে কান্নাকাটি শুরু করে। উপায়ান্তর না দেখে মালিক তাকে আবার কাজে বহাল রাখে। একদিন সুযোগ বুঝে মনিরা বাড়ির সকল গহনা ও টাকা-পয়সা নিয়ে কেটে পড়ে।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রথম সংলাপটি কার? ১
খ. 'অহোরাত্র এক কাপড় পরে মানুষের মনুষ্যত্ব ঘুচে যাবার জোগাড়'– ব্যাখ্যা কর। ২
গ. 'অপরাধীকে বিশ্বাস সিরাজের পতনের অন্যতম কারণ'– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৩
ঘ. উদ্দীপকের মনিরা চরিত্রটি ইংরেজদের প্রতিনিধিত্ব করে কীভাবে? এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

## ৪০ সিলেট সরকারি কলেজ

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ কলির আজ বিয়ে। মেয়ে সুখে থাকবে এই আশায় দরিদ্র দোকানি ছনু মিয়া ভিটাবাড়ি বন্ধক রেখে যৌতুকের টাকা জোগাড় করলেন। কিছু টাকা ঘাটতি থাকায় দরিদ্র ছনু মিয়া ফার্নিচারসমূহ বিয়ের দিন দিতে পারলেন না। এদিকে ছেলের বাবা মতিন শেখ যৌতুক সম্পূর্ণ বুঝে না পেলে, তিনি ছেলেকে নিয়ে চলে যাবেন। বিষয়টি বর মুরাদের কানে গেলে সে তার বাবাকে জানিয়ে দেয় কেনাবেচা করতে আসেনি। কাউকে অপমান করতেও আসেনি, সে একজনকে জীবনসঙ্গী করতে এসেছে। তাকে নিয়েই বাড়ি ফিরবে।

ক. শম্ভুনাথ সেন পেশায় কী ছিলেন? ১
খ. 'কন্যার পিতা মাত্রেই স্বীকার করিবেন, আমি সৎ পাত্র'— কেন? ব্যাখ্যা কর। ২
গ. অনুপম ও মুরাদের চারিত্রিক বৈপরীত্য ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অনুপমের মামা ও মতিন শেখের মতো মানুষের কারণে এখনও কল্যাণী ও কলিরা অপমানের শিকার হয়' উক্তিটি উদ্দীপক ও 'অপরিচিতা' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

২ ▶ বাংলাদেশ ক্রিকেট দলের দলপতি ছিলেন মাশরাফি। আত্মবিশ্বাস, দৃঢ় প্রতিজ্ঞা ও কঠোর পরিশ্রম তার সাফল্যের মূলমন্ত্র। বারবার ইনজুরিতে পড়ে তিনি ফিরে এসেছেন প্রিয় খেলার মাঠে। মাঠে তার উপস্থিতি খেলোয়াড়দের মাঝে উদ্দীপনা সৃষ্টি করে। তার নেতৃত্বগুণ, দৃঢ় বিশ্বাস ও কঠোর পরিশ্রম বাংলাদেশ দলকে দিয়েছে অনেক বিজয়।

ক. কাজী নজরুল ইসলাম কত বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়েছেন? ১
খ. 'যে মিথ্যাকে চেনে সে মিছামিছি তাকে ভয়ও করে না।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের মাশরাফি এবং 'আমার পথ' প্রবন্ধের 'আমি'র সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. 'আত্মবিশ্বাস, দৃঢ় প্রতিজ্ঞা ও কঠোর পরিশ্রম তার সাফল্যের মূলমন্ত্র'— মন্তব্যটি 'আমার পথ' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ 'পৃথিবীর এক প্রান্ত থেকে অন্য প্রান্তে জ্বলন্ত
ঘোষণার ধ্বনি-প্রতিধ্বনি তুলে,
নতুন নিশান উড়িয়ে,
দামামা বাজিয়ে দিগ্বিদিক
এই বাংলায়
তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা।'

ক. উর্দুর কোন প্রফেসরকে প্রিন্সিপাল আজকাল তোয়াজ করেন? ১
খ. 'আব্বু ছোটমামা হয়েছে। আব্বু ছোটমামা হয়েছে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের কোন বিষয়টি প্রকাশ পেয়েছে? বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের বিকশিত চেতনার স্বরূপ অভিন্ন— কথাটির যথার্থতা নির্ণয় কর। ৪

৪ ▶ স্বামীর অত্যাচারে অতিষ্ঠ হয়ে বাবার বাড়িতে এসেছে ইয়াছমিন। কিন্তু বৃদ্ধ দাদি ছাড়া আপন বলতে কেউ নেই তার! শ্বশুরবাড়ি থেকে তাগাদা এলে যেতে দেয়নি দাদি। মা-বাবা বেঁচে থাকলে ইয়াছমিনকে হয়তো শ্বশুরবাড়ি যেতে হতো। তখন কিছু বলত না দাদি। যেহেতু তারা নেই, সেহেতু চারপাশের শত্রুদের কবল থেকে ইয়াছমিনকে আগলে রাখে দাদি। ইয়াছমিনের দিকে সতর্ক দৃষ্টি রাখে দাদি।

ক. মাসি-পিসি কিসের উপোস করেছে? ১
খ. 'মেয়ে যদি স্বামীর ঘরে না যেতে চায় খুন হওয়ার ভয়ে'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'মাসি-পিসি' গল্পের কোন দিকটি প্রতিফলিত হয়েছে— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি ও উদ্দীপকের দাদি একই সূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ 'ওরে নবীন, ওরে আমার কাঁচা
ওরে সবুজ, ওরে অবুঝ
আধ মরাদের ঘা মেরে তুই বাঁচা
রক্ত আলোর মদে মাতাল ভোরে
আজকে যে যা বলে বলুক তোরে,
সকল তর্ক হেলায় তুচ্ছ করে
পুচ্ছটি তোর উচ্চে তুলে নাচা।
আর দুরন্ত আয়রে আমার কাঁচা'।

ক. সুকান্ত ভট্টাচার্য মৃত্যুর পূর্ব পর্যন্ত কোন পত্রিকার সম্পাদক ছিলেন? ১
খ. 'এদেশের বুকে আঠারো আসুক নেমে'— পঙ্ক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটি 'আঠারো বছর বয়স' কবিতার কোন বিশেষ ভাবের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার মূল ভাবের আংশিক প্রতিফলন ঘটেছে।"— উক্তিটি বিচার কর। ৪

৬ ▶ 'ওরা কারা বুনো দল ঢোকে
এরই মধ্যে (থামাও, থামাও) স্বর্ণ শ্যাম বুক ছিঁড়ে
অস্ত্র হাতে নামে সান্ত্রী কাপুরুষ
অধম রাষ্ট্রের রক্ত পতাকা তোলে,
কোটি মানুষের সমবায়ী
সভ্যতার ভাষা রদ করবে ভাবে।'

ক. 'হরিৎ উপত্যকা' অর্থ কী? ১
খ. 'এখন সে রঙে ছেয়ে গেছে পথ-ঘাট' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপক ও 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সাদৃশ্য বিশ্লেষণ কর। ৩
ঘ. 'কোটি মানুষের সমবায়ী সভ্যতার ভাষা এরা রদ করবে ভাবে।' উক্তিটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ বাংলা সাহিত্যের সবচেয়ে পুরনো বিষয় হচ্ছে কবিতা। কবিতার প্রাণশক্তি অত্যধিক। শান্তিতে, সংগ্রামে, মানবিকতায় কবিতা পালন করে শব্দসৈনিকের ভূমিকা। আমাদের মহান মুক্তিযুদ্ধে কবিতা বিদ্রোহের চেতনা প্রকাশ করেছিল।

ক. 'কিংবদন্তি' শব্দের অর্থ কী? ১
খ. 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'শান্তিতে, সংগ্রামে, মানবিকতায়' কবিতা অংশটুকু 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ মানুষ বেঁচে থাকার জন্য শেষ পর্যন্ত লড়াই করে। জীবনের শেষ ক্ষুদ্র অবলম্বনের বিসর্জন দিয়ে বাঁচতে চায়। কোনো প্রাণীই এর ব্যতিক্রম নয়। যেমন বাঘের ক্ষুধা সহ্যের মাত্রা অতিক্রম করলে আপন ছানাদেরকে খেয়ে জীবন বাঁচায়।

ক. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী? ১
খ. 'ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে?'— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকে 'লালসালু' উপন্যাসের বিশেষ কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অস্তিত্ব টিকিয়ে রাখাই মানুষের সর্বোচ্চ সাধনা'— উক্তিটি উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ধর্মীয় সংস্কৃতি জীবনের অনিবার্য অনুষঙ্গ। পৃথিবীর অসংখ্য মানুষ এই সংস্কৃতির জালে আবদ্ধ। ফলে ধর্মীয় সংস্কৃতিকে পুঁজি করে অসংখ্য মানুষ একে জীবিকা হিসেবে গ্রহণ করে। এই পেশায় যারা যুক্ত হয় তাদের অধিকাংশই কোনো না কোনোভাবে ছলচাতুরীর আশ্রয় নেয়; ভণ্ডামির মাধ্যমে নিজের প্রভাব-প্রতিপত্তি বিস্তার করে। সাধারণ মানুষ প্রতারিত হয়।

ক. মজিদের শক্তির উৎস কী? ১
খ. 'গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত বক্তব্য 'লালসালু' উপন্যাসের আলোকে মূল্যায়ন কর। ৩
ঘ. 'ধর্মীয় সংস্কৃতি জীবনের অনুষঙ্গ'— উদ্ধৃতিটি উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে বিশ্লেষণ কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ মাস্টার দা সূর্যসেন ব্রিটিশ শাসনের বিরুদ্ধে রুখে দাঁড়ান। এ দেশের গণমানুষকে জাগিয়ে তুলতে নানাভাবে চেষ্টা করেন। তাঁরই নির্দেশে চট্টগ্রামের পাহাড়তলির ইউরোপিয়ান ক্লাবে আক্রমণ সফল হওয়ার পর ব্রিটিশ শাসকদের টনক নড়ে। তাঁকে ধরিয়ে দেওয়ার জন্য ইংরেজরা দশ হাজার টাকা পুরস্কার ঘোষণা করে। অর্থের লোভে জনৈক ব্যক্তি তাঁর অবস্থান জানিয়ে দিলে তিনি ধরা পড়েন। অতঃপর তাঁকে নির্মমভাবে হত্যা করা হয়।

ক. সিরাজউদ্দৌলা কোথায় বন্দি হয়েছিলেন? ১
খ. 'ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের মাস্টার দা সূর্যসেন 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? আলোচনা কর। ৩
ঘ. 'প্রেক্ষাপট ভিন্ন হলেও উদ্দীপকের সূর্যসেন এবং নাটকের নবাব সিরাজউদ্দৌলা একই পরিণতির শিকার হয়েছেন'— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶
'কেমনে, বল না হায়!
কাষ্ঠের পুতুল প্রায়,
সুসজ্জিত দাঁড়াইয়া আছে এক ধারে?'

ক. নবাব সিরাজউদ্দৌলা কাকে গভর্নর ড্রেকের বাড়ি কামানের গোলায় নিশ্চিহ্ন করার আদেশ দিয়েছিলেন? ১
খ. 'ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন— এ বড় লজ্জার কথা'— উমিচাঁদের এ কথা বলার কারণ কী? ২
গ. উদ্দীপকে প্রকাশিত ভাবটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কতটুকু সাদৃশ্যপূর্ণ?— ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উদ্দীপকে উল্লিখিত পুতুল সেনাপতি ও তার অধীন সৈন্যরাই নবাবকে ডুবিয়েছে'— মন্তব্যটি 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৪১ ✓ সিলেট ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

**[দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ ভৈরবে এক সাধারণ শিল্পী জুম্মন খান নিয়াজী। ২২ বছর ধরে লিখে চলেছেন যৌতুকবিরোধী নানা স্লোগান। দেয়ালে, পোস্টারে, টি-শার্টে, স্টিকারে স্লোগান লিখছেন তিনি। পত্রিকায় যৌতুকের জন্য নারীদের ওপর নির্যাতনের খবর পড়ে মন ভারাক্রান্ত হয়ে পড়ত তাঁর। ১৯৯৪ সাল থেকে দেশে সামাজিক সচেতনতা বাড়াতে লংমার্চ, র‍্যালি, পথনাটক, মঞ্চনাটকসহ বহুমুখী কার্যক্রম গ্রহণ করেছেন। এখন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে গিয়ে ছাত্রছাত্রীদের শপথ বাক্য পাঠ করাচ্ছেন।

ক. অনুপমের পিসতুতো ভাইয়ের নাম কী? ১
খ. "অন্নপূর্ণার কোলে গজাননের ছোটো ভাইটি" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে 'অপরিচিতা' গল্পের সামাজিক প্রেক্ষাপট ব্যাখ্যা কর। ৩
ঘ. 'জেগেছে আজ বহ্নিশিখা'— উক্তিটি উদ্দীপক ও 'অপরিচিতা' গল্পের আলোকে মূল্যায়ন কর। ৪

২ ▶ দেখতে কেমন তুমি? অনেকেই প্রশ্ন করে, খোঁজে
কুলুজি তোমার আঁতিপাঁতি। তোমার সন্ধানে ঘোরে
ঝানু গুপ্তচর, সৈন্য, পাড়ায় পাড়ায়। তন্ন তন্ন
করে খোঁজে প্রতি ঘর। পারলে নীলিমা চিড়ে বের
করতো তোমাকে ওরা, দিত ডুব গহন পাতালে।
সর্বত্র তোমার পদধ্বনি শুনি, দুঃখ তাড়ানিয়া।

ক. 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়? ১
খ. "রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনারেল মনসুন" বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকটিতে 'রেইনকোট' গল্পের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "সর্বত্র তোমার পদধ্বনি শুনি, দুঃখ তাড়ানিয়া"— উক্তিটি উদ্দীপক ও 'রেইনকোট' গল্পের আলোকে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ লাতিন আমেরিকা আর পৃথিবীর নিপীড়িত-নিঃস্ব মানুষের জন্য চে গুয়েভারা জীবন সংগ্রাম শুরু করেছিলেন। স্বপ্ন ছিল লাতিন আমেরিকার গণ্ডি পেরিয়ে বিপ্লবের ঝান্ডা হাতে নিয়ে ঘুরবেন দেশ থেকে দেশে; সাম্রাজ্যবাদের থাবা থেকে মুক্ত করবেন পৃথিবীর সকল দেশকে। তিনি সারা বিশ্বকে নিজের দেশ মনে করতেন। স্বপ্ন দেখতেন এমন এক পৃথিবীর যেখানে— "সবার উপর মানুষ সত্য তাহার উপর নাই"— প্রবাদটি স্থান পাবে।

ক. জনমতের বিরুদ্ধে যেতে কারা ভয় পায়? ১
খ. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে বছরের পর বছর জেলে কাটাতে হয়েছিল কেন? ২
গ. উদ্দীপকে চে গুয়েভারার সাথে বঙ্গবন্ধুর চারিত্রিক সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. চে গুয়েভারার ও বঙ্গবন্ধুর মাঝে সাদৃশ্য সত্ত্বেও বৈপরীত্ব লক্ষণীয়। 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ বৃক্ষের দিকে তাকালে জীবনের তাৎপর্য উপলব্ধি সহজ হয়। তাই বারবার সেদিকে তাকানো প্রয়োজন। মাটির রস টেনে নিয়ে নিজেকে মোটাসোটা করে তোলাতেই বৃক্ষের কাজের সমাপ্তি নয়। তাকে ফুল ফোটাতে হয়, ফল ধরাতে হয়। নইলে তার জীবন অসম্পূর্ণ থেকে যাবে। তাই বৃক্ষকে সার্থকতার প্রতীক হিসেবে গ্রহণ করার প্রয়োজনীয়তা সজীবতা ও সার্থকতার এমন জীবন্ত দৃষ্টান্ত আর নেই।

ক. আত্মাকে চিনলে কী আসে? ১
খ. লেখকের মতে, আগুনের সম্মার্জনার প্রয়োজন কেন? ২
গ. উদ্দীপকে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বৃক্ষের মাঝেই জীবনের সার্থকতা নিহিত'— উক্তিটি উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে মূল্যায়ন কর। ৪

### খ অংশ—কবিতা

৫ ▶ অতীতে যাদের ভয়ে বিভেদের বৈদিক আগুন
করতোয়া পার হয়ে এক ইঞ্চি এগোতো না আর,
তাদের ঘরের ভিতে ধরেছে কি কৌটিল্যের ঘুণ?
ললিত সাম্যের ধ্বনি ব্যর্থ হয়ে যায় বার বার
বর্গীরা লুটছে ধান নিল খুনে ভরে জনপদ
তোমার চেয়েও বড়ো হে শ্যামাঙ্গী, শস্যের বিপদ
[সোনালী কাবিন : আল মাহমুদ]

ক. জিহ্বায় উচ্চারিত প্রতিটি সত্য শব্দ কী? ১
খ. 'কর্ষিত জমির প্রতিটি শস্যদানা কবিতা' বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার মূলভাব প্রকাশিত হয়েছে? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬ ▶ কবি কাজী নজরুল ইসলাম বিদ্রোহে ছিলেন হিমালয়ের মতো সুউচ্চ ও জীবন্ত আগ্নেয়গিরির মতো দহন ক্ষমতাসম্পন্ন এবং প্রেমের ক্ষেত্রে ছিলেন স্রোতস্বিনী নদীর জোয়ারের মতো। তাঁর প্রেমের ফেনায়িত তরঙ্গ কূল ছাপিয়ে একাকার হয়ে গেছে। বিদ্রোহের পেছনেও ছিল তাঁর খরস্রোতা নদীর মতো দেশপ্রেম।

ক. 'বিদ্রোহী' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১
খ. কবি নিজেকে মহাপ্রলয়ের নটরাজ বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'বিদ্রোহী' কবিতাটির সাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপক ও 'বিদ্রোহী' কবিতাটি একই সূত্রে গাঁথা— বিশ্লেষণ কর। ৪

৭ ▶ ১৮৫৩ সালে ক্রিমিয়ার যুদ্ধে আহত সৈনিকদের মাঝে নেমে আসে অবর্ণনীয় দুঃখ-দুর্দশা। তাদের কষ্ট যন্ত্রণা লাঘবের জন্য ফ্লোরেন্স নাইটিঙ্গেল সেবার ব্রত নিয়ে এগিয়ে আসেন। তিনি সেবায় এমনভাবে আত্মনিয়োগ করেছিলেন যে দিনে রাতে প্রায় ২০ ঘণ্টা পরিশ্রম করতেন। তাঁর সেবা, শুশ্রূষায়, সান্ত্বনায়, মমতায় আহত পঙ্গু সৈনিকেরা আশা ও জীবনের প্রতি মমত্ববোধ ফিরে পেত। তাঁরই অনুপ্রেণায় দেশে-বিদেশে গড়ে উঠেছে নার্সিং আন্দোলন, প্রতিষ্ঠিত হয়েছে নার্সিং স্কুল। নতুন যুগের মেয়েরা এই পেশাকেই গ্রহণ করেছে জীবনের ব্রত হিসেবে।

ক. মহাকালের চিরন্তন স্রোতে মানুষ কী এড়াতে পারে না? ১
খ. শূন্য নদীর তীরে কৃষক একা দাঁড়িয়ে রইল কেন? ২
গ. উদ্দীপকে প্রকাশিত দিকটি 'সোনার তরী' কবিতার আলোকে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সোনার তরী' কবিতায় চরিত্রের অন্তরালে কবি যে গভীর জীবনদর্শন ব্যক্ত করেছেন, উদ্দীপকে তা অনেকাংশে প্রতিফলিত হয়েছে— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ রূপগঞ্জের বিভিন্ন এলাকায় পথে ঘাটে কিংবা অফিসের সামনে নানা রকমের চার শতাধিক দানবাক্স শোভা পাচ্ছে। এসব দানবাক্স থেকে প্রতিদিন ৩০ হাজার টাকা আয় হচ্ছে। মাজার ও পীরের নামেই চলছে এ দানবাক্স বাণিজ্য। স্থানীয়রা জানান, ধর্মীয় ভাবাবেগে জনগণ এসব দানবাক্সে দান করে থাকেন। পুঁজিবিহীন এই ব্যবসায় লাভবান হন দানবাক্স চালুকারী ব্যক্তি।

ক. 'নিরাক পড়া' শব্দের অর্থ কী? ১
খ. 'মজিদের শক্তি ওপর থেকে আসে, আসে ঐ সালু কাপড়ে আবৃত মাজার থেকে'— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের দানবাক্সের বিষয়টি 'লালসালু' উপন্যাসে কীভাবে প্রতিফলিত হয়েছে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে 'লালসালু' উপন্যাসের সমগ্র ভাব ফুটে ওঠেনি— বিশ্লেষণ কর। ৪

৯ ▶ ভোলার দৌলতখানের লগ্নি চাষি কাঞ্চন আলি তিনটি বিয়ে করেছেন। দ্বিতীয় বিয়ে করতে হলে প্রথম স্ত্রীর অনুমতি লাগে বিষয়টি তিনি জানেন না। সেই প্রসঙ্গে কাঞ্চন আলি বলেন, "আইন-কানুন তো অনেক কিছুই আছে। গ্রাম সমাজে অনেক সময় সম্পত্তি রক্ষার প্রয়োজনে একাধিক বিয়ে করতে হয়। আইন-কানুন দেখে তো আর সব হয় না।"

ক. 'লালসালু' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? ১
খ. "ধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে?"— উক্তিটি কে, কেন করেছিল? ২
গ. উদ্দীপকে কাঞ্চন আলির সাথে 'লালসালু' উপন্যাসের মজিদের বৈসাদৃশ্য আছে কি? ব্যাখ্যা কর। ৩
ঘ. "কাঞ্চন আলি ও মজিদের মনোভাব যেন এক মুদ্রার এপিঠ-ওপিঠ"— উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ এ দেশ আমার গর্ব
এ মাটি আমার কাছে সোনা।
এখানে মুক্তি লক্ষ্যে হয় মুকুলিত
আমার সহস্র সাধ, সহস্র বাসনা।

ক. কার নির্দেশে সিরাজউদ্দৌলাকে হত্যা করা হয়? ১
খ. "তোমার ক্ষমতা ধ্বংস হবে সিরাজ"— কে, কাকে, কেন উক্তিটি করেছিল? ২
গ. উদ্দীপকে ফুটে ওঠা দেশপ্রেমে ও সিরাজউদ্দৌলার দেশপ্রেমের স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের খণ্ডাংশ মাত্র— উদ্দীপক ও নাটকের আলোকে মূল্যায়ন কর। ৪

১১ ▶ 'এতক্ষণে,— অরিন্দম কহিলা বিষাদে
জানিনু কেমনে আসি লক্ষ্মণ পশিল
রক্ষঃপুরে! হায়, তাত, উচিত কি তব
এ কাজ,
নিজগৃহপথ, তাত, দেখাও তস্করে?
চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে?'

ক. 'চারিদিকে শুধু অবিশ্বাস আর ষড়যন্ত্র'— উক্তিটি কার? ১
খ. "আমার শেষ যুদ্ধ পলাশিতেই"— কে, কেন এ কথা বলেছিল? ২
গ. উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের ফুটে ওঠা দিকটি ব্যাখ্যা কর। ৩
ঘ. "চণ্ডালে বসাও আনি রাজার আলয়ে" উক্তিটি উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৪২ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রংপুর

বিষয় কোড : 1 0 1

সময়–২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান–৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ–গদ্য

১ ▶ কন্যার বাপ সবুর করিতে পারিতেন কিন্তু বরের বাপ সবুর করিতে চাহিলেন না। তিনি দেখিলেন, মেয়েটির বিবাহের বয়স পার হইয়া গিয়াছে, কিন্তু আর কিছুদিন গেলে সেটাকে ভদ্র বা অভদ্র কোনো রকমে চাপা দিবার সময়টাও পার হইয়া যাইবে। মেয়ের বয়স অবৈধ রকমের বাড়িয়া গিয়াছে বটে কিন্তু পণের টাকার আপেক্ষিক গুরুত্ব এখনো তাহার চেয়ে কিঞ্চিত উপরে আছে, সেই জন্যই তাড়া।

ক. অনুপমের 'ভাগ্যদেবতার প্রধান এজেন্ট' কে? ১
খ. "একে তো বরের হাট মহার্ঘ, তাহার পরে ধুনক-ভাঙা পণ"– এই কথার অর্থ বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের বরের বাপের সাথে 'অপরিচিতা' গল্পের অনুপমের মামার সাদৃশ্য-বৈসাদৃশ্য নিরূপণ কর। ৩
ঘ. "উদ্দীপকের ঘটনাচিত্রে 'অপরিচিতা' গল্পের খণ্ডাংশ প্রতিফলিত হয়েছে"– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

২ ▶ মিজান সাহেব একজন সাদা মনের মানুষ। সারাটি জীবন আলোকিত মানুষ গড়েছেন। চাকরি থেকে অবসর গ্রহণের পর নিজের নেতৃত্বে পরিচালনা করেছেন সেবামূলক প্রতিষ্ঠান 'সেবাসংঘ'। বিভিন্ন সমাজকল্যাণমূলক কাজের পাশাপাশি শিক্ষা বিস্তার, বাল্যবিবাহরোধ, দুর্নীতি-বিরোধী অভিযান, নৈতিকতা ও মূল্যবোধ বিষয়ক সেমিনারের আয়োজন করে তিনি এলাকার মাতব্বরদের ভণ্ডামির প্রতিবাদ করেন। মিথ্যা ও অনিয়মের বিরুদ্ধে ছিলেন সদা সোচ্চার। অনেকেই তাঁর কাজের প্রশংসা করলেও কেউ কেউ নিন্দা ও কটূক্তি করতেও ছাড়ে না। তাই বলে তিনি সমালোচনাকারীদের ভয়ে দমে যান না। কারণ তিনি বিশ্বাস করেন 'সত্য ও ন্যায়ের পথই সহজ ও সঠিক পথ।' তিনি তরুণদের উদ্দেশে বলেন–
'মনেরে আজ কহ যে
ভালো মন্দ যাহাই আসুক
সত্যরে লও সহজে।'

ক. 'রুদ্র-মঙ্গল' কী ধরনের গ্রন্থ? ১
খ. 'মানুষ-ধর্মই সবচেয়ে বড় ধর্ম'– কথাটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের মিজান সাহেবের মাধ্যমে 'আমার পথ' প্রবন্ধের যে বাণী উচ্চারিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের কবিতাংশের বক্তব্য চেতনায় ধারণ করে আলোকিত পৃথিবী গড়ে তোলা সম্ভব'– প্রবন্ধের ভাববস্তুর আলোকে মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৩ ▶ গোমতীর বুকে ঝড় উঠলো, শন্‌শন্‌ বাতাসের সঙ্গে এবার বৃষ্টি শুরু হলো। আঁকা-বাঁকা নানা কোণে বৃষ্টির ফোঁটা তীরবেগে ছুটে আসছে। ফরাজ আলী-আক্কাসের ডিঙি থামে না, পিতা-পুত্র পাশাপাশি, দুজনই ক্লান্ত। ডিঙিখানা ঢেউয়ের দোলায় নেচে নেচে তলিয়ে যাচ্ছে, আবার মাথা ফুঁড়ে উঠছে। পোষা ময়নার খাঁচাটিকে শক্তভাবে আগলে রাখে তারা। বৈঠার উপর গোমতী মাথা কুটছে। পাড় ভেঙে পড়ছে ঝপ ঝপ শব্দে। হাতের পেশির কাছে প্রাকৃতিক আক্রোশ বৃথাই ফোঁস চালায় বিষশূন্য নাগিনীর মতো।

ক. মানিক বন্দ্যোপাধ্যায়-এর পৈতৃক নিবাস কোথায়? ১
খ. "সে কী রাগ, সে কী তেজ, সে কী গোঁ!" কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ২
গ. উদ্দীপকের পোষা ময়নাটি 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রকে নির্দেশ করে? কীভাবে? ৩
ঘ. উদ্দীপকের প্রাকৃতিক দুর্যোগ 'মাসি-পিসি' গল্পে বর্ণিত জীবন সংগ্রামের সাথে সংগতিপূর্ণ– মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

৪ ▶ জাহানারা ইমাম রচিত 'একাত্তরের দিনগুলি' মুক্তিযুদ্ধ নিয়ে রচিত স্মৃতিচারণমূলক রচনা। শহিদ জননী জাহানারা ইমাম মুক্তিযুদ্ধে তাঁর সন্তান রুমীকে হারিয়েছেন। এই রচনায় গভীর বেদনার সঙ্গে আভাসে ইঙ্গিতে তিনি তাঁর হৃদয়ের রক্তক্ষরণের যন্ত্রণা ব্যক্ত করেছেন। পশ্চিম পাকিস্তানি হানাদার বাহিনীর অতর্কিত হামলায় প্রথমেই ঢাকার নগরজীবন বিশৃঙ্খলা হয়ে পড়েছিল। হানাদার বাহিনী স্কুল-কলেজ, অফিস-আদালত জোর করে খোলা রাখবে। যখন তখন ধরে নিয়ে যাচ্ছে নিরীহ মানুষদের। বিখ্যাত ব্যক্তিদের নিয়ে জোর করে বিবৃতি প্রদান করানো, আর হত্যা-লুণ্ঠন-অগ্নিসংযোগ তো আছেই– এই ছিল সেই দুঃসময়ে ঢাকার অবস্থা। সেই দুর্বিষহ অবস্থার মর্মন্তুদ বিবরণ পাওয়া যায় এই স্মৃতিচারণমূলক বইটিতে। বিশেষ করে গর্ভজাত সন্তান রুমীকে বাঁচানোর জন্য হানাদার বাহিনীর কাছে কোনো ক্ষমা প্রার্থনা না করে যে আত্মমর্যাদা ও স্বাধিকার চেতনার পরিচয় দিয়েছেন তা তুলনারহিত। এ রচনাটির নামকরণে বিষয়গত দিকটির প্রাধান্য দেওয়া হয়েছে।

ক. কত সালে ঐতিহাসিক আগরতলা ষড়যন্ত্র মামলা করা হয়? ১
খ. 'সে মরাতেও শান্তি আছে'– লেখক এ কথা দ্বারা কী বুঝিয়েছেন? ২
গ. 'বায়ান্নর দিনগুলো' রচনার লেখকের সাথে উদ্দীপকের লেখকের সাদৃশ্যপূর্ণ দিকটি আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের 'একাত্তরের দিনগুলি' এবং 'বায়ান্নর দিনগুলো' উভয় রচনার নামকরণ একই তাৎপর্যের নিরিখে করা হয়েছে– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

### খ অংশ–কবিতা

৫ ▶ বাংলা কাব্য সাহিত্যাঙ্গনে কবি কাজী নজরুল ইসলাম এক বিস্ময়কর নাম। বাংলা সাহিত্যে যাঁর আবির্ভাব ধূমকেতুর মতো। যিনি একাধারে কবি, ছড়াকার, ঔপন্যাসিক প্রাবন্ধিক, গল্পকার, গীতিকার ও সুরকার। বিশ শতকের এ কবি তাঁর রচনায় মানবতা, সাম্য ও মানুষের অধিকারের কথা উচ্চারণ করে গেছেন। লিখে গেছেন অন্যায়-অবিচার, শোষণ-বঞ্চনার বিরুদ্ধে বিদ্রোহ ও সাম্যের বাণী। বিপ্লব ও মুক্তির পক্ষে ঘোষণা করেছেন একাত্মতা। তার রচিত কবিতা, গান আমাদের স্বাধীনতা সংগ্রামে জুগিয়েছে প্রেরণা। তেতাল্লিশ বছর বয়সে দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত হয়ে স্তব্ধ হয়ে যায় তার সৃজনী প্রতিভা। তিনি আজ আমাদের মাঝে নেই– অথচ তাঁর কর্মফলই তাঁকে অমর করে রেখেছে প্রতিটি বাঙালির হৃদয়ে।

ক. 'সোনার তরী' কবিতাটি কোন্ ছন্দে রচিত? ১
খ. 'চারিদিকে বাঁকা জল করিছে খেলা' এর মাধ্যমে প্রকাশিত ইঙ্গিতপূর্ণ পরিস্থিতি ব্যাখ্যা কর। ২
গ. 'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত জীবনদর্শন উদ্দীপকে কীভাবে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মানুষ অমরত্ব লাভ করে তার কর্মের মাধ্যমে'– উক্তিটি উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার ভাববস্তুর আলোকে মূল্যায়ন কর। ৪

৬ ▶ বাঙালি নারীর আত্মজাগরণে যে নারীর অবদান সবচেয়ে বেশি তিনি হলেন বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন। বিবাহের পর উদার মানসিকতার অধিকারী স্বামী সৈয়দ সাখাওয়াত হোসেনের পরম মমতায় ও সহযোগিতায় এবং নিজের ঐকান্তিক প্রচেষ্টায় তিনি স্বশিক্ষিত হয়ে ওঠেন। আত্মশুদ্ধি ও নিজের জানার জগৎকে পরিশুদ্ধ করার মধ্য দিয়ে তিনি বাংলা ভাষা ও সাহিত্য চর্চায় আত্মনিয়োগ করেন। তাঁর সাহিত্যসাধনায় বাঙালি মুসলিম নারী সমাজই মুখ্য হয়ে ওঠেন। সাহিত্যসাধনায় যখন তিনি নিয়োজিত তখন হঠাৎ করে তাঁর সাহিত্যসাধনার উৎসাহদাতা স্বামী পরপারে পাড়ি জমান। অন্তরে শূন্যতার হাহাকার নিয়ে আপন কর্ম সম্পাদনের জন্য কলকাতায় 'সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল' প্রতিষ্ঠা করেন। বিরূপ সমালোচনা ও নানাবিধ প্রতিবন্ধকতার মুখেও তিনি কখনই নারীশিক্ষার লক্ষ্য থেকে সরে আসেননি; বরং পর্দা প্রথা ও শিক্ষাবিমুখ মুসলমান মেয়েদের শিক্ষার আলোয় আলোকিত করার জন্য বাড়িতে বাড়িতে ঘুরে ছাত্রী সংগ্রহ করেছেন।

ক. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. 'তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে'– কবিতাংশে কবি কী বোঝাতে চেয়েছেন? ২
গ. উদ্দীপকের বিষয়বস্তুতে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন দিকটি প্রকাশ পেয়েছে? ৩
ঘ. উদ্দীপকে প্রতিফলিত স্বামী বিয়োগের হাহাকার 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির অন্তরের হাহাকারের অভিন্ন রূপ হলেও তা ভিন্ন মাত্রায় প্রকাশ পেয়েছে"– মন্তব্যটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

৭ ▶ তমাল ও পিয়াল দুই বন্ধু মেধাবী ছাত্র হিসেবে প্রশংসিত হয়েছিল পরিচিতজনের কাছে। কৃতিত্বের সাথে উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাসের পর তমাল ঢাকা মেডিকেল কলেজে আর পিয়াল রাজধানীর একটি প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়েছে। লেখাপড়ার পাশাপাশি তমাল খেলাধুলা, বিতর্ক ইত্যাদিতে অংশগ্রহণ করে বেশ সুনাম অর্জন করেছে। অন্যদিকে পিয়াল খারাপ বন্ধুদের সংসর্গে পড়ে মাদকাসক্তিসহ বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ডে জড়িয়ে পড়েছে। দুই বন্ধুর জীবন আজ দুটি ভিন্ন খাতে প্রবাহিত।

ক. 'আঠারো বছর বয়স' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থের অন্তর্গত? ১
খ. 'এ বয়স জানে রক্তদানের পুণ্য।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আঠারো বছর বয়সের কোন কোন প্রবণতা ফুটে উঠেছে তা বুঝিয়ে লেখ। ৩
ঘ. "দুই বন্ধুর জীবন আজ দু'টি ভিন্ন খাতে প্রবাহিত।"– উদ্দীপকের এই উক্তিটির তাৎপর্য 'আঠারো বছর বয়স' আলোকে আলোচনা কর। ৪

### গ অংশ–উপন্যাস

৮ ▶ পল্লির প্রত্যন্ত অঞ্চলের সাধারণ মানুষ খাদ্যাভাবে অজানার উদ্দেশ্যে ব্যস্ততম শহরের দিকে পা বাড়ায়। কখনো বা পশ্চাৎপদ গ্রামীণ জীবন থেকে মুক্তির প্রত্যাশায় অশিক্ষিত, কুসংস্কারে আচ্ছন্ন, অজ্ঞতার অন্ধকারে ডুবে থাকা নিভৃত পাড়াগাঁয়ে গিয়ে এ লোকগুলো আশ্রয় নেয়। তারপর ক্রমে ক্রমে ভাগ্যের চাকা ঘোরাতে থাকে। হতদরিদ্র মানুষগুলি সহজ-সরল জীবনযাত্রার উপর প্রভাব বিস্তার করে। কখনো চোরাকারবারি, কখনো ধর্মীয় অনুশাসনের নামে ভণ্ডামি, কখনোবা সুকৌশলে আত্মীয়তার বন্ধনে আবদ্ধ হয়ে নিজের স্বার্থসিদ্ধির আপ্রাণ চেষ্টা চালায় তারা।

ক. 'লালসালু' উপন্যাসে ইংরেজি অনুবাদের নাম কী? ১
খ. মতিগঞ্জের সড়কের দিকে তাকিয়ে তাহের বিস্মিত হলো কেন? ২
গ. উদ্দীপকে নিভৃত পল্লির কুসংস্কারাচ্ছন্ন মানুষগুলির সাথে 'লালসালু' উপন্যাসের সমাজ-বাস্তবতার কী ধরনের মিল বা অমিল রয়েছে? তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ. 'লালসালু' উপন্যাসের শেকড়হীন বৃক্ষ মজিদ উদ্দীপকের সুকৌশলী মানুষগুলির অনুরূপ'– মন্তব্যটির যথার্থতা নিরূপণ কর। ৪

৯ ▶ হোসেন মিয়া জীবনের প্রয়োজনে নোয়াখালীর কোনো এক চরাঞ্চল থেকে এসে কেতুপুর গ্রামে আস্তানা গাড়ে। তখন তার পরনে ছিল ছেঁড়া লুঙ্গি, গায়ে ঘষা দিলে খড়ি উঠত। কেতুপুরে এসে জহর মাঝির নৌকায় কাজ নিয়েছিল। সে আজ অনেক টাকার মালিক। এখন সে নিজস্ব পানসিতে করে পাড়ি দেয় পদ্মার বুক। আজ দু'চারশত গরু-ছাগলের চালান আসলো তো কাল আসলো দু'চারশত মহিষের চালান। তার এত অর্থ-বিত্তের পেছনে যেকোনো অনৈতিক কাজ আছে তাতে সন্দেহ নেই কেতুপুরবাসীর। কারণ, কেতুপুর থেকে ইতোমধ্যে দু'চারটা পরিবার উধাও হয়ে গেছে। প্রথমে কেউ কিছু বুঝতে না পারলেও এখন সবাই বোঝে যে হোসেন মিয়া মানব পাচারের মতো চরম অন্যায় কাজের সাথে যুক্ত।

ক. মহব্বতনগর গ্রামের মাতব্বরের নাম কী? ১
খ. "গ্রামের লোকেরা যেন রহিমারই অন্য সংস্করণ"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের হোসেন মিয়ার সাথে 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের তুলনা করা যায়? কীভাবে? ৩
ঘ. 'লালসালু' উপন্যাসের কেন্দ্রীয় পুরুষ চরিত্রের সাথে উদ্দীপকের উল্লিখিত হোসেন মিয়ার চরিত্র যেন একই সুতোয় গাঁথা– এ বিষয়ে তোমার মতামত উপস্থাপন কর। ৪

### ঘ অংশ–নাটক

১০ ▶ পাকিস্তানি শাসকবর্গ দীর্ঘ চব্বিশ বছর বাঙালিদের উপর শাসন, শোষণ, অত্যাচার ও নির্যাতন চালিয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর নেতৃত্বে এ দেশের মানুষ স্বাধীনতার জন্য বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছে ও দেশ স্বাধীন করেছে। দেশের মানুষের জন্য বঙ্গবন্ধু বহুবার জেল খেটেছেন। ১৯৭৫ সালে দেশি ও বিদেশি স্বার্থান্বেষী-মহল ষড়যন্ত্র করে দেশপ্রেমিক এ মহান নেতাকে হত্যা করে।

ক. সিরাজউদ্দৌলার হত্যাকারীর নাম কী? ১
খ. ঘসেটি বেগম কেন সিরাজের ধ্বংস কামনা করেন? ২
গ. উদ্দীপকের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর দেশপ্রেমের বিষয়টি 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সঙ্গে অধিকতর সংগতিপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের স্বার্থান্বেষী মহলের ভূমিকা 'সিরাজউদ্দৌলা' নাটকের কতিপয় চরিত্রে প্রকাশ পেয়েছে। মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ শহিদ বীর তিতুমীর ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করে শহিদ হন। ইংরেজদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য তিনি ১৮৩১ সালে নারিকেলবাড়িয়ায় একটি বাঁশের কেল্লা নির্মাণ করেছিলেন। ইংরেজ শাসনের বিরুদ্ধে তাঁর বাঁশের কেল্লা দেশপ্রেমের প্রতীক। স্বশাসন প্রতিষ্ঠার দৃঢ়প্রত্যয় তাঁর স্বাধীনচেতা মানসের বহিঃপ্রকাশ।

ক. ক্লাইভ 'দলিল' জাল করে কাকে ঠকিয়েছিল? ১
খ. 'নবাবের কাছে আমাদের পদমর্যাদার কোনো মূল্য নেই?' ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তিতুমীর ও 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাব চরিত্রের মধ্যে আদর্শগত কী ধরনের মিল বা অমিল রয়েছে– তুলনামূলক আলোচনা কর। ৩
ঘ. প্রকৃত দেশপ্রেমিকরা স্বশাসন ও স্বাধীনচেতা মানসের বহিঃপ্রকাশ ঘটাতে কখনো কুণ্ঠিত হয় না– এই উক্তি কতটা সমর্থনযোগ্য? 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে বিশ্লেষণ কর। ৪

## ৪৩ সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট

### বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

#### ক অংশ—গদ্য

১ ▶ খুবই দরিদ্র পরিবারে জন্ম হয় রুমার পিতামাতার। একমাত্র ভিটে ছাড়া তাদের আর কোনো সম্বল ছিল না। সেটিও নদীর গর্ভে তলিয়ে গেলে ভোলা থেকে ঢাকায় আসে রুমার পিতা-মাতা। ঢাকায় এসে রুমার বাবা সবজির ব্যবসায়ে জড়িয়ে পড়ে এবং দিন-রাত পরিশ্রম করে এক মহাজনের সহায়তায় অল্পদিনের মধ্যেই প্রচুর টাকার মালিক হয়ে ওঠেন। কিন্তু রুমার বাবা এই টাকা আর ভোগ করার অবসর পাননি। অল্পবয়সেই তিনি পরলোকগমন করেন। রুমা ঢাকার নামি-দামি স্কুলে পড়াশোনা করে। তারা যে এককালে গরিব ছিল এই বিষয়টি ঢাকতে রুমার মা সদা সচেষ্ট থাকেন। সবকিছুতেই অতিরিক্ত খরচ করে চারপাশে একটি জমকালো পরিবেশ তৈরি করে রাখেন। লোকে যেন বুঝতে পারে এরা বনিয়াদি টাকাওয়ালা। এদিকে রুমা হয়ে উঠছে একেবারে আমড়া কাঠের ঢেঁকি।

ক. 'অপরিচিতা' গল্প প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

খ. 'সমস্ত মন এই অপরিচিতার পানে ছুটিয়া গিয়াছিল'— কেন? ২

গ. রুমার মা 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "'অপরিচিতা' গল্প ও উদ্দীপক— উভয় ক্ষেত্রেই গরিব থেকে ধনী হওয়া পরিবারের হীনম্মন্যতার পরিচয় সুস্পষ্ট"— মূল্যায়নটি ব্যাখ্যা কর। ৪

২ ▶ বর্তমান কালের যুবক-যুবতিদের মধ্যে পরনির্ভরশীলতা বাড়ছে। নিজের শক্তি সম্পর্কেও তারা না-ওয়াকিফ। নিজের অপরিসীম শক্তি সম্পর্কে জানলে তারা অনেক সমস্যা থেকেই মুক্তি পেত। পরের দিকে চেয়ে থাকার জন্য তাদের মন আজ মানসিক দাসত্বের শৃঙ্খলে বন্দি।

ক. 'আমার পথ' প্রবন্ধটি কোন গ্রন্থের অন্তর্গত? ১

খ. 'আমার কর্ণধার আমি' বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন? ২

গ. উদ্দীপকের সঙ্গে 'আমার পথ' প্রবন্ধের বক্তব্য কতটুকু সামঞ্জস্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'যুবক-যুবতিদের মানসিক দাসত্ব থেকে মুক্তির জন্য প্রয়োজন আত্মনির্ভরতা'— 'আমার পথ' প্রবন্ধ অনুসারে মন্তব্যটি যাচাই কর। ৪

৩ ▶ শাপলার বয়স মাত্র তেরো। সে দয়ালগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়ের নবম শ্রেণির ছাত্রী। তার উপর নজর পড়ে গ্রামের প্রভাবশালী ব্যক্তি সরাফত মণ্ডলের ছেলে হেদায়েত মণ্ডলের। প্রথমে সে শাপলাকে প্রেম নিবেদন করে। শাপলা হেদায়েতের সেই নিবেদনকে যথারীতি ফিরিয়ে দেয়। তারপর সে শাপলার বাড়িতে বিয়ের প্রস্তাব পাঠায়। শাপলার ভূমিহীন পিতা সেই প্রস্তাব ফিরিয়ে দিলে, শাপলাকে তুলে নিয়ে যাওয়ার হুমকি দেয়। শাপলার বাবা দিশেহারা হয়ে পড়ে। এই পরিস্থিতিতে শাপলার বান্ধবীরা শাপলার পাশে এসে দাঁড়ায়। স্কুলে গমন পথে এবং শাপলা বাড়িতে অবস্থানকালে বান্ধবীরা শাপলার চারপাশে ব্যূহ রচনা করে চলে। শাপলার প্রতিবেশীদেরও তারা সচেতন করে তোলে। সব দেখেশুনে হেদায়েত মণ্ডল ভয় পেয়ে যায়।

ক. 'মাসি-পিসি' গল্পটা প্রথম কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১

খ. আহ্লাদিকে নৌকায় দেখে বুড়ো রহমানের তার মেয়ের কথা মনে পড়ে যায় কেন? ২

গ. উদ্দীপকের হেদায়েত মণ্ডলের সাথে তোমার পঠিত গল্পের কোন চরিত্রের মিল পাওয়া যায়? কীভাবে? ৩

ঘ. 'আধিপত্য ও জুলুমের বিরুদ্ধে নারীর প্রতিরোধের চিত্র অঙ্কিত হয়েছে উদ্দীপক ও 'মাসি-পিসি' গল্পে— আলোচনা কর। ৪

৪ ▶ আইন উদ্দিন সাহেব একজন সরকারি কর্মকর্তা। ১৯৭১ সাল। দেশের মানুষের রক্ত দিয়ে নিত্যদিন স্নান করছে পাকবাহিনী। আইন উদ্দিন সাহেবের পরিচিত অনেকেই দেশমাতৃকাকে উদ্ধার করার জন্য যুদ্ধে গেছেন। আবার কেউ পাকিস্তানিদের সহযোগী হয়ে এ দেশের মানুষের বারোটা বাজাচ্ছেন। আইন উদ্দিন সাহেব এ দুটোর একটিও করেননি। নিতান্তই সাধারণ মানুষের মতো জীবনযাপন করছেন। কিন্তু হঠাৎ একদিন পাকিস্তানি এক মেজর মুক্তিবাহিনীকে সাহায্য করার সন্দেহে ডেকে পাঠায় তাকে। তার আক্কেল গুড়ুম অবস্থা।

ক. পাকিস্তানকে বাঁচাতে প্রিন্সিপ্যাল মিলিটারির বড়কর্তাকে কী পরামর্শ দিয়েছিলেন? ১

খ. নুরুল হুদার চারবার বাড়ি বদলের কারণ কী? ২

গ. উদ্দীপকের আইন উদ্দিন সাহেবের সাথে নুরুল হুদার সাদৃশ্য দেখাও। ৩

ঘ. উদ্দীপকে 'রেইনকোট' গল্পের বিষয়বস্তু কতটুকু প্রতিফলিত হয়েছে? 'রেইনকোট' গল্পের আলোকে লেখ। ৪

#### খ অংশ—কবিতা

৫ ▶ সিজান আঠারো বছর বয়সের এক বাংলাদেশি তরুণ। ক্ষুদ্র নৌকায় একাই বিশ্ব ভ্রমণে বেরুবার পণ করে সে। বহুজনের বহু আপত্তি অগ্রাহ্য করে শেষপর্যন্ত সে তার ক্ষুদ্র তরি জলে ভাসায় এবং যাত্রা শুরু করে। তার যাত্রা অব্যাহত থাকে। সে সমুদ্রের নানা প্রতিকূলতার মাঝে একাকী সংগ্রাম করে বেঁচে থাকার অভিজ্ঞতা অর্জন করতে চায়। তার এ ব্যতিক্রমী দুঃসাহসকে 'সফল হোক' বলে অনেকে অভিনন্দিত করে। অনেকে এ বিষয়ে বিরূপ মন্তব্যও করে।

ক. 'আঠারো বছর বয়স' কবিতায় কয়টি স্তবক রয়েছে? ১

খ. 'আঠারো বছর বয়স ভয়ংকর।'— কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সিজানের দুঃসাহসের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যপূর্ণ অংশটুকু নিরূপণ কর। ৩

ঘ. 'আঠারো বছর বয়স' কবিতায় বর্ণিত চেতনার আলোকে উদ্দীপকটি ব্যাখ্যা কর। ৪

৬ ▶ বসন্তকালে পাখি গান গায়, গাছে গাছে ফোটে নানা রঙের ফুল। প্রকৃতিতে আনন্দধ্বনি বাজতে থাকে। শীত কালে গাছে পাতা ঝরে যায়। বসন্তের আগমনে দক্ষিণা বাতাস বইতে থাকে। তখন নতুন পাতা গজায়। সাদিয়া প্রকৃতির এই পরিবর্তন দেখে খুব আনন্দ পায়।

ক. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি মাসিক মোহাম্মদী পত্রিকার কততম সংখ্যায় প্রকাশিত হয়? ১

খ. 'তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাদিয়া 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ কীভাবে? ৩

ঘ. "উদ্দীপকে 'তাহারেই পড়ে মনে' কবিতার আংশিক বক্তব্য প্রতিফলিত হয়েছে"— যাচাই কর। ৪

৭ ▶ তোদের অসুর নৃত্য … ঠা ঠা হাসি … ফিরিয়ে দিয়েছি
তোদের রক্তাক্ত হাত মুচড়ে দিয়েছি নয় মাসে
চির কবিতার দেশ … ভেবেছিলে অস্ত্রে মাত হবে
বাঙালি অনার্য জাতি, খর্বদেহ … ভাত খায় ভীতু
কিন্তু কী ঘটল শেষে, কে দেখাল মহা প্রতিরোধ
অ আ ক খ বর্ণমালা পথে পথে তেপান্তরে ঘুরে
উদ্বাস্তু আশ্রয়হীন … পোড়াগ্রাম … মাতৃ অপমানে
কার রক্ত ছুঁয়ে শেষে হয়ে গেল ঘৃণার কার্তুজ

ক. কার হাত থেকে অবিনাশী বর্ণমালা ঝরে পড়ে? ১

খ. 'সারাদেশ ঘাতকের অশুভ আস্তানা' বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটির কোন দিকটি প্রতিফলিত হয়েছে, দেখাও। ৩

ঘ. "উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটির প্রেক্ষাপটটিকে অধিকভাবে প্রকাশ করেছে।"— মূল্যায়ন কর। ৪

#### গ অংশ—উপন্যাস

৮ ▶ দিনমজুরের কাজ করেছে আমিন। কাঁচামাল বিক্রি করেছে। আরো কত কী করেছে কিন্তু অভাব ঘোচেনি। একসময় দুবেলা খেয়ে বাঁচা তার জন্য অসম্ভব মনে হতে থাকে। অবেশেষে রেল স্টেশনে কুলির কাজ শুরু করে। কাজটি সে সহজে পায়নি। এখানকার অভাবী, অশিক্ষিত, গোঁয়ার কুলিরা প্রথমে বাধা দেয়। আমিন বোঝে কুলিরা গোঁয়ার তবে সহজ-সরল। আমিন তার বুদ্ধি ভালোবাসা দিয়ে কুলিদের মন জয় করে কুলির কাজ নেয় এবং একসময় ওদের সর্দার হয়, পাশাপাশি স্টেশনে টং দোকান দেয়। ব্যবসা বাড়তে বাড়তে অনেক সম্পদ ও প্রতিপত্তির মালিক হয় সে। তবে কখনো কাউকে অধিকার বঞ্চিত করেনি।

ক. 'লালসালু'র ফরাসি অনুবাদ কী নামে প্রকাশিত হয়? ১

খ. 'শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।'— এ কথা কেন বলা হয়েছে? ২

গ. উদ্দীপকের স্টেশনের কুলিদের সাথে মহব্বতনগর গ্রামের মানুষের তুলনা কর। ৩

ঘ. উদ্দীপকের আমিন ও 'লালসালু' উপন্যাসের মজিদের অস্তিত্বের সংকট ও অস্তিত্ব প্রতিষ্ঠার সংগ্রামকে তুমি কীভাবে মূল্যায়ন কর? ৪

৯ ▶ সোনাকান্দি গ্রামের সুশিক্ষিত ছেলে আবিদ। শহরে থেকে এমএ পাস করে নিজ গ্রামে ফিরে এসেছে। তার বড় ইচ্ছা এলাকার উন্নয়ন করা, বিশেষ করে নিরক্ষর মানুষদের সাক্ষর করে তোলা। সেই প্রত্যাশায় আবিদ তার গ্রামে একটা স্কুল প্রতিষ্ঠা করার উদ্যোগ নেয়। কিন্তু এ মহৎ কাজে সে সহযোগিতার পরিবর্তে তীব্র বাধার সম্মুখীন হয়। নিজের প্রভাব ক্ষুণ্ন হবে ভেবে এলাকার চেয়ারম্যান ও তার লোকেরা আবিদকে অপমানিত করে গ্রামছাড়া করে। অসচেতন গ্রামবাসী আর স্বার্থবাদী মানুষের কাছে সত্যের অপমৃত্যু ঘটে।

ক. রহিমার পেটে কত প্যাঁচ আছে বলে মজিদ দাবি করে? ১

খ. 'দুনিয়াটা বড় বিচিত্র জায়গা। সময় অসময় মিথ্যা কথা না বললে নয়।'— কে, কেন এই উক্তি করেছে? ২

গ. উদ্দীপকের আবিদ 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের প্রতিনিধিত্ব করে? কীভাবে? ৩

ঘ. 'সোনাকান্দির গ্রামবাসী আর মহব্বতনগরের গ্রামবাসী একই অজ্ঞতার শিকার।'— মূল্যায়ন কর। ৪

#### ঘ অংশ—নাটক

১০ ▶ ভোরবেলা বড় এক অপারেশন আছে। তাই সবাই সকাল সকাল ঘুমিয়ে পড়েছিল। অতর্কিত আক্রমণে সবার ঘুম ভাঙল এবং অনেকেই কিছু বোঝার আগেই গুলিবিদ্ধ হলো। যাদের জীবিত ধরতে পারল তাদের জন্য তারা গুলি খরচ করল না। বেয়নেট দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে মারল। মুক্তিবাহিনীর কমান্ডার মান্নান মৃত্যুর পূর্বে কিছুতেই হিসাব মেলাতে পারছিল না যে, পাকিস্তানি বাহিনী কীভাবে এই গোপন আস্তানার সন্ধান পেল। যখন দেখল পাকিস্তানি বাহিনীর সাথে একজন বাঙালি আছে তখন আর বুঝতে বাকি রইল না কী থেকে কী হয়েছে। সে শুধু মনে মনে গালি দিল, মিরজাফরের বাচ্চা।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অঙ্কের ৪র্থ দৃশ্যের ঘটনাস্থলের নাম লেখ। ১

খ. 'উদ্দেশ্যের দিক দিয়া বিচার করিলে আমি আপনাদের সমগোত্রীয়।'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. মুক্তিবাহিনীর কমান্ডার মান্নান কেন উক্ত বাঙালিকে মিরজাফরের বাচ্চা বলে গালি দিল তা 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বাইরের নয়, ঘরের শত্রুই বেশি ক্ষতিকর।'— মন্তব্যটি উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটক অবলম্বনে মূল্যায়ন কর। ৪

১১ ▶ তবে এসো, ভেঙে ফেলি এ দেয়াল
চূর্ণ করি সব ব্যবধান,
এসো, রাম-রহিমেরা এক সাথে
আমাদের সেই শত্রুর ওপর
প্রচণ্ড শক্তিতে প্রত্যাঘাত করি।

ক. নবাব সিরাজউদ্দৌলার পূর্ণ নাম কী? ১

খ. 'ঘরের লোক অবিশ্বাসী হলে, বাইরের লোকের পক্ষে সবই সম্ভব।'— উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি কীভাবে 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে সম্পর্কিত? ৩

ঘ. 'রাম-রহিম একত্র হলেই যেকোনো শত্রুকে পরাজিত করা সম্ভব।'— সিরাজউদ্দৌলা' নাটক অবলম্বনে মন্তব্যটি যাচাই কর। ৪

## ৪৪ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 1 0 1

সময়—২ ঘণ্টা ৩০ মিনিট **বাংলা প্রথম পত্র ● সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান—৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক অংশ—গদ্য

১ ▶ "ধাঁ করে একটা ট্রাক যাচ্ছে ছুটে, আরোহী ক'জন
চোখ বাঁধা, হাত বাঁধা আবছা মানুষ
পাশে রাইফেলধারী পাঞ্জাবি সৈনিক।
ছাত্র নই, মুক্তি সেনা নই কোনও, তবুও
হঠাৎ হ্যান্ডস আপ বলে
স্টেনগান হাতে আর প্রশ্ন দেয় ছুড়ে ঘাড় ধরে— বাঙালি হো তুম?"

ক. 'বর্ষাকালেই তো জুৎ'— কথাটি কে বলেছিল? ১
খ. নুরুল হুদার কাছে কোন বিষয়টিকে 'স্রেফ উৎপাত' বলে মনে হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'চোখ বাঁধা, হাত বাঁধা আবছা মানুষ' বলতে 'রেইনকোট' গল্পে কাদের কথা বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মিলিটারিদের বর্বরোচিত হত্যাযজ্ঞের ছবি যেন 'রেইনকোট' গল্পের প্রতিচ্ছবি"— আলোচনা কর। ৪

২ ▶ জীবনের মূল ও মহত্ত্ব সম্বন্ধে ভাবতে ভুলে গিয়েছে আজ মানুষ। ফলে ব্যক্তি, সমাজ, রাষ্ট্র সবাই প্রায় হয়ে পড়েছে নীতিভ্রষ্ট। বুদ্ধি ও চিন্তার চর্চা মানুষকে যুক্তিবাদী ও বিবেকি করে তোলে। যেকোনো অবস্থায় বিবেকি মানুষ হিরোশিমা ও নাগাসাকি ঘটাতে পারে না। বিবেকহীন সভ্যতা মানুষকে বর্বরতার কোনো চরম সীমায় নিয়ে গেছে। ইতিহাসের পৃষ্ঠায় এ দুটি নাম তার অক্ষয় স্বাক্ষর। নীতি ও জীবনের মূল্যবোধ ছাড়া যান্ত্রিক সভ্যতা ও তার প্রগতি মানুষকে কোনো লক্ষ্যেই নিয়ে যায় না।

ক. 'মানব-কল্যাণ' প্রবন্ধে লেখক প্রচলিত অর্থে মানব-কল্যাণ কী অর্থে ব্যবহৃত হয় বলে উল্লেখ করেছেন? ১
খ. "মানব-কল্যাণ 'কথাটি স্রেফ মানব-অপমানে পরিণত হয়েছে।"— কেন? ২
গ. উদ্দীপকটি 'মানব-কল্যাণ' প্রবন্ধের কোন প্রসঙ্গের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের মূলভাব এবং 'মানব-কল্যাণ' প্রবন্ধে বর্ণিত মানুষকে মর্যাদাপূর্ণ অবস্থায় উত্তরণ ঘটানোর আকাঙ্ক্ষা একসূত্রে গাঁথা।"— মন্তব্যটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৩ ▶ নিষ্ঠাবান ব্রাহ্মণ অজীত চক্রবর্তী পোস্টমাস্টারের চাকরি নিয়ে আসে মালদহ গ্রামে। শহরের ছেলে— মাস না যেতে না যেতেই ম্যালেরিয়ায় আক্রান্ত হয়ে অচেতন হয়ে পড়ে। পাশের বাড়ির নিম্নবর্ণের মেয়ে স্কুল-শিক্ষিকা পারুল ডাক্তার ডেকে তার চিকিৎসা করে এবং সেবাযত্নের জন্য গ্রামের এক দরিদ্র মাসিকে নিয়োগ করে। পারুলের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সেবা ও উপযুক্ত চিকিৎসা পেয়ে সুস্থ হয়ে ওঠে অজীত। পারুলের মার্জিত রুচি, ব্যক্তিত্ব ও মানবতাবোধে মুগ্ধ হয়ে জাতভেদ ভুলে বাবার অমতে পারুলকে বিয়ে করে অজীত। মালদহ গ্রামের কয়েক ঘর ব্রাহ্মণ প্রথমে এ বিষয়ে প্রতিবাদ করলেও এখন মেনে নিয়েছে। প্রথাগত সংস্কারের বিপরীতে জয় হলো মনুষ্যত্বের।

ক. 'বিলাসী' গল্পে কত দিন মৃত্যুঞ্জয় অচৈতন্য অবস্থায় পড়ে ছিল? ১
খ. "ইহা আর একটা শক্তি, যাহা বহু স্বামী-স্ত্রী একশত বছর একত্রে ঘর করার পরেও হয়তো তাহার কোনো সন্ধান পায় না"— ব্যাখ্যা কর। ২
গ. 'বিলাসী' গল্পের বিলাসী চরিত্রের সঙ্গে উদ্দীপকের পারুলের চরিত্রের বৈসাদৃশ্য বিচার কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'বিলাসী' গল্পের সমাজ বাস্তবতার আংশিক প্রতিফলন ঘটেছে।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ পরিবার ও সমাজে যাকে অপদার্থ অকর্মণ্য বলে উপহাস করা হচ্ছে, তাকে যদি কেউ সাহস দেয়— এগিয়ে যাবার পরামর্শ এবং সহযোগিতার হাত বাড়ায়; তবে সেই মানুষটির মানসিক ও আত্মিক বিবর্তন ঘটবেই। এতে অলস পরিশ্রমী হতে পারে, অপ্রতিভ সপ্রতিভ হবে, ভীরু সাহসী হবে, মূর্খ বিদ্বান হবে, দুর্বল বলবান হতে পারে। এর মূলে রয়েছে সেই মানুষটির অন্তর্নিহিত সত্যের বিকাশ।

ক. 'আমার পথ' প্রবন্ধে লেখক কাকে সালাম জানিয়েছেন? ১
খ. 'আমার পথ' প্রবন্ধে সবচেয়ে বড় দাসত্ব বলতে কী বোঝানো হয়েছে? ২
গ. "উদ্দীপকের ভাবনা 'আমার পথ' প্রবন্ধের সঙ্গে সাদৃশ্যপূর্ণ?" ব্যাখ্যা কর। ৩
ঘ. "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।" উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের আলোকে মন্তব্যটি বিচার কর। ৪

### খ অংশ—পদ্য

৫ ▶ "অন্তহীন মিছিলের দেশ,
সারি সারি মানুষের আকারে হল মূর্তিময়ী
সমস্ত স্বদেশ আজ রাঙা রাজপথে।
দিবালোক হয়ে ফোটে প্রাঞ্জল বিপ্লব
সাত কোটি মুখ হাসে মৃত্যুর রঙিন তীর হাতে নিয়ে।
শ্রেণিবদ্ধ এই ভীড়ে সকলেই সবার আগে
একবার শত্রুকে শেষ দেখা দেখে নিতে চায়।"

ক. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় ফুল কোথায় ফোটে? ১
খ. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'ঘাতকের অশুভ আস্তানা' বলতে কবি কী বুঝিয়েছেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকটিতে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার যে দিকটি আলোকপাত করে তা বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপক এবং 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতা মানুষের স্বতঃস্ফূর্ত সংগ্রামী চেতনার এক অসাধারণ শিল্পভাষ্য।"— বিশ্লেষণ কর। ৪

৬ ▶ ভাঙা অতিথিশালা
ফাটা ভিতে অশ্বত্থ-বটে মেলেছে ডালপালা।
প্রখর রোদে তপ্ত পথে কেটেছে দিন কোন মতে
মনে ছিল সন্ধ্যাবেলায় মিলবে হেথা ঠাঁই।
মাঠের 'পরে আঁধার নামে হাটের লোক ফিরল গ্রামে
হেথায় এসে চেয়ে দেখি— নাই যে কেউ নাই।

ক. 'সোনার তরী' কবিতায় মাঝি কিসের প্রতীক? ১
খ. 'শূন্য নদীর তীরে রহিনু পড়ি'— কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ভাব 'সোনার তরী' কবিতার কোন ভাবের বা অংশের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের কবিতাংশের ব্যক্তির এবং 'সোনার তরী' কবিতার কৃষকের ইচ্ছার অপূর্ণতা এক সূত্রে গাঁথা।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৭ ▶ শুধু ভালো ছাত্র হিসেবে নয়, তার মতো সাহসী, প্রতিবাদী, পরোপকারী সর্বগুণের অধিকারী একটি ছেলেও খুঁজে পাওয়া যাবে না অচিন্তপুর ইউনিয়নে। বলেছিলাম আত্মনির্ভরশীল তরুণ অলিউরের কথা। গত রাতে মাদক গ্রহণের ও পাচারের দায়ে গ্রেফতার করা হয় তাকে। মা-বাবা, পাড়া-প্রতিবেশী কেউ কল্পনা করতে পারেনি এমন দৃশ্য দেখতে হবে তাদের। এক সময় অলিউরকে দেখে বয়স্করা বলতেন, "আহা! এমন সোনার ছেলে যদি সবার ঘরে ঘরে থাকত!" অলিউরের মা কান্নাজড়িত কণ্ঠে বলল, "কিছুদিন ধরে অচেনা একটি ছেলে ওর সঙ্গে দেখা করতে আসত। ভাবতে পারিনি এত বড় সর্বনাশ হবে আমার ছেলের।"

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়? ১
খ. "এ বয়স জানে রক্তদানের পুণ্য।" একথার তাৎপর্য কী? ব্যাখ্যা কর। ২
গ. "এ বয়সে কানে আসে কত মন্ত্রণা"— উক্তিটির সাথে উদ্দীপকের অলিউরের পরিণতির সাদৃশ্য বিচার কর। ৩
ঘ. "আহা! এমন সোনার ছেলে যদি সবার ঘরে ঘরে থাকত"— 'আঠারো বছর বয়স' কবিতার শেষ পঙ্‌ক্তির আলোকে উক্তিটির মূল্যায়ন কর। ৪

### গ অংশ—উপন্যাস

৮ ▶ বোকাই নগর গ্রামের মানুষগুলো অত্যন্ত পরিশ্রমী। তাদের গোলাভরা ধান আছে, কণ্ঠভরা গান আছে আর আছে জীবনের জন্য সংগ্রামী চেতনা। এ গ্রামের যুবক-বৃদ্ধ সকলেই ফসলের মাঠে যেমন সুরের মূর্ছনা তোলে, তেমনি আবার প্রাকৃতিক দুর্যোগের সময় গাজিপির কিংবা বদরপিরের সাহায্য কামনা করে। এ গ্রামে অনেকের ঘরেই হয়তো অভাব আছে কিন্তু তাদের ঘরে দুঃখ-কষ্ট আছে কিনা তা বোঝা দায়। এদের দুঃখের কারণ প্রতারক শ্রেণির মানুষ। এ গ্রামের মানুষ সরল ও ধর্মপ্রাণ কিন্তু ধর্ম সম্পর্কে স্বচ্ছ ধারণা না থাকায় ভণ্ড ধার্মিকেরা এদের ঠকায় ও নিয়ন্ত্রণ করে।

ক. তাহের ও কাদের মজিদকে প্রথম কোথায় দেখেছিল? ১
খ. 'দুনিয়াটা বড় বিচিত্র জায়গা'—কে, কখন ও কোন প্রসঙ্গে উক্তিটি করেছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের গ্রামবাসীর সঙ্গে 'লালসালু' উপন্যাসের মহব্বতনগর গ্রামের মানুষের সাদৃশ্য খুঁজে পাওয়া যায়— বর্ণনা কর। ৩
ঘ. এদের দুঃখের কারণ প্রতারক শ্রেণির মানুষ— উদ্দীপকের এই উক্তিটির আলোকে মহব্বতনগর গ্রামের মানুষের দুর্দশার চিত্র আলোচনা কর। ৪

৯ ▶ বিলাত ফেরত যুবায়ের দেশে ফিরেই সমমনা যুবকদের নিয়ে নিজ গ্রামের মানুষদের স্বাস্থ্য, পুষ্টি, শিক্ষা ও ধর্মান্ধতার কুফল ইত্যাদি বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে কাজে নেমে পড়েন। যুবায়েরের সেবা ও সচেতনতামূলক কাজে খুশি নন গাঁয়ের মাতব্বর ও 'ক্ষ্যাপা পীরের' মুরিদ আমজাদ আলী। গ্রামের মানুষগুলো ইদানীং কেমন তার সান্নিধ্য এড়িয়ে চলে। ক্ষমতা ও প্রভাব হারানোর ভয়ে ভীত থাকে আমজাদ আলী। যুবায়ের মেয়েদের সাথে আড্ডা দেয় ইত্যাদি অভিযোগ তুলে গোঁড়া সমর্থকদের সাথে নিয়ে যুবায়েরের গড়া 'তরুণ অরুণ' ক্লাবে আগুন ধরিয়ে দেয় আমজাদ আলী।

ক. আক্কাসের বাবার নাম কী? ১
খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।"— বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের যুবায়ের 'লালসালু' উপন্যাসের আক্কাস চরিত্রের সাথে কীভাবে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'যুবায়ের ও আক্কাস মূলত স্বার্থান্বেষী মহলের হিংসার শিকার।'— কথাটি মূল্যায়ন কর। ৪

### ঘ অংশ—নাটক

১০ ▶ শুনলুম, আমাদের স্বাধীন পাহাড়ীয়া জাতিটার ওপর ইংরেজ আর কাবুলের আমির দুজনেরই লোলুপ দৃষ্টি পড়েছে। আর কয়েকজন দেশদ্রোহী শয়তান দুভাবে বিভক্ত হয়ে দেশটাকে অন্যের হাতে তুলে দিতে যাচ্ছে। না, না, যতক্ষণ এই য়ুসোফ খাঁর এক বিন্দু রক্ত থাকবে গায়ে আর মাথাটা ধরের সাথে লাগা থাকবে, ততক্ষণ কেউ, কোনো অত্যাচারী সম্রাট আমার জন্মভূমির এক কণা বালুকাও স্পর্শ করতে পারবে না। তুমি বাহুতে শক্তি দাও। এই তরবারির তৃষ্ণা মিটাব— প্রথমে দেশদ্রোহী শয়তানদের খুনে, তারপর দেশ শত্রুর কলুষ রক্তে।

ক. "আমি নিস্তব্ধ হয়েছি অগ্নিগিরির মতো প্রচণ্ড গর্জনে ফেটে পড়বার জন্য"— উক্তিটি কার? ১
খ. "দওলত আমার কাছে ভগবানের দাদা মশায়ের চেয়ে বড়।"— উক্তিটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের দেশদ্রোহী শয়তানদের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কাদের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের য়ুসোফ খাঁর দেশপ্রেম নবাব সিরাজউদ্দৌলার দেশপ্রেমেরই প্রতিচ্ছবি।"— মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১১ ▶ ইতিহাস বলে সম্রাট বাবরের মৃত্যুর পর তার জ্যেষ্ঠপুত্র হুমায়ুন যখন সিংহাসনে বসেন, তখন তার বয়স মাত্র বাইশ বছর। একদিকে অল্প বয়সে শাসনকার্যের গুরুদায়িত্ব, অন্যদিকে সিংহাসনে বসার পর থেকেই চলে নানামুখী ষড়যন্ত্র। এরকম প্রতিকূল পরিস্থিতিতেও যুবক শাসক হুমায়ুন ঠিকভাবে হাল ধরে অত্যন্ত সাহসিকতায় শাসনকার্য চালিয়ে যান। হুমায়ুনের ভাইয়েরা এবং আত্মীয়-স্বজনেরা যদিও সহযোগিতার পরিবর্তে ষড়যন্ত্রে লিপ্ত ছিল, তথাপি দুর্দান্ত প্রতাপে শক্ত হাতে সবকিছুর মোকাবেলা করেন তিনি।

ক. মুক্তিযুদ্ধের সময় কলকাতা থেকে সিকান্দার আবু জাফর কোন পত্রিকা সম্পাদনা করেন? ১
খ. "আমার শেষ যুদ্ধ পলাশিতেই।"— কে, কাকে এবং কোন প্রসঙ্গে বলেছেন? ২
গ. উদ্দীপকের হুমায়ুনের সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের মিল রয়েছে এবং কোন কোন ক্ষেত্রে? ব্যাখ্যা কর। ৩
ঘ. "উদ্দীপকের হুমায়ুনের জীবনের শেষ পরিণতি আর 'সিরাজউদ্দৌলা' নাটকের নবাব সিরাজউদ্দৌলার জীবনের শেষ পরিণতি এক রকম নয়।" মন্তব্যটির স্বপক্ষে তোমার মতামত দাও। ৪

# শীর্ষস্থানীয় কলেজের টেস্ট পরীক্ষার প্রশ্নপত্র ও উত্তরমালা : বহুনির্বাচনি

## ৪৫ কুমিল্লা ক্যাডেট কলেজ

সময় : ৩০ মিনিট — বাংলা প্রথম পত্র — বহুনির্বাচনি অভীক্ষা — পূর্ণমান : ৩০

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

**১. মানিক বন্দ্যোপাধ্যায়ের পিতৃপ্রদত্ত নাম কী?**
K শ্যামলকুমার সাহা
L প্রবোধকুমার সান্যাল
M হরিচরণ চট্টোপাধ্যায়
N প্রবোধকুমার বন্দ্যোপাধ্যায়

**২. 'আমার পথ' প্রবন্ধে বিপথ বলতে লেখক কোন পথকে বুঝিয়েছেন?**
K অন্ধকারের
L অহংকারের
M ধ্বংসের
N অসত্যের

**৩. 'সংশপ্তক' কার লেখা?**
K আবুল ফজল
L রশীদ করিম
M সরদার জয়েনউদ্দীন
N শহীদুল্লাহ কায়সার

**৪. আঠারো বছর বয়স বাঁচে–**
K ঝড়ে আর বন্যায়
L দুর্যোগে আর ঝড়ে
M স্বপ্নে আর উদ্দীপনায়
N কর্মে আর প্রেরণায়

**৫. মাসি-পিসি আহ্লাদিকে জগুর কাছে পাঠাতে চায়নি কেন?**
K নির্যাতনের ভয়ে
L স্নেহের আতিশয্যে
M দারিদ্র্যের কারণে
N আহ্লাদির অনিচ্ছায়

**৬. জেন্দাবেস্তা একটি–**
K ভাষা　L ধর্ম
M জাতি　N দর্শন

**৭. 'রহিমা ভাবে, আমেনা বিবির হৃদয়ের সঙ্গে তার হৃদয়ের কোথায় যেন সমতা।'– এই সমতার কারণ তারা উভয়ই–**
K ক্ষমতাবানের স্ত্রী
L ধর্মভীরু
M নিঃসন্তান
N পতিপরায়ণা

**৮. ধলা মিয়াকে খালেক ব্যাপারী ধমক-ধামকে কথা বলে কেন?**
K সম্পর্কে মুরুব্বি বলে
L বিবির ভাই বলে
M পরনির্ভরশীল বলে
N বোকা কিছিমের বলে

**৯. "ব্রিটিশ সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।"– উক্তিটি কে করেছিল?**
K উমিচাঁদ　L মিরমর্দান
M মানিকচাঁদ　N সিরাজউদ্দৌলা

**১০. সিরাজউদ্দৌলাকে কে হত্যা করেছিল?**
K মিরজাফর　L মিরন
M মোহাম্মদি বেগ　N ক্লাইভ

**১১. কোনটি কবি সুকান্ত ভট্টাচার্যের রচনা?**
K ছাড়পত্র　L সাঁঝের মায়া
M সারা দুপুর　N সাত নরীর হার

**১২. মানিক বন্দ্যোপাধ্যায় কত বছর বেঁচেছিলেন?**
K ৪০ বছর　L ৪৫ বছর
M ৪৮ বছর　N ৫০ বছর

**১৩. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী?**
K রহিমা
L আমেনা
M তানুবিবি
N ফাতেমা

**১৪. 'তা হুজুর ঘরের কথা আপনারে ক্যামনে কই?' কথাটির মধ্য দিয়ে বুড়ার কোন বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে?**
K অস্তিত্বের সংগ্রাম
L নির্ভীকচিত্ত
M আত্মসম্মানবোধ
N প্রতিবাদী মানসিকতা

**১৫. 'তার শক্তিতে আর মজিদের শক্তিতে প্রভেদ আছে।' কার শক্তি?**
K মোদাচ্ছের
L রহিমার
M জমিলার
N খালেক ব্যাপারীর

**১৬. 'সিরাজের পতন কে না চায়' সংলাপটি কার?**
K ঘসেটি বেগম　L রায়দুর্লভ
M ক্লাইভ　N রাজবল্লভ

**১৭. মোহাম্মদি কত টাকার বিনিময়ে নবাবকে হত্যা করে?**
K ৫ হাজার
L ১০ হাজার
M ১৫ হাজার
N ২০ হাজার

**১৮. ইনি নবাব না ফকির?' কাকে উদ্দেশ্য করে ক্লাইভ একথা বলেছে?**
K নবাব আলিবর্দী খাঁ
L মুর্শীদ কুলী খাঁ
M মিরজাফর
N নবাব সিরাজউদ্দৌলা

**১৯. 'পুষ্পশূন্য দিগন্তের পথে' বলতে কী বুঝানো হয়েছে?**
K দীর্ঘ বিচ্ছেদ　L শীতের রিক্ততা
M অমরাত্মা　N মৃত্যুচেতনা

**২০. 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় কবির পূর্বপুরুষ ছিল–**
K অনার্য এবং অস্তিত্বের সংগ্রামে সর্বদা ব্যাপৃত
L অলস ও অকর্মণ্য
M পরাক্রমশালী এক বীর
N বিভ্রান্ত ও উদাসীন

**২১. 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা।'– এতে কী প্রকাশিত হয়েছে?**
K যৌবনের আশাবাদ
L যৌবনের ভালো-মন্দ
M যৌবনের মাতৃরূপ
N যৌবনের মায়াজাল

**২২. 'ফুল কি ফোটে নি শাখে?'– কবি এ জাতীয় প্রশ্ন কী জন্য করেছেন?**
K বন্দনাগীত রচনার
L উদাসীনতার
M জানার জন্য
N আনন্দের

**২৩. 'একুশের কৃষ্ণচূড়া' আমাদের কিসের প্রতীক?**
K সংগ্রামের
L আকাঙ্ক্ষার
M চেতনার
N বিজয়ের

**২৪. যুদ্ধের নিয়মানুসারে সন্ধির জন্য কোন রঙের নিশান উড়াতে হয়?**
K লাল
L সবুজ
M সাদা
N হলুদ

**২৫. 'ইংরেজদের হয়ে যুদ্ধ করেছি কোম্পানির টাকার জন্যে। তা বলে বাঙালি কাপুরুষ নয়।'– উক্তিটি কার?**
K ওয়ালি খান　L রায়দুর্লভ
M রাজবল্লভ　N উমিচাঁদ

**২৬. 'ঘরের লোক অবিশ্বাসী হলে বাইরের লোকের পক্ষে সবই সম্ভব।' এখানে বাইরের লোক বলতে কাদেরকে বুঝানো হয়েছে?**
K মিরজাফরকে
L ইংরেজদেরকে
M ঘসেটি বেগমকে
N মানিকচাঁদকে

**২৭. 'আমার পথ' প্রবন্ধে প্রবন্ধকারের মতে মানুষ অনেক সময় সত্যকে অস্বীকার করে ফেলে কেন?**
K দম্ভ দেখাতে
L বিনয় দেখাতে
M অহংকার দেখাতে
N হিংসার কারণে

**২৮. মাসি-পিসির সমস্ত মনজুড়ে কিসের ভাবনা রয়েছে?**
K নতুন ব্যবসার ভাবনা
L জীবনসংগ্রামের ভাবনা
M আহ্লাদিকে রক্ষার ভাবনা
N দুঃখ-কষ্ট দূর করার ভাবনা

**২৯. 'একটি উজ্জ্বল জানালার কথা বলছি' এখানে 'উজ্জ্বল জানালা' বলতে কবি কী বুঝিয়েছেন?**
K স্বাধীনতার সূর্য
L জ্ঞানের পূর্ণ বিকাশ
M চিন্তার স্বাধীনতা
N মুক্ত জীবনের প্রত্যাশা

**৩০. 'লালসালু' উপন্যাসে ঝড় এলে কার হৈহৈ করার অভ্যাস?**
K বুড়ির　L হাসুনির মার
M জমিলার　N রহিমার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | N | ৩ | N | ৪ | L | ৫ | K | ৬ | * | ৭ | M | ৮ | M | ৯ | K | ১০ | M | ১১ | K | ১২ | M | ১৩ | M | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | K | ১৭ | L | ১৮ | M | ১৯ | L | ২০ | K | ২১ | L | ২২ | L | ২৩ | M | ২৪ | M | ২৫ | K | ২৬ | L | ২৭ | L | ২৮ | M | ২৯ | N | ৩০ | L |

## ৪৬ ✓ মাইলস্টোন কলেজ, ঢাকা

### বাংলা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট | পূর্ণমান : ৩০

১. মৃত্যুঞ্জয়ের কোন ক্লাসে ওঠার খবর কেউ পায়নি?
K প্রথম ক্লাসে L সেকেন্ড ক্লাসে
M থার্ড ক্লাসে N ফোর্থ ক্লাসে

২. ঘসেটি বেগমের প্রিয়ভাজন সেনাপতি হোসেন কুলি খাঁকে আলিবর্দির নির্দেশে হত্যা করে কে?
K সিরাজ L মিরজাফর
M মিরমর্দান N সাঁফ্রে

৩. **'অপরিচিতা' গল্পে 'ফল্গুর বালি' বলতে বোঝানো হয়েছে—**
K সবকিছু গোপন করা
L সবকিছু আগলে রাখা
M সবকিছু আত্মসাৎ করা
N সবকিছু দখল করা

M রাজনীতি-সচেতন N বিদ্রোহী

২২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতাটি কোন ছন্দে রচিত?
K স্বরবৃত্ত
L অক্ষরবৃত্ত
M মাত্রাবৃত্ত
N গদ্যছন্দ

২৩. 'তিনি অতিক্রান্ত পাহাড়ের কথা বলতেন' এখানে 'অতিক্রান্ত পাহাড়' কী অর্থে প্রকাশ করেছে?
K অতীতের বিজয়গাথা
L বহমান সংগ্রাম
M ভবিষ্যতের সুখ-স্বপ্ন
N বর্তমানের প্রাপ্তি

২৪. **'একটি উজ্জ্বল জানালার কথা বলছি' এখানে 'উজ্জ্বল জানালা' কিসের প্রতীক?**
K স্বাধীনতা সূর্য
L জ্ঞানের পূর্ণ বিকাশ
M চিন্তার স্বাধীনতা
N মুক্ত জীবনের প্রত্যাশা

২৫. **'সিরাজউদ্দৌলা' নাটকে অঙ্ক সংখ্যা কত?**
K তিন
L চার
M পাঁচ
N সাত

২৬. **মিরজাফর আলী খান ইতিহাসে পরিচিত হয়েছে–**
i. বিশ্বাসী ও সুদক্ষ নেতা হিসেবে
ii. বিশ্বাসঘাতক ও ব্যক্তিত্বহীন হিসেবে
iii. ষড়যন্ত্রকারী হিসেবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

২৭. **'ভীরু প্রতারকের দল চিরকালই পালায়।'– সংলাপটি কার?**
K মোহনলালের
L মিরমর্দানের
M ক্লাইভের
N সিরাজউদ্দৌলার

■ উদ্দীপকটি পড়ে ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও :
'চার সতীনের ঘর' চলচ্চিত্রে দেখেছিলাম নায়ক একজন ধনাঢ্য ব্যক্তি। তার ঘরে তিন স্ত্রী। অথচ কোনো সন্তান নেই। তাই সন্তানের আশায় নায়ক আবারও শাবনূরকে চতুর্থ স্ত্রী হিসেবে ঘরে আনে।

২৮. **উদ্দীপকের নায়ক 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**
K ধলা মিয়া L খালেক ব্যাপারী
M মজিদ N মোদাব্বের মিয়া

২৯. **উদ্দীপকের নায়কের এরূপ সাদৃশ্যের কারণ উভয়েরই–**
i. সন্তান লাভ আকাঙ্ক্ষা
ii. বহু স্ত্রী গ্রহণ
iii. ধর্মব্যবসায়
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

৩০. **'কী মিঞা? তোমার দিলে কি ময়লা আছে?' এখানে ময়লা কী অর্থে ব্যবহৃত হয়েছে?**
K পাপ L হিংসা
M সন্দেহ N রাগ

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | L | ৩ | M | ৪ | L | ৫ | L | ৬ | N | ৭ | K | ৮ | N | ৯ | N | ১০ | N | ১১ | M | ১২ | L | ১৩ | K | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | K | ১৭ | M | ১৮ | N | ১৯ | L | ২০ | K | ২১ | M | ২২ | N | ২৩ | K | ২৪ | N | ২৫ | L | ২৬ | L | ২৭ | N | ২৮ | M | ২৯ | K | ৩০ | K |

# এক্সক্লুসিভ মডেল টেস্ট : সৃজনশীল

## ৫৫ এক্সক্লুসিভ মডেল টেস্ট ১

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **বাংলা প্রথম পত্র • সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক বিভাগ—গদ্য

১ ▸ আর্থিকভাবে সচ্ছল পরিবারের শিক্ষিত ছেলে কৌশিকের মা-বাবা তার মতামত না নিয়েই সুরবালার সঙ্গে বিয়ে ঠিক করে। সুরবালার বাবার অঢেল সম্পদ। গোপনে ঘটকের মধ্যস্থতায় এ বিয়েতে বরপক্ষকে নগদ টাকা, গাড়ি এবং ঢাকার অভিজাত এলাকায় একটি ফ্ল্যাট দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। যৌতুকের বিষয়টি জানতে পেরে কৌশিক ও সুরবালা বেঁকে বসে এবং সম্পূর্ণ যৌতুকবিহীনভাবে পরস্পর বিয়ে করার সিদ্ধান্ত নেয়।

ক. অনুপমের বাবার পেশা কী ছিল? ১
খ. "এই তো আমি জায়গা পাইয়াছি।" – ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কৌশিকের সঙ্গে 'অপরিচিতা' গল্পের অনুপমের তুলনা কর। ৩
ঘ. "উদ্দীপকে 'অপরিচিতা' গল্পে বর্ণিত সামাজিক অসঙ্গতি অনেকাংশেই প্রতিফলিত।" – যাচাই কর। ৪

২ ▸ সংকোচের বিহ্বলতা নিজেরে অপমান।
সংকটের কল্পনাতে হোয়ো না ম্রিয়মাণ–
মুক্ত করো ভয়,
আপনা-মাঝে শক্তি ধরো, নিজেরে করো জয়–
দুর্বলেরে রক্ষা করো, দুর্জনেরে হানো,
নিজেরে দীন নিঃসহায় যেন কভু না জানো।

ক. 'আমার পথ' প্রবন্ধে 'সম্মার্জনা' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে? ১
খ. "আত্মাকে চিনলেই আত্মনির্ভরতা আসে।"– বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপক ও 'আমার পথ' প্রবন্ধের বিষয়গত বৈসাদৃশ্য আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকে যে দ্বিধা, ভয়, সংকোচের কথা বলা হয়েছে 'আমার পথ' প্রবন্ধে তা দূরীকরণের উপায়ও আছে।"– মন্তব্যটি যাচাই কর। ৪

৩ ▸ আমার চক্ষে পুরুষ রমণী কোনো ভেদাভেদ নাই
বিশ্বে যা কিছু মহান সৃষ্টি, চিরকল্যাণকর–
অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।

ক. কার শাশুড়ি ননদ বাঘের মতো ছিল? ১
খ. "মরণ ঠেকাতেই ফুরিয়ে আসছে তাদের জীবনীশক্তি"– উক্তিটি বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের সাথে 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্য দেখাও। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত চরণগুলোর সাথে 'মাসি পিসি' গল্পের লেখকের মনোভাবের যথেষ্ট মিল পাওয়া যায়– এ বিষয়ে তোমার মতামত দাও। ৪

৪ ▸ ১০ মার্চ, ১৯৭১। রাস্তায় রাস্তায় পাকিস্তানি মিলিটারি। গুয়াতলী গ্রামের হিন্দু জনগোষ্ঠী ভয়ে ভারতে পাড়ি জমায়। শুধু ভিটে আঁকড়ে পড়ে থাকে কেষ্ট বাবু। পাশের গ্রামে ছিল পাকিস্তানি হানাদার বাহিনীর ক্যাম্প। স্থানীয় রাজাকার কাশেম মোড়ল কেষ্ট বাবুকে সন্দেহের চোখে দেখে। সে মনে করে কেষ্ট বাবু মুক্তিবাহিনীর লোক। এক বৃষ্টিমুখর দিনে গুয়াতলী গ্রামে মিলিটারি প্রবেশ করে এবং কাশেম মোড়লের ইশারায় হানাদার বাহিনী তাকে ধরে নিয়ে পার্শ্ববর্তী রাস্তার পাশে জীবন্ত পুঁতে রেখে চলে যায়।

ক. 'রেইনকোট' গল্পটি কত সালে প্রকাশিত হয়? ১
খ. "রাশিয়ার ছিল জেনারেল উইনটার, আমাদের জেনারেল মনসুন।"– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কেষ্ট বাবু 'রেইনকোট' গল্পের কোন চরিত্রকে স্মরণ করিয়ে দেয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের একটি খণ্ডচিত্র মাত্র।"– উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

### খ বিভাগ—কবিতা

৫ ▸ একটা সময় সব অকেজো হয়ে যায়
শরীর, মন ও বুদ্ধি।
থেমে যায় বৃদ্ধি।
কেউ আর রাখে না মনে তায়।
যৌবন থেকে মৃত্যু–
অনেক সফল কাজ,
কাজগুলো রেখে দাও, শুধু তুমি চলে যাও।

ক. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম কাব্যগ্রন্থের নাম কী? ১
খ. "ঠাঁই নাই, ঠাঁই নাই ছোট সে তরী"– বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত 'কাজগুলো' 'সোনার তরী' কবিতায় বর্ণিত কিসের সাথে তুলনীয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য উদ্দীপকে ধরা পড়েছে।"– উক্তিটির সত্যতা বিচার কর। ৪

৬ ▸ "প্রীতি ও প্রেমের পুণ্য বাঁধনে যবে মিলি পরস্পরে
স্বর্গ আসিয়া দাঁড়ায় তখন আমাদেরই কুঁড়েঘরে।"

ক. 'প্রতিদান' কবিতাটি কে লিখেছেন? ১
খ. কবি কাঁটার বিনিময়ে ফুল দান করতে চান কেন? ২
গ. উদ্দীপকে 'প্রতিদান' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকটিতে 'প্রতিদান' কবিতার সামগ্রিক ভাব প্রকাশিত হয়নি"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭ ▸ তরুণ নামের জয়মুকুট শুধু তাহারই যাহার শক্তি অপরিমাণ, গতিবেগ ঝঞ্ঝার ন্যায়, তেজ নির্মেঘ আষাঢ় মধ্যাহ্নের মার্তণ্ড প্রায়; বিপুল যাহার আশা, ক্লান্তিহীন যাহার উৎসাহ, বিরাট যাহার ঔদার্য, অফুরন্ত যাহার প্রাণ, অটল যাহার সাধনা, মৃত্যু যাহার মুঠিতলে।

ক. আঠারো বছর বয়স পদাঘাতে কী ভাঙতে চায়? ১
খ. আঠারো বছর বয়সকে কবি 'দুঃসহ' বলেছেন কেন? ২
গ. উদ্দীপকের সাথে 'আঠারো বছর বয়স' কবিতার সাদৃশ্যমূলক আলোচনা কর। ৩
ঘ. "'এ দেশের বুকে আঠারো আসুক নেমে'– পাঠ্য কবিতায় এ সুর থাকলেও উদ্দীপকে তা প্রতিধ্বনিত হয়নি।"– যুক্তি দিয়ে বিচার কর। ৪

### গ বিভাগ– নাটক

৮ ▸ রোমের একচ্ছত্র অধিপতি জুলিয়াস সিজার। তাঁর সিনেটররা ব্যাপারটা মেনে নিতে পারেননি। তারা সিজারকে হত্যার ষড়যন্ত্রে লিপ্ত হন। এমনকি তাঁর ঘনিষ্ঠ বন্ধু ব্রুটাসও এই হীন চক্রান্তে যোগ দেন। সিনেটে নৃশংসভাবে নিহত হন সিজার। মৃত্যুকালে বন্ধু ব্রুটাসের হাতেও উদ্যত ছুরি দেখে বিস্মিত সিজার বলে ওঠেন, 'ব্রুটাস, তুমিও!'

ক. ওয়াটসনের সই জাল করে দিয়েছে কে? ১
খ. "বাট আই অ্যাম সিউর নবাব ক্যান কজ নো হার্ম টু আস।"– উক্তিটি কেন করা হয়েছে? ২
গ. উদ্দীপকের জুলিয়াস সিজার 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে তুলনীয়? বুঝিয়ে দাও। ৩
ঘ. "ব্রুটাসেরা কেবল রোমেই নয়, এ বাংলাতেও বিচরণ করেছে।"– উদ্দীপক ও 'সিরাজউদ্দৌলা' নাটকের আলোকে উক্তিটির মূল্যায়ন কর। ৪

৯ ▸ দুর্গম গিরি কান্তার মরু, দুস্তর পারাবার
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার!
দুলিতেছে তরি, ফুলিতেছে জল, ভুলিতেছে মাঝি পথ,
ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ?
কে আছ জোয়ান হও আগুয়ান হাঁকিছে ভবিষ্যৎ।
এ তুফান ভারি, দিতে হবে পাড়ি, নিতে হবে তরি পার।।

ক. ঘসেটি বেগম কোন প্রাসাদে থাকতেন? ১
খ. "আমার সারা অস্তিত্ব জুড়ে কেবল যেন দেয়ালের ভিড়"– উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের যাত্রীরা 'সিরাজউদ্দৌলা' নাটকের কাদের প্রতিরূপ? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের মাঝি ও 'সিরাজউদ্দৌলা' নাটকের সিরাজ একই সূত্রে গাঁথা"– মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### ঘ বিভাগ– উপন্যাস

১০ ▸ সুপ্রভা প্রভুত্ব করার চেয়ে নির্ভর করিতেই ভালোবাসে বেশি, আদর পাওয়াটাই তার জীবনে সবচেয়ে বড় প্রাপ্য। মন্দার গৃহিণীপনার ভিত্তিও ওইখানেই– সুপ্রভাকে সে নয়নের মণি করিয়া রাখিয়াছে। কে বলিবে সুপ্রভা তাহার সতীন? স্নেহ-যত্নে সুপ্রভার দিনগুলিকে সে ভরাট করিয়া রাখে।... সতীনের সংসারেও তাই এখানে কলহ-বিবাদ মান-অভিমান মন-কষাকষি নাই।

ক. ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টের নাম কী? ১
খ. "এখন সে ঝড়ের মুখে উড়ে চলা পাতা নয়, সাচ্ছলতায় শিকড়গাড়া বৃক্ষ"– উদ্ধৃতিটি ব্যাখ্যা কর। ২
গ. "উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসে বর্ণিত ঘটনার সাদৃশ্য রয়েছে।"– বুঝিয়ে লেখ। ৩
ঘ. "উদ্দীপকের মন্দার ও সুপ্রভার চেয়ে পাঠ্য উপন্যাসের রহিমা ও জমিলা অধিকতর প্রাণবন্ত ও শক্তিশালী।"– বিশ্লেষণ কর। ৪

১১ ▸ 'হাজার বছর ধরে' উপন্যাসে বর্ণিত টুনি চরিত্রটি একটি কিশোরীসুলভ চপলতার প্রতীক। স্বামী ও সংসার সম্পর্কে সে ছিল একেবারেই অনভিজ্ঞ। সমবয়সীদের সাথে খেলাধুলা ও হাসি-তামাশা করতেই তার বেশি ভালো লাগত। এই চপলা-চঞ্চলা টুনিকেই বিয়ে করে ঘরে আনে ষাট বছরের বুড়ো মকবুল। তাদের বয়সের বিস্তর ব্যবধান থাকায় স্বামী ও সংসারের সুখ তার কপালে জোটেনি।

ক. খালেক ব্যাপারীর দ্বিতীয় স্ত্রীর নাম কী? ১
খ. "বিশ্বাসের পাথরে যেন খোদাই সে চোখ।"– এ উক্তিটি বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের টুনির সাথে 'লালসালু' উপন্যাসের যে চরিত্রের সাদৃশ্য রয়েছে তা আলোচনা কর। ৩
ঘ. "টুনি ও 'লালসালু' উপন্যাসের উদ্দিষ্ট চরিত্র সামাজিক কুসংস্কারের শিকার।"– উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের আলোকে এ উক্তিটির সত্যতা নিরূপণ কর। ৪

## ৫৬ এক্সক্লুসিভ মডেল টেস্ট ২

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — **বাংলা প্রথম পত্র ◆ সৃজনশীল প্রশ্ন** — পূর্ণমান : ৭০

[**দ্রষ্টব্য :** ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক বিভাগ–গদ্য

১ ▸ শরৎচন্দ্রের 'মহেশ' গল্পে গফুরের প্রিয় গরুটির নাম মহেশ। দরিদ্র গফুর নিরীহ পশুটিকে ঠিকমতো খাবারের জোগান দিতে পারে না। ফসল নষ্ট করার জন্য তাকে জমিদারের শাস্তিও পেতে হয়েছে। একদিন তৃষ্ণার্ত মহেশ পানির জন্য গফুরের মেয়ে আমিনার মাটির পাত্র ভেঙে ফেলে। রাগান্বিত গফুর লাঙলের ফলা দিয়ে মাথায় আঘাত করলে মহেশ মারা যায়। গোহত্যার প্রায়শ্চিত্ত করতে গফুর রাতের আঁধারে মেয়েকে নিয়ে পালিয়ে যেতে বাধ্য হয়।

ক. 'বিলাসী' গল্পটি প্রথমে কোন পত্রিকায় প্রকাশিত হয়? ১
খ. "গ্রামের মধ্যে মৃত্যুঞ্জয়ের ছিল এমনি সুনাম"– ব্যাখ্যা কর। ২
গ. গফুরের জীবন-বাস্তবতার সাথে 'বিলাসী' গল্পের কোন ঘটনার সাদৃশ্য বিদ্যমান? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের 'গোহত্যা' এবং গল্পের 'অন্নপাপ' একই সূত্রে গাঁথা"– তোমার মতামত আলোচনা কর। ৪

২ ▸ মানুষের মনস্তত্ত্বে ক্ষমা, সহানুভূতি, সহমর্মিতা প্রভৃতি গুণ থাকা আবশ্যক। মননশীলতার চর্চায় তাই শ্রদ্ধাবোধ, শিষ্টাচার প্রভৃতি গুণ ব্যক্তিকে সংকীর্ণতার ঊর্ধ্বে উঠে আদর্শ নাগরিক হিসেবে গড়ে উঠতে সহায়তা করে।

ক. হিবার্ট বক্তৃতামালায় কবি রবীন্দ্রনাথ ঠাকুরের উক্তিটি উল্লেখ কর। ১
খ. 'মানব-কল্যাণ স্বয়ম্ভু, বিচ্ছিন্ন, সম্পর্ক-রহিত হতে পারে না'– ব্যাখ্যা কর। ২
গ. মানবকল্যাণ সাধনে উদ্দীপকে উল্লিখিত গুণাবলি কতটুকু ভূমিকা রাখে বলে তুমি মনে কর? ৩
ঘ. "বিচারবুদ্ধির পাশাপাশি সৃজনশীল মানবিক কর্মের সংযোজনে যথাযথ মানবকল্যাণ সম্ভব"– মন্তব্যটি পর্যালোচনা কর। ৪

৩ ▸ রাষ্ট্রভাষা বাংলা চাই এই দাবিতে ধর্মঘট
বরকত সালামের খুনে লাল ঢাকা রাজপথ।।
স্মৃতিসৌধ ভাঙিয়াছ জেগেছে পাষাণের প্রাণ
মোরা কি ভুলিতে পারি খুনে রাঙা জয় নিশান।।

ক. 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধে ডেপুটি জেলারের নাম কী? ১
খ. "বাবার কালের জীবনটা যেন রাস্তায় না যায়।" – বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের 'রাষ্ট্রভাষা বাংলা চাই এই দাবিতে ধর্মঘট' উক্তিটির আলোকে 'বায়ান্নর দিনগুলো' রচনার সাদৃশ্য বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের ঘটনার আলোকে 'বায়ান্নর দিনগুলো' রচনার মূলভাব বিশ্লেষণ কর। ৪

৪ ▸ মাতৃস্নেহের তুলনা নাই, কিন্তু অতি স্নেহ অনেক সময় অমঙ্গল আনয়ন করে। যে স্নেহের উত্তাপে সন্তানের পরিপুষ্টি, তাহারই আধিক্যে সে অসহায় হইয়া পড়ে। মাতৃহৃদয়ে মমতার প্রাবল্যে, মানুষ আপনাকে হারাইয়া আপন শক্তির মর্যাদা বুঝিতে পারে না। দুর্বল অসহায় পক্ষীশাবকের মতো চিরদিন স্নেহাতিশয্যে আপনাকে সে একান্ত নির্ভরশীল মনে করে। ক্রমে জননীর পরম সম্পদ সন্তান অলস, ভীরু, দুর্বল ও পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়।

ক. 'রসনচৌকি' শব্দের অর্থ কী? ১
খ. 'মামা বিবাহ-বাড়িতে ঢুকিয়া খুশি হইলেন না।'– কেন? ২
গ. মাতৃস্নেহের আধিক্যে "পরনির্ভরশীল হইয়া মনুষ্যত্ব বিকাশের পথ হইতে দূরে সরিয়া যায়।" উদ্দীপকের এই মন্তব্যের সাদৃশ্যমূলক প্রভাব রয়েছে 'অপরিচিতা' গল্পের অনুপম চরিত্রে– বুঝিয়ে লেখ। ৩
ঘ. "উদ্দীপকে বর্ণিত মাতৃস্নেহের আধিক্যে অনুপম চরিত্রের বিকাশ ব্যাহত হয়েছে ঠিকই কিন্তু গল্পের পরিণতিতে বৃত্তভাঙা ভিন্ন এক ব্যক্তি হিসেবে তাকে পাওয়া যায়।"– মন্তব্যটি তোমার মতামতসহ যাচাই কর। ৪

### খ বিভাগ–কবিতা

৫ ▸ বিভিন্ন মুখের কোটি অশ্বারোহী এসে
খুরে খুরে ক্ষতময় করে গেছে সহনীয়া মাটি,
লালসার লালামাখা ক্রোধে বন্দুক কামান কত
অসুর গর্জনে চিরেছে আকাশ পরিপাটি,
বিদীর্ণ বুক নীল বর্ণ হয়ে গেছ তুমি, বাংলাভূমি

ক. উনোনের আগুনে আলোকিত কীসের কথা বলা হয়েছে? ১
খ. 'বিচলিত স্নেহ' কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'বাংলাভূমি'-এর সাথে 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার চেতনাগত সাদৃশ্য কোথায়? আলোচনা কর। ৩
ঘ. 'লালসার লালা মাখা ক্রোধে' কীভাবে আমাদের হাজার বছরের ইতিহাসের পরিচয় খুঁজে পাওয়া যায়? উদ্দীপক ও 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতার প্রেক্ষাপটে আলোচনা কর। ৪

৬ ▸ কাজী নজরুল ইসলাম বাংলাদেশের জাতীয় কবি। তাঁর লেখায় ফুটে উঠেছে প্রেম ও দ্রোহের বার্তা সমানভাবে। বঞ্চিত মানুষরা তাঁর লেখায় খুঁজে পান উজ্জীবনের মন্ত্র। তিনি আজ আমাদের মাঝে নেই। অথচ তাঁর কবিতা ও গান আজও প্রতিটি মুক্তিকামী মানুষের প্রেরণার উৎস। তাই তো তিনি মরেও অমর হয়ে আছেন আপামর জনসাধারণের মাঝে।

ক. 'সোনার তরী' কবিতাটি কোন ছন্দে রচিত? ১
খ. "চারি দিকে বাঁকা জল"– চরণটিতে কীসের ইঙ্গিত রয়েছে?– ব্যাখ্যা কর। ২
গ. 'সোনার তরী' কবিতার কোন দিকটি উদ্দীপকের কবির সাথে সাদৃশ্যপূর্ণ? বুঝিয়ে লেখ। ৩
ঘ. "কর্মী নয়, কর্মই অবিনশ্বর"– উদ্দীপক ও 'সোনার তরী' কবিতার আলোকে উক্তিটি মূল্যায়ন কর। ৪

৭ ▸ বিষণ্ন বিরহী বাতাস মনের জানালায় দেয় উঁকি। উন্মনা মন আজ মাধবীর। পড়ন্ত বিকেলে দখিনের বারান্দায় বেদনার রাগিণী ওঠে তার। শোকের পাথার বেয়ে আসে বসন্ত। চৈত্রের খরায় শুকিয়ে গেছে বুক। সেখানে শুধু ধু ধু বালুচর। নেই তাতে জল, আছে কষ্টের হলাহল। শীতের শুষ্কতা মুছে বসন্তের শূন্যতা চেপে ধরেছে তারে। কারণ মাঘের শীতে প্রিয়জন তার গিয়েছে চলে না ফেরার দেশে।

ক. কবি সুফিয়া কামালের প্রথম স্বামীর নাম কী? ১
খ. 'বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি– এ মোর মিনতি।'– চরণটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে 'তাহারেই পড়ে মনে' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৩
ঘ. "উদ্দীপকের 'মাধবী' 'তাহারেই পড়ে মনে' কবিতার কবির ব্যক্তি চরিত্রের ছায়াচিত্র।"– উক্তিটি মূল্যায়ন কর। ৪

### গ বিভা– নাটক

৮ ▸ নরওয়ের প্রতিরক্ষামন্ত্রী ছিলেন ভিদকুন কুইজলিং। দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় তিনি জার্মান শাসক হিটলারের সাথে গোপন আঁতাত করেন। হিটলার নরওয়ে আক্রমণ করলে কুইজলিং রাজধানী থেকে ৫০ কি.মি. দূরে ঘাঁটি গাড়েন এবং নরওয়ে সরকার পরাজিত হয়ে পালিয়েছে– এই মর্মে অপপ্রচার চালাতে থাকেন। অতঃপর হিটলার নরওয়ে জয় করার পর কুইজলিংকে সরকার প্রধানের দায়িত্ব দেন।

ক. ইংরেজদের সাথে উমিচাঁদের কত টাকার চুক্তি হয়েছিল? ১
খ. "আমি বরং নবাবকে বিশ্বাস করতে পারি।"– উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কুইজলিং-এর সাথে 'সিরাজউদ্দৌলা' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্রটির তুলনামূলক ব্যাখ্যা কর। ৩
ঘ. "কুইজলিংরা থাকে বলেই যুগে যুগে হিটলাররা নরওয়ে জয় করে।"– উক্তিটির আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কাহিনি বিশ্লেষণ কর। ৪

৯ ▸ 'ওরা গুলি ছোড়ে এদেশের প্রাণে, দেশের দাবীকে রোখে
ওদের ঘৃণ্য পদাঘাত, এই বাংলার বুকে।
ওরা এদেশের নয়,
দেশের ভাগ্য ওরা করে বিক্রয়।'

ক. ইংরেজরা পরাজিত হয়ে কোন জাহাজে আশ্রয় নেয়? ১
খ. 'শুভ কাজে অযথা বিলম্ব করা বুদ্ধিমানের কাজ নয়।'– সপ্রসঙ্গ উক্তিটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম দুই চরণের ভাবার্থ 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন দিকটির সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. "দেশের ভাগ্য ওরা করে বিক্রয়" পঙ্‌ক্তিতে 'সিরাজউদ্দৌলা' নাটকের মর্মার্থই প্রতিধ্বনিত হয়েছে– উক্তিটি মূল্যায়ন কর। ৪

### ঘ বিভাগ– উপন্যাস

১০ ▸ বিশ্ববিদ্যালয়ের পাঠ শেষে মামুন চাকরির চিন্তা বাদ রেখে এক মহৎ স্বপ্নের তাড়নায় গ্রামে ফিরে আসে। অনেক চেষ্টা ও শ্রমের ফলে সে গ্রামে সরকার অনুমোদিত একটি স্কুল প্রতিষ্ঠা করতে সক্ষম হয়। গ্রামের চেয়ারম্যান ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের সহায়তায় এগিয়ে চলে মামুনের স্বপ্নের বিদ্যালয়টি। মামুন এখন গ্রামের মানুষের কাছে এক অনুকরণীয় সম্মানিত ব্যক্তি।

ক. 'কলমা জানো মিঞা?'– মজিদ কাকে এ প্রশ্নটি করেছে? ১
খ. 'সজ্ঞানে না জানলেও তারা একাট্টা, পথ তাদের এক।'– ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত চেয়ারম্যান ও বয়োজ্যেষ্ঠ ব্যক্তিদের ভূমিকা 'লালসালু' উপন্যাসের কোন ঘটনাংশের সাদৃশ্য বা বৈসাদৃশ্য? আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের মামুন চরিত্রটি 'লালসালু' উপন্যাসের অপূর্ণ একটি সম্ভাবনার বাস্তব প্রতিফলন।"– উক্তিটি বিশ্লেষণ কর। ৪

১১ ▸ এমবিবিএস পাস করে রাগিব গ্রামে ফিরে আসে। সেখানে একটি হাসপাতাল প্রতিষ্ঠার উদ্যোগ নিতেই গ্রাম্য কবিরাজ ফাহাদ ক্ষেপে ওঠে এবং ষড়যন্ত্রের জাল বিস্তার করতে থাকে। গ্রামের মাতবর নওয়াজকে অর্থ দিয়ে হাত করে নেয় সে; রাগিবের প্রথম প্রচেষ্টা নস্যাৎ হয়ে যায়। কিন্তু থেমে যায়নি রাগিব। শহরে গিয়ে উপর মহলে তদবির করে সে সরকারি অনুমোদন ও অনুদান সংগ্রহ করে এবং গ্রামে হাসপাতাল প্রতিষ্ঠা করেই ছাড়ে।

ক. হাসুনির মার কাছে তার বাবা কী খেতে চেয়েছিল? ১
খ. "ধান দিয়া কী হইব মানুষের জান যদি না থাকে?"– উক্তিটিতে বক্তার মনোভাব ব্যাখ্যা কর। ২
গ. 'লালসালু' উপন্যাসের আক্কাস ও উদ্দীপকের রাগিবের মধ্যে বৈসাদৃশ্য কোথায়?– আলোচনা কর। ৩
ঘ. "উদ্দীপকের ফাহাদ-নওয়াজ আর 'লালসালু' উপন্যাসের মজিদ-খালেক ব্যাপারী– এরা সব একই সুতায় বাঁধা।"– উক্তিটি প্রমাণ কর। ৪

## ৫৭ এক্সক্লুসিভ মডেল টেস্ট ৩

বিষয় কোড : 1 0 1

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট — বাংলা প্রথম পত্র ▼ সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান : ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। গদ্য অংশ থেকে ন্যূনতম ২টি, কবিতা অংশ থেকে ন্যূনতম ২টি, উপন্যাস অংশ থেকে ন্যূনতম ১টি ও নাটক অংশ থেকে ন্যূনতম ১টি করে মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নোত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### ক বিভাগ—গদ্য

১ ▶ নিজেকে জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। সক্রেটিস বলেছেন, 'নিজেকে জানো।' একথা সকলেই জানে যে, আত্মোপলব্ধির মধ্য দিয়ে নির্মিত হয় ব্যক্তিত্ববোধ। আর প্রবল ইচ্ছাশক্তিই পরাধীনতার জাল থেকে বের করে নিজেকে প্রতিষ্ঠিত করতে সাহায্য করে। সুতরাং ইচ্ছাশক্তি ও সত্য পথকে ধারণ করে স্বাধীনভাবে বেঁচে থাকার জন্য নিজেকে প্রস্তুত করতে হবে।

ক. 'আমার পথ' প্রবন্ধে লেখক কাকে সালাম জানিয়েছেন? ১

খ. "যার ভেতরে ভয়, সেই বাইরে ভয় পায়।"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে 'আমার পথ' প্রবন্ধের কোন দিকটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের 'নিজেকে জানো' এই কথাটি 'আমার পথ' প্রবন্ধের মূল বিষয়বস্তুকে নির্দেশ করে কিনা তা নিজের ভাষায় তুলে ধর। ৪

২ ▶ শৈশবে বাবা-মাকে হারিয়ে এক চাচার আশ্রয়ে থাকা আসমার জীবনে ঘটে যায় বাল্যবিবাহ। স্বামীর ঘরে অত্যাচার-নির্যাতন, পরে তালাক। চাচার সহযোগিতা না পেলেও দমে যায়নি সে। টিউশন করে লেখাপড়া চালিয়ে যায় সে। অদম্য ইচ্ছাশক্তির জোরে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় লাভ করে ভালো ফল। আসমা এখন মেডিকেল কলেজের শেষ বর্ষের ছাত্রী।

ক. 'মাসি-পিসি' গল্পে চৌকিদারের নাম কী? ১

খ. আহ্লাদিকে দেখে বুড়ো রহমানের চোখ ছলছল করে ওঠে কেন? ২

গ. উদ্দীপকের চাচা ও 'মাসি-পিসি' গল্পের মাসি-পিসি চরিত্রের তুলনামূলক চিত্র উপস্থাপন কর। ৩

ঘ. "উদ্দীপকের আসমা এবং 'মাসি-পিসি' গল্পের আহ্লাদি উভয়েই নির্যাতিত নারী সমাজের প্রতিনিধি।"— আলোচনা কর। ৪

৩ ▶ "কোথা হতে কোন পথে কেমন করে মুক্তিফৌজ আসে, আক্রমণ করে এবং প্রতি আক্রমণ করলে কোথায় হাওয়া হয়ে যায়, খান সেনারা তার রহস্য ভেদ করতে পারে না। কখনও কখনও খতরনাক অবস্থার মধ্যে পড়তে হয়। হাট-বাজারের লোকজন, মিল-ফ্যাক্টরির শ্রমিক, দোকানদার, স্কুল মাস্টার, ছাত্র সকলকে কাতারবন্দি করে বন্দুকের নল উঁচিয়ে জিজ্ঞাসাবাদ করছে, 'মুক্তি কিধার হ্যায় বোলো।' এক উত্তর, ওরা জানে না।"

ক. 'রেইনকোট' গল্পের পিয়নের নাম কী? ১

খ. "এগুলো হলো পাকিস্তানের শরীরের কাঁটা।"— কথাটি বুঝিয়ে বল। ২

গ. উদ্দীপকের ঘটনা 'রেইনকোট' গল্পের সাথে কি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'রেইনকোট' গল্পের খণ্ডাংশ মাত্র।"— এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

৪ ▶ সবেমাত্র ডাক্তারি পাস করে একটি বেসরকারি প্রতিষ্ঠানে চাকরিতে যোগদান করেছে পরেশ। এর মধ্যেই তার বাবা তাকে না জানিয়ে পাশের গ্রামের সুন্দরী শিক্ষিতা এক মেয়ের সাথে বিয়ের ব্যবস্থা পাকা করে ফেলেছেন। ঘটকের মাধ্যমে পরেশ জানতে পেরেছে, ঘর সাজিয়ে দেওয়া ছাড়াও বরপক্ষকে মোটা অঙ্কের টাকা দেওয়ার কথা রয়েছে। সবকিছু জানার পর, কোনো বিনিময় ছাড়াই পরেশ বিয়ের পক্ষে মত দেয় এবং শেষ পর্যন্ত তার কথা সবাই মেনে নেয়।

ক. বিবাহ ভাঙার পর হতে কল্যাণী কোন ব্রত গ্রহণ করে? ১

খ. "এটা আপনাদের জিনিস, আপনাদের কাছেই থাক।"— এরূপ মন্তব্যের কারণ কী? ২

গ. উদ্দীপকের পরেশ 'অপরিচিতা' গল্পের কোন চরিত্রের বিপরীত? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'অপরিচিতা' গল্পের উদ্দিষ্ট চরিত্র যদি উদ্দীপকের পরেশের মতো হতো, তাহলে গল্পের পরিণতি কেমন হতো? বিশ্লেষণ কর। ৪

### খ বিভাগ—কবিতা

৫ ▶ শাবাশ, বাংলাদেশ,
এ পৃথিবী অবাক তাকিয়ে রয়।
জ্বলে পুড়ে মরে ছারখার—
তবু মাথা নোয়াবার নয়।

ক. কবি শামসুর রাহমানের পৈতৃক নিবাস কোথায়? ১

খ. "এ-রঙের বিপরীত আছে অন্য রং" বলতে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের সাথে 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার কোন অংশবিশেষের সাদৃশ্য রয়েছে? আলোচনা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতার সমগ্র ভাব ধারণ করেনি।"— মন্তব্যটি যাচাই কর। ৪

৬ ▶ মোরা ঝঞ্ঝার মতো উদ্দাম
মোরা ঝরনার মতো চঞ্চল
মোরা বিধাতার মতো নির্ভয়
মোরা প্রকৃতির মতো স্বচ্ছল
মোরা আকাশের মতো বাধাহীন
মোরা মরু সঞ্চার বেদুঈন।

ক. 'ইস্রাফিলের শিঙ্গা' কী? ১

খ. 'বল উন্নত মম শির'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটি 'বিদ্রোহী' কবিতার যে দিককে ফুটিয়ে তুলেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকের 'মোরা' এবং 'বিদ্রোহী' কবিতার 'আমি'র প্রতিবাদের ক্ষেত্র ছিল ঔপনিবেশিক শাসন।"— মন্তব্যটির যৌক্তিকতা বিচার কর। ৪

৭ ▶ "যে যাবে না সে থাকুক, চলো আমরা এগিয়ে যাই,
যে সত্য জেনেছি পুড়ে, রক্ত দিয়ে, যে মন্ত্র শিখেছি,
আজ সেই মন্ত্রের সপক্ষে নেব দীপ্র হাতিয়ার।
স্লোগানে কাঁপুক বিশ্ব, চলো আমরা এগিয়ে যাই।
প্রথমে পোড়াই চলো অন্তর্গত ভীরুতার পাপ,
বাড়তি মেদের মতো বিশ্বাসের দ্বিধা ও জড়তা।"

ক. সুকান্ত ভট্টাচার্যের পৈতৃক নিবাস কোন জেলায়? ১

খ. 'এ বয়সে কানে আসে কত মন্ত্রণা'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকটির বক্তব্য 'আঠারো বছর বয়স' কবিতার বক্তব্যের সাথে কি সাদৃশ্যপূর্ণ? আলোচনা কর। ৩

ঘ. "তারুণ্যশক্তিই পারে আগামী জাতির ভবিষ্যৎ নির্মাণ করতে।"— উদ্দীপক ও 'আঠারো বছর বয়স' কবিতার আলোকে এ মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

### গ বিভাগ— নাটক

৮ ▶ শোনো, একদিন এই দেশটাতে
দানবেরা দেয় হানা
শকুনেরা মেলে ডানা
পুড়ে ছারখার মাঠের শস্য
মানুষের আস্তানা।

ক. নবাবের গোলন্দাজ বাহিনী কোন খাল পেরিয়ে ছুটে আসছে? ১

খ. "ফিরে এসেছি রাজধানীতে স্বাধীনতা বজায় রাখবার শেষ চেষ্টা করব বলে।" — উক্তিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের 'দানবেরা', 'শকুনেরা' 'সিরাজউদ্দৌলা' নাটকের কাদের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকটি 'সিরাজউদ্দৌলা' নাটকের সাথে কতটুকু যোগসূত্র স্থাপন করেছে?" — বিশ্লেষণ কর। ৪

৯ ▶ কেউ তো জানে না প্রাণের আকুতি বারেবারে সে কী চায়
স্বার্থের টানে প্রিয়জন কেন দূরে সরে চলে যায়
ধরণির বুকে পাশাপাশি তবু কেউ বুঝি কারো নয়।।

ক. 'সিরাজউদ্দৌলা' নাটকের তৃতীয় অঙ্কের দৃশ্য সংখ্যা কত? ১

খ. "আসামির সে অধিকার থাকে নাকি?" — কে, কাকে, কখন বলেছিল? বর্ণনা কর। ২

গ. "উদ্দীপকের দ্বিতীয় লাইনটি যেন 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘসেটি বেগমকে ইঙ্গিত করছে।" — মন্তব্যটি বুঝিয়ে লেখ। ৩

ঘ. উদ্দীপকের আলোকে 'সিরাজউদ্দৌলা' নাটকের ঘৃণিত ও নিন্দিত অধ্যায়টি বিশ্লেষণ কর। ৪

### ঘ বিভাগ— উপন্যাস

১০ ▶ দিন কাটিয়া যায়। জীবন অতিবাহিত হয়। ঋতুচক্রে পাক খায়। পদ্মার ভাঙন-ধরা তীরে মাটি ধসিতে থাকে, পদ্মার বুকে জল ভেদ করিয়া জাগিয়া উঠে চর। অর্ধ শতাব্দীর বিস্তীর্ণ চর পদ্মার জলে আবার বিলীন হইয়া যায়। জেলেপাড়ার শিশুর ক্রন্দন কোনোদিন বন্ধ হয় না। ক্ষুধা-তৃষ্ণার দেবতা, হাসি-কান্নার দেবতা, অন্ধকার আত্মার দেবতা— ইহাদের পূজা কোনোদিন সাঙ্গ হয় না।

ক. "মরা মানুষ জিন্দা হয় না কেমনে"— উক্তিটি কার? ১

খ. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে 'লালসালু' উপন্যাসের কোন ভৌগোলিক অঞ্চলের, কীরূপ সাদৃশ্য রয়েছে? ৩

ঘ. "উদ্দীপকটি 'লালসালু' উপন্যাসের সূচনা অংশের খণ্ডিত রূপায়ণ মাত্র।"— মন্তব্যটি মূল্যায়ন কর। ৪

১১ ▶ দিনাজপুর মেডিকেল কলেজ থেকে ডাক্তারি বিদ্যা অর্জন করে জনাব মোশারফের ছেলে বাপ্পী বিনয়পুর গ্রামে একটি হাসপাতাল স্থাপনের উদ্যোগ নেয়। কিন্তু অশিক্ষিত গ্রামবাসী এর প্রতিবাদ জানায়। গ্রামবাসী মনে করে হাসপাতাল তৈরি হলে কাটাছেঁড়া করতে গিয়ে ডাক্তাররা মানুষ মেরে ফেলবে। তাদের কাছে ডাক্তার মানেই কসাই। তার চেয়ে গ্রামের কবিরাজ, ফকির-বৈদ্য, ঝাড়ফুঁকই তাদের জন্য মঙ্গল। কসাই ডাক্তারখানার দরকার নেই।

ক. আক্কাসের বাবার নাম কী? ১

খ. 'দুনিয়াটা বড় বিচিত্র জায়গা'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের সাদৃশ্য আছে কি? বর্ণনা কর। ৩

ঘ. 'লালসালু'র আক্কাস ও উদ্দীপকের বাপ্পীর মানসিকতা মূল্যায়ন কর। ৪

## ৫৮ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০১

বিষয় কোড : 1 0 1

### বাংলা প্রথম পত্র ▼ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. "সে তাহার নামজাদা শ্বশুরের শিষ্য"— 'বিলাসী' গল্পের এ বাক্যে 'শ্বশুর' বলতে কাকে বুঝানো হয়েছে?**
K নালতের মিত্তিরকে
L মৃত্যুঞ্জয়কে
M ন্যাড়াকে
N বিলাসীর বাবাকে

**২. শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে ঢাকা বিশ্ববিদ্যালয় কত সালে ডি.লিট ডিগ্রি প্রদান করে?**
K ১৯৩৩ সালে
L ১৯৩৪ সালে
M ১৯৩৫ সালে
N ১৯৩৬ সালে

**৩. মাসি-পিসি জলে কী ভিজিয়ে রাখে?**
K পুরনো বালিশ
L ছেঁড়া কাঁথা
M কাঁথা-বালিশ
N কাঁথা-কম্বল

**৪. 'বায়ান্নর দিনগুলো' রচনায় বঙ্গবন্ধুর জেলসঙ্গী কে?**
K মহিউদ্দিন আহমদ
L খোন্দকার মোশতাক
M তাজউদ্দীন আহমেদ
N মওলানা ভাসানী

**৫. 'রেইনকোট' গল্পে কে দরজায় প্রবল কড়া নাড়ছিল?**
K মিলিটারি L ইসহাক মিয়া
M নুরুল হুদা N আবদুস সাত্তার

**৬. "— দেখ, ফের মিন্টুর দৈর্ঘ্যের তুলনা তার সঙ্গে"— এ বাক্যে 'দৈর্ঘ্যের তুলনা' কিসের ইঙ্গিত বহন করে?**
K উচ্চতার তুলনা L ব্যক্তিত্বের তুলনা
M সাহসের তুলনা N হৃদ্যতার তুলনা

**৭. 'আমি শ্যামের হাতের বাঁশরী'— 'বিদ্রোহী' কবিতায় শ্যাম বলতে কাকে বোঝানো হয়েছে?**
K মহাদেবকে L বিষ্ণুকে
M কৃষ্ণকে N নারায়ণকে

**৮. 'নেহারি' শব্দের অর্থ কী?**
K হার না মানা L অনুসন্ধান করা
M প্রত্যক্ষ করে N মাথা নত করে

■ উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :
"সবাই যখন বুদ্ধি জোগায়
আমরা করি ভুল,
সাবধানীরা বাঁধ বাঁধে সব
আমরা ভাঙি কূল।"

**৯. উদ্দীপকের ভাবের সঙ্গে নিচের কোন চরণটির মিল রয়েছে?**
K আঠারো বছর বয়স ভয়ংকর
L এ বয়সে কানে আসে কত মন্ত্রণা
M বিপদের মুখে এ বয়স অগ্রণী
N এ বয়স জানে রক্তদানের পুণ্য

**১০. উদ্দীপকে 'আঠারো বছর বয়স' কবিতার কোন ভাবটি প্রকাশিত হয়েছে?**
K যন্ত্রণা L দুঃসাহস
M সম্ভাবনা N সতর্কতা

**১১. 'একুশের কৃষ্ণচূড়া' কিসের প্রতীক?**
K আমাদের সংগ্রামের
L আমাদের ভালোবাসার
M আমাদের চেতনার
N আমাদের বিজয়ের

**১২. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় শহিদের ঝলকিত রক্তের বুদ্বুদ কিসে ভরপুর?**
K স্মৃতিগন্ধে L স্মৃতিকথায়
M স্মৃতিচেতনায় N স্মৃতিমালায়

**১৩. "আমরা কি তার মতো স্বাধীনতার কথা বলতে পারবো"— এখানে 'তার' বলতে কবি কার কথা বুঝিয়েছেন?**
K নিজেকে
L পূর্বপুরুষকে
M মুক্তিযোদ্ধাকে
N ভাইকে

**১৪. উনোনের আগুনে কী আলোকিত হয়ে ওঠে?**
K জানালা
L দরজা
M ঘরের চালা
N উঠোন

**১৫. নবাবের দরবারে কোম্পানির প্রতিনিধি কে?**
K ওয়াটস L ক্লেটন
M ড্রেক N হলওয়েল

**১৬. 'যত বড় মুখ নয় তত বড় কথা"— এ উক্তির মাধ্যমে বোঝানো হয়েছে—**
i. বাঙালিদের কথা ইংরেজদের পছন্দ হয় না
ii. ইংরেজদের কাছে বাঙালি তুচ্ছ জাতি
iii. ইংরেজদের দৃষ্টিতে বাঙালি কাপুরুষ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**১৭. জ্জআমার শেষ যুদ্ধ পলাশিতেই"— উক্তিটি কার?**
K মোহনলালের L সিরাজউদ্দৌলার
M মিরমর্দানের N সাঁফ্রের

**১৮. রবীন্দ্রনাথ ঠাকুরের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থ কোনটি?**
K মানসী L সোনার তরী
M বনফুল N চিত্রা

**১৯. "ফল্গুর বালির মতো তিনি আমাদের সমস্ত সংসারকে নিজের অন্তরের মধ্যে শুষিয়া লইয়াছেন"— এই ফল্গু নদীর বৈশিষ্ট্য কী?**
K অন্তঃসলিলা L খরস্রোতা
M জোয়ার-ভাটাহীন N শান্ত

■ উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
বিষয় সম্পর্কে পূর্ব ধারণা নিয়ে যেসব শিক্ষার্থী এসেছিল কেবল তারাই শ্রেণিকক্ষের পাঠদান বুঝতে পারল। বোঝানোর জন্য শিক্ষক তো আছেনই, এই ভরসায় যারা শ্রেণিকক্ষে গিয়েছিল তাদের অর্জন শূন্য।

**২০. উদ্দীপকের শিক্ষক 'আমার পথ' প্রবন্ধের কার সাথে সাদৃশ্যপূর্ণ?**
K কর্ণধার L গান্ধীজি
M প্রাবন্ধিক N পথপ্রদর্শক

**২১. উদ্দীপকটি 'আমার পথ' প্রবন্ধের যে অনুষঙ্গকে ধারণ করে তা হলো—**
i. দাসত্ব
ii. স্বাবলম্বন
iii. পরাবলম্বন
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২২. মানব-কল্যাণের সাথে কিসের সম্পর্ক অবিচ্ছেদ্য?**
K মানবাধিকারের L মানবিকতার
M মানবধর্মের N মানব মর্যাদার

**২৩. 'রেখাচিত্র' কোন জাতীয় রচনা?**
K নাট্যগ্রন্থ L উপন্যাস
M কাব্যগ্রন্থ N দিনলিপি

**২৪. 'তাহারেই পড়ে মনে' কবিতাটির গঠনরীতি কোন বৈশিষ্ট্যের?**
K বর্ণনাত্মক L নাটকীয়
M স্মৃতিধর্মী N শোকধর্মী

**২৫. "যে মোরে দিয়েছে বিষে-ভরা বাণ, আমি দেই তারে বুকভরা গান"— এ পঙ্ক্তিতে কী বোঝানো হয়েছে?**
K আত্মত্যাগ
L সর্বংসহা মনোভাব
M পারস্পরিক সৌহার্দ
N নির্বুদ্ধিতা

■ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
জামিল সাহেব তার সমস্ত সঞ্চয় দিয়ে নিজ গ্রামে দাতব্য চিকিৎসালয়সহ নানা সেবামূলক প্রতিষ্ঠান তৈরি করেন। প্রায় দুই যুগ আগে তিনি মারা গেলেও মানুষ তাঁর কৃতকর্মের কারণে আজও উপকৃত হচ্ছে।

**২৬. উদ্দীপকের জামিল সাহেবের কীর্তি 'সোনার তরী' কবিতার কিসের প্রতীক?**
K সোনার নৌকা
L অচেনা মাঝি
M সোনার ধান
N খরস্রোতা ভরা নদী

**২৭. উদ্দীপকের মূলভাব প্রকাশক চরণ নিচের কোনটি?**
i. এখন আমারে লহো করুণা করে।
ii. সকলি দিলাম তুলে থরে বিথরে—
iii. আমারি সোনার ধানে গিয়েছে ভরি।
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৮. "কলমা জান মিঞা"— মজিদ কার উদ্দেশে এই প্রশ্নটি করেছিল?**
K তাহের-কাদেরের বাপকে
L দুদু মিঞাকে
M আক্কাসকে
N ধলা মিঞাকে

**২৯. মহব্বতনগর গ্রামের মহিলাদের সাথে মজিদের যোগসূত্র কার মাধ্যমে?**
K রহিমা L জমিলা
M আমেনা N হাসুনির মা

**৩০. জ্জমরা মানুষ জিন্দা হয় ক্যামনে"— উক্তিটি কার?**
K খালেক ব্যাপারী L মতলুব খাঁর
M কাদেরের N মজিদের

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | N | ৩ | N | ৪ | K | ৫ | L | ৬ | K | ৭ | M | ৮ | M | ৯ | M | ১০ | L | ১১ | M | ১২ | K | ১৩ | L | ১৪ | K | ১৫ | K |
| ১৬ | N | ১৭ | K | ১৮ | M | ১৯ | K | ২০ | L | ২১ | L | ২২ | N | ২৩ | N | ২৪ | L | ২৫ | K | ২৬ | M | ২৭ | M | ২৮ | L | ২৯ | K | ৩০ | N |

## ৫৯ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 1 0 1

## বাংলা প্রথম পত্র ◉ বহুনির্বাচনি অভীক্ষা

সময় : ৩০ মিনিট পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. মৃত্যুঞ্জয়ের কোন ক্লাসে ওঠার খবর কেউ পায়নি?**
K প্রথম ক্লাসে L সেকেন্ড ক্লাসে
M থার্ড ক্লাসে N ফোর্থ ক্লাসে

**২. ঘসেটি বেগমের প্রিয়ভাজন সেনাপতি হোসেন কুলি খাঁকে আলিবর্দির নির্দেশে হত্যা করে কে?**
K সিরাজ L মিরজাফর
M মিরমর্দান N সাঁফ্রে

**৩. 'অপরিচিতা' গল্পে 'ফল্গুর বালি' বলতে বোঝানো হয়েছে—**
K সবকিছু গোপন করা
L সবকিছু আগলে রাখা
M সবকিছু আত্মসাৎ করা
N সবকিছু দখল করা

**৪. 'আমার পথ' প্রবন্ধের লেখক বিপথ বলতে কোন পথকে বুঝিয়েছে?**
K ধ্বংসের পথ L অহংকারের পথ
M মিথ্যার পথ N সত্যের বিরোধী পথ

**৫. জহাসান তার বাবার কুলখানিতে বিশাল এক দরিদ্র ভোজের আয়োজন করেছে। সে বলেছে, সেও দেখিয়ে দিতে পারে ক্ষমতায় সে কারও চেয়ে কম নয়।"— 'মানব-কল্যাণ' প্রবন্ধ অনুযায়ী হাসান যেটিকে উপেক্ষা করেছে—**
i. মানব পরিচয়
ii. মানব মর্যাদা
iii. মনুষ্যত্ব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

■ **উদ্দীপকটি পড়ে ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :**
অল্প বয়সে বিধবা হওয়ায় সালমা তার ফুফুর আশ্রয়ে একটি চায়ের দোকান করে। এলাকার যুবক আমজাদ বিরক্ত করলে ফুফু পুলিশ ডেকে আমজাদকে ধরিয়ে দেয়।

**৬. উদ্দীপকের আমজাদের চরিত্র 'মাসি-পিসি' গল্পের কার কথা মনে করিয়ে দেয়?**
K জগু L কৈলেশ
M ওসমান N চৌকিদার

**৭. সালমার কর্মকাণ্ডে 'মাসি-পিসি' গল্পের যে বৈশিষ্ট্য ধরা পড়েছে—**
i. স্বাবলম্বন
ii. আত্মরক্ষা
iii. জীবনযুদ্ধে হার না মানা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. ১৯৫২ সালে শেখ মুজিবুর রহমানের মুক্তির জন্য কয়টি অর্ডার এসেছিল?**
K একটি L দুইটি
M তিনটি N চারটি

**৯. 'ফওরন' অর্থ কী?**
K দৌড়ানো L ফড়ফড় করা
M খবর দেওয়া N তাড়াতাড়ি

**১০. কলেজের দেওয়ালের পর রয়েছে—**
i. বাগান
ii. টেনিস লন
iii. পুকুর
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১১. ভাষা আন্দোলনে ছাত্র-জনতার ওপর গুলিবর্ষণের জন্য দায়ী কে?**
K মুহম্মদ আলী জিন্নাহ L নূরুল আমিন
M নাজিম উদ্দিন N টিক্কা খান

**১২. 'রেখাচিত্র'-এর লেখক কে?**
K মানিক বন্দ্যোপাধ্যায়
L আবুল ফজল
M আবু জাফর ওবায়দুল্লাহ
N জসীমউদ্‌দীন

**১৩. ব্যক্তি সেদিনই আত্মনির্ভর হবে যেদিন সে—**
i. আত্মাকে চিনবে
ii. নিজ সত্যকে জানবে
iii. নিজ মহত্ত্বের পরিচয় দিবে
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৪. "কালস্রোতের কাছে মানুষের কোন মূল্য নেই।"— বিষয়টি প্রতিফলন ঘটেছে নিচের কোন পঙ্‌ক্তিতে?**
K একখানি ছোটো খেত আমি একেলা
L দেখে যেন মনে হয় চিনি উহারে
M শূন্য নদীর তীরে রহিনু পড়ি
N এখন আমারে লহ করুণা করে

**১৫. পরশুরাম মৃত মাকে বাঁচিয়ে তোলেন কীভাবে?**
K সাধনাবলে L মন্ত্রবলে
M ধৈর্যবলে N শক্তিদ্বারা

**১৬. মিরজাফরের বুকের ভিতর কাঁপন উঠল কেন?**
K ভয়ে L দেশপ্রেমে
M শঙ্কায় N অনুশোচনায়

**১৭. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কী প্রাধান্য পেয়েছে?**
K বসন্ত বন্দনা
L কবির প্রিয়জনের স্মৃতি
M প্রকৃতি ও মানবমনের সম্পর্ক
N শীতের রিক্ততার বেদনা

■ **উদ্দীপকটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :**
দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার;
লঙ্ঘিতে হবে রাত্রি নিশীথে যাত্রীরা হুঁশিয়ার।

**১৮. উদ্দীপকে আহ্বানের সঙ্গে 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিকটির মিল পাওয়া যায়?**
K আঠারো বছর বয়সীদের উদ্দীপনার
L আঠারো বছর বয়সীদের রক্তদান
M আঠারো বছর বয়সীদের শপথের
N আঠারো বছর বয়সীদের সংকটের

**১৯. উদ্দীপকের ভাব প্রকাশ পেয়েছে যে চরণে—**
i. পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা
ii. তাজা তাজা প্রাণে অসহ্য যন্ত্রণা
iii. বিপদের মুখে এ বয়স অগ্রণী
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২০. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'হৃদয়ের হরিৎ উপত্যকা' দ্বারা কী বোঝানো হয়েছে?**
K রাজপথকে L পূর্ব বাংলাকে
M বধ্যভূমিকে N হৃদয়ের উপত্যকাকে

**২১. 'একটি উজ্জ্বল জানালার কথা বলছি'— এখানে উজ্জ্বল জানালা কিসের প্রতীক?**
K স্বাধীনতার সূর্য
L জ্ঞানের পূর্ণ বিকাশ
M চিন্তার স্বাধীনতা
N মুক্ত জীবনের প্রত্যাশা

**২২. "আমি আমার ভালোবাসার কথা বলছি"— পঙ্‌ক্তিটিতে 'আমার ভালোবাসা' দ্বারা কবি কী বুঝিয়েছেন?**
K প্রণয়িনীর প্রতি ভালোবাসা
L আপনজনদের প্রতি ভালোবাসা
M মাতৃভূমির প্রতি ভালোবাসা
N প্রকৃতির প্রতি ভালোবাসা

**২৩. কবি শামসুর রাহমান 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় সালামের চোখে কী দেখেছেন?**
K ঘাতকের থাবা
L আলোচিত ঢাকা
M অবিনাশী বর্ণমালা
N তরুণ শ্যামল পূর্ববাংলা

**২৪. 'তাহারেই পড়ে মনে' কবিতাটি প্রকাশিত হয়—**
K ১৯৩২ L ১৯৩৩
M ১৯৩৫ N ১৯৩৬

**২৫. মহর্ষি অত্রির স্ত্রীর নাম কী?**
K অনসূয়া L ইন্দ্রাণী
M সীতা N রাধা

■ **উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :**
এতদিন গ্রামে একক কর্তৃত্ব ছিল সোহেলের। ইদানীং আলমের অলৌকিক ক্ষমতায় গালগল্পে গ্রামের অনেকেই মজতে বসেছে। যে করেই হোক, আলমকে গ্রাম থেকে তাড়ানোর উপায় খোঁজে সোহেল।

**২৬. উদ্দীপকের আলম 'লালসালু' উপন্যাসের কোন চরিত্রের অনুরূপ?**
K মজিদ L আক্কাস
M পীর সাহেব N তাহেরের বাপ

**২৭. উদ্দীপকটির কোন প্রসঙ্গ 'লালসালু' উপন্যাসের বক্তব্যকে ধারণ করে?**
K ভণ্ডামি L প্রতিহিংসা
M স্বার্থান্ধতা N আধিপত্যবাদ

**২৮. কবি কার জন্য রঙিন ফুলের সোহাগ জুড়ানো ফুল-মালঞ্চ ধরতে চেয়েছেন?**
K যে কবির বুকে কবর বেঁধেছে
L যে কবির বুকে আঘাত করেছে
M যে কবির বুকে ঘর বেঁধেছে
N যে কবির বুকে পাথর মেরেছে

**২৯. আলিবর্দি খাঁর কনিষ্ঠ কন্যা আমিনার স্বামীর নাম কী?**
K জয়েন উদ্দিন
L মির্জা আকবর আলি
M মির্জা জুনায়েদ উদ্দিন
N জালালুদ্দিন খান

**৩০. 'আমার পুরোপুরি বয়সই হইল না'— কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?**
K কর্মে অপরিপক্ব L অপরিণত বয়স
M পরমুখাপেক্ষী N চিন্তায় অপরিণত

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | L | ২ | K | ৩ | L | ৪ | N | ৫ | L | ৬ | M | ৭ | N | ৮ | L | ৯ | N | ১০ | K | ১১ | L | ১২ | L | ১৩ | N | ১৪ | M | ১৫ | K |
| ১৬ | M | ১৭ | M | ১৮ | K | ১৯ | M | ২০ | L | ২১ | N | ২২ | N | ২৩ | L | ২৪ | M | ২৫ | K | ২৬ | M | ২৭ | N | ২৮ | K | ২৯ | K | ৩০ | M |

## ৬০ এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 1 0 1

সময় : ৩০ মিনিট | বাংলা প্রথম পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা | পূর্ণমান : ৩০

[**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

**১. কৈশোর থেকে যৌবনে পদার্পণের সময় মানুষ জীবনের ঝুঁকি নেয় কেন?**
K উত্তেজনা, আবেগ ও উচ্ছ্বাসের জন্য
L মোহ, আকাঙ্ক্ষা ও লোভের জন্য
M মানবতা, প্রেম ও ভালোবাসার জন্য
N সত্য, সুন্দর ও কল্যাণের জন্য

**২. 'বিলাসী' গল্পের গোঁড়া চরিত্রটি কে?**
K মৃত্যুঞ্জয়ের শ্বশুর L মৃত্যুঞ্জয় নিজে
M ন্যাড়া N খুড়া

**৩. 'দেখবো আমি জগৎটাকে আপন হাতের মুঠোয় পুরে'— এটি কোন বাক্যের প্রতিধ্বনি?**
K এ বয়সে কানে আসে কত মন্ত্রণা
L আঠারো বছর বয়স কী দুঃসহ
M এ বয়স জানে রক্তদানের পুণ্য
N এ বয়স কালো লক্ষ দীর্ঘশ্বাসে

**৪. "আমাকে অনুগ্রহ করতে এসেছ, না পীড়ন করতে?"— কে কাকে উক্তিটি করে?**
K মোহাম্মদি বেগ মিরনকে
L সিরাজ মিরনকে
M মিরন মোহাম্মদি বেগকে
N মিরন সিরাজকে

**৫. অনুপমের মামাকে কথায় দমানো শক্ত কেন?**
K অন্যের কথা শুনে না বলে
L অনর্গল কথা বলেন বলে
M গায়ের জোর বেশি বলে
N বাঁচাল বলে

সত্য যে কঠিন
কঠিনেরে ভালোবাসিলাম
সে কখনো করেনা বঞ্চনা

**৬. 'আমার পথ' প্রবন্ধের যে বাক্য উদ্দীপকের বক্তব্যটির প্রতিনিধিত্ব করে তা হলো—**
i. আমার পথ দেখাবে সত্য
ii. সালাম করেছি সত্যকে
iii. এই আগুনের ঝান্ডা দুলিয়ে বাহির হলাম
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**৭. উক্ত প্রতিনিধিত্বের কারণ হলো—**
i. সত্যই সুন্দর
ii. সত্যই আলোর দিশারি
iii. সত্যই মুক্তির পথ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**৮. 'পাকিস্তান যদি বাঁচাতে হয় তো সব স্কুল-কলেজ থেকে শহিদ মিনার হটাও।'— প্রিন্সিপাল উক্তিটি করেছেন কেন?**
i. মিলিটারিদের চোখে নিজেকে ভালো করার জন্য
ii. পাকিস্তানিদের তোষামোদের জন্য
iii. বাংলা ভাষাকে ধ্বংস করার জন্য
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

■ উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :
করিম বউকে মেরে শান্তি পায়। পাশবিক নির্যাতনে তার বউ মারা যায়। করিম পুনরায় বিয়ে করে এবং আবারও স্ত্রীর উপর অত্যাচার শুরু করে।

**৯. উদ্দীপকের ও 'মাসি-পিসি' গল্পের সাদৃশ্যপূর্ণ দিকটি হলো—**
K পুরুষের আধিপত্যবাদী মনোভাব
L নারী নির্যাতন
M নারীর অসহায়ত্ব N উগ্রতা

**১০. উদ্দীপকের করিম 'মাসি-পিসি' গল্পের কোন চরিত্রের সাথে সাদৃশ্যপূর্ণ?**
K জগু L কৈলেশ M কানাই N গোকুল

**১১. 'রেইনকোট' গল্পের কথক কে?**
K আখতারুজ্জামান ইলিয়াস
L আবদুস সাত্তার মৃধা
M ড. আফাজ আহমদ N নুরুল হুদা

**১২. বঙ্গবন্ধু কোন পুরস্কার পেয়েছিলেন?**
K প্রেসিডেন্সিয়াল প্রাইড L ম্যাগসাইসাই
M জুলিও কুরি N কুকওফা

■ উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :
তোমার স্মৃতি আমার চলা
নাইবা এলে নাইবা র'লে
তোমার মধুর বচন যেথায়
চলার পথের সাহস জোগায়

**১৩. কোন চরণটিতে উদ্দীপকের ভাবের প্রতিফলন ঘটেছে?**
K যদিও এসেছে তবু তারে করিলে বৃথাই
L তাহারেই পড়ে মনে, ভুলিতে পারি না কোনো মতে
M তরী তার এসেছে কি? বেজেছে কি আগমনী গান
N বাতাবি নেবুর ফুল ফুটেছে কি? ফুটেছে কি আমের মুকুল?

**১৪. উদ্দীপকটিতে 'তাহারেই পড়ে মনে' কবিতার যে বৈশিষ্ট্যটি লক্ষণীয় তা হলো—**
K বহুপদময়তা L বৈচিত্র্য
M স্মৃতিকাতরতা N একগুঁয়েমি

**১৫. 'ফেব্রুয়ারি ১৯৬৯' কিসের কবিতা?**
i. সংগ্রামী চেতনার
ii. দেশপ্রেমের
iii. গণজাগরণের
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**১৬. "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি"— বলতে কী বোঝানো হয়েছে?**
K মুসলমানের সংখ্যা বেশি
L শস্যের আবাদ বেশি
M ধর্মের প্রভাব বেশি
N ধর্মীয় গোঁড়ামি বেশি

**১৭. 'কিন্তু দেশটা কেমন মরার দেশ।'— এখানে 'মরার দেশ' বলতে বোঝানো হয়েছে—**
K শিক্ষার অভাব L শস্যশূন্যতা
M লোকশূন্যতা
N চাষযোগ্য জমির অভাব

**১৮. 'সোনার তরী' কবিতায় 'মাঝি' আসলে কে?**
K মহাকাল L কীর্তিমান
M কর্মক্ষেত্র N কৃষক

**১৯. 'অবশেষে আগ্নেয়গিরির মুখে ছিপি দিয়ে মজিদ সরে যায়।'— এর কারণ কী?**
K রহিমার সাথে পেরে ওঠে না বলে
L জমিলার সাথে পেরে উঠে না বলে
M খালেক ব্যাপারীর সাথে পেরে উঠে না বলে
N মজিদ নিজেকে দমাতে পারে না বলে

**২০. জ্ঞধান দিয়া কী হইব, মানুষের জান যদি না থাকে"?— রহিমার এই উক্তিতে প্রকাশ পেয়েছে—**
i. মাতৃত্বের সহানুভূতি
ii. মেয়ে মানুষের আকুতি
iii. সতিনের প্রতি দরদ
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L ii ও iii M i ও iii N i, ii ও iii

**২১. কবি কেন তার পূর্বপুরুষের কথা বলেছেন?**
K গৌরবজনক ইতিহাসে আছে বলে
L ইতিহাসমনস্কতার জন্য
M পিতামহের নির্দেশ N কৃতজ্ঞতার জন্য

■ উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও :
২৫ ফেব্রুয়ারি, ২০০৯ রাজধানী ঢাকার বিডিআর হেডকোয়ার্টার পিলখানায় অতর্কিতে হামলা চালিয়ে বিডিআর প্রধানসহ অনেক অফিসারকে মেরে ফেলে কতকসংখ্যক সিপাহি। এতে দেশ হারাল অত্যন্ত দক্ষ ও মেধাবী কর্মকর্তাদের।

**২২. উদ্দীপকের সিপাহিদেরকে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্রের সাথে তুলনা করা যায়?**
K বদ্রিআলি L মোহাম্মদি বেগ
M নারান সিং N সাঁফ্রে

**২৩. উক্ত চরিত্রের মধ্যে প্রতিফলিত ভাব হলো—**
i. নৈরাশ্য
ii. কৃতজ্ঞতা
iii. আনুগত্যহীনতা
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৪. কিসের অনিবার্য অভ্যুত্থান কবিতা?**
K সুপুরুষ ভালোবাসার
L সশস্ত্র সুন্দরের
M সজাগ ভাবনার
N সচল মুক্তিপ্রাণের

**২৫. জ্ঞতিনি অতিক্রান্ত পাহাড়ের কথা বলতেন"— এখানে 'অতিক্রান্ত পাহাড়' কী অর্থ প্রকাশ করেছে?**
K অতীতের বিজয়গাথা
L ভবিষ্যতের সুখ-স্বপ্ন
M বহমান সংগ্রাম
N বর্তমানের প্রাপ্তি

■ উদ্দীপকটি পড়ে ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও :
জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ভাষা আন্দোলন থেকে শুরু করে মুক্তিযুদ্ধ পর্যন্ত এক অকুতোভয় নেতা ছিলেন। নানা জেল-জুলুম-অত্যাচার সহ্য করে তিনি জাতিকে স্বাধীনতা এনে দিতে সক্ষম হন।

**২৬. জাতির জনকের মধ্যে 'বিদ্রোহী' কবিতার কোন দিকটি প্রতিফলিত?**
i. বিদ্রোহ
ii. স্বদেশপ্রেম
iii. নেতৃত্ব
**নিচের কোনটি সঠিক?**
K i ও ii L i ও iii M ii ও iii N i, ii ও iii

**২৭. প্রকাশিত দিকগুলো কোন পঙ্ক্তিতে পাওয়া যায়?**
K আমি চির বিদ্রোহী বীর— বিশ্ব ছাড়ায়ে উঠিয়াছি একা চির উন্নত শির
L আমি পথিক কবির গভীর রাগিণী, বেণুবীণে গান গাওয়া
M আমি রুষে উঠি যবে ছুটি মহাকাশ ছাপিয়া
N আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ

**২৮. কবি 'ছোটো খেত' বলতে বোঝাতে চেয়েছেন—**
K আয়তনে ছোট খেত
L নদীর ছোট চর
M মানুষের জীবনপরিধি
N অজানার দেশ

**২৯. 'আমার এ ঘর ভাঙিয়াছে যেবা আমি বাঁধি তার ঘর'— এই পঙ্ক্তিতে কী বোঝানো হয়েছে?**
K সর্বংসহা মনোভাব L পরোপকার
M কৃতজ্ঞতাবোধ N আত্মগ্লানি

**৩০. 'আমাদের দৃষ্টিভঙ্গি পাল্টাতে হবে।'— এখানে 'দৃষ্টিভঙ্গি' বলতে বোঝানো হয়েছে—**
K দেখার কৌশল L দেখার ইচ্ছা
M মানসিকতা N সংস্কার

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | N | ২ | N | ৩ | L | ৪ | L | ৫ | L | ৬ | K | ৭ | N | ৮ | K | ৯ | L | ১০ | K | ১১ | N | ১২ | M | ১৩ | L | ১৪ | M | ১৫ | N |
| ১৬ | N | ১৭ | L | ১৮ | K | ১৯ | L | ২০ | M | ২১ | K | ২২ | L | ২৩ | L | ২৪ | L | ২৫ | M | ২৬ | K | ২৭ | N | ২৮ | M | ২৯ | L | ৩০ | M |

5242011